খাদ্যই মানুষের বড় জিনিস। কাজেই এই খাদ্য সম্বন্ধেই আগে বলতে হয়। সেজন্যই রাজ্যপালিকাও সেকথা প্রথমেই বলেছেন। কিন্তু খাদ্যদ্রব্য বন্টন বা নিয়ন্ত্রণ করার ব্যাপারে অর্থাৎ যেগুলিকে ফসল শস্য বলা হয় সেগুলি এক অঞ্চল থেকে আর এক অঞ্চলে নিয়ন্ত্রিত করার যে ব্যবস্থার কথা বলেছেন সে সম্বন্ধে একটা জিনিস উল্লেখ করলে বোধ হয় ভাল হ'ত। গ্রামাঞ্চলে যখনই এই ধরনের একটা ব্যবস্থা হয় তখনই দেখা যায় যে অঞ্চলে ধান সস্তা সেখান থেকে ধনী ব্যবসায়ীরা এই আইনটাকে লংঘন ক'রে অন্য অঞ্চলে চালান দেয় এবং এই প্রসংগে দুঃখের সংগে বলতে হচ্ছে যারা গরীব চাষী বা ক্ষেত মজুর, যারা ঘাড়ে ক'রে ছালায় বা গাড়িতে ক'রে চাল নিয়ে যায় তাদের সংঘবদ্ধ ক'রে এ জিনিসকে প্রতিরোধ করবার যদি কোনও চেষ্টা করা হয় তা হ'লে যারা চেষ্টা করে, তাদের সম্বন্ধে নানারকম সন্দেহ আরোপ করা হয়। যারা চুরি করে আসলে তারা মাঝেমাঝে ধরা পড়ে সত্য, কিন্তু যদি তারা অর্থবল এবং রাজনৈতিক কারণে প্রভাবশালী হয় তা হ'লে তাদের এই ধরপাকড় হ'তে বাদ দেওয়া হয়। গ্রামের সংগে আমাদের যোগাযোগ আছে; আমরা দেখেছি যে কালোবাজারীকে যে লোক বাধা দেবার চেষ্টা করেছে তাকে নানাভাবে বিরক্ত করা হয়েছে। এ সম্পর্কে রাজ্যপালিকা মহাশয়া যদি কিছু বলতেন যে তিনি আশা করেন যে তাঁর পুলিস কর্মচারীরা এ বিষয়ে দৃঢ় হস্তে, ধনী-দরিদ্র নির্বিশেষে, এই আইনগুলি যে পালন করছে, এবং তিনি শুনেছেন যে মাঝেমাঝে এর ত্রুটি ঘটে—এ কথার উল্লেখ থাকলে ভাল হ'ত। অবশ্য এ সম্বন্ধে অনেক ভাল কথা যে তিনি বলেছেন তা অস্বীকার করি না। তবে একটা কথা বলেছেন যে ভাত কম খাও, গম বেশি খাও। আমাদের মত দু'চারজন লোক যারা কলকাতায় বাস করে তারা হয়ত ভাত না খেয়েও চালাতে পারে, তারা হয়ত কেউ কেউ একেবারেই ভাত খায় না, কিন্তু গ্রামাঞ্চলে সব সময়ে ঠিকমত গম পায় না, সেখানে লোকে কি ক'রে তাদের খাওয়ার ব্যবস্থার পরিবর্তন করবে? আর সেই পরিবর্তন করতে হ'লে জানাও দরকার যে তাতে কি অসুবিধা আছে। সে সম্বন্ধে যদি তাঁর মন্ত্রীমণ্ডলী কিছু তদন্ত করতেন তা হ'লে ভাল হ'ত।

তারপর আমি বলতে চাই যে, আমাদের উদ্বাস্তুদের বিষয়। উদ্বাস্তু সমস্যাটা খুবই কঠিন সমস্যা। শুধু যে আমাদের দেশের মানুষ দুঃখ পাচ্ছে তা নয়, তাদের মধ্যে অভাব থাকার জন্য তারা ছিন্নমূল হয়ে পড়েছে এবং তাদের ছেলেমেয়েদের অনেকের বর্তমানে যে অবস্থায় আছে সেটা বাঞ্ছনীয় নয়। এটা খুবই দুঃখের বিষয় যে অপ্রাপ্তবয়স্ক অপরাধীদের সম্বন্ধে তদন্ত করে দেখা গেছে যে, উদ্বাস্তুদের মধ্যে অপরাধীর সংখ্যা অনেক বেশি। এই দুঃখজনক অবস্থার পরিবর্তন আনবার জন্যে তাদের আর্থিক সুব্যবস্থা যাতে হয় তার জন্য যদি চেষ্টা করা হয় সেটা খুব ভাল কথা। এ সম্বন্ধে বলা হয়েছে যে, দণ্ডকারণ্যে তাদের যে বাসের ব্যবস্থা হচ্ছে তার জন্য পাঞ্জাবের একজন অভিজ্ঞ কর্মচারীর উপর ভার দেওয়া হয়েছে। কিন্তু তার চেয়ে বাংলাদেশ সম্বন্ধে জ্ঞান আছে এরকম অভিজ্ঞ লোক নিলে বেশি কাজ হ'ত কারণ পাঞ্জাবে বৃষ্টি খুব কম হয় এবং সেখানে নদীর জল দিয়েই জলসেচ করা হয়, কেননা বৃষ্টি সেখানে অত্যন্ত কম। লাহোরের আশপাশে—পাঞ্জাবের সর্বত্র বলছি না—বৃষ্টি এত কম হয় যে, লাহোর অঞ্চলের গ্রামে গিয়ে আমি দেখেছিলাম যে, তারা কাঁচা ইট দিয়ে ঘরের ছাদ করে বাস করে। পূর্ববংগে লোকের কিন্তু সেরকম ঘরে এক বেলার বেশি বাস করা সম্ভব নয়, কাজেই পাঞ্জাবের একজন অভিজ্ঞ কর্মচারী দণ্ডকারণ্যে গিয়া ব্যবস্থা করবেন সেটা খুব সুবিধের জিনিস নয়। আমি দণ্ডকারণ্যে

উপজাতিদের সংক্রান্ত নানা রকম জিনিস দেখতে গিয়েছিলাম। ওখানে আসল জিনিস—অত্যন্ত জলের অভাব। (দি অনারেবল শ্রীপ্রফুল্লচন্দ্র সেনঃ ওটা ৮০ হাজার বর্গমাইল জায়গা)। আজ্ঞে, ৮০ হাজার হ'লেও, আপনি ত দেখেন নি, কিন্তু আমি কোরাপুট জেলার চার সীমান্তেই ঘুরেছি; আপনার চেয়ে আমার বেশি জানা আছে। কাজেই আমি সে সম্বন্ধে কিছু বলতে পারি। কোরাপুট অঞ্চল, এবং বস্তারে দণ্ডকারণ্যের যেটা নিকটবর্তী অঞ্চল, সেখানে আমার অধীনস্থ রিসার্চ করার লোকে গেছে নৃতত্ত্বের কাজে। গেজেটিয়ার পড়লে দেখবেন দণ্ডকারণ্যের যে ৮০ হাজার স্কোয়ার মাইল বলা হয়, তার আবহাওয়া এবং ভূমি এইসব অঞ্চলেরই মত। কোনও পুকুরের যেমন খানিকটা জল পরীক্ষা করলে সমস্ত জলের কথাই বলা যায় তেমনি কোরাপুট জেলার ও সংলগ্ন অঞ্চলের কথা বললেই দণ্ডকারণ্যের অন্যসব অঞ্চলের অবস্থা বোঝা যায়। সেখানে জলের অভাব পূর্ববঙ্গবাসী উদ্বাস্তুরা সবচেয়ে বেশি অনুভব করবে। এই অবস্থা গোপন করে এমন লোককে কেন পাঠানো হচ্ছে তা ভাল করে বুঝতে পারছি না, তিনি এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করলে ভাল হ'ত। (দি অনারেবল কালিপদ মুখোপাধ্যায়ঃ তিনি বাংলার অবস্থা জানেন।) সে কথা লেখা নেই এবং বাংলার অভিজ্ঞতা কতটুকু তা অজ্ঞাত। এখানে আর একটা কথা আছে—আমাদের দেশে যে কমিউনিটি প্রজেক্ট এবং 'ন্যাশনাল এক্সটেনশন ব্লক'—এগুলোর দ্বারা দেশের উন্নতি হবে বলে অনেক কথা বলা হয়েছে। আমি স্বীকার করি—এগুলোতে কিছু কিছু জায়গায় কাজ হয়েছে, হওয়ার সম্ভাবনাও আছে, কিন্তু সব জায়গায় যে হচ্ছে না তা সকলেই জানেন। কিছুদিন আগে কেন্দ্রিয় সরকার আমাকে চিঠি লিখেছিলেন কতক জায়গায় কাজ ফলদায়ক হচ্ছে কিনা সে জিনিসটা লক্ষ্য করে মত দিতে। আমি জানাই যে তার সম্বন্ধে আমি তদন্ত করতে পারি। তারপরে সরকারের "বদলে গেল মতটা, ছেড়ে দিলাম পথটা", কারণ বাহিরের লোক তদন্ত করলে যদি কোন বেফাঁস কথা বাহির হয়ে যায়। কিন্তু দেশের লোকের দিক থেকে এরকম তদন্তের আবশ্যকতা আছে। জানা দরকার যে, পরিবর্তন করার জন্য কতকগুলো জিনিস গৃহীত হচ্ছে না এবং কতকগুলি গৃহীত হচ্ছে। এ বিষয়ে রাজ্যপালিকা মহোদয়া যদি দৃষ্টি আকর্ষণ করতেন, তাহলে ভাল হ'ত এইটুকু আমি জানতে চাই।

তারপর আমি মৎস্যজীবীদের কথা বলি। মৎস্যজীবী সমবায়কে নৌকা এবং জাল কেনার জন্য টাকা দেওয়া হচ্ছে কিন্তু এখানে বহুবার বলেছি যে, তাদের মাছ ধরার যে অধিকারটা সেখানেই "আসল ঘরে মুষল", সেখানে কিছুই ব্যবস্থা হ'ল না। জমিদারী আইন পাস হ'ল, নূতন জমি সংক্রান্ত আইন পাস হ'ল, সে সময় বার বার বলেছি যে, এদের সম্বন্ধে একটা ব্যবস্থা করতে হবে, কিন্তু সরকার পক্ষ শুধু শুনেই গিয়েছিলেন। আশা করি এ বিষয়ে ব্যবস্থা হবে এবং বর্তমানে মন্ত্রী নূতন হচ্ছেন; আশা করি তিনি কিছু করতে পারবেন। তবে রাজ্যপালিকা মহাশয়ার এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে পারি যে, তিনি ভাল কথা না বলে যেটা যেমন হয়েছে তার কথাই বললে সঙ্গত হ'ত।

এবার শিক্ষাবিভাগ সম্বন্ধে কিছু বলব। আমি অনেকবার এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করেছি এবং এই তথ্য পেশ করেছি যে, বাংলাদেশে যে প্রাথমিক শিক্ষা দেওয়া হয় তাতে প্রথম বৎসরে যত ছেলেমেয়ে শিক্ষা পায় তাদের মধ্যে ৪ বৎসর পড়াশুনা করবার পর, মাত্র ২০ ভাগ ছেলে এবং তারচেয়েও কম ভাগ মেয়ে শেষ বৎসর পর্যন্ত পড়াশুনা করে; তার মানে এতে বহু অর্থ অপচয় হয়। আমি বার বার বলেছি এই শিক্ষা ব্যবস্থা বাধ্যতামূলক করা উচিত। কারণ বাধ্যতামূলক না করে কোনও দেশে এরকমভাবে পড়ার ব্যবস্থা করতে পারে না। কিন্তু আমাকে জবাব দেওয়া হয়েছে যে, না অনেক ছেলেমেয়ে লেখাপড়া করে। কিন্তু আসলে ফুটো কলসীর জল যেমন হুড় হুড় করে বেরিয়ে যায়, এও সেই রকমই হচ্ছে ; একথা স্বীকার করা হচ্ছে যে, আমাদের গরিব দেশ, এখানে টাকা নষ্ট করা উচিত নয়। আবার সরকার বলেন যে, গরিব প্রাথমিক শিক্ষকদের মাহিনা বাড়াবার টাকা নাই। কিন্তু যে ব্যবস্থা করলে টাকা নষ্ট না হয় সেটা করতে তাঁরা রাজী নন।

[10-10—10-20 a.m.]

বলা হয় শতকরা ৭৫ জন ৮০ জন ছেলেমেয়ে অমনিই প্রাথমিক পাঠশালায় আসছে। পশ্চিমে যেসব দেশে দীর্ঘদিন ধরে প্রাথমিক বিদ্যালয় করে শিক্ষাদান করে এসেছে, ইংলন্ড, ফ্রান্স, জার্মানী, সুইডেন, ডেনমার্কএ চোখে দেখে এলাম, তাদের বইতেও লেখা আছে বাধ্যতামূলক ব্যবস্থা না

করলে এরকম হাজিরী হয় না। আমাদের দেশে অন্যত্র যারা বাধ্যতামূলক শিক্ষার প্রচার করছে তারা দেখে শিখেছে। আপনারা না দেখে শিখলেন, না ঠেকে শিখলেন। ইংলন্ড প্রথম যখন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার প্রসার করতে গেছলো, ঠেকে শিখেছিল, ইউ-এস-এস-আর দেখে শিখেছে। আর আমরা দেখেও শিখি না, ঠেকেও না। বার বার এই করে পিছনে পড়ে থাকছি। এ বিষয়ে রাজ্যপালিকার একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই।

তারপর ১০ আর ১১ বছর ধরে বিদ্যালয়ে উচ্চ শিক্ষার ব্যবস্থা হচ্ছে। খুব ভাল কথা--কিন্তু তার যে শিক্ষক এখন যাচ্ছে তাদের সম্বন্ধে একটু বলি। বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী সমাবর্তন উৎসব গেল বছর সমাপ্ত হয়েছে। বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন ধরে এ ব্যবস্থা করে এসেছে যে স্নাতক পরীক্ষার অন্তর্বর্তী পরীক্ষা, যাকে ইংরেজীতে বলে ইন্টারমিডিয়েট—তাতে পড়াবার জন্য এম-এ এবং এম-এস্‌সিতে যারা অন্ততঃ দ্বিতীয় শ্রেণীতে পাস করেছে তাদের নিযুক্ত করতে হবে। তা না হ'লে তারা মনে করেন ঠিকমত পড়ানো হবে না এবং এ বিষয়ে সরকারী শিক্ষাবিভাগ একমত। কিন্তু সম্প্রতি যখন ১১ বছর শিক্ষায়াতন করা হ'ল এবং বলা হয়েছে যে তারা অন্তর্বর্তী পরীক্ষার উপযোগী শিক্ষা দেবে—দেখা গেল গ্রামাঞ্চলে কোথাও কোথাও সেরকম শিক্ষক পাওয়া যাচ্ছে না। তখন সরকার বলেছেন বি-এস্‌সি যারা সম্মানের সংগে পাস করেছে তাদের দিয়ে কাজ হবে। কিন্তু তারা পড়াতে পারবে বলে বিশ্ববিদ্যালয় মনে করে না এবং শিক্ষাবিভাগও গত ১০০ বছর ধরে মনে করে নি। এখানে হঠাৎ সরকারের মত বদলানো যেতে পারে; কিন্তু শিক্ষার মান কি তাতে উন্নত হবে? শিক্ষার মান নেমে যেতেই বাধ্য হবে। শিক্ষার মান নেমে গিয়ে যারা পাস করে আসবে তারা ৩ বছরের ডিগ্রী কোর্স পড়বে এবং বিশ্ববিদ্যালয় এদের ধরে নিচ্ছে পুরোপুরি অন্তর্বর্তী পরীক্ষার উপযোগী হয়ে এসেছে। মাঝখানে যে ফাঁক থাকবে সেই ফাঁক মিটাবে কে? পরীক্ষার প্রশ্ন পত্রে যেমন থাকে 'ফিল আপ দি গ্যাপ', তেমন এই ফাঁক পূরণ কিভাবে হবে? সেজন্য আমার মনে হয় শিক্ষামন্ত্রীর ও রাজ্যপালিকার দৃষ্টি এদিকে আকর্ষণ করতে হবে।

আমি আর একটা বিষয় বলি। সেটা হচ্ছে বেকার সমস্যার সমাধান এবং কারখানার মজুরদের সুখসুবিধার ব্যবস্থা। এখানে রাজ্যপালিকা মহোদয়া খুব ভাল বুঝিয়েছেন যে, তাঁর সরকারের চেষ্টার ফলে শ্রমিকদের অবস্থার কিছু উন্নতি হয়েছে। কিন্তু এখন কারখানার পরিচালকমণ্ডলী যেসব সুবিধা সুযোগ পায় এবং শ্রমিকরা যা পায় তাতে একটা বিরাট তফাৎ রয়ে গেছে। তিনি বলেছেন, অনুরোধ করেছেন, পরিচালকমণ্ডলী এবং মজুরদের স্বার্থের মধ্যে মাঝখানে যে তীব্র অভাব এই ফাঁকটা যাতে পূরণ করেন। সে বিষয়ে মহাত্মা গান্ধী বহুবার বলেছিলেন, তার পরম ভক্ত যারা তাদের একজনের সংগে--কারখানার মালিকের সংগে--আমার আলাপ হয়েছিল। আমি বলেছিলাম, আপনাদের তো লাভ অনেক হয় এই টাকার কিছু কিছু দিলে লোকসান হবে না। আপনাদের তো ট্রাস্টি বা অছি মনে করেন। তিনি জিজ্ঞাসা করলেন, কে মনে করেন? আমি বললাম, মহাত্মা গান্ধী, আর কেউ নয়। তিনি বললেন, "তিনি মনে করতে পারেন কিন্তু আমরা হচ্ছি ব্যবসায়ী"। আমার মনে হয় রাজ্যপালিকা মহোদয়ার শুভেচ্ছার জবাব এরা মনে মনে এই দিচ্ছেন। সেজন্য মুখে ভাল কথা বলেছেন, কাজে অন্যরূপ। শ্রমবিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলে তিনি এটা ভাল করতেন, তাঁর এ বিষয়ে দৃঢ়হস্তে কাজ করা উচিত।

আর একটা বিষয় বেকার সমস্যা—সামান্য কিছু তথ্য আমি সংগ্রহ করেছি, নাম করব না কোন্ কোন্ কারখানা। ১০ বছর আগে যেসব জায়গায় কলকাতার দক্ষিণের কারখানায় প্রধানত বাঙ্গালী মজুর কাজ করত, সেখানে তাদের সংখ্যা কমে গেছে এখন। এককালে কলিকাতার উত্তরের কারখানাগুলিতে সরকারী ব্যবস্থার ফলে বাঙ্গালীরা ধীরে ধীরে হটে যেতে বাধ্য হয়েছে কারখানার কাজ থেকে। রয়াল কমিশন অব ইন্ডাস্ট্রিয়াল লেবারএর যে বিবৃতি আছে তা থেকে উদ্ধৃত করে আগেই অন্য সময়ে এর বিশেষ তথ্য সম্বন্ধে বলেছি। কিন্তু দক্ষিণের বহু জায়গায় শতকরা ৮০ ভাগ মজুর সেদিনও ছিল বাঙ্গালী। অধ্যাপক মহলানবিশ ১৯৪১ সালে যে তদন্ত করেন তাতেও এটা প্রমাণিত হয়।

কিন্তু ১০ বছর আগে থেকে দেখা গেল যে সেটা কমতে আরম্ভ করেছে এবং ৫ বছর আগে দেখা গেল যে, এইসব কারখানায় অবাঙ্গালী মালিকরা বাছাই করে করে বাঙ্গালী বাদ দিয়ে অবাঙ্গালী নিচ্ছেন। কেন নিচ্ছেন? তাঁরা বললেন, কাজের সুবিধা হয়। একথা আমি স্বীকার

করব যে, সম্প্রতি গত ২ বছরে সরকারী প্রচেষ্টার ফলে এটার কিছু পরিবর্তন হচ্ছে। ভাল যেটা হচ্ছে সেটা আমি সব সময় জানিয়ে দিই কিন্তু অনেক বেশি এ বিষয়ে অবহিত হওয়া দরকার। আমার মনে হয় এ বিষয়ে যদি রাজ্যপালিকা মহোদয়া তাঁর শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতেন এবং দেশের লোকের সম্মুখে এটা তুলে ধরতেন যে, ভারতবর্ষে সব দেশের মানুষকে নিজের বলে ভাবা দরকার—যেখানে যারা বাস করে সেখানে তাদের বাদ দিয়ে নিজেদের সুবিধার জন্য অন্য জায়গা থেকে লোক আনা, এটা ঠিক নয়—তাহলে ভাল হ'ত।

Janab Abdul Halim: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

(1) there is no mention of the teachers who are on hunger-strike for the legitimate demands of the Secondary School teachers in West Bengal;

(2) there is no mention of the real solution of the food problem and check-up of high prices;

(3) there is no mention of the failure of the Government to solve rural and industrial unemployment;

(4) there is no mention about the failure of Government to take effective measures for distributing lands to the poor and landless peasants;

(5) there is no mention of the failure of the Government to help for rebuilding flood devastated villages in West Bengal;

(6) there is no mention of any concrete improvement in the condition of rural and urban population."

মাননীয় সভাপতি মহাশয়, সময় খুব সংক্ষেপ, কেননা এবারে সময় সীমাবদ্ধ করে দেওয়া হয়েছে—কাজেই সেই সময়ের মধ্যে আমাকে বলতে হবে। আমি মাননীয়া রাজ্যপালিকা মহোদয়ার বক্তৃতা পড়েছি এবং প্রত্যেক বছর এই ধরনের বক্তৃতা আমরা পড়ে থাকি। কাজেই প্রতি বছর তাঁর ভাষণে যা থাকে এ বছরের ভাষণেও তাই আছে—এর মাধ্যমে কোন নূতনত্ব আছে তা নয়। প্রশাসনিক ব্যাপারে কিছু সুখ্যাতি এবং কিছু করণীয় সম্পর্কে তাঁর উপদেশ এখানে আছে। আবার তিনি তাঁর ভাষণে আমাদের যে অগ্নিপরীক্ষার সম্মুখীন হতে হবে সেকথা বলেছেন এবং হতাশা ও নিরাশার ধ্বনিও তিনি তুলেছেন। আমি আমার সংশোধনীর মধ্যে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। প্রথমেই আমি সংশোধনী দিয়েছিলাম মাননীয়া রাজ্যপালিকার ভাষণের উপর যে, এই পশ্চিমবঙ্গে ১০ তারিখ থেকে শিক্ষকরা অনশন ধর্মঘট করেছেন। তাদের দাবী পূরণের জন্য এবং শিক্ষা ব্যবস্থার পরিবর্তনের জন্য তাঁরা ধর্মঘট করেছিলেন। সে সম্পর্কে কোন সরকারী নীতি এই ভাষণে নির্দেশিত হয় নি। সুখের বিষয় আপোষে এটার মীমাংসা হয়ে গেছে কিন্তু সরকারের অগণতান্ত্রিক শিক্ষানীতি বাংলাদেশের শিক্ষকসমাজকে আত্মনিগ্রহের পথে ঠেলতে বাধ্য করেছিল। তাঁরা যদি আগে বিবেচনা করে এ সম্পর্কে সিদ্ধান্ত করতেন তাহলে জল এতটা ঘোলা হ'ত না। সরকার কিছুতেই চাপ না এলে, আন্দোলন না হ'লে কোন কিছুরই মীমাংসা করতে চান না—এটা আমরা বরাবর দেখে আসছি। পশ্চিমবঙ্গ গভর্নমেন্ট এবং মন্ত্রীমণ্ডলী যদি আগে থাকতে এসব ব্যাপারে হস্তক্ষেপ করতেন, বিশেষ করে মাননীয় শিক্ষামন্ত্রী যদি এ ব্যাপারে হস্তক্ষেপ করতেন, তাহলে জিনিসটা এতটা গড়াতো না। আমাদের মাননীয় শিক্ষা-মন্ত্রী শিক্ষা সম্পর্কে যে নীতি গ্রহণ করেছেন সে সম্পর্কে আমরা আগে আলোচনা করেছি এবং ভবিষ্যতেও আমাদের করতে হবে। মধ্যশিক্ষা পর্ষৎ বিল আলোচনার সময় আমরা বলেছি যে তাঁরা আগুন নিয়ে খেলা করছেন, বাংলাদেশের শিক্ষকসমাজকে তাঁরা অগ্নিপরীক্ষার পথে ঠেলে দিচ্ছেন। সম্প্রতি নির্বাচনের ফলাফল থেকে এটা প্রমাণিত হয় যে গভর্নমেন্ট কোন্ পথে চলেছেন, আজ শিক্ষকসমাজ কোন্ পথে যেতে বাধ্য হচ্ছেন। তাঁরা যদি সুষ্ঠুভাবে শিক্ষা সম্পর্কে সকলের মত নিয়ে কাজ করতেন তাহলে এই অবস্থা হ'ত না। যাহোক আমি মনে করি তাঁদের আগুন নিয়ে খেলা করা উচিত নয়।

তারপরে ফুড সম্বন্ধে মাননীয়া রাজ্যপালিকা মহোদয়ার ভাষণে রয়েছে এবং ভবিষ্যৎ সম্পর্কেও ইঙ্গিত রয়েছে। আমাদের খাদ্যবিশারদ মাননীয় খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেন মহাশয়ের মুখে আমরা এক এক সময়ে এক এক ভাষণ শুনে থাকি। পরিসংখ্যার হিসাব যা তিনি দিয়েছেন তাতে দেখেছি একবার বলেছেন ১২ লক্ষ টন খাদ্য ঘাটতি হবে, তারপরে বলছেন ৮ লক্ষ টন, মাননীয়া রাজ্যপালিকা মহোদয়ার ভাষণে এসে দাঁড়িয়েছে ৭ লক্ষ টন। ৪৬;৩৫ লক্ষ টন আমাদের খাদ্য উৎপাদন করতে হবে, আমাদের উৎপাদন হয়েছে ৩৯·৫ লক্ষ টন। কাজেই ভবিষ্যৎ খুব আশাজনক।

[10-20—10-30 a.m.]

তারপর ১৯৫৩-৫৪ সালে একমাত্র উৎপাদন হয়েছিল ৪৬ লক্ষ ৭৯ হাজার ৮০০ টন, এর পর আর খাদ্য উৎপাদন বাড়ে নি। প্রত্যেক বৎসর খাদ্য ঘাটতি চলছে, যা কিছু খাদ্যোৎপাদন হয় সবই চোরাকারবারীদের হাতে চ'লে যায় এবং দামবৃদ্ধির জন্য সাধারণ কৃষকদেরও এখন ৩০।৩৫ টাকা দরে চা'ল কিনতে হয়'। এইভাবে চালের দাম বেড়ে যাচ্ছে। এ ব্যাপারে সরকার যে নীতি গ্রহণ করেছে তাতে খাদ্যসমস্যার সমাধান হবে না, হাবভাব দেখেশুনে মনে হয় তাঁরা এই ধারটা নিয়ে কোনপ্রকার চিন্তাই করেন নি। এখন বিশেষ ক'রে ২৪-পরগনা, মেদিনীপুর, মালদহ জেলাতে দারুন খাদ্যসংকট আরম্ভ হয়েছে। এ সম্পর্কে কি ব্যবস্থা করা হবে তার কোন নির্দেশ এখনও আমরা পাই নি। আমরা সরকারের সঙ্গে সহযোগিতাই করতে চাই, কিন্তু এ সম্পর্কেও গভর্নমেন্টের কোন সুষ্ঠু নীতি নাই। খাদ্যোৎপাদন বাড়ানোর জন্য দামোদর ও ময়ূরাক্ষী ইত্যাদি অনেক পরিকল্পনা হয়েছে, কিন্তু খাদ্যোৎপাদন বেড়েছে কতটা? আপনারা বলেন, কৃষির উন্নতি হয়েছে, তা যদি হয় তা হ'লে খাদ্য ঘাটতি কেন হবে? আমার মনে হয় গভর্নমেন্টের নীতির মধ্যেই গোলমাল আছে। নিশ্চয়ই ঠিকমত পরিকল্পনা করা হয় নি। আমি বলি, ছোট ছোট পুকুর ও সেচের পরিকল্পনা করুন, তাতে ফসল বাড়তে পারে। কিন্তু সরকারী নীতির পরিবর্তন আবশ্যক। কৃষিমন্ত্রী মহাশয় বলেছেন যে, অনেক সাহায্য করা হয়েছে, অনেক টাকা লোন দেওয়া হয়েছে। কিন্তু এই লোন গিয়ে পেঁছায় ঠিক চাষের সময়ের পর। চাষের সময় লোন দেওয়ার কথা। আর এই লোন পেঁছায় ভাদ্রমাসের শেষে। ছোলার বীজ মাঘমাসের শেষে বিতরণ করা হয়, অথচ এটার চাষের সময় হ'ল আশ্বিন-কার্ত্তিক মাসে। এই নীতি না বদলালে কৃষির উন্নতি হবে না। কৃষির উন্নতি করতে হ'লে যাঁরা চাষী তাঁদের সঙ্গে পরামর্শ করতে হবে। যে বীজ দেওয়া দরকার যে ঋণ দেওয়া দরকার, তা দেওয়া হয় না। খালি বড় বড় রিপোর্টের দ্বারা কোন কাজ হবে না। এখন আমাদের সাজেসশন হচ্ছে, প্রথমেই চাষীকে এবং কৃষকদের জমি দেবার ব্যবস্থা করতে হবে।

তারপর, 'রুরাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল আনএমপ্লয়মেন্ট' সম্পর্কে আমাদের মাননীয় বন্ধু সান্যাল মহাশয় বলেছেন। আমি এ সম্পর্কে একটা কথা বলতে চাই। আমাদের গ্রামাঞ্চলের এই রুরাল লেবাররা বর্তমানে টেস্ট রিলিফএর কাজ পেলে কোন রকমে খেয়ে বাঁচে, আর কাজ না পেলে তাদের অনশনে চলে। শহরাঞ্চলেও মধ্যবিত্তশ্রেণীর মধ্যে বেকারের সংখ্যা বেড়েছে। যেসব অঞ্চলে কলকারখানায় রিট্রেঞ্চমেন্ট চলছে সেখানে শ্রমিকদের মধ্যেও বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। তারপর অনেক ফ্যাক্টরিতে বে-আইনী ক'রে শ্রমিকদের উপর চার্জ-সীট দেওয়া হয়। এখানে শ্রমমন্ত্রী আছেন, তাঁকে আমি জানাতে চাই যে, শ্রমিকেরা যে অ্যাওয়ার্ড পেয়েছে অ্যাডজুডিকেশনএর পরতা কার্যকরী হয় না। যাদের কিছু টাকাপয়সা আছে তাদের হয়তো দু'-একদিন চ'লে যেতে পারে, কিন্তু যাদের কিছুই নাই তারা এইভাবে আনএমপ্লয়েড থাকলে কি ক'রে খাওয়াপরার ব্যবস্থা হবে? সেজন্য আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি অকর্ষণ ক'রে বলব যাতে কারখানা আইন কার্যকরী হয় ঠিকমত সেদিকে নজর রাখতে হবে এবং কোনপ্রকার অন্যায় চার্জ-সীটও যাতে না দিতে পারে সেদিকেও দৃষ্টি রাখতে হবে।

তারপর ল্যান্ড রিফর্ম সম্বন্ধে আমি বলতে চাই, এস্টেট অ্যাকুইজিশন বিল পাশ হয়ে গিয়েছে, কিন্তু কত জমি উদ্বৃত্ত হ'ল, কত জমি কৃষকেরা পেল তার হিসাব আমরা পাইনি, রেভিনিউ মিনিস্টারএর কাছ থেকে এ সম্বন্ধে আমরা কিছু জানতে পারি নি। আমরা বুঝতে পারি এর দ্বারা কৃষকদের কোন উপকার হ'ল না। ভূমিসংস্কার করেছেন, কিন্তু এতে আমাদের দেশের ভূমিব্যবস্থার কোন পরিবর্তন হয়েছে কিনা, কৃষির উন্নতি হয়েছে কিনা,

যাদের জমি নেই তারা প্রকৃতই জমি পেল কিনা, এসব জানতে পারলাম না—এসব ব্যবস্থা যদি না হয় তা হ'লে কি চিরকালই খাদ্য ঘাটতি থাকবে? এবং চিরকালই আমরা এইরকম ভাষণ শুনব? তা হ'লে আগামী বৎসরও এই একই ভাষণ শুনতে হবে?

তারপর আমি ফ্লাড সম্বন্ধে বলব। ১৯৫৬ সালে বাংলাদেশের ৯টি জেলা বন্যাবিধ্বস্ত হয়েছিল, হাজার হাজার গ্রাম ভেসে গিয়েছিল। এখানে মন্ত্রি মহাশয় কত বাড়ি তৈরি করা হয়েছে তার অনেক হিসাব দিলেন, কিন্তু এই ৯টি জেলায় লক্ষ লক্ষ লোকের কি এতেই বাসস্থানের ব্যবস্থা হবে? বাংলাদেশে বন্যাবিধ্বস্ত অঞ্চলে কত ঘরবাড়ি তৈরি হয়েছে তার একটা হিসাব আমরা জানতে চাই। আমরা জানি কৃষকেরা অনেক জায়গায় নিজেরা চেষ্টাচরিত্র ক'রে ঘর তৈরি করেছে, তা সত্ত্বেও আমরা সংশ্লিষ্ট মন্ত্রি মহাশয়ের কাছে একটা হিসাব পেতে চাই।

তারপর, পাবলিক হেল্‌থ সম্বন্ধে দু-একটা কথা বলব। বর্তমানে বাংলাদেশে ভীষণ আকারে বসন্তরোগ আরম্ভ হয়েছে। এ সম্বন্ধে সরকার কি ব্যবস্থা করছেন আমরা জানি না। তারপর, গভীর সমুদ্রে মাছ ধরা, হরিণঘাটার দুধের কারবার ইত্যাদি অনেক কথাই আমরা প্রায়ই শুনে থাকি। গত ১০ বৎসরের জাতীয় শাসনে আমাদের সমাজব্যবস্থার কোন উন্নতি হয়েছে কিনা তা আমরা বুঝতে পারছি না এই হিসাবগুলি না পেলে।

সুতরাং আমার শেষ বক্তব্য হচ্ছে, এই রকম ভাষণের কোন মূল্যই নাই।

[10-30—10-40 a.m.]

Sj. Gopal Halder:

স্যার, গভর্নর বাহাদুরের ভাষণের শেষে আমি নিম্নলিখিত কথা কয়টি যোগ করিতে অনুরোধ করিঃ—

(১) কিন্তু পরিতাপের কথা, কি প্রাথমিক শিক্ষায়, কি মাধ্যমিক শিক্ষায়, কিংবা উচ্চশিক্ষায় বা টেকনিক্যাল শিক্ষায়, সমগ্রভাবে পশ্চিম বাঙলার শিক্ষার ক্ষেত্রে, কার্যত কোন সুপরিকল্পিত শিক্ষানীতি ও সুশৃঙ্খল শিক্ষাপদ্ধতি গৃহীত হয় নাই। তাহার ফলে শিক্ষাক্ষেত্রে একদিকে আমলাতান্ত্রিক অনাচার ও দলপোষণ, অন্যদিকে শিক্ষা-বিষয়ে অরাজকতা ও ক্রম-অধোগতি পরিলক্ষিত হইতেছে। এমনকি, অনেক সময়ে কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুত সাহায্যাদিও পশ্চিম বাঙলা সরকারের ব্যক্ত ও অব্যক্ত মনোভাবের জন্য যথোচিতরূপে পশ্চিম বাঙলার শিক্ষা ব্যাপারে, বিশেষত বিশ্ব-বিদ্যালয়ের শিক্ষার ব্যাপারে, লাভ করা যায় নাই ;

(২) অত্যন্ত বিস্ময়ের ও পরিতাপের কথা যে, পশ্চিম বাঙলা সরকার বাঙলাভাষাকে রাজ্যের সরকারী ভাষারূপে প্রয়োগ করিবার কোন কার্যকরী ব্যবস্থা করেন নাই: এবং তাহা গ্রহণ করা বিষয়ে এখনও সচেতন নন।

শ্রদ্ধাস্পদ সভাপতি মহাশয়, আমাদের রাজ্যপাল মহোদয়ার ভাষণে যে ব্যালেন্সড প্রগ্রেসএর কথা শিক্ষাবিভাগ সম্পর্কে বলা হয়েছে তার উত্তর ইতিমধ্যেই বাংলাদেশের শিক্ষিত সমাজ এবং শিক্ষক শ্রেণী পরিষ্কার ভাষায় দিয়েছেন।

বর্তমান পশ্চিম বাংলা সরকারের শিক্ষানীতিতে বিকৃত ভাব দেখা দিয়েছে ব'লেই আজ আমরা ও অন্যান্য বন্ধুগণ এখানে উপস্থিত হয়েছি, এই কথাই তার যথেষ্ট উত্তর। এই ভাষণে অন্তত শিক্ষানীতির আর্থিক ব্যয়াদি সম্বন্ধে যেসকল কথা আছে, তা অত্যন্ত ভিত্তিহীন।

সত্য বটে, এই শিক্ষানীতি বর্তমান সরকারের দ্বারা পরিচালিত হয়। আসলে তারা শুধু ওয়ারিশসূত্রে প্রাপ্ত হয়েছেন বৃটিশের শিক্ষানীতি ও পদ্ধতি ; নিজেদের পদ্ধতি জুড়ে দিয়েছেন বৃটিশ আমলের সেই শিক্ষানীতির সঙ্গে। একথা আমরা সকলে জানি—বৃটিশের শিক্ষানীতির প্রধান কথা কি? সেখানে শিক্ষা ছিল না, ছিল কেবল দেশশাসন ও লুণ্ঠন। কাজেই এদেশের শিক্ষার যা কিছু আয়োজন অনিচ্ছুক শাসকের হাত থেকেই তা দেশের মানুষ আয়ত্ত করেছেন। কি হিন্দু কলেজ, কি কলিকাতা বিশ্ববিদ্যালয়, আমরা বারবার দাবী ক'রে প্রতিষ্ঠিত করেছি।

বিদ্যাসাগর কলেজ বাঙ্গালীদের বেসরকারী প্রচেষ্টায় হয়েছে। সুরেন্দ্রনাথ কলেজ, রিপন কলেজ, সিটি কলেজ ইত্যাদি এই সমস্তের নাম এই জন্যই উল্লেখযোগ্য। শত শত স্কুল ও কলেজ বেসরকারী চেষ্টায় প্রতিষ্ঠিত হয়েছে। ১৯০৫ সাল কেন, তারও বহু আগে থেকেই সুস্পষ্ট হয় বৃটিশ আমলে শিক্ষা ছিল বৃটিশ শাসকের চক্ষে অপরাধ এবং শিক্ষক ও ছাত্র ছিল তাঁদের পটেনসিয়াল এনিমি, শত্রু। এই ছিল তখনকার শাসকদের দৃষ্টিভঙ্গি। সেই দৃষ্টিভঙ্গি নিয়ে ১৯৪৭ সাল পর্যন্ত তাঁরা এদেশে রাজত্ব চালিয়েছেন। এটা তাঁরা সত্য কথাই বলেছিলেন যে, আমরা এ দেশের শিক্ষক ও ছাত্ররা বৃটিশকে শত্রু ছাড়া আর কিছু মনে করতে পারি নি। তা স্বাভাবিক জিনিস, এতে অস্বাভাবিক কিছু নেই। কিন্তু আজ শাসক আমাদের জাতীয় সরকার। বৃটিশের ওয়ারিশ সূত্রে শাসন দখল ক'রে, তাঁরা আজও সেই বৃটিশী শিক্ষানীতি চালাচ্ছেন, এইটাই হ'ল সবচেয়ে গভীর পরিতাপের বিষয়। আমি তাই রাজ্যপালের ভাষণে, এই পরিতাপটুকু উল্লেখ ক'রে দেখাতে চাই কিভাবে তাঁরা রাজ্য শাসন ও দেশের শিক্ষা শাসন চালাচ্ছেন এই দশ বৎসর ধরে। আমাদের নূতন নির্বাচনের মধ্য দিয়ে তা প্রমাণিতও হয়েছে। হয়ত কর্তৃপক্ষ অঙ্কে খুব অভ্যস্ত, কাজের অনেক বড় বড় অঙ্ক তাঁদের মুখ থেকে শুনেছি। গত দু'দিন যাবত সে সকল অঙ্ক সম্বন্ধে আপত্তি করা হয়েছে। এগুলি অঙ্ক ত' নয়, এগুলি কর্তৃপক্ষের কলঙ্ক। এইসব অঙ্ক দিয়ে কি প্রমাণিত হয়? তাঁর একটা কথা হচ্ছে—আমরা শিক্ষার ব্যয় বাড়িয়েছি। সত্য কথা, শিক্ষার ব্যয় তাঁরা বাড়িয়েছেন। কিন্তু এই ব্যয় বাড়ানর পিছনে আছে কি? সেখানে কতকগুলি অনুল্লেখিত সত্য কথা আছে তা বিস্মৃত হবার নয়। টাকার দাম কমেছে, সকল জিনিসের দাম বেড়েছে। যেমন পুলিসের ব্যয় বেড়েছে, তেমনি শিক্ষারও ব্যয় বেড়েছে। কিন্তু, ব্যয় বাড়লেই যে শিক্ষা কি ক'রে প্রসারিত হ'ল, তার প্রমাণ নেই।

তারপর দ্বিতীয় কথাটা হ'ল—এটা কি শিক্ষার ব্যয়, না শিক্ষার নামে ব্যয়? ব্যয় বাড়ান খুব সহজ। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন কোটি কোটি টাকা তিনি খরচ করছেন। টাকাটা যখন জনসাধারণের, তখন সেটা ব্যয় করতে তাঁর কষ্ট হবে কেন?

শিক্ষার ব্যাপারেও তাই অপব্যয়ের সীমা নেই। এ সম্বন্ধে একটার পর একটা বলা নিষ্প্রয়োজন। শিক্ষা ব্যয় বাড়ানোর পিছনে অনেক কিছু আছে। একটা হ'ল শিক্ষার নামে অপব্যয়। আরও যা দেখলাম, তা হচ্ছে এই প্রথমত, কতকগুলি পদ সৃষ্টি করে দল বৃদ্ধি করা। দ্বিতীয়ত, অপ্রয়োজনীয় স্থানে বিদ্যালয় ও কলেজ স্থাপন ক'রে নিজেদের লোককে বসান। অথবা জমিদারীর ক্ষতিপূরণের পরিপূরক হিসাবে, তাদের পোষণের আর একটা ব্যবস্থা। কারণ দেখা যায়, জমিদারদের পুরান বাড়িগুলি বেশি টাকা দিয়ে কিনে নিয়ে, সেখানে কলেজ ক'রে দেওয়া হয়েছে। এইটাই হ'ল শিক্ষা ব্যাপারে একটা নূতন পদ্ধতি।

(Sj. TRIPURARY CHAKRABARTY: New technique.)

হাঁ, এটা একটা নিউ টেকনিক।

তৃতীয় হ'ল শিক্ষার নামে ইমারতী-বিলাস। ঠিকাদারদের পোষণ করতে হবে। ইমারত তৈরির ব্যাপারে ঠিকাদাররা শাসকবৃন্দের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কে সম্পর্কিত। তাই স্কুল-কলেজের জন্য সরকার প্রকাণ্ড প্রকাণ্ড নতুন ইমারত তৈরি করছেন।

সাধারণ শিক্ষার জন্য এত ইমারত তৈরি করতে হবে গরিব বাংলাদেশে! আর্ট কলেজের জন্যও ঐ রকম বড় বড় ইমারত, বাড়ি তৈরি করতে হয়—সেটা একটা স্বপ্নাতীত ব্যাপার! কেউ কোনদিন কল্পনাও করে নি। আমি রবীন্দ্রনাথের নাম এ বিষয়ে উল্লেখ করতে পারতাম। এখানে তা উল্লেখ করব না, তাঁর নাম উল্লেখ করলে তাঁকে অপমান করাই হবে—যেভাবে এখানে শিক্ষা পরিচালনা করা হচ্ছে। এই প্রসঙ্গে তাঁর নাম তাই আমি উল্লেখ করব না। কিন্তু দেখবেন এই ইমারতি-বিলাস হচ্ছে শিক্ষার একটা নূতন ব্যয়।

তারপর খবরদারীর জন্য খরচ কি হয়! শিক্ষার খবরদারীর জন্য কতটা খরচ আপনারা করেন—এসব হিসাব থেকেও তা বুঝতে পারবেন। সেই সঙ্গে যোগ করবেন ভাতার ভার।

তারপরে অন্তত ভাববেন যে টাকা শিক্ষার জন্য ব্যয় হয়েছে, কি শিক্ষার নামে ব্যয় হয়েছে। নানা মেকি জিনিস দিয়ে শিক্ষার ব্যয় বাড়ানো হয়, কাজেই সেই অঙ্কের পঙ্কোদ্ধার ক'রে লাভ কি? —যাক এই অঙ্ক।

দ্বিতীয়ত, বলা হয়েছে বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে। এটা সত্যি কথা। কিন্তু এটা সরকারের কৃতিত্ব নয়, এ কৃতিত্ব দেশবাসীর। বাংলাদেশ শিক্ষার জন্য অন্তত দেড়শ' বছর ধরে পাগল। আজ স্বাধীনতার যুগ যখন এসেছে, তখন সেই আকাঙ্ক্ষা ও আগ্রহ দ্বিগুণ থেকে তিনগুণ, তিনগুণ থেকে চতুর্গুণ হয়েছে। আমি দেশের মানুষকে সাদর অভিনন্দন জানাই। তবে আমরা জানি ঠিক এই জিনিস—শিক্ষার প্রসার—ছিল বৃটিশ সরকারের অনভিপ্রেত এবং ঠিক এটির জন্য আমাদের বর্তমান শাসকরা—যাঁরা বৃটিশ সরকারের শাসন-নীতি ওয়ারিশসূত্রে পেয়েছেন—তাঁরাও অত্যন্ত ভীত ও শঙ্কিত হয়েছেন এবং এই শিক্ষার দিকে যাতে ছাত্রেরা না আসে, সেই উদ্দেশ্যে সরকারের সমস্ত পলিসি, সমস্ত শিক্ষানীতি পরিচালিত হচ্ছে বা হতে চলেছে। এই হচ্ছে আমাদের এ বিষয়ে প্রধান অভিযোগ। বর্তমান নীতি বৃটিশ সরকারের কাছ থেকে উত্তরাধিকারসূত্রে পাওয়া শিক্ষা-সঙ্কোচের নীতি, শিক্ষা-প্রসারের নীতি নয়। এ জিনিসটা অন্য যাঁরা এখানে শিক্ষক আছেন, তাঁরা হয়ত অনেক ভাল ক'রে বলবেন। সময়াভাবে সব কথা বলা যাবে না। আমি আমাদের অন্যতম মন্ত্রী মাননীয় বিমল-চন্দ্র সিংহ মহাশয়ের প্রবন্ধাদি উল্লেখ ক'রেই দেখাতে পারতাম যে, এটা শিক্ষানীতি নয়, এটা হচ্ছে শিক্ষা ধ্বংসের নীতি, শিক্ষা সঙ্কোচের নীতি, দেশের শিক্ষার আগ্রহ খর্ব করবার নীতি।

সময়াভাব ব'লে প্রাথমিক শিক্ষা সম্বন্ধেও আমি সবকিছু জিনিস বলতে পারব না। প্রাথমিক শিক্ষা ব্যাপারে সার্বজনীন শিক্ষার কথা বলা প্রয়োজন। যে দেশকে সার্বজনীন ভোটাধিকার দেওয়া হয়েছে, সেই দেশ যদি সার্বজনীন শিক্ষাপদ্ধতি প্রবর্তিত না করে, তা হ'লে তার শাসকবৃন্দের দিন শেষ হয়ে আসবেই আসবে—এটা নিঃসন্দেহ। সেই সার্বজনীন শিক্ষা-পদ্ধতি আমাদের সংবিধান অনুযায়ী মূল নীতি রূপে গৃহীত হয়ে আছে। কিন্তু এখন বলা হয় যে, শীঘ্র সেই শিক্ষা সম্ভব হবে না। শুধু তা নয়—যাতে চিরদিন সম্ভব না হয়, তার জন্য যে সব ব্যবস্থা বৃটিশ সরকার প্রণীত করেছিলেন শিক্ষা সম্বন্ধে, আমাদের শাসকগণ এখনও সেগুলো তুলে না দিয়ে বরং আঁকড়ে রয়েছেন। কালকে একজন মাননীয় সদস্য তাঁর বক্তৃতায় একথা উল্লেখ করেছেন, আজও আমি বলি। যেমন শহরাঞ্চলে সার্বজনীন শিক্ষা চাইলে মিউনিসিপ্যাল এরিয়ায় প্রাথমিক শিক্ষা প্রবর্তিত করতে হলে, বলা হয় যে, মিউনিসিপ্যালিটি-গুলিতে নূতন ক'রে সেস বসিয়ে তবে তাঁরা সর্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে পারবেন। ১৯১৯ সালের আইনে হয়ত এই বিধান ছিল, আজও ১৯৫৮ সালেও সেই বিধান বলবৎ আছে। কোন মিউনিসিপ্যালিটির আজকে দুর্মূল্যের দিনে, মানুষের দুরবস্থার দিনে এমন সাহস হবে না যে, নূতন ক'রে সেস বসিয়ে তবে প্রাথমিক শিক্ষা সার্বজনীন ও বাধ্যতা-মূলক করবে। তাই আশ্চর্য হবার কিছুই নাই যে, বাংলাদেশের দু'টি মিউনিসিপ্যালিটিকে এই রকম কাজে অগ্রসর হয়েছে। একটি হ'ল বোলপুর মিউনিসিপ্যালিটি, আর একটি হ'ল দার্জিলিঙ মিউনিসিপ্যালিটি। এই থেকে দেখা যায়, বাংলাদেশে সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তনের বিরুদ্ধে ষড়যন্ত্র চলছে। আমি সর্বজনীন প্রাথমিক শিক্ষা সম্বন্ধে আরও অনেক কথা বলতে পারতাম। কিন্তু বাধ্য হয়েই তা বলব না।

তারপর বেসিক শিক্ষার নামে যে বিলেতী শিক্ষায় শিক্ষক শিক্ষণের জন্য যে অতিরিক্ত উৎকট রকমের ব্যবস্থা হচ্ছে, সেটা বেসিক শিক্ষার ট্রেনিং দেওয়ার জন্য নয়, অন্য কোন কারণে হ'তে পারে। এ দেশের উপযোগী বুনিয়াদি শিক্ষার সঙ্গে সম্পর্ক তাব নাই। জাকির হোসেন কমিটির শিক্ষা এবং গান্ধীজী প্রণীত বেসিক শিক্ষানীতির সঙ্গে, এদেশের দরিদ্র লোকের বেসিক শিক্ষানীতির সঙ্গে, সরকারী ব্যবস্থার কোন সম্পর্ক আছে ব'লে আমি মনে করি না। এ সম্বন্ধে আরও অনেক কথা বলা যেতে পারে। যে আটটি ভাগে প্রাথমিক শিক্ষাকে ভাগ করা হয়েছে তার মধ্যে স্পেশ্যাল কেডার শিক্ষক নামে আবার একটি জিনিস এসেছে। এটা হচ্ছে নূতন শিক্ষাপদ্ধতির চক্র। অর্থাৎ শিক্ষা সঙ্কোচের সঙ্গে নিজেদের দলগত চক্রান্তের প্রয়োজনে, নিজেদের দলগত উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য, যদি আর একটি চক্র এই শিক্ষানীতিতে

জুড়ে দেন, তা হ'লে সার্থক হয়ে যাবে তাঁদের শিক্ষার চক্রান্ত। এই হচ্ছে বর্তমান শিক্ষা-নীতির আর এক চক্রান্ত। তাঁদের নিজস্ব নীতি ও পদ্ধতি। বেসিক শিক্ষার নামে, স্পেশ্যাল কেডারএর নামে, কতকগুলি দালাল সৃষ্টি করা ছাড়া শিক্ষা ব্যাপারে আর কিছু কর্তৃপক্ষ করেন না। ভবিষ্যৎ নির্বাচনে নিজেদের দালাল সৃষ্টি করা ছাড়া এর দ্বারা আর কিছু করছেন না।

আবার জেলা স্কুল বোর্ড নামে যে প্রতিষ্ঠান আছে, সেই প্রতিষ্ঠানে আমাদের অনেক শ্রদ্ধাভাজন কংগ্রেসনেতারা সমাসীন হন। প্রত্যেকটি শিক্ষককে এ'দের দুয়ারে অনেক সেলাম বাজিয়ে তবে মাইনে আদায় করতে হয়। অর্থাৎ যাতে শিক্ষকরা কংগ্রেস-কর্তাদের কবলিত থাকেন, তার জন্য বহুদিন পর্যন্ত এই প্রাথমিক শিক্ষকরা মাইনে পান না। যথাসময়ে যাতে তাঁরা মাইনে পান, অন্তত সেদিকে সরকারের দৃষ্টি রাখা উচিত।

প্রাথমিক শিক্ষার কথা বলতে গিয়ে অনেক সময় চলে গেল ব'লে মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে আর বিশেষ কিছু বলা সম্ভব নয়—বলবার মত অনেক জিনিস রয়েছে। মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে অন্যান্য শিক্ষক বক্তারা যাঁরা এখানে এলেন তাঁরা বলবেন, এই আমি আশা করব।

বিশ্ববিদ্যালয় সম্বন্ধে হয়ত দু-একটি কথা না বললে আমার পক্ষে অন্যায় হবে। কারণ কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ব'সে কতকগুলি জিনিস দেখবার আমার সুযোগ হয়েছিল। কিন্তু রাজ্যপালের সমগ্র ভাষণের মধ্যে কোথাও বিশ্ববিদ্যালয়ের নামেরও উল্লেখ নাই।

[10-40—10-50 a.m.]

এটাতে আশ্চর্য হবার কিছু নেই। কারণ বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ করাটা বর্তমান শিক্ষার কর্ণধারগণের পক্ষে অন্যায়ই বলতে পারি। কারণ, যত লোক শিক্ষিত হবে, ততই তাঁদের অসুবিধা হবে। তবে অনেক কথা সে সম্বন্ধে শুনছি—কলকাতা বিশ্ববিদ্যালয় ছাড়া আর একটা বিশ্ববিদ্যালয় হয়েছে—আরও নূতন বিশ্ববিদ্যালয় নাকি হবে। তাতে শিক্ষার কি সত্যই সুবিধা হবে, কিম্বা তাতে কতকগুলি সিনেট, সিণ্ডিকেট, রেজিস্টার ইত্যাদিতে নিজেদের আত্মীয় এবং স্বজন নিযুক্ত ক'রে পোষণের ব্যবস্থা হবে, তা জানবার জন্য আগ্রহ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার নাম উল্লেখ না থাকার জন্য এখন পর্যন্ত সে বিষয়ে আগ্রহ পূর্ণ হবে না তা জানি। কিন্তু জিজ্ঞাসা করব—কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিষয়ে দু-একটি কথা। যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্বন্ধে আমাদের সহানুভূতি আছে, কিন্তু তথাপি আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের কথাই বলব। অন্য জিনিস ছেড়ে দিয়ে আজকে শুধু এই কথা বলব যে, সিন্ডিকেট এবং সিনেটে ব'সে আমার বহুবার দেখবার দুর্ভাগ্য হয়েছে যে, কলকাতা বিশ্ববিদ্যালয় পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিভাগের সহানুভূতি এবং অর্থের অভাবে কতটা নিজেকে যে বিপন্ন বোধ করে। অনেক সময় তার বিপদ প্রকাশ্যেও বলা চলে না। যে বিশ্ববিদ্যালয়ে এখন প্রায় ৮৫ হাজার ছাত্র, সে বিশ্ববিদ্যলয়ে পশ্চিমবঙ্গ-সরকার মাত্র ২১ লাখ টাকা এইড দেন, অথচ তাঁরা নিজেরা সরকারী ১০টি আর্টস কলেজকে—সায়েন্স কলেজও নয়—৩৬ লক্ষ টাকা ব্যয় ক'রে পরিপোষণ করেন। সেই সমস্ত আর্টস কলেজের ছাত্রসংখ্যা নিশ্চয় ১৫ হাজারের বেশি নয়, অতএব এতেই প্রমাণিত হয় যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সম্বন্ধে তাঁদের দৃষ্টিভঙ্গিটা কি? এই রকম দৃষ্টিভঙ্গি দিয়েই তাঁরা কলকাতা বিশ্ববিদ্যালয়কে আরও অন্যান্য সাহায্য থেকে অনেক সময় বঞ্চিত রাখেন—কখনও ব্যক্তভাবে, কখনও অব্যক্তভাবে। আজকে ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের কাছ থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অনেক বেশি অর্থ প্রাপ্য হয়ে ওঠে। কিন্তু সবাই জানেন যে, সেজন্য ম্যাচিং গ্র্যান্ট বা হারাহারি একটা টাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই প্রদেশ থেকে আদায় করা প্রয়োজন হয়। সেই হারাহারি টাকা পাওয়া যাবে কি যাবে না, এই ভয়ে বিশ্ববিদ্যালয় সেই গ্র্যান্টস কমিশনের দেয় টাকাটাও জোরের সঙ্গে দাবী করতে সাহস করে না। আমি পশ্চিমবাংলার শিক্ষা শাসকদের দুটি বিষয়ে জিজ্ঞাসা করতে চাই। আমি জানি যে, সেসব বিষয়ে তাঁদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং তাঁরা প্রতিশ্রুত আছেন যে, কলকাতা বিশ্ববিদ্যালয়কে আরও বেশি সাহায্য সে বিষয়ে দেওয়া প্রয়োজন। যেমন কলকাতা বিশ্ববিদ্যালয় লাইব্রেরি—যে লাইব্রেরির অভাবে বিশ্ব-বিদ্যালয়ের ছাত্ররা পর্যুদস্ত। সেই লাইব্রেরির কথাই আমি বলব। সেখানে আমরা যা জানি

তাতে গ্র্যান্টস কমিশন বিশ্ববিদ্যালয়কে ½ অংশ টাকা দিতে প্রতিশ্রুত এবং আমাদের সরকারও এক সময়ে বলেছিলেন যে, তাঁরা এ বিষয়ে সুবিবেচনা করবেন। এ সমস্ত বিষয়ে আমার কাছে চিঠিপত্রের তারিখ আছে। কিন্তু আজ এসব না ব'লে বলব যে, এ বিষয়ে একটু তাড়াতাড়ি সুবিবেচনা করুন যাতে ছাত্ররা ভালভাবে পড়বার মতন সুযোগ পায় এবং বিশ্ববিদ্যালয় তাড়াতাড়ি সত্যি সত্যি একটা লাইব্রেরি তৈরি করতে পারে।

দ্বিতীয় কথা, টেকনোলজিক্যাল ডিপার্টমেন্ট সম্বন্ধে। সেখানে ২১ লক্ষ ৫৫ হাজার টাকার একটা স্কীম রয়েছে—তাতে ৬ লক্ষ ২৫ হাজার অর্থাৎ যে টাকাটা ½ অংশ সেই পরিমাণ টাকা ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশন দিচ্ছে, কিন্তু বাকি আর ½ অংশ টাকাটার বিষয়ে আমরা আশা করি যে, পশ্চিমবঙ্গ-সরকার তা দেবেন। সেজন্য আমি পশ্চিমবঙ্গ-সরকারের শিক্ষা-শাসকবর্গের কাছে নিবেদন করছি যে, তাঁরা একবার তাঁদের পুরানো কথা বিস্মৃত হয়ে বিশ্ববিদ্যালয়ের এই প্রাপ্য টাকাগুলো তাড়াতাড়ি দেবার ব্যবস্থা করুন। কেন্দ্রীয় গ্র্যান্টস কমিশন থেকে আরও অনেক খাতে বিশ্ববিদ্যালয় টাকা পেতে পাবেন। অনেক সময় "রেকারিং গ্রান্টে"র টাকা সম্বন্ধে আমাদের পশ্চিমবাংলার শাসকবর্গ পরিষ্কার ক'রে বলেন না যে, সেটা তাঁরা দেবেন কি দেবেন না, বা কি পরিমাণ দেবেন। এজন্য বিশ্ববিদ্যালয় অনেক সময় কমিশনের নিকট টাকা দাবি করতেও সাহস করেন না। যেমন ডিপার্টমেন্ট অফ ইকনমিকস, কিম্বা আরও অনেক স্কীম বা ডি এল মিত্র কলেজ ইত্যাদি সমস্ত ব্যাপার রয়েছে। বিশেষ ক'রে অ্যাফিলিয়েটেড কলেজের কথা বলতেই হয়। সেখানকার অধ্যক্ষ এবং অধ্যাপকদের পাছে পশ্চিমবঙ্গ-সরকারের কবলে গিয়ে পড়তে হয় এই ভয়ে ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের প্রতিশ্রুত অধ্যাপকদের গ্রেড বাড়াবার টাকাটা নিতে পর্যন্ত দ্বিধাগ্রস্ত হয়ে আছেন।

শিক্ষাবিভাগ সম্বন্ধে আমার বলা শেষ হয়ে এল আর ২-১ মিনিটের মধ্যে এ বিষয়ে আমি যা বলতে চাই তা বলেই শেষ করছি। শিক্ষা সম্বন্ধে যে নীতির দ্বারা তাঁরা পরিচালিত হচ্ছেন তা হচ্ছে দেশে শিক্ষাকে সংকুচিত করা এবং শিক্ষাবিভাগকে সম্পূর্ণরূপে করায়ত্ত করার নীতি। নিজেদের দলগত স্বার্থে তা প্রয়োগ করতে পারলেই তাঁরা নিশ্চিন্ত হতে পারেন। অর্থাৎ তাঁদের ইচ্ছাই হ'ল দেশবাসীকে শিক্ষা থেকে বঞ্চিত ক'রে অন্ধ ক'রে রাখা।

আর ঠিক সেই সেই নীতির দ্বারা চালিত হয়েই বর্তমান রাজ্যসরকার বাংলাদেশে বাংলা-ভাষাকে রাজ্যভাষা করতে অস্বীকৃত। এখানে এই প্রশ্নে আমার বেশী বলার প্রয়োজন নেই—বিশেষত আপনি যখন সভাপতি। আপনার প্রণীত গ্রন্থ থেকেই যা অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস প্রকাশ করেছেন, বলতে পারি যে, সেখানে আপনি বলেছেন, এই দেশে সাধারণ মানুষের কোনদিনই ইংরাজী ভাষা আয়ত্ত করবার মতন সম্ভাবনা নেই। আমাদের এই দেশ গণতান্ত্রিক শাসনের মধ্য দিয়ে চলবে। কিন্তু যেখানে জনগণের ভাষা সরকারী কাজে চলবে না সেখানে কি রকম গণতন্ত্র চলবে সেটা আমার ধারণার অতীত। আমি বেশ জানি যে, অনেকের ধারণা আছে যে, কেন আগে তো অন্য ভাষায় চলত। কিন্তু বর্তমানে রাষ্ট্রের যা ধারণা, আর পূর্বেকার রাষ্ট্রের যা ধারণা, এ দু'টি সম্পূর্ণ স্বতন্ত্র। আমাদের দেশে প্রজাসাধারণের সঙ্গে রাষ্ট্রের যোগাযোগ অতি সামান্য থাকত এবং জনসাধারণ নিজেদের গ্রাম্য জীবনে সমাজের দ্বারা চালিত হ'ত। এমন কি পাশ্চাত্ত্য দেশেও প্রাচীনকালে প্রধানত, রাষ্ট্রের কাজ ছিল পুলিশী অর্থৎ দণ্ডচালনা এবং কর আদায় করা। কিন্তু বর্তমানের রাষ্ট্র কি প্রকৃতির? বর্তমানের রাষ্ট্র গণতান্ত্রিক রাষ্ট্র—সেখানে প্রজা শুধু অপত্যনির্বিশেষে পালিত হয় না, প্রজাই তার শাসক নির্বাচন করে, এবং প্রজাই আসলে সভরেন বা রাজা। অর্থাৎ জনসাধারণ যেখানে রাজা সেখানে জনসাধারণের ভূমিকাও রাষ্ট্রে দিনের পর দিন বাড়বে। অতএব রাষ্ট্রের স্বরূপটা আমরা যদি না বুঝি, এবং প্রজাসাধারণের রাষ্ট্রে যে ভূমিকা সেটা যদি আমরা বিস্মৃত হই, তা হ'লেই শুধু বলতে পারি যে, এই রাষ্ট্রে দেশের লোকের ভাষায় কাজ না চললেও চলবে। আমি কিছুদিন আগে সংবাদপত্র পাঠ ক'রে একটা কথা জানলাম। আজকে এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত থাকলে হয়ত আমরা এ বিষয়ে আরও আলোক লাভ করতাম। তিনি বলেছেন—তিনি বেঁচে থাকতে নাকি এদেশে বাংলাভাষায় যাতে রাজ্যসরকারের কাজ না চলে সেরূপ ব্যবস্থা বহাল থাকবে। তিনি দীর্ঘায়ু হোন এবং তাঁর মন্ত্রিসভা স্বল্পায়ু হোক, এই তা হ'লে

আমরা কামনা করব এবং বাংলাদেশের প্রত্যেকেও এই কামনা করবে। আমি এইমাত্র আপনার কাছে বক্তব্য রাখছি যে, আপনারা বাংলাভাষাকে যদি রাজ্যসরকারের ভাষা হিসাবে গ্রহণ না করেন, তা হ'লে দেশের অগ্রগতি ব্যাহত হবে। এই প্রস্তাবের মধ্যে আমি ব'লে দিতে পারি যে, এতে হিন্দী বা ইংরেজী বর্জনের প্রশ্ন নেই। এবং সংস্কৃতকেও এখানে সাধারণের ভাষা করা যাবে এমন কোন সম্ভাবনাও নেই। কাজেই বাংলাদেশে বাংলাভাষা জনগণের ভাষা। গণতান্ত্রিক রাষ্ট্রে জনগণই রাজা এবং জনগণের ভাষাই রাজভাষা। অতএব এই ব্যবস্থা যদি আপনারা চালু না করেন তা হ'লে পশ্চিমবাংলা সরকারের মনে রাখা দরকার যে, পূর্ববাংলার বাঙালী যেভাবে বুকের রক্ত দিয়ে একদিন প্রমাণ ক'রে গেছে যে, তারা বাংলাভাষাকে কত ভালবাসে, একদিন পশ্চিমবাংলাও তা করবে।

[10-50—11 a.m.]

Sj. Rabindralal Sinha:

মাননীয় পরিষদপাল মহাশয়, বিধানমণ্ডলীর বর্তমান অধিবেশন উদ্বোধন ক'রে মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার সম্বন্ধে বিতর্ক শুরু হয়েছে এবং সেই ভাষণের জন্য মহামান্য রাজ্যপাল মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপন ক'রে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তাঁকে সম্পূর্ণ সমর্থন জানাই। সংসদীয় রীতি হচ্ছে এই যে, রাজ্যপালের ভাষণকে উপলক্ষ ক'রে রাজ্যসরকারের কর্মনীতি এবং কর্মসাফল্য বা বিফলতা সম্বন্ধে আলোচনা করা এবং আমিও তাতে কিছু সুযোগ গ্রহণ করব।

প্রথম কথা আমি বলি, রাজ্যপালের ভাষণ থেকে আমরা দেখতে পাচ্ছি প্রশাসনিক ব্যবস্থায় বিগত বৎসরে রাজ্যসরকার যে সাফল্য অর্জন করেছেন এবং বাংলাদেশকে পরিপূর্ণভাবে কল্যাণ রাষ্ট্রে পরিণত করার প্রচেষ্টায় যে সাফল্য অর্জন করেছেন বা সেদিকে যে প্রচেষ্টা চলেছে তা বিস্তারিত বিবৃত হয়েছে। কিন্তু তার সঙ্গে সঙ্গে এইটুকু লক্ষ্য করছি যে, রাজ্যপালের ভাষণ বাস্তবধর্মী--তাতে আত্মতুষ্টির মনোভাব নেই এবং পশ্চিমবাংলার সম্মুখে যেসমস্ত বিরাট সমস্যা আছে সেসব সম্বন্ধে তিনি আমাদের অবহিত করেছেন। আমার মাননীয় বন্ধুদের কেউ কেউ আপত্তি উত্থাপন করেছেন যে, রাজ্যপালের ভাষণে সম্পূর্ণ বিস্তৃত বিবরণ নেই। অর্থাৎ রাজ্যসরকারের বিগত বৎসরের কার্যাবলীর বিস্তৃত বিবরণ নেই। আমি আমার মাননীয় বন্ধুদের স্মরণ রাখতে অনুরোধ করব যে, সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুযায়ী বিধানমণ্ডলীর বৎসরের প্রথম অধিবেশন উদ্বোধন করতে রাজ্যপাল ভাষণ দেন। এবং সেটা যে রাজ্যসরকারের বিস্তারিত কার্যবিবরণী নয় এ কথাটা তাঁদের স্মরণ রাখতে হবে। বর্তমান সংবিধান অনুযায়ী এই ভাষণের পরিধি খানিকটা সীমাবদ্ধ থাকতে বাধ্য। আমার মাননীয় বন্ধুদের আর একটা বড় অভিযোগ হচ্ছে রাজ্যসরকার যেভাবে অগ্রগমনের পথে এগিয়ে যাচ্ছেন সেটা যথেষ্ট নয়। আজকে সাফল্য কিম্বা বিফলতা বিচার করবার কোন অনাপেক্ষিক মান বা অ্যাবসলিউট স্ট্যান্ডার্ড নেই। সুতরাং সেটা বিচার করতে হ'লে প্রথমে আমায় পটভূমিকা দেখতে হবে। অর্থাৎ কি পটভূমিকায় কি সম্বল নিয়ে কতটা সাধ্য ছিল ততটুকুন হয়েছে কিনা? সে কথাই বিচার করতে হবে।

আমরা জানি স্বাধীনতার সঙ্গে সঙ্গে আমরা শুধু শূন্য থেকেই শুরু করি নি—
not only from the scratch but from the negative

অতএব এইভাবে বিচার করলে রাজ্যসরকার তাঁদের সাফল্যের জন্য অভিনন্দিত হওয়ার যোগ্য —নিরপেক্ষ মানুষ যে সে অন্তত অভিনন্দন করবে ব'লে বিশ্বাস করি। (জনৈক সদস্যঃ করেন?) হাঁ, নিশ্চয়ই করি।

তারপর, পশ্চিমবঙ্গের প্রধানতম সমস্যা—খাদ্য সমস্যা। সে সমস্যা সমাধানের জন্য সরকার যে অবহিত আছেন সে কথা রাজ্যপালের ভাষণে রয়েছে। খাদ্যসমস্যা আমাদের দীর্ঘস্থায়ী সমস্যা হয়ে দাঁড়িয়েছে। সুতরাং উৎপাদন বৃদ্ধি এবং কৃষির উন্নতি ছাড়া এ সমস্যার প্রকৃত সমাধান সম্ভব নয়। তাই আমাদের সরকার কৃষির উন্নতির জন্য চেষ্টা করেছেন। আমরা জানি যে, স্বাধীনতার পর যাত্রা শুরু হবার আগে সেচের ব্যবস্থা বিশেষ কিছু ছিল না। এ অবস্থায় খাদ্য উৎপাদন বৃদ্ধির ব্যাপারে রূপকথায় প্রচলিত সোনার কাঠির ছোঁয়া লাগালেই

রাতারাতি সোনা পাওয়ার সম্ভাবনা নাই, সুতরাং খাদ্য বৃদ্ধি করতে হ'লে সময় লাগবে। কারণ ধীরে ধীরে অগ্রসর হ'তে হবে। আমরা জানি আমাদের বন্ধুদের মধ্যে এমন মানুষ আছেন যাঁরা অসহিষ্ণু; তাঁরা মনে করেন এখনই না হ'লে কিছুই হ'ল না, তাঁরা আদর্শবাদী। আমি আদর্শবাদকে শ্রদ্ধা করি, কিন্তু এই আদর্শবাদ যদি দেশের সাধারণ মানুষের মনোবল নষ্ট করে, তাদের জাতীয়তার মূলে কুঠারাঘাত করে তার মন থেকে ভবিষ্যতের স্বপ্নকে বিলীন ক'রে দেয় তা হ'লে তাকে আদর্শবাদ বলতে পারি না, তাকে বলব—উন্মাদ স্বপ্নবিলাস।

আর একদল মানুষ আছেন, তাঁরা মনে করেন—গণতন্ত্রের পথে নির্বাচনের মাধ্যমে ক্ষমতার আসনে আসীন হওয়া তাঁদের পক্ষে সম্ভব নয়, তাঁদের মত হচ্ছে—মুষ্টিমেয় মানুষের সাহায্যে দেশের সমস্ত মানুষের মনোবলকে নষ্ট ক'রে বিপ্লবের রক্তাক্ত পথে দেশের সমস্ত কিছু ক্ষমতা হস্তগত করা, তাঁদের কথাও আমরা বুঝতে পারি।

এই খাদ্যসমস্যা সম্পর্কে আমাদের রাজ্যপালের ভাষণকে আমি অভিনন্দিত করছি, রাজ্য-সরকার এটাকে কোন রাজনৈতিক দলীয় দৃষ্টিভঙ্গি থেকে দেখছেন না। বরং সর্বদলীয় পরামর্শ সমিতি গঠন করেছেন—এটা সুখের কথা। এবং আমি আশা করব—আমাদের বিরোধী বন্ধুগণ দলীয় দৃষ্টিভঙ্গি থেকে এর বিচার করবেন না।

আমাদের আর একটা প্রধান সমস্যা হচ্ছে উদ্বাস্তু সমস্যা। আজও পশ্চিম বাংলার শিবিরে শিবিরে ২ লক্ষ ৬৫ হাজার উদ্বাস্তু বাস করছে। শিবিরে মানুষ যে বাস করছে, তাদের যে দুঃখদুর্দশা ভোগ করতে হচ্ছে তাতে সহানুভূতি প্রকাশ করবে না এমন হৃদয়হীন মানুষ কেউ নাই। এ অবস্থায় অচিরে তাদের পুনর্বাসনের প্রয়োজন। আর তাদের মধ্যে বেশি হচ্ছে কৃষিজীবী, আমাদের বিরোধীপক্ষীয় বন্ধুরা যে কথাই বলুন না কেন—পশ্চিমবঙ্গের যারা সাধারণ মানুষ, স্থায়ী মানুষ, পুরুষানুক্রমে বাসিন্দা মানুষ, তারা সকলেই জানে এবং ভাল ক'রে জানে যে, পশ্চিম বাংলায় এত ভূমি নাই যাতে সমস্ত কৃষিজীবী উদ্বাস্তু মানুষের পুনর্বাসন সম্ভব। তাই সরকার যেসমস্ত জায়গায় ভূমি সংগ্রহের জন্য চেষ্টা করতে গিয়েছেন, তার যে কয়টি অঞ্চল আমি দেখেছি—সব জায়গায়ই একই প্রতিবাদ উঠেছে, কারণ ডোবা, পুকুর, বাঁশঝাড় এসবও গ্রাম্য অর্থনীতিভুক্ত। কৃষির যে অর্থনীতি তা তার সঙ্গে জড়িত। কাজেই সেগুলি ছেড়ে দেওয়া তাদের পক্ষে সম্ভব নয়, সুতরাং প্রতিবাদ উঠেছে; এবং সেই প্রতি-বাদকে প্রতিরোধে পরিণত করবার জন্য কারা উস্কানি দিচ্ছে সেকথা প্রকাশ ক'রে বলতে হবে। (শ্রীযুত ত্রিপুরারি চক্রবর্তীঃ দণ্ডকারণ্য।) সে কথায় পরে আসছি। বন্ধুদের আমি একটু ধৈর্য ধরতে বলব। সত্যের আভাষ মাত্রতে ওঁদের ধৈর্যের অভাব হয়েছে, কারণ গায়ে লাগছে! আমি যেকথা বলতে যাচ্ছিলাম—কারা উস্কানি দিচ্ছেন, নেতৃত্ব দিচ্ছেন—গ্রামবাসীদের প্রতিবাদ যে আছে, সে প্রতিবাদকে প্রতিরোধে পরিণত করার জন্য এ সম্পর্কে গ্রাম্য প্রবাদ যে আছে সেইটে মনে পড়ে—চোরকে বলে চুরি করতে, গৃহস্থকে বলে সাবধান থাকতে [হাস্য] এইরকম যাঁরা তাঁরাই বলেন—পশ্চিমবঙ্গে পুনর্বাসন সম্ভব।

[Noise and interruption from the opposition benches.]

গোলমাল ক'রে লাভ নেই, অনেক চেষ্টা ত করলেন, এরকম ক'রে আমাকে নিরস্ত করতে পারবেন না।

তারপর আমি বলব, দণ্ডকারণ্যে যদি আমাদের উদ্বাস্তু ভাইবোনদের জন্য উপনিবেশ স্থাপিত হয় তা হ'লে বাংলার কল্যাণ হবে। কারণ একটা সমাজের একটা বৃহদংশের একসঙ্গে একটা রাজ্যে বাস করা সম্ভব হবে। (শ্রীযুত ত্রিপুরারি চক্রবর্তীঃ দণ্ডকারণ্যে রাক্ষসে খেয়ে ফেলবে।) রাক্ষসের কথা যে বলছেন তারা এখনও দণ্ডকারণ্যে গিয়ে পৌঁছায় নি। তারা এখানেই বাস্তুহারাদের খাচ্ছে। সবচেয়ে মজা হচ্ছে এই যে, তারা বন্ধুর ছদ্মবেশে তাদের খাচ্ছে। যদি বন্ধুর ছদ্মবেশে না খেত তা হ'লে খাওয়ার সুযোগ কম পেত। এই যে উদ্বাস্তু পুনর্বাসন এটাকে দলীয় দৃষ্টিকোণ থেকে না দেখে যাতে পশ্চিমবঙ্গের বাইরে সহজে পুনর্বাসন সম্ভব হয় সেজন্য অন্যান্য রাজ্যের সহযোগিতা প্রার্থনা করতে হবে। আমরা জানি দীর্ঘদিন এই পরিবেশে থাকার ফলে এবং সরকারী সাহায্যের প্রতি নির্ভরশীল হবার ফলে

উদ্বাস্তুদের মনোবল ধ্বংস হয়ে যাচ্ছে। কাজেই যদিও তারা সমাজেরই অংশ তবু সমাজেরই বিরুদ্ধে আজ তাদের বিক্ষোভ জেগে উঠেছে এবং সেটা কিছু অস্বাভাবিক নয়। সুতরাং এই কথা স্মরণ ক'রে অচিরে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য আমাদের আপ্রাণ চেষ্টা করতে হবে।

বেকার সমস্যা সম্বন্ধে আমার বন্ধুরা অনেক কথা বলেছেন। পশ্চিমবঙ্গের বেকার সমস্যা সত্যই বিরাট এবং এই সমস্যা আজ আমাদের প্রত্যেকটি চিন্তাশীল মানুষকে চিন্তিত ক'রে তুলেছে। একদিকে এই বেকার সমস্যা আর একদিকে পশ্চিমবাংলার জনসংখ্যা ক্রমশ বেড়ে চলেছে। অবশ্য এই প্রসঙ্গে রাজ্যসরকারের জনস্বাস্থ্য বিভাগকে অভিনন্দন করছি—তাঁদের প্রচেষ্টায় পশ্চিম বাংলার মৃত্যুহার আশাতীতভাবে কমে গিয়েছে। সেজন্য সরকার গর্ব অনুভব করতে পারেন যে, এর ফলে জনসংখ্যা বেড়ে যাচ্ছে। সুতরাং নূতন নূতন শিল্পপ্রতিষ্ঠা না হ'লে কর্মসংস্থানের নূতন উপায়, নূতন পথ না হ'লে কি ক'রে এই বেকার সমস্যার সমাধান হবে আমরা বুঝতে পারি'না। শিল্প রাষ্ট্রায়ত্ব করার প্রয়োজন আছে জানি, বিশেষ ক'রে মূল শিল্প রাষ্ট্রায়ত্ত করার যেমন প্রয়োজন নূতন শিল্পের প্রতিষ্ঠারও তেমনি বিশেষ প্রয়োজন। আজকে এই দরিদ্র রাষ্ট্রের পক্ষে এমন শক্তি নাই, এমন আর্থিক সঙ্গতি নাই যাতে ক'রে নব নব শিল্প প্রতিষ্ঠা করা যায়। সুতরাং ব্যক্তিগত মালিকানা ও ব্যক্তিগত মূলধনের মধ্য দিয়ে শিল্পপ্রতিষ্ঠার প্রয়োজন আছে। আজ পশ্চিম বাংলায় ব্যক্তিগত মালিকানা কেন নূতন শিল্প প্রতিষ্ঠা করছে না তা স্মরণ করতে হবে। এই প্রসঙ্গে পশ্চিমবাংলার শ্রমিক সমস্যা সম্বন্ধে একটা কথা বলতে বাধ্য হচ্ছি। আজ আমরা দেখতে পাই বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন রাজনৈতিক দলের লেজুড় সংস্থা সব গঠিত হচ্ছে এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে সেইসব শ্রমিক সংস্থাগুলি কাজ চালাচ্ছে এবং তা ট্রেড ইউনিয়নের পদ্ধতিতে নয়। সেই কারণে পশ্চিম-বাংলায় নূতন শিল্পে মূলধন নিয়োগ করতে মানুষ আজ ভয় পাচ্ছে। স্বর্ণডিম্বের লোভে ডিম্বপ্রসূতী হংসীকে নিধন করলে লাভ হবে না—এইকথা স্মরণ রাখতে বলব।

[11—11-10 a.m.]

আমাদের বন্ধু ডাঃ মণীন্দ্রমোহন চক্রবর্তী হাওড়া হাসপাতাল সম্বন্ধে বলেছিলেন এবং আমাকে নজির দিয়েছিলেন। সুতরাং এই প্রসঙ্গে একটা কথা বলতে হবে। তিনি বলেছিলেন, হাওড়া হাসপাতালে মানুষ যেতে চায় না একথা ঠিক নয়। আমার কাছে হাস-পাতলে ঢোকার জন্য যে চেষ্টা হয়েছে ঢোকাতে পারি নি, বেড পাওয়া যায় নি। তার মানে একথা বলছি না—হাসপাতালে কোন অসুবিধা নাই কোন অভাব নাই। হাওড়া হাসপাতালে বহু দিক থেকে উন্নতি করার প্রয়োজন হয়েছে। তার সংবর্ধন এবং বিন্যাসের প্রয়োজন। কিন্তু শহরে যে ঘনবসতি সে হিসাবে ঘনবসতিবহুল স্থানে হাসপাতাল গঠনের সেখানে জায়গা নাই। হাওড়া ৫ লক্ষ মানুষের বাসভূমি এবং দরিদ্র শ্রমজীবী অধ্যুষিত শহর। বর্তমানে সরকারের আবার একটা হাসপাতাল গঠন করা উচিত। হাওড়ায় একটা বিরাট জমি নিয়ে হাসপাতাল আছে তুলসীরাম জয়সোয়াল হাসপাতাল, সরকারের হাতে তুলে দেবার জন্য হাসপাতালের কর্তৃপক্ষ অনিচ্ছুক নয়, আমি আশা করি সরকার সেই হাসপাতাল গ্রহণ ক'রে এই হাওড়ার বিশেষ অভাব দূরীভূত করবার জন্য চেষ্টা করবেন।

আর একটা কথা রাজ্যপালের অভিভাষণে জানিয়েছেন যে, কংগ্রেস সরকারের যে বহু বিঘোষিত নীতি বিচারকবর্গ এবং নির্বাহিকবর্গের স্বাতন্ত্র্যকরণ—সেই নীতিকে বর্তমান সরকার শুধু স্বীকারই করেন নি, সেই নীতিকে কার্যকরী করবার জন্য এগিয়ে চলেছেন দ্রুত।

আর একটা কথা বলব—বর্তমান পৌরপ্রতিষ্ঠানগুলি ও জেলা পর্ষৎগুলির যে আর্থিক অবস্থা, তাদের যে আর্থিক সঙ্গতি এখন আছে তাতে সরাসরি কর ধার্য করা ছাড়া আর আয়ের বিশেষ পন্থা নাই—বাংলায় প্রতিশব্দ জোগাচ্ছে না—এটাকে ইনইলাস্টিক বলব। আজকে এই অবস্থায় রাজ্যসরকারকে এগিয়ে আসতে হবে সাহায্য করবার জন্য।

আমরা দেখতে পাচ্ছি, গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষার ভার জেলা বিদ্যালয় পর্ষৎ মারফত সরকার গ্রহণ করেছেন, শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষার ভার পৌর প্রতিষ্ঠানের হাতে আছে।

কিন্তু কোন পৌর প্রতিষ্ঠানের আজকে সামর্থ নাই যাতে তারা এই ভার পূরণ করতে পারে, এই দায়িত্ব তারা গ্রহণ করতে পারে। আজকে সরকার হয় নূতন প্রতিষ্ঠান গঠন করুন কিংবা পৌর প্রতিষ্ঠানকে আর্থিক সাহায্য দিন—তা হ'লে শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হ'তে পারে।

শহরাঞ্চলে জলসরবরাহ ব্যবস্থা সম্বন্ধে রাজ্যপাল মহোদয়ার ভাষণে দেখতে পাচ্ছি কয়েকটি পৌর প্রতিষ্ঠানকে কয়েক লক্ষ টাকা দেওয়া হয়েছে। আনন্দের কথা, সুখের কথা। কিন্তু শহরাঞ্চলে বহু জনসমাবেশ—সেখানে জলসরবরাহের জন্য বিশেষ ব্যবস্থা থাকা উচিত। এই হাওড়ার কথা বলতে পারি—"প্রদীপের নিচে অন্ধকার"—কলিকাতা মহানগরীর নিকটতম প্রতিবেশী এবং ধনীর দরিদ্র প্রতিবেশী হাওড়া, সেখানে যখন জলসরবরাহের ব্যবস্থা হয়েছিল তখন হাওড়ার জনসংখ্যা ছিল কিঞ্চিদধিক ১ লক্ষ। আজকে ৫ লক্ষ হাওড়ার জনসংখ্যা প্রায়। সুতরাং সেই জলসরবরাহ ব্যবস্থা দ্বারা জলসরবরাহ ব্যবস্থা সম্ভবপর নয়। ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী নেই, সিউয়েজ ডিসপোজালএর জন্য সিউরেজ দরকার। অবশ্য হাওড়ায় উন্নয়ন সংস্থা—ইম্প্রুভমেন্ট ট্রাস্ট গঠিত হয়েছে। তারা এই কাজের ভার পেয়েছে, তার জন্য কয়েক কোটি টাকার দরকার। কিন্তু জলসররাহ ব্যবস্থা কিন্তু পৌরপ্রতিষ্ঠানের হাতেই রইল। সুতরাং জলের ব্যবস্থা করতে গেলে প্রায় ২½ কোটি টাকার দরকার। সুতরাং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্যসরকার অন্তত এ বিষয়ে এগিয়ে না গেলে সমস্যার সমাধান হবে না।

আর একটা কথা বলব। সময় সংক্ষেপ ব'লে কম ক'রেই বলছি। সেটা হচ্ছে বাংলাভাষাকে সরকারী ভাষারূপে ঘোষণা করা, অবশ্য রাজ্যসরকার উদ্যোগী হবে একথা বলা হয়েছে, একথা অত্যন্ত সাধু; এবং শেষ পর্যন্ত বাংলাদেশে সরকারী ভাষা বাংলাভাষাই হবে সেবিষয়ে কারও সন্দেহ নেই। কিন্তু এখনই করা সম্ভব কিনা একথা চিন্তা করতে হবে। আমাদের যেসমস্ত বন্ধুরা ইংরাজী চিরকালের জন্য কেন্দ্রীয় সরকারের ভাষা রাখবার ওকালতি করেছেন, আশা করি এ বিষয়ে তাঁরা চিন্তা ক'রে দেখবেন। এই ইংরেজী কেন্দ্রে রাখা সম্ভব হবে না চিরকালের জন্য—বাংলাদেশেও রাখা সম্ভব হবে না চিরকালের জন্য। আজকে বাংলাভাষাকে রাতারাতি আইন করে সরকারী ভাষা ক'রে চালু করা যায় না, তার জন্য প্রস্তুতি দরকার।

আমি এবারে দেখে খুব আনন্দিত হলাম যে আমাদের শ্রদ্ধেয় বন্ধু অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয় তাঁর যা কিছু বক্তব্য সব বাংলায় পেশ করছেন। কিন্তু তা সত্ত্বেও দেখলাম কালকে রাজ্যপালের ভাষণের উপর আক্রমণ সুরু হোল ইংরাজী ভাষায় এবং পর পর দু'জন। সুতরাং আমাদের দিক থেকে চেষ্টা কোথায়, আমাদের দিক থেকে প্রস্তাব কোথায়? তা ছাড়া এটা এত সহজে নিলে চলবে না। আনন্দবাজার পত্রিকায় সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের সিনেট সভায় বড় বড় শিক্ষাবিদ্‌দের বক্তৃতার যে অংশ উদ্ধৃত করে দিয়েছিল সেই জগাখিচুড়ী ভাষা আমাদের পরিহার করবার চেষ্টা করতে হবে। সুতরাং আমাদের প্রস্তুত থাকা দরকার। ছেলেবেলায় এক বাঙ্গালী কবির কবিতা পড়েছিলাম—

নীলসিরা আসমান, লালে লাল দুনিয়া
আম্মামুখ তেরী, কেয়া ঘুন ঘুনিয়া।
কাঁদে কোন ক্রন্দসী, কার বালা ফেরাতে,
সে কাঁদনে আসু আনে সীমারেরও ছোরাতে।

বুঝলাম বাংলা হরফে যখন ছাপা হয়েছিল তখন বাংলা কবিতা। সুতরাং বাংলা হরফে লেখা হচ্ছে বলে যেন এই রকম বাংলা বক্তৃতা না হয় এ বিষয়ে অবহিত হওয়া প্রয়োজন। বাংলা নিশ্চয়ই গৃহীত হবে। আজকে যেমন ইংরাজী অপসারণ সম্বন্ধে কেন্দ্রেও ত্বরিৎ কিছু করা উচিত হবে না, বাংলাদেশেও তেমনি ধীরে ধীরে বাংলাকে গ্রহণ করতে হবে। তবে কেন্দ্রে ইংরাজী সরাতে যত সময় লাগবে বাংলাদেশে ইংরাজী সরাতে তত সময় লাগা উচিত নয়, তার চেয়ে অনেক কম সময় লাগা সম্ভব। আমি বিশ্বাস করি যে এ-বিষয়ে আমাদের সরকার অবহিত হবেন, আমাদের বন্ধুরাও অবহিত হবেন। আর একটা কথা বলবো মাননীয় রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে

অনুরোধ জানিয়েছেন সকলকে সম্মিলিতভাবে এই সমস্যাসংকুল রাজ্যের সমস্যা সমাধান কল্পে এগিয়ে আসবার জন্য। আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের কাছে এই আবেদন আমি জানাবো যে তাঁরা সহযোগিতা করুন। অবশ্য তাঁরা সহযোগিতা মানে বোঝেন যে তাঁরা হুকুম করবেন আর এঁরা তামিল করবেন সেটা সহযোগিতা নয়। জনসাধারণেরই হুকুম করবার অধিকার আছে কারণ তাঁরা প্রার্থণা করেছিলেন ১৯৫২ সালে এবং ১৯৫৭ সালে তাঁদের হাতে পশ্চিমবঙ্গের সরকার পরিচালনার ভার দেবার জন্য [বিরোধীপক্ষের বেঞ্চ হইতে হট্টগোল] কিন্তু জনসাধারণ তা দেন নাই। সুতরাং আমি একথা বলবো দলীয় স্বার্থবুদ্ধি যেন দেশের সামগ্রিক এবং সার্বিক কল্যাণ কোন রকমে ব্যাহত না করে সেদিকে সকলের লক্ষ্য রাখা দরকার—এই আশা নিয়ে আমি আমার সামান্য বক্তৃতা শেষ করিলাম।

[11-10—11-20 a.m.]

Mr. Chairman: Sj. Bibhuti Bhusan Ghose may now speak. I request the members to phase the various topics in their motions because we are short of time.

Sj. Bibhuti Bhusan Ghose: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that the picture painted regarding—

(i) the present position of food in the State;

(ii) rehabilitation of refugees;

(iii) public health in West Bengal;

(iv) relief given by the State Government to the needy people;

(v) N.E.S. Block; and

(vi) General Administration in the speech;

do not all tally with real state of affairs now existing in West Bengal".

মাননীয় সভাপাল মহাশয়, আমি অত্যন্ত সুখী হতাম যদি রাজ্যপালিকার ভাষণের উপর সমালোচনা আমাকে না করতে হোত। কিন্তু রাজ্য পালিকার ভাষণের মধ্যে আজ পশ্চিমবাংলায় দুর্দশাগ্রস্ত অগণিত নরনারীর অন্ন, বস্ত্র, শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতির সমস্যার সত্যকারের রূপ ফুটে উঠে নি। তাঁর সরকার যে দায়িত্ব গ্রহণ করেছেন সেই দায়িত্ব যথাযথভাবে পালিত হয় নি যার ফলে আজ সারা পশ্চিমবাংলায় দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে। নিত্যনৈমিত্তিক দ্রব্যের মূল্য এত বৃদ্ধি পেয়েছে যে তা মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে গেছে, মানুষের জীবনযাত্রার মান কিছুমাত্র উন্নত হয় নি অথচ সামগ্রিক পরিকল্পনার খাতে যে বিরাট অর্থ ব্যয়িত হচ্ছে সেই ব্যয়ের পরিমাণ এবং সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের যে পরিকল্পনা তার গতি যদি আমরা লক্ষ্য করি তা হলে বুঝতে পারবো যে রাজ্যপালিকার ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবাংলার সত্যকারের চেহারা ফুটে উঠেনি। সেজন্য আমাদের প্রায়ই এই সমালোচনায় অংশগ্রহণ করতে হয়। রাজ্যপালিকার ভাষণে খাদ্যের এই বিরাট সমস্যার কথা স্বীকৃতি পেয়েছে। এই স্বীকৃতির সাথে সাথে তাঁর সরকার খাদ্যসমস্যা সমাধানের জন্য যেসমস্ত প্রচেষ্টা করেছেন তার উল্লেখ থাকলেও আমরা মনে করি না যে, করডোন তুলে দিলেই অথবা কলওয়ালাদের কাছ থেকে শতকরা ২৫ ভাগ খাদ্য গ্রহণ করলেই এই বিরাট সমস্যার সমাধান হবে। আমরা এটা এই কারণে মনে করি না যে, খাদ্যমন্ত্রী তাঁর বিভিন্ন বক্তৃতার মধ্যে দিয়ে যেভাবে খাদ্যঘাটতির কথা উল্লেখ করেছেন—প্রথমে আমরা শুনলাম ১৬ লক্ষ টন খাদ্য ঘাটতি, পরে শুনলাম পশ্চিমবাংলায় ১২ লক্ষ টন খাদ্য ঘাটতি আছে, তারপর রাজ্যপালিকার ভাষণে আমরা দেখতে পেলাম যে, মাত্র ৭ লক্ষ টন খাদ্য ঘাটতি আছে পশ্চিমবাংলায়—এই পরস্পর বিরোধী উক্তির দ্বারা একথা অবশ্য স্বীকার্য যে এই সমস্যার প্রতি যতটা গুরুত্ব দেওয়ার প্রয়োজন ছিল ততটা গুরুত্ব দেওয়া হয় নি এবং এই সমস্যা যে পথে পরিচালনা করা উচিত ছিল তা করা হয় নি। গত দশ বৎসর ধরেই আমরা দেখে আসছি যে, খাদ্য সমস্যা পশ্চিমবাংলায় এমন একটা সমস্যায়

পরিণত হয়েছে যে সমস্যা সমাধানে পশ্চিমবাংলার মানুষ কেন, পশ্চিমবংগ রাষ্ট্রই যে সমর্থ হবে তা বলতে পারি না। এরপর আসে উদ্বাস্তু সমস্যা। যেসময় দেশবিভাগ করে ইংরাজদের হাত থেকে স্বাধীনতা অর্জন করা হয়েছিল তখন দেশবাসী নরনারীকে এই আশ্বাস দেওয়া হয়েছিল যে, তাদের জীবনের সামগ্রিক সুখশান্তির যাবতীয় ব্যবস্থা করা হবে, তাদের সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করা হবে এবং এই স্বীকৃতির দিক থেকেই দেশ বিভক্ত হয়েছিল, ক্ষমতা হস্তান্তরিত হয়েছিল, কিন্তু আজ সেই প্রতিশ্রুতির মূল্য কতটা। আজকে তাঁরা দন্ডকারণ্যের পরিকল্পনা করছেন—আজকে তাঁরা সেই দায়িত্ব অস্বীকার করছেন সম্পূর্ণভাবে। মানবতার দিক থেকে যদি বিচার করা হয় তাহলে আমি একথা বলব—কোন শ্রদ্ধেয় বন্ধু বলে গেলেন যে, উদ্বাস্তুদের জন্য আজ প্রতিটি মানুষ চোখেরজল ফেলছে—আমি আমার মাননীয় বন্ধুকে বলব শুধু কুম্ভীরাশ্রু ফেল্‌লেই চলবে না। আজকে উদ্বাস্তুদের দন্ডকারণ্যে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। আমরা জানি পশ্চিমবাংলায় সাধারণভাবে ভূমি নাই। ভূমি গেল কোথায়—আমরা শুনেছিলাম জমিদারী বিলোপ হলে ৬ লক্ষ একর জমি পাওয়া যাবে। আজকে যদি পশ্চিমবাংলায় জমি না থাকে তাহলে পশ্চিমবাংলার মানুষের মাথার উপরে উদ্বাস্তু পুনর্বাসন হোক একথা কেউ বলতে পারে না। কিন্তু আমরা একথা বলি যে, দন্ডকারণ্য পরিকল্পনায় ১০০ কোটি টাকা খরচ করার পূর্বে এই বাংলাদেশেই বৃহৎ শিল্প প্রতিষ্ঠা করে উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা করা হোক এই কথা যদি বলা হয় তা হলে কোথায় অন্যায় করা হয়, কোথায় অসত্য কথা বলা হয় আমি বুঝতে পারি না। উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসনের কোন পরিকল্পনা না করে যদি দন্ডকারণ্য পরিকল্পনায় ১০০ কোটি টাকা খরচ করা হয় এবং সরকার যদি জোরজবরদস্তি ক'রে তাঁদের ক্ষমতা ব্যবহার করেন দন্ডকারণ্যে প্রেরণের জন্য তা হলে যে বিরাট আন্দোলনের সূচনা হবে এবং সরকারকে যে বিরাট সমস্যার সম্মুখীন হতে হবে তার বিষয়ে আমরা সরকারকে সাবধান করে দিচ্ছি। রাজ্যপালিকার ভাষণে একথার উল্লেখ করা উচিত ছিল বলে মনে করি। শ্রীযুক্ত কৃষ্ণকুমার চ্যাটার্জী মহাশয় আমাদের শ্রদ্ধেয় শ্রীযুক্ত শশাংক সান্যাল এবং ডাঃ মণি চক্রবর্তীর বক্তৃতার সমালোচনা করেছেন। আমরা সরকারের অনুসৃত নীতি থেকেই এটা প্রমাণ করতে পারি যে, যেভাবে দিনের পর দিন সমস্ত ব্যবসায়ী প্রতিষ্ঠান থেকে বাঙ্গালী বিতরণ হচ্ছে তা যদি প্রতিরোধ না করা হয় তাহলে অচিরেই বেকারসমস্যা যা দিনের পর দিন পশ্চিমবাংলায় ভয়াবহভাবে বেড়ে চলেছে তার আরো অবনতি হবে বলে আমি মনে করি। আমি এখানে যে কথা আপনার মাধ্যমে বলতে চাই সেটা হচ্ছে এই যে, এই নীতির ফলে শ্রমিকদের মধ্যে বিক্ষোভের সৃষ্টি হবে এবং তার পরিণতি খারাপ। হাওড়া জেলার বিভিন্ন কারখানায় ও চটকলে প্রায় ৭ হাজার বাঙ্গালী বিতাড়িত হয়েছে। আপনি যদি সংখ্যা চান আমি তাও দিতে পারি। আমরা প্রায়ই শুনে থাকি যে, বাঙ্গালী ছেলেরা কাজ করতে চায় না। কিন্তু যারা গত ২০।২৫ বৎসর পারমানেন্ট সার্ভিস করে আসছে তাদেরও তাড়াবার ব্যবস্থা হচ্ছে, সুতরাং বাঙ্গালী ছেলেরা কাজ করতে চায় না একথা আজকের দিনে বাঙ্গালী যুবকেরা শুনতে রাজী নয়। শিক্ষকদের কথা আমি বলতে চাই না, কিন্তু এখানে একথা বলব যে, শিক্ষা বিভাগে যে অবনতি হয়েছে এবং শিক্ষার দায়িত্ব যাঁরা নিয়েছেন তাঁদের অপদার্থতার কথা রাজ্যপালিকার ভাষণে উল্লেখ নাই। শিক্ষকদের কমিশনের সামনে উপস্থিত করা নিয়ে যে আন্দোলন হয়ে গেল এবং এই ব্যাপারে শিক্ষাদপ্তর থেকে যে সারকুলার দেওয়া হয়েছিল তা থেকে আমি প্রমাণ করে দেব যে, যদি এই শিক্ষাদপ্তরকে না দূর করা হয় তা হ'লে পশ্চিমবাংলার কোন মানুষ কোনদিন শিক্ষিত হতে পারবে না। আমি আপনাকে সেই সার্কুলারটির একটা অংশ পড়ে শুনিয়ে দিচ্ছি। তাঁরা সার্কুলারটায় বলছেন—এই হচ্ছে সার্কুলার। এটা শিক্ষা দপ্তরের মন্ত্রী ভাল করে শুনে রাখবেন—

Circular from the Director of Education.

[11-20—11-30 a.m.]

এটা আপনার মাধ্যমে তাকে শুনতে বলছি। আজকে সেজন্য আপনার মাধ্যমে আমি যে কথা বলতে চাই—সেটা হচ্ছে যে শেষে রাজ্যপাল আমাদের সকলের সাহায্য ও সহানুভূতি চেয়েছেন। আমরা তাঁর এই সমালোচনা করছি। এ সম্পর্কে বন্ধুদের অনেক প্রাঞ্জল বক্তৃতা শুনলাম।

আমি এই প্রসঙ্গে খবরের কাগজ থেকে দু'টী লাইন উদ্ধৃত করে দিচ্ছি। যুগান্তর পত্রিকায় রাজ্যপালের ভাষণ সম্পর্কে যে অভিমত বেরিয়েছে, সেই অভিমত আপনাকে জানিয়ে দিচ্ছি। তাতে লেখা রয়েছে—

"যে বৎসর আসিতেছে, তাহাতে এই রাজ্যের অবস্থা কি হইয়াছে এবং ভবিষ্যতে কি হইবে বলিয়া মনে হয়, রাজ্যপালের ভাষণ তাহারই সংক্ষিপ্ত পরিচয় মাত্র। তাই তাঁহার বক্তৃতার প্রারম্ভে বলা হইয়াছে যে প্রাকৃতিক বিপর্যয় ও জনগণের দুর্দশার ভিতর দিয়া ১৯৫৭ সাল অতিক্রান্ত হইয়াছে। এবং সম্মুখে যে বৎসর সুরু হইতেছে তাহাতে আরো দুর্দৈব আসা অসম্ভব নয়। তথাপি তাঁহার আশা আছে যে, সাহসের সহিত পরীক্ষার সম্মুখীন হইলে সদস্যদের বিচক্ষণতাই জাতিকে যথার্থ পথে লইয়া যাইবে। যদিও ইহা একান্তভাবেই মামুলি কথা, তবুও বলিবার মত বা শুনাইবার উপযোগী যখন নতুন কোন কথা নাই, তখন ইহা ছাড়া আর কিই বা বলা যায়।"

এই হচ্ছে সংবাদপত্রের অভিমত রাজ্যপালের ভাষণ সম্বন্ধে। শ্রদ্ধেয় সভাপাল মহাশয় আমি আপনার সময় বেশী নিতে যাচ্ছি না। আমার বক্তব্য শেষ করবার আগে কেবল এটুকু সাবধান করে যেতে চাচ্ছি বিশেষ করে আজকে যে বেকার সমস্যা আমাদের সামনে এসে দাঁড়িয়েছে, সেই বেকার সমস্যা সমাধানের সুষ্ঠু পথ যদি এই সরকার খুঁজে না বের করেন, তবে এইভাবে দেশে যে দুর্বিসহ একটা অবস্থার সৃষ্টি হবে, যে একটি দুর্বিসহ অবস্থার সম্মুখীন হতে হবে, সে বিষয়ে ওয়াকিবহাল হওয়ার প্রয়োজন আছে। শুনছি নাকি ডি-ভি-সিতে কি একটা কারখানা করা হচ্ছে। এখন থেকে যে সমস্ত কমার্সিয়াল বিজনেস প্রতিষ্ঠা করা হবে, আমাদের আইন করা উচিত সেখানে যে যে ক্ষেত্রে উপযুক্ত বাঙ্গালী পাওয়া যাবে, সেই সব ক্ষেত্রে কাজের জন্য যেন বাঙ্গালীকে প্রিফারেন্স দেওয়া হয়। এইটুকু বলে রাজ্যপালের ভাষণ সম্পর্কে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Satish Chandra Pakrashi: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that the Governor has not dealt with the urgent question of the present hunger-strike of the teachers and of their appearance before the Public Service Commisison.

But regret that the Governor has not placed before us any satisfactory solution of the acute food problem from which people of the State are suffering.

But regret that though the Governor dealt with the problem of the refugees, she has not shown any way out of the miserable conditions from which the largest number of refugees are suffering.

But regret that in the speech the achievements of the Government are shown conspicuously while its drawbacks, failures and inefficiencies are ignored."

মিঃ চেয়ারম্যান, স্যার, রাজ্যপালের ভাষণে সরকার এ বৎসর কি, কি কাজ করেছে, তা খুব ফলাও করে দেখান হয়েছে। অর্থাৎ সমাজের উন্নয়নমূলক তাঁরা কতটুকু করেছেন তার ফিরিস্তি অনেকসময় দেওয়া হয়, কিন্তু যা করা হয় নি অথবা যা করা উচিত ছিল সেই সম্পর্কে কোন কথা তার ভেতর তিনি উল্লেখ করেন নি। যেমন দেশে খাদ্য, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, শিল্পোৎপাদন, উদ্বাস্তু পুনর্বাসন ইত্যাদি ব্যাপার যে একটা গভীর শংকট আজকে উপস্থিত হয়েছে রাজ্যপালের ভাষণের ভেতর সে সংকটের কথা যথা সম্ভব কম করে দেখান হয়েছে। এই রাজ্যের বেশী সংখ্যক লোকের যে বেশী দুরবস্থা সেটাই আজকের দিনে আসল অবস্থা। অথচ রাজ্যপালের ভাষণে তার পরিচয় আমরা পেলাম না। আজকের দিনে খাদ্য সংকটের যে ভয়াবহ গভীরতা এবং তার প্রতিকারের যে কি পথ সে সম্পর্কে একটা আত্মসন্তুষ্টির মনোভাব সমস্ত ভাষণটার ভেতরে ফুটে উঠেছে। অর্থাৎ যেন তেমন কিছু একটা ভয়াবহ কাণ্ড ঘটে নাই বা

অস্ত বড় একটা আশংকারও কোন কারণ নেই। কিন্তু আসলে খাদ্যাভাব জনিত অনশনের যে কি বেদনা সেটা এই পরিষদের অনেকেরই না বোঝার কথা—মন্ত্রী মহাশয়দের তো কথাই নেই। অথচ যারা গ্রামের গরীব কৃষক তারা খাদ্য সংকটের যে কি ভয়াবহ অবস্থা, কি বেদনা তা বোঝে। এ ছাড়া শিল্পাঞ্চলের মজুর শহর ও গ্রামাঞ্চলের মধ্যবিত্ত বা বিশেষ করে নিম্নমধ্যবিত্ত এর কিছু কিছু উদ্বাস্তু তাঁরা খাদ্যাভাবের নিদারুণ অবস্থার কথা বুঝতে পারেন। আবার বেকার যাঁরা তাঁরাও এর অবস্থার কথা বুঝতে পারেন। আজকের দিনে সমাজে খাদ্য সংকট, দুর্মূল্য, অস্বাস্থ্য, অশিক্ষা, সকল রকমের অন্যায় অনাচার, চোরাকারবারী ইত্যাদি সব চলছে। আমার মনে হয় এইসব খাদ্য সংকট থেকেই উদ্ভব হয়েছে। স্বাধীনতা লাভের পর ১৯৪৯ সালে গভর্ণমেণ্ট খাদ্য উৎপাদন বাড়াবার আন্দোলন অর্থাৎ গ্রো মোর ফুড ক্যাম্পেন সুরু করেন। ১৯৪৯ সালের একটা বিবৃতিতে আছে যে ১৯৫২ সালের মধ্যে বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করা হবে। কিন্তু দুঃখের বিষয় যে ১৯৫২, ১৯৫৬, ১৯৫৭ সাল গেল আজও খাদ্যসংকট মিটল না, বরং উত্তরোত্তর বেড়েই চলেছে। সাধারণ লোকে বলে যে ইংরেজ আমলে বরং ভালই ছিল, কারণ এখন দুর্গতি বেড়েই চলেছে। গত বৎসর খাদ্যের ঘাটতি ৩ লক্ষ টন ছিল আর রাজ্যপালের ভাষণে জানা গেল যে এবারে ৭ লক্ষ টন চালের ঘাটতি হবে। আশ্চর্যের বিষয় যে এর পূর্বে মন্ত্রীমহাশয়ের বিভিন্ন বক্তৃতা থেকে জানা গিয়েছিল যে খাদ্য ঘাটতি ১২-৮ লক্ষ টন হবে। কিন্তু রাজ্যপালের ভাষণে জানা গেল ৭ লক্ষ টন হবে--এর মধ্যে কোনটা ঠিক জানি না। গেলবারে যে ৩ লক্ষ টন ঘাটতি ছিল সেই সংকটের আঘাতে জনসাধারণের ক্রয়ক্ষমতা কমে গিয়েছিল। অতএব আবার এই যে নতুন ভয়াবহ সংকট তা কি করে কমান যাবে তা জানি না অর্থাৎ দুর্ভিক্ষের দানব আজ আমাদের সামনে ভয়াবহ অবস্থাতে দেখা দেবে। অথচ মানুষের জীবনে এই যে দুঃখ অশান্তি আসছে অদূরভবিষ্যতে সেই সম্পর্কে তার সমাধান কি হবে তার কোন যথার্থ উত্তর এই বক্তৃতার ভেতর পাওয়া যায় নি। আমরা অত্যন্ত দুঃখের সহিত একটা সান্তনার বাণী রাজ্যপালের ভাষণে পেলাম যে ভাত কম খেয়ে অধিক পরিমাণে গম খেলে এই অবস্থা থেকে আমরা কাটিয়ে উঠতে আমাদের বিশেষ অসুবিধা হবে না। গমের যে মূল্য বৃদ্ধি পাচ্ছে ক্রয়ক্ষমতাহীন মানুষ তা কি দিয়া পূরণ করবে তার কোন উত্তর নেই। আমাদের বলা হচ্ছে যে অতিবৃষ্টি, অনাবৃষ্টি, বন্যা, লোকসংখ্যা বৃদ্ধি ইত্যাদির ফলে না কি খাদ্যসংকট উপস্থিত হয়েছে। সুতরাং আসন্ন দুর্ভিক্ষের কারণ এইসব প্রাকৃতিক দুর্যোগ। কিন্তু এই যে খাদ্য ঘাটতি এ থেকে সরকারী নীতি যে ব্যর্থ এইটাই প্রমাণিত হয়। প্রাকৃতিক বিপর্যয়ের কথা আমরা বারবার শুনি। প্রাকৃতিক বিপর্যয় সত্যি ঘটে, কিন্তু এই প্রাকৃতিক বিপর্যয়ের তো একটা সমাধান আছে। আজকের দিনে সে কথায় না গিয়ে শুধু প্রাকৃতিক বিপর্যয়ের কথা সরকার পক্ষ বলে দেশের বিক্ষুব্ধ জনসাধারণকে শান্ত করছেন। এই দেশে অদৃষ্টবাদ প্রবল এবং এই অদৃষ্টের ফলে যে নিদারুণ কষ্ট ভোগ করতে হয় সেটা তারা জানে এবং দেশের লোকে এতে যথেষ্ট অভ্যস্ত। এতে পেটের ক্ষুধা না কমলেও অদৃষ্টের নামে মাথার ক্ষুধা মিটিয়ে দেওয়া যায়। কাজেই গভর্নমেন্ট সবচেয়ে বেশী জোর দেন এই প্রাকৃতিক দুর্যোগের উপরে। সাধারণ মানুষ অদৃষ্টবাদী বলে এতে ভুলেও যায় এবং বলে যে প্রাকৃতিক দুর্যোগ হলে গভর্নমেন্ট কি করবে। এই প্রাকৃতিক দুর্যোগের অস্ত্র প্রয়োগ করে সাধারণ লোকের মনকে বিক্ষুব্ধ করে অনেকখানি শান্ত করতে পারা যায় এবং তাতে নিজেদের দায়িত্বও অনেকখানি এড়ান যায়।

[11-30—11-40 a.m.]

কিন্তু আজকালকার উন্নত বিজ্ঞানের যুগে একথা যে কত মিথ্যা তা প্রমাণ করেছে রাশিয়া এবং চীন প্রভৃতি সমাজতান্ত্রিক দেশগুলি। সেখানে প্রাকৃতিক দুর্যোগ ছিল কিন্তু তারা সমস্ত দুর্যোগের কুফল রোধ করেছে বৈজ্ঞানিক প্রচেষ্টার দ্বারা। সেই বৈজ্ঞানিক উপায়ের দ্বারা তারা উৎপাদন বৃদ্ধি করেছে, উন্নত সেচ-ব্যবস্থা করেছে, উন্নত বীজ, সার বিতরণ করেছে এবং সর্বোপরি কৃষি ব্যবস্থা সংস্কারের দ্বারা ঐসব রাজ্যে খাদ্য সংকট তারা দূর করেছে। তারা যে কেবল খাদ্য সংকট দূর করেছে তা নয় উদ্বৃত্ত খাদ্য উৎপাদন করেছে। ঐ পক্ষের একজন বক্তা বলেছেন যে, খাদ্য বৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা না হলে চলবে না। আদর্শবাদীরা হয়ত এখানে পাগল হয়ে যাবেন এবং তাদের বিদ্রূপ করে বলছেন স্বাপ্নবিলাসী। কিন্তু চীন দেশ স্বাধীনতা

অর্জন করেছে ভারতবর্ষের চেয়ে পরে—১৯৪৯ সালে এবং এই ৮ বৎসরের মধ্যে তারা তাদের খাদ্য সমস্যার সমাধান করেছে। তারা যদিও উদ্বৃত্ত খাদ্য উৎপাদন করতে পারে নি, কিন্তু খাদ্য সংকট সমাধান করেছে। রাশিয়ায় দীর্ঘকালের জন্য তারা তাদের খাদ্য সংকট সমাধান করে উদ্বৃত্ত খাদ্য উৎপাদন করতে পেরেছে। কিন্তু আজ আমাদের দেশের কংগ্রেসী বন্ধুরা বলছেন যে, যারা নাকি তাড়াতাড়ি খাদ্য সমস্যার সমাধান করতে চান তাঁরা সব আদর্শবাদী এবং তাঁদের এটা একটা স্বপ্নবিলাস ছাড়া আর কিছুই নয়। খাদ্যের অভাবে যে কষ্ট সে কষ্ট আমি পূর্বে বলেছি। এই পরিষদের অনেকের খাদ্যাভাবের যাতনা এবং দংশনের সম্পর্কে না জানার কথা। কিন্তু আজকে যে সংকট দেশময় তার পরিবর্তন করার জন্য যে সমাধান রাজ্যপালের ভাষণে আছে তা খুবই পর্যাপ্ত নয়। প্রাকৃতিক দুর্যোগের দোহাই দিয়ে খোকন ভোলান যেতে পারে এবং অদৃষ্টবাদী দেশের লোক তাতে সাময়িকভাবে খাসী হয়, কিন্তু এতে তাদের মনের ক্ষুধা মেটে, পেটের ক্ষুধা মেটে না। আজকের বৈজ্ঞানিক উন্নতির দিনে কৃষিব্যবস্থার উন্নতি করা সম্ভব হয়েছে। এ বিষয়ে না জানলে আমরা হয় তো এই সম্পর্কে পরিষ্কার কিছুই বুঝতে পারতাম না। আসলে খাদ্যসমস্যা সম্পর্কে সরকারের মৌলিক দৃষ্টিভঙ্গির অভাব। আমাদের সমস্ত দুরবস্থার মূল কারণ হচ্ছে সরকারের মৌলিক দৃষ্টিভঙ্গী ভুলের জন্য। প্রতিটি মানুষ খেয়ে পরে বেঁচে থাকবে, একজন মানুষও অনাহারে অর্ধাহারে দিন কাটাবে না এমন ধারণা আমাদের নেই। মধ্যযুগে ইংরেজ আমলে এবং তার পূর্বকালে আমাদের ধারণা ছিল যে মানুষ অনশনে মরে, কম খেয়ে থাকে এবং এইরূপই যে থাকবে এ সেই চিরকালের ধারণা। আমি বিভিন্ন মফঃস্বল অঞ্চল ঘুরে দেখেছি, বেশির ভাগ কংগ্রেস ভাবাপন্ন লোকের সঙ্গে কথা বলে দেখেছি যে তারা অতীতের সঙ্গে বর্তমানের ভারতবর্ষের তুলনা দেন। অর্থাৎ অতীত যুগে প্রত্যেকটি লোক খেয়ে পরে বেঁচেছিল এমন অবস্থা আসেনি। কাজেই এটা দাবী করা ভুল। কিন্তু আজকের দিনে চিন্তাধারা যে প্রত্যেকটা লোক কেউ অনাহারে অর্ধাহারে থাকবে না। প্রত্যেকটা লোকের খাওয়া পরার কোন অভাব থাকবে না—সমাজের নয়, দেশের নয়, সমষ্টিগতভাবে নয়, প্রতিটি নরনারীর খাদ্যাভাব থাকবে না। কিন্তু এ চিন্তা আমাদের সরকারের নেই বলে গতানুগতিক জিনিষ হচ্ছে খাদ্য সংকট, দারিদ্র চিরকালই আমাদের দেশে ছিল এবং ইংরাজ আমলে না হয় বেশী ছিল আমরা এখন তার কিছু পরিবর্তন করব। এইরকম পারস্পেক্টিভ নিয়ে সমস্ত পরিকল্পনা এদের করা হয়। কাজেই দেশের লোক মনে করছে যে অভাব, অনাহার থাকবেই এবং সেটাই নিয়ম। তাদের সংকটের কিছুটা সমাধান হবে, পরিপূর্ণ সমাধান সম্ভব নয়। আজকাল সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গড়ার ধারণা কংগ্রেস নেতৃত্ব প্রচার করছেন কিন্তু এই যদি সমাজতান্ত্রিক হয় যে, লোকের সংকট দিন দিন বাড়বে তা হলে এই অবস্থায় সমাজতান্ত্রিক ধাঁচ যে কি ভাবে আসবে তা আমরা বুঝি না এবং দেশের জনসাধারণও তা বুঝতে পারে না কিন্তু সোভিয়েট, চীন প্রভৃতি সমাজতান্ত্রিক দেশগুলি যেভাবে খাদ্যসমস্যা সমাধান করেছে তা দেখে লোকের আজকে চোখ খুলে গেছে। অর্থাৎ প্রতিটি মানুষকে খাইয়ে পরিয়ে বাঁচিয়ে রাখতে হবে এই পারস্পেক্টিভ নিয়ে খাদ্যসমস্যা সমাধানের কথা যদি চিন্তা করা হত তা হলেও কাজ হত। কিন্তু রাজ্যপালের ভাষণে সাধারণভাবে আলোচিত হয়েছে যে এই অবস্থা ছিল—অতিবৃষ্টি, অনাবৃষ্টি—বলে আমরা এটা করতে পারি নি তবে আমরা সমাধান করবার চেষ্টা করছি। কিন্তু এতে সমাধান হবে না, বরং সংকট যে ভয়ানকভাবে আসছে সেটাকে ঢেকে রাখবার জন্য নানা কৌশল অবলম্বন করা হচ্ছে। আজ বৈজ্ঞানিক যুগে সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলি মূল নীতি যে একটা লোকও খাদ্যাভাবে কষ্ট পাবে না এমন অবস্থা তারা সৃষ্টি করেছে। আমাদেরও সেইরকম দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করলে সত্যিকারের কাজ হবে। এর আগে একজন বক্তা বলেছেন যে দলীয় মনোভাবের জন্য আজ খাদ্য সংকট হচ্ছে। সত্যি কোন দলীয় মনোভাব নিয়ে নয়—খাদ্য সংকট হচ্ছে জাতীয় সংকট, দলীয় সংকট নয়। একটা খাদ্যত্রাণ উপদেষ্টা কমিটি হয়েছিল এবং তার মধ্যে প্রতিপক্ষ লোকেরা ভিন্ন দলের লোক ছিলেন। কিন্তু তাঁরা যেসমস্ত মত দিয়েছিলেন, যেসমস্ত সাজেস্শন্স দিয়েছিলেন তা তাঁরা গ্রহণ করেন নি। তাহলে দলীয় মনোভাব কি প্রতিপক্ষ দলের না যারা খাদ্যত্রাণ উপদেষ্টা কমিটি গঠন করেছেন সেই সরকার পক্ষের দলীয় মনোভাব এতে প্রকট হয়ে ফুটে উঠেছে। তাঁরা সেই দলীয় মনোভাবকে এত প্রবল করে ধরেছেন যে প্রতিপক্ষের কোন যুক্তি তাঁরা শোনেন নি। তাঁরা চালকলওয়ালাদের

থেকে শতকরা ২৫ ভাগ চাল নেবেন আর ৭৫ ভাগ নেবেন না। তাহলে সেই চাল তারা বাজারে বিক্রি করে লাভবান হবে এবং চালের দর বাজারে বাড়তে থাকবে, কিন্তু তার সমাধানের পথ কোথাও নেই। এই কথা বলব এই জন্য যে দলীয় মনোভাব যদি কিছু থেকে থাকে তাহলে সেই দলীয় মনোভাব কংগ্রেসের নেতৃত্বের দিক থেকে ফুটে উঠেছে, অন্য দিক থেকে তা হয় নি। এই আমার বক্তব্য।

[11-40—11-50 a.m.]

Sj. Naren Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপাল মহাশয়ার ভাষণ খুব গভীরভাবে পড়েছি এবং এর ভেতর যদি কোন গুপ্ত বা মুক্ত ইঙ্গিত থাকে তাও অনুধাবন করার চেষ্টা করেছি। কিন্তু এই ভাষণ যদি আগামী সালের জন্য সরকারের পলিসি স্টেটমেন্ট হয় তার কর্মনীতির বিশ্লেষণ হয় তাহলে এই ভাষণ পড়ে আমি সম্পূর্ণভাবে নিরাশ হয়েছি। এই সমস্যা কণ্টকিত বাংলা-দেশে রাজ্যপালের ভাষণ কোন আশার আলোক সম্পাত করতে পারে নি। আমরা তাঁর ভাষণের ভেতর কোন কেন্দ্রীয় মন সেন্ট্রাল মাইন্ড বা কেন্দ্রীয় দৃষ্টির অভাব দেখছি। তিনি তাঁর ভাষণে কতকগুলি ঘটনাকে বিচ্ছিন্নভাবে সাজিয়েছেন, কিন্তু সেই বিচ্ছিন্ন ঘটনাগুলির প্রাণকেন্দ্র কোথায় তার কোন ইসারা করেন নি। আমি রাজ্যপালের ভাষণে একটা আত্মতুষ্টির ভাব লক্ষ্য করছি। তিনি আত্ম-সমালোচনা মোটেই করেন নি—একথা অনস্বীকার্য যে সমস্ত বাংলাদেশে আজ একটা হতাশা বা একটা নিরাশার বায়ুমণ্ডল সৃষ্টি হয়েছে। অথচ এই হতাশা এবং নিরাশার বায়ুমণ্ডল কোন প্রগতিশীল রাষ্ট্রের পক্ষে অত্যন্ত বিপদজনক। যখন দেশে বা সমাজে হতাশা বা নিরাশা দেখা দেয় তখন কোন প্রগতির রাস্তা খোলা সম্ভব নয়। আজকে সমস্ত বাংলাদেশের সাধারণ মানুষের ভেতর যে কেন এই নিরাশা সে বিষয়ের আলোচনা তিনি এড়িয়ে গেছেন। তিনি সে বিষয়ে কোন কারণ আবিষ্কার করার চেষ্টা করেন নি। আমি বিশেষ ক'রে একটি বিষয়ের দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করব সে হচ্ছে এই যে—আমরা সর্বদা বলে থাকি যে, আমাদের দেশ গণতান্ত্রিক, আমরা ইংরাজের অনুকরণে পার্লামেন্টারী ডেমোক্রেসির দিকে ধাপে ধাপে এগিয়ে যাচ্ছি একথা সর্বত্র সকল সভায় আমাদের সরকার জোর করে বলে থাকেন। কিন্তু পার্লামেন্টারি ডেমোক্রেসীকে সাবধানতার সাথে লালনপালন করতে হয়। তার রূপ দেয়ার জন্য সর্বজনস্বীকৃতি বিশেষ আচরণ আছে। যদি আমরা সে সকল আচরণ না মানি তাহলে পার্লামেন্টারি ডেমোক্রেসির কোন অর্থ থাকে না; তার জন্য একটা বিশেষ অবস্থার সৃষ্টি করা দরকার যাতে করে পার্লামেন্টারি ডেমোক্রেসিকে লালনপালন করা যায়। আমাদের সংবিধান আছে। এবং আমাদের সংবিধানে অনেক কথাই লেখা আছে। কিন্তু লেখা থাকা সত্ত্বেও তা সরকার পালন করেন নি। অথচ ইংরাজের কোন লিখিত সংবিধান নাই, তারা তাদের আচরণের ভিতর দিয়ে যে গণতন্ত্রকে খাড়া করে রেখেছে তা বিশ্বের মধ্যে আদর্শ স্থানীয়। কিন্তু আমাদের দেশে আজ বড় সংকট দেখা দিয়েছে; আজ বাংলাদেশে গণতন্ত্র অত্যান্ত বিপন্ন। বাংলাদেশের সরকার এবং বাংলাদেশের যে, সরকারী দল কংগ্রেস পার্টী এই দুটো মেশিনারীর ভিতরে কোন ব্যবধানের সীমারেখা নাই। পার্লামেন্টারি ডেমোক্রেসির মূল কথা হচ্ছে, সরকারে আসীন দল এবং সরকারী গভর্নমেন্ট আর অ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারী এই দুয়ের ভিতর কোন যোগাযোগ থাকে না। সরকারী মেশিনারীর কোন সুবিধা সরকারী দল কখনও গ্রহণ করে না। প্রায় দেড়মাস আগে এখানে একজন ইংল্যান্ডের প্রাক্তন ক্যাবিনেট মিনিস্টারের সঙ্গে আলোচনা করার সুযোগ আমার হয়েছিল; তাঁর কাছে আমরা খুঁটিয়ে খুঁটিয়ে জিজ্ঞাসা ক'রে শুনলাম বৃটেনের গণতন্ত্রের আচরণের কথা। সেখানে কনজারভেটিভ পার্টির মত প্রতিক্রিয়াশীল দলও পার্টির স্বার্থের জন্য সরকারী শাসণযন্ত্রকে ব্যবহার করে না; কিন্তু আমাদের রাজ্যে এ ধরনের অপব্যবহার সর্বদাই হচ্ছে। কেমন করে তা ঘটছে তার অনেক উদাহরণ দিতে পারি। এ সম্বন্ধে খুব বিশদভাবে না বল্লেও সামান্য উল্লেখ করব। প্রথমত, আর-টি-এ বলে যে একটি প্রতিষ্ঠান আছে সেই প্রতিষ্ঠানের মারফত পেট্রোনেজ বিলি হয়, বাসের পারমিট বা ট্যাক্সির পারমিট দেওয়া হয়। কারা পান? যারা কংগ্রেসের কর্মী বা কংগ্রেস-কর্মীর আত্মীয় বা তাদের পৃষ্ঠপোষক (কোয়েশ্চেন,) কোয়েশ্চেন তাতে যদি কংগ্রেসপক্ষের

সন্দেহ থাকে তবে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে বলব যে তিনি সে বাসের বা ট্যাক্সির পারমিটের লিস্ট আমাদের সামনে উপস্থিত করুন, আমরা দেখব সেই ট্যাক্সির পারমিট কারা পাচ্ছেন।

(Sj. Jogindralal Saha: Most of them are anti-Congress.)
Undoubtedly not.

তারপর আমরা দেখছি মনোনয়ন প্রথার ভিতর দিয়ে প্যাট্রোনেজ বিলি হচ্ছে। শিক্ষা বোর্ড মাধ্যমিক শিক্ষা বোর্ড বা জেলাস্কুল বোর্ড সব জায়গাতেই কংগ্রেস দলের মানুষ;—যোগ্যতার জন্য নয়—কংগ্রেস দলের সমর্থক হওয়ার জন্যে। এদের পোষণ করা হয়।

বিভিন্ন কেন্দ্রে বা বিভিন্ন জেলায় মেয়েদের যে সংগঠন গড়ে উঠেছে সেই সংগঠনগুলো সরকারী সাহায্য পায়; কেন্দ্রীয় সরকার থেকে সরকারী সাহায্য তাদের জন্য মঞ্জুর করা আছে, কিন্তু কারা তা পান? এখানে "স্টেট সোস্যাল অ্যাডভাইসারি বোর্ড" আছে, সেই সোস্যাল অ্যাডভাইসারি বোর্ডের সুপারিশ না হলে কোন সাহায্য পাওয়া যায় না। এই সোস্যাল অ্যাডভাইসারি বোর্ডের অফিস ১১নং ফ্রী স্কুল স্ট্রীট—সেখানে খাদ্য দপ্তর আছে এবং তাঁরা খাদ্য দপ্তরের টেলিফোন ব্যবহার করেন। সোস্যাল ওয়েলফেয়ারই যাদের উদ্দেশ্য সেখানে সমাজ কল্যাণমূলক কাজ কিভাবে কুক্ষিগত করা হয়েছে এবং সরকারী দলের স্বার্থ ও সুবিধার জন্য ব্যবহৃত হচ্ছে সেই দিকে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর জুডিসিয়ারীঃ যে জুডিসিয়ারীর আমরা এত গর্ব করি, তার কী অবস্থা। ইংরাজের যত দোষ থাক না কেন, তাদের আমলে পক্ষপাতহীন জুডিসিয়ারীর গর্ব ছিল, সেই জুডিসিয়ারী আজ কি রকম কলঙ্কিত হচ্ছে। আজ এখানে মিনিস্টার অফ জাসটিস উপস্থিত আছেন তাঁর অবগতির জন্য বলি যে একজন গভর্নমেন্ট প্লীডার কি ভাবে অ্যাপয়েন্টমেন্ট পেয়েছেন। সিউড়ি শহরে একজন গভর্নমেন্ট প্লীডার এ্যাপয়েন্টমেন্ট পেয়েছিলেন তিনি কংগ্রেস দলের লোক, বা কংগ্রেসের অনুগত মানুষ নন এই অপরাধে আগের এ্যাপয়েন্টমেন্ট অর্ডার উইথড্র করা হয়েছে। এর নাম জাসটিস! একজন ভাল আইনজ্ঞকে তাঁর রাজনৈতিক মতবাদের জন্য বর্জন করা হল। কৃতী আইনজ্ঞের সাহায্য সরকার নিলেন না, এর চেয়ে আর লজ্জার কী হতে পারে!

তারপর চ্যারিটেবল ইনস্টিটিউসনঃ রাজ্যে যে সকল চ্যারিটেবল ইনস্টিটিউশন রয়েছে সরকারের দ্বারা তার কাজ নিয়ন্ত্রিত হচ্ছে। আমি মাড়োয়ারী রিলিফ সোসাইটির কথা বলব না, বা অন্য ধরনের যে সব রিলিফ সোসাইটি আছে তার কথাও বলছি না। আমি একটা আন্তর্জাতিক দাতব্য প্রতিষ্ঠানের কথা বলব। আন্তর্জাতিক প্রতিষ্ঠান রেড ক্রস সোসাইটির কথাই বলব। "বাংলার রেড ক্রস সোসাইটির সভাপতি কে?" তিনি হলেন শ্রীপ্রফুল্লচন্দ্র সেন —প্রফুল্লবাবুর বিরুদ্ধে আমার ব্যক্তিগত অভিযোগ নাই। তিনি যত খুশী দল করুন। তিনি যে দলের মানুষ তার জন্য তিনি যা করবার করুণ তাঁর পক্ষে, কিন্তু রেড ক্রসের সভাপতি হওয়া উচিত নয়। "রেডক্রসের সভাপতি হওয়ার মত যোগ্য লোক কি বাংলা দেশে আর নাই", একজন ভূতপূর্ব হাইকোর্টের জজকে পেতে পারতেন বা কোন প্রফেসরকে পেতে পারতেন, অন্য কোন মানুষ কি পেলেন না? একজন দলপতিকে রেডক্রসের সভাপতি করা হল! এই রেডক্রসের মাধ্যমে কোথায় দুগ্ধকেন্দ্র হবে, কোথায় মাখন বিলান হয়ে; তা দলের স্বার্থে নিয়ন্ত্রিত হয়।

এমনি করেই সমাজজীবনে দুর্নীতির সৃষ্টি হচ্ছে, সেই দুর্নীতি সরকারী দল থেকে সৃষ্ট দুর্নীতি সমস্ত সমাজকে বিষাক্ত করে দিয়েছে। তার ফলে আজ সর্বত্র করাপশনকে স্বীকার করে, মেনে নেওয়া হয়েছে। করাপশন্‌কে কেবল স্বীকার করে নেওয়া হয় নি করাপশনকে এক ধরনের আইনের পোষাক পরিয়ে দেওয়া হয়েছে।

It is not only being registered and tolerated it is being recognised.

এই ধরনের নোংরা অবস্থা সরকার সৃষ্টি করতে যাচ্ছেন, অতএব আমার কথা হচ্ছে যে, যদি গণতান্ত্রিক রাষ্ট্র দৃঢ় ও স্থায়ী করতে হয় তাহলে পার্টিকে সরকারের মেশিন থেকে আলাদা করতে হবে।

আমি জানি কি ভাবে মন্ত্রীদের সফরের কার্যক্রম ঠিক করা হয়; কিছুদিন আগে বোধহয় একমাস আগে বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড়ে একটা প্রমোদ-কানন সৃষ্টি হয়েছিল, কংগ্রেসের যাঁরা নেতা তাঁদের সেখানে একটা গোপন বৈঠক হয়েছিল; সেখানে আমাদের মন্ত্রীরাও গিয়েছিলেন, এবং সেখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থেকে চৌকিদার পর্যন্তকে উপস্থিত থাকতে হয়। আমার কথা হচ্ছে যে পার্টির কাজে কংগ্রেস মন্ত্রীরা যান তাহলে সরকারী ট্রান্সপোর্ট কেন ব্যবহার করছেন, সরকারী মানুষহিসাবে তাঁরা সেখানে কেন যাচ্ছেন? (শ্রীযুক্ত বিশ্বনাথ মুখার্জীঃ কোন্ মন্ত্রী গিয়েছিলেন?) আমি জানি প্রফুল্লবাবু গিয়েছিলেন। প্রফুল্লবাবু বলুন যে তিনি সেখানে যান্ নি। তিনি গিয়েছিলেন, এবং তার জন্য সরকারকে কিভাবে ব্যতিব্যস্ত হতে হয়েছিল সেদিকে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি। স্বজন তোষণের দ্বারা বা প্যাট্রোনেজ বিলি করে মানুষকে সন্তুষ্ট করতে পারবেন না; যে প্যাট্রোনেজ পাবে সে সুখে থাকবে কিন্তু যারা পাবে না তারা অসন্তুষ্ট হবে; এর জন্যেই আমাদের দেশে ডেমোক্রেসীর সংকট দেখা দিয়েছে।

[11-50—12 noon.]

ইংলন্ডে অষ্টাদশ শতাব্দীতে এমনি অবস্থা সৃষ্টি হয়েছিল। তখন রসিকতা করে বলা হত 'পার্টি অব কিংস ফ্রেন্ডস,' আজ এখানে বলা হচ্ছে 'পার্টি অব মিনিস্টার্স ফ্রেন্ডস'। আজ এখানে বার্কের কথা বার বার মনে আসছে তিনি যা বলেছিলেন তার তাৎপর্য হচ্ছে—
Party of the King's friends are the King's enemies.
আজ এখানে আমি বলবো—
Ministers' friends are their real enemies.
দেশের শত্রু, দলের শত্রু, আপনারা তাদের মাধ্যমে, কোন শক্তি সঞ্চয় করতে পারবেন না। শশাঙ্কবাবু তাঁর প্রারম্ভিক বক্তৃতায় খুব দক্ষতার সাথে সহরে বেকার সমস্যা সম্বন্ধে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। বেকার সমস্যার আর একটা দিক আমি আপনাদের সামনে রাখবো। আমাদের দেশে বেকার সমস্যার একটা দিক হচ্ছে আন্এমপ্লয়মেন্ট, আর একটা দিক হচ্ছে আন্ডার এম্প্লয়মেন্ট। আনএমপ্লয়মেন্ট-এর চেয়ে আন্ডার-এমপ্লয়মেন্ট-এর সমস্যা আরও গুরুত্বপূর্ণ। কারণ আমাদের দেশ পল্লীপ্রধান দেশ, কৃষিপ্রধান দেশ এবং এদেশের শতকরা ৭৫।৭৬ জন লোককে চাষের উপর নির্ভর করতে হয় এবং সারা বছরের ভিতর ৪ মাস কি ৫ মাস তাদের কাজ থাকে। বাকী ৭ মাস তাদের কাজ থাকে না। এখানে যদি আমরা এই আন্ডার-এমপ্লয়মেন্ট-এর সমস্যা সমাধান করতে পারি, গ্রামাঞ্চলে যদি আন্ডার-এমপ্লয়মেন্ট-এর সমস্যা সমাধান করতে পারি তাহলে আমার ধারণা যে সহরাঞ্চলের বেকার সমস্যাও সহজে সমাধান হয়ে যাবে। তার জন্য সরকারকে গ্রামাঞ্চলে যাতে ছোটশিল্প, কুটির শিল্পের প্রসার হয় তার জন্যে চেষ্টা করতে হবে। যদি সরকার তা সমাধান করতে সক্ষম হন, তাহলে গ্রাম থেকে শোভাযাত্রা করে যে লোক দলে দলে আসছে চাকরির জন্য সেই শোভাযাত্রা বন্ধ হয়ে যাবে। তাছাড়া দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা সরকার বড়াই করে বলেন যে তা সফল হবে। যদি গ্রামে ছোট ছোট শিল্প ও কুটির শিল্প গড়ে না ওঠে, যদি গ্রামাঞ্চলে চাকুরি বা জীবিকা উপার্জনের রাস্তা গড়ে না উঠে, খাদ্যদ্রব্যের মূল্য, এবং অন্যান্য দ্রব্যমূল্যের হার যদি নীচে না রাখতে পারা যায়, অর্থাৎ মূল্যমান যদি বেড়ে যায়, তাহলে ৪,৮০০ কোটি টাকার যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা তা আরও এক হাজার কোটি টাকা বেড়ে যাবে। যদি সাধারণ মানুষের হাতে টাকা দিতে পারা যায় যদি তাদের ক্রয়ক্ষমতা বেড়ে যায় তাহলে তাদের যে উদ্বৃত্ত টাকা থাকবে তাতে করে ক্যাপিটাল ফর্মেশন হবে এবং সেই ক্যাপিটাল ফর্মেশন-এর মাধ্যমে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা সার্থক হতে পারবে যদিও সেই পরিকল্পনার মূল নীতি সম্বন্ধে মোটেই একমত নই।

Sj. Harendra Nath Mazumdar:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যপাল মহোদয়ার ভাষণ আমি শুনেছি এবং এই ভাষণে পশ্চিমবঙ্গের সর্বাঙ্গীণ কল্যাণের যে চিত্র প্রকাশ পেয়েছে তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাই। পশ্চিমবঙ্গের নানা ভাবে নানা দিকে যে উৎসাহের সৃষ্টি হয়েছে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার কাজের মধ্য দিয়ে সেকথা আমাদের বন্ধুরা

সবাই জানেন। গ্রামে বিদ্যালয় স্থাপিত হয়েছে, নলকূপ স্থাপিত হয়েছে, গ্রামাঞ্চলে রাস্থাঘাট তৈরী হয়েছে, আজকে নানা বিষয়ে গ্রামের লোক উৎসাহ বোধ করছে। তারা তাদের দেয় অর্থ, শেয়ার অব কন্ট্রিবিউশন নিয়ে এগিয়ে আসছে দলে দলে—একথা আমার বন্ধুরা জানেন। আমার বন্ধুরা একথাও জানেন যে সরকার ঐ সমস্ত কাজ সর্বদলের এম-এল-এ ও এম-এল-সি সদস্যদের সহযোগিতার ভিত্তিতে, ও পরস্পরের আলোচনার মাধ্যমে স্থির করেন ও তদ্দ্বারা গ্রামের কল্যাণ সাধন করেন। আমাদের রাজ্যপাল মহোদয়া যে সহযোগিতার কথা বলেছেন সেই সহযোগিতা বন্ধুদের অনেকের কাছ থেকেই পরিপূর্ণ ভাবে পাওয়া গেছে সেজন্য তাঁদের ধন্যবাদ জানাই। আজকে পরিষদে আলোচনার মাধ্যমে আমাদের বন্ধুদের যে সমালোচনা শুনলাম তাতে আমার মনে হয় তাঁরা অযথা আতঙ্কিত হয়েছেন।

পশ্চিমবঙ্গে সমস্যা আছে, নানাবিধ সমস্যাসংকুল পশ্চিমবাংলার সমস্যার সমাধানের জন্য সকলকে সাহসিকতার সঙ্গে এগিয়ে যেতে হবে। আজকে সরকার সাহসিকতায় সঙ্গে এই সব সমস্যার সমাধানের জন্য চেষ্টা করছেন কিন্তু বন্ধুরা আতঙ্কিত হোলে এসমস্যার সমাধান ব্যর্থ হবে। আমি বলবো যে সমস্যা সেখানে আছে, সেখানে তাঁরা গঠনমূলক সমালোচনা করুন, কেবল মিথ্যা আতঙ্ক সৃষ্টি করলে দেশের কল্যাণ হবে না, বরং অযথা বাধা সৃষ্টি হবে। আমাদের পশ্চিমবাংলায় এখনও বহু লোক অশিক্ষিতের পর্যায়ে আছে—শিক্ষাক্ষেত্রে কি ভাবে উন্নয়নের প্রচেষ্টা হয়েছে সেবিষয়ে ২।৪টা কথা বলা দরকার। রাজ্যপালিকার ভাষণে একটা ত্রুটী আছে একথা সত্য। সে ত্রুটী হচ্ছে প্রচারের ত্রুটী, যে কাজ আমরা করেছি বা করছি সেই কাজের সম্পূর্ণ পরিচয় এর মধ্যে নেই। রবীনবাবু বলে গেছেন যে এটা বোধহয় প্রচার বিভাগের দায়িত্ব। রাজ্যপালিকার ভাষণে গঠনতন্ত্রানুযায়ী প্রচার সম্পূর্ণ না করলেও চলে কিম্বা প্রচারের কোন প্রয়োজন নেই কিন্তু আমি বলবো সেই প্রচার না থাকাতে আমার বন্ধুরা বলছেন যে, আমাদের কাজ অগ্রসর হয়নি। শিক্ষা সম্বন্ধে যে কথা বলছিলাম সেসম্বন্ধে আমি বলি যে প্রতি গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে। প্রাথমিক শিক্ষার সুযোগ আগেকার দিনে বিশেষ ছিল না। আজকে অন্ততঃ গ্রামে সব ছেলেমেয়ের সেই সুযোগ এসেছে, গ্রামে গ্রামে বিদ্যালয়ের অভাব এখন নেই। আমরা দেখতে পাই শিক্ষা সম্পর্কে একথা বলা হয়েছে যে আলোচ্য বর্ষে শিক্ষার প্রসার হয়েছে, প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধি হয়েছে কিন্তু আমি বলব বেতন বৃদ্ধি আশানুরূপ হয় নি। আমার বন্ধু শ্রদ্ধেয় গোপাল হালদার মহাশয় বলেছেন যে, স্পেসাল ক্যাডার টিচাররা সরকারের দালাল, আমি বলবো যে এভাবে তাঁদের যদি আমরা চিত্রিত করি তাহলে আমাদের অপরাধ হবে। তাঁদের নেওয়া হয়েছে শিক্ষক এবং গ্রাম-সেবক হিসাবে। তাঁদের কাজ হচ্ছে গ্রামের ছেলেদের লেখাপড়া শিক্ষার জন্য উৎসাহিত করা এবং সঙ্গে সঙ্গে শিক্ষকতা করা। এই সমস্ত কাজের ভার তাঁদের উপর দেওয়া হয়েছে। কাজেই তাঁদের সম্পর্কে এরূপ মন্তব্য করলে সত্যই অবিচার করা হবে। আজকে শিক্ষকদের সম্বন্ধে নানাভাবে নানাকথা বলা হয়েছে। আমি একথা বলবো যে, সত্যই প্রাথমিক শিক্ষকদের প্রতি অবিচার করা হয়েছে। যাদবপুরে অখিল ভারত প্রাথমিক শিক্ষক সম্মেলন যে একথা বার বার বলা হয়েছে যে প্রাথমিক শিক্ষকদের বেতনের হার বৃদ্ধি করা প্রয়োজন। আমি সরকারকে এসম্পর্কে সচেতন হবার জন্য অনুরোধ করছি। বেঙ্গল রুরাল প্রাইমারী এডুকেশন এ্যাক্ট, ১৯৩০ সালে পাশ হয়। ১৯৫৮ সালে এই আইন একেবারে অচল। আমি এর কতকগুলি ধারা সম্পর্কে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো সে ধারাগুলির মধ্যে দিয়ে এই আইন একেবারে অচল প্রমাণিত হয়েছে।

[12—12-7 p.m.]

চাপ্টার ২ যেখানে সেন্ট্রাল প্রাইমারি এডুকেশন কমিটি গঠনের কথা বলা হয়েছে আমাদের পশ্চিমবাংলায় এই আইন অনুযায়ী কোন সেন্ট্রাল এডুকেশন কমিটি গঠিত হয় নি। চাপটার ৩-এ প্রাথমিক শিক্ষা সম্পর্কে সরকারী সাহায্যের পরিমাণ নির্দিষ্ট করে দিয়েছেন। তৃতীয়তঃ রিলিজিয়ন-এর ব্যাপারে আমাদের বিদ্যালয়সমূহে শিক্ষা দেবার কোন নিয়ম নাই। আমি মনে করি প্রাথমিক শিক্ষা সম্পর্কে একটা ব্যাপক আপন হওয়া প্রয়োজন। যেটা গ্রাম ও শহরাঞ্চলে প্রযোজ্য হবে। এই আইন এখনি প্রণীত হওয়া প্রয়োজন। সহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে বলে যে কথা উঠেছে সেটা কিছুটা সত্য। শহরাঞ্চলে স্কুল বোর্ড-এর কোন দায়িত্ব নাই,

মিউনিসিপ্যালিটির দায়িত্ব। শহরাঞ্চলে মিউনিসিপ্যালিটি যেসমস্ত বিদ্যালয় পরিচালনা করেন সেগুলিতে পুরোপুরি সাহায্য দিতে পারেন না। তারা আংশিক সাহায্য যা দেন তাতে বিদ্যালয়গুলি চলে না। এখন যে পরিকল্পনা কার্যকরী হতে চলেছে সেটা হচ্ছে শহরাঞ্চলের শিক্ষকদের বেতন, গ্রামাঞ্চলের শিক্ষকদের বেতন, স্কুল বোর্ড-এর শিক্ষকদের বেতন সমান হবে —এখন এই ব্যবস্থা সরকার করছেন। এখানে আমি বলব, যতদিন পর্যন্ত না নতুন প্রাথমিক শিক্ষা আইন করা হচ্ছে ততদিন প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে মিউনিসিপ্যাল এডুকেশন বোর্ড স্থাপন করুন। প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে যদি মিউনিসিপ্যাল এডুকেশন বোর্ড হয় তবে মিউনিসিপ্যালিটির সমস্ত বিদ্যালয়গুলির পরিচালনা সুষ্ঠুভাবে হতে পারবে। আমাদের দেশে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে নানা ধারা ও নানাভাবে শিক্ষাব্যবস্থা পরিচালিত হচ্ছে এবং প্রাথমিক শিক্ষকদের বেতন ও চাকরির সর্তাবলী বিভিন্ন রকমের আছে। আমি মনে করি এসম্বন্ধে ব্যাপক অনুসন্ধান করা দরকার। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলব যে, পশ্চিমবঙ্গে একটা প্রাইমারি এডুকেশন কমিশন এ্যাপয়েন্টেড হওয়া দরকার যার মাধ্যমে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে একটা ব্যাপক অনুসন্ধান করা যেতে পারে এবং প্রাথমিক শিক্ষা সম্পর্কে একটা ব্যাপক আইন প্রণয়ন করা যেতে পারে। শিক্ষকদের সম্পর্কে আরেকটা বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলব যে, তাঁদের চাকরির স্থায়িত্ব সম্পর্কে একটা ব্যবস্থা করা প্রয়োজন। তারপর শিক্ষকদের বদলীর ব্যাপার। শিক্ষকদের যদি নিজেদের গ্রাম থেকে দূরে অন্য গ্রামে বদলী করা হয় তাহলে তাঁদের অসুবিধায় পড়তে হয়। আমি তাই বলব, তাঁদের যদি গ্রামের বাইরে বদলী করার একান্ত প্রয়োজন হয় তাহলে যেন তাঁদের প্রয়োজনীয় এলাউয়েন্স দেওয়ার ব্যবস্থা করা হয়। আমি এখানে সরকারকে অভিনন্দন জানাব এই জন্য যে, প্রাথমিক ও মাধ্যমিক স্কুলে যাতে শিক্ষকদের ছেলেমেয়েরা বিনাবেতনে শিক্ষালাভ করতে পারে সেই ব্যবস্থা করা হয়েছে বলে। প্রাথমিক শিক্ষকদের প্রভিডেন্ট ফন্ড সম্বন্ধেও একটা পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে। প্রাথমিক শিক্ষকদের কনট্রিবিউটোরি প্রভিডেন্ট ফন্ড-এর সুযোগ দেওয়ার জন্য আমি সরকারকে অনুরোধ জানাই। পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে যে আমূল পরিবর্তন হতে চলেছে তার জন্য দেশের জনসাধারণ উৎসাহিত বোধ করছে এবং যেভাবে শিক্ষকদের বেতন ও চাকরীর সর্তাবলী এবং নানাভাবে তাঁদের উন্নতির প্রচেষ্টা চলছে শিক্ষকরা তার জন্য সরকারকে ধন্যবাদ জানাচ্ছে। আরেকটি বিষয় বলেই আমি আমার বক্তব্য শেষ করব। রাজ্যপালিকার ভাষণে আমরা জেনেছি যে শহরাঞ্চলে উন্নততর জল সরবরাহের ব্যাবস্থা হচ্ছে—কয়েকটা মিউনিসিপ্যালিটিতে ইতিমধ্যেই হয়েছে এবং কয়েকটা মিউনিসিপ্যালিটিতে হবার পরিকল্পনা আছে। ২৪-পরগণা সম্বন্ধে আমি বলব, ভাটপাড়া ও হালিসহর ইত্যাদি অঞ্চলে পানীয় জলের বিশেষ অসুবিধা রয়েছে। ভাটপাড়া মিউনিসিপ্যালিটি ২ লক্ষ টাকার একটা স্কীম নিয়েছে এবং এটা কার্যকরী করার জন্য সরকারকে অনুরোধ জানিয়েছে। আমি আশা করি সরকার এটা কার্যকরী করবেন। হালিসহরেও জলের খুব অভাব। আগামী গ্রীষ্মকালের মধ্যে যাতে ঐ স্কীম কার্যকরী হয় তার জন্য সরকারকে অনুরোধ জানাই। মাননীয়া রাজ্যপালিকার ভাষণে আমরা উৎসাহবোধ করছি। আমাদের যেসব বন্ধুরা এই ভাষণে সন্তুষ্ট হ'তে পারেন নি আমি তাঁদের বলি, তাঁরা যদি সহযোগিতার মনোভাব নিয়ে এগিয়ে আসেন তা হ'লে নিশ্চয়ই আমরা আমাদের সমস্ত সমস্যার সমাধানে সক্ষম হব।

Mr. Chairman: The House stands adjourned till 9-30 a.m. tomorrow.

Adjournment

The Council was then adjourned at 12-7 p.m. till 9-30 a.m. on Friday, the 21st February, 1958, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra,
Banerjee, Sj. Tara Sankar,
Misra, Sj. Sachindra Nath,
Musharruf Hossain, Janab,
Prodhan, Sj. Lakshman, and
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Friday, the 21st February, 1958.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 21st February, 1958, at 9-30 a.m. being the fifth day of the Fourteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

Adjournment Motion.

[9-30—9-40 a.m.]

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, I gave notice of an adjournment motion.

Mr. Chairman: I have disallowed it.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Chairman, Sir, will you kindly permit me to place before the House some facts...........

Point of order.

Sj. Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. You have referred to the adjournment motion and it must be properly mentioned before the House. Then the Minister can place his statement before the House. According to the rules and procedure the adjournment motion is bound to have priority.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Sj. Sasanka Sekhar Sanyal: You are not yet the Chairman.

Mr. Chairman: Mr. Sanyal, the statement is relevant to the question which you have raised in your adjournment motion.

So far as the adjournment motion is concerned I have disallowed it. For the statement the Chief Minister has taken the consent of the Chair. He is quite in order.

Sj. Sasanka Sekhar Sanyal: On a point of personal explanation, Sir. I am told by one of the Deputy Ministers that the Hon'ble Chief Minister is to leave for Delhi immediately on an urgent work. Only on that consideration I yield and not otherwise.

Chinakuri Colliery incident.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I want to place before the House a very regrettable incident which took place on 19th February, 1958 at 9-45 p.m. A serious explosion took place in Nos. 1 and 2 pits of Chinakuri Colliery (Bengal Coal Company of Andrew Yule) at 2000 feet below level when 196 persons including one Assistant Manager and two Supervisors were working in the second shift between 4 o'clock and 10 o'clock. Rescue operation under the supervision of the Chief Inspector of Mines stationed at Jharia, Sitarampur, started immediately. So far they have been able to bring out 17 persons, four of whom have been admitted to the Sanctoria Hospital in serious condition and the others have been let off after administering first aid. The Rescue Party which came out at 4 hours on the 20th reported that the remaining 179 persons are all dead. The party saw flames and smoke even now and it is apprehended that another explosion might take place. This prevents further enquiry and

entry into the present seat of the explosion because there may be another explosion trapping in even those who go for relief purposes. Further recovery of dead bodies is suspended till this apprehension is over. The S.D.O., Additional District Superintendent of Police, Labour Commissioner and Deputy Labour Commissioner are all there. The Labour Minister has gone there also. The Government of India has instructed the Chief Inspector of Mines for immediate relief and financial assistance to the families of dead persons. Government is taking immediate steps to set up a Committee of Enquiry presided over by a High Court Judge to investigate the case of accident. I understand the Central Minister of Labour, Shri Gulzarilal Nanda has flown over to the area yesterday. The Company has paid the family of every person who was killed in the accident a sum of Rs. 100 to Rs. 150. The Mines Welfare Board has given further relief and they have been considering the question of further compensation. Government can give compensation to the families of the deceased persons; yet the fact remains that so many people have been killed. I would request the members of the House to associate themselves with their memory and show respect to them.

Mr. Chairman: We should stand for two minutes as a mark of respect to their memory.

[Members rose in their seats and remained standing in silence for two minutes.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I may mention here that the Governor has just telephoned me that she is opening a Relief Fund for the families of those persons who were killed in the tragedy. The magnitude of the tragedy requiers fullest co-operation and held of everybody concerned who is interested in the welfare of the people. There are two aspects of this question, if I may say so. One is the relief to the families of the tragedy and the other is that steps are to be taken to prevent recurrence of such incidents in future. At our instance they have agreed to set up a Committee of Enquiry presided over by a High Court Judge to find out why these things happened and how to avoid future accidents. We, the Government of West Bengal, have no direct concern with the control and management of the collery, because it is a Central subject. But still we have got some responsibilities with regard to the things that are happening in this State.

Adjournment Motion

Sj. Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, I gave notice of an adjournment motion. It runs as follows:—

The House do now adjourn to discuss a definite matter of urgent and public importance and of recent occurrence, viz., the coal mine disaster in the night of 19-2-58 to 20-2-58 at Chinakuri Collieries near Asansol involving suspected and alleged killing of a very large number of persons under ghastly circumstances.

Mr. Chairman: No speech is necessary as it has arisen out of the statement of the Chief Minister.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is not customary to make any speech.

Sj. Sasanka Sekhar Sanyal: The Chief Minister has arrogated to himself the appellate authority of the Chair.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Don't be so funny.

Sj. Sasanka Sekhar Sanyal: Don't be so touchy, don't be so swell-headed.

[9-40—9-50 a.m.]

Sj. Satya Priya Roy: Sir, the Chief Minister's statement is even out of order.

Mr. Chairman: I have permitted him to do so.

Sj. Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. Are we here to a cinema show that our function is only to hear the Chief Minister and not to say anything in reply.

Mr. Chairman: You wanted permission to move this adjournment motion. Now I have considered that and I do not give permission.

Sj. Sasanka Sekhar Sanyal: I did not object to that. I have accepted your decision that the adjournment motion will not be taken up. But permit me, Sir, to put certain questions on the basis of the statement made by the Hon'ble Minister.

Mr. Chairman: No; that will entail discussion.

Sj. Sasanka Sekhar Sanyal: I want to put certain questions on the basis of the statement.

The Hon'ble Prafulla Chandra Sen: We are not having any debate on the statement.

Sj. Sasanka Sekhar Sanyal: The Hon'ble Chief Minister has taken up the attitude of a missionary, namely, the Government of West Bengal has only the right of starting relief work and it has no other obligation. We want to know here and now whether the State of West Bengal has any responsibility in the matter of the prevention of the national calamity and also in the matter of the rescue of the persons who were bottled up.

The Hon'ble Prafulla Chandra Sen: At this stage we have nothing further to add to what the Hon'ble Chief Minister said.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, if you so agree, the House will refuse permission to the Teasury Benches to shirk at this important point at issue.

Mr. Chairman: Please listen to me. The mines form a Central subject.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, I have got the Constitution with me. Permit me to make my submission that the matter under reference is not a matter outside the State of West Bengal.

Mr. Chairman: It has been said that they are going to institute an enquiry with a High Court Judge to look after the whole thing.

Sj. Sasanka Sekhar Sanyal: That is a different matter. Every matter can be shelved.

Mr. Chairman: You have placed your point, Mr. Sanyal, in the matter, and the Minister has taken note of that.

Sj. Sasanka Sekhar Sanyal: I am talking on your point. You have observed that this is the responsibility of the Centre. Permit me to say, Sir, that in State List II of the Seventh Schedule in clause 23—Regulation of Mines and mineral development.......................

Mr. Chairman: I would not allow this to be discussed.

Sj. Sasanka Sekhar Sanyal: I am not discussing. I am going to show that the matter comes within the State List.

Sj. Nirmal Chandra Bhattacharyya:

আপনার বিচারের জন্য এই বিষয়টা উত্থাপন করা হয়েছে। এটা মুলতুবী প্রস্তাব একেবারেই নয়।

Sj. Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. The point of order is this. Let us take one by one. I hope you will not expect me to make out my full case in a second. First of all, the question is whether the matter which was referred to by the Hon'ble the Chief Minister, is a matter in which the West Bengal Government can only as missionaries send relief and do nothing else. Incidentally you made a reference to the question as having been excluded out of the State List. May I draw your attention to paragraph 6—Public Health, Sanitation, Hospitals and Dispensaries? Here is a certain assumption made by the West Bengal Government that in the incident the Government has nothing to do. Sir, this is a matter which has to be investigated because it may be that the persons who were bottled up there were not dead and that the West Bengal Government failed in its elementary duty in the matter of giving rescue to those gasping persons and that was the duty of the Public Health Department. Why did the S.D.O. go there, why did the District Magistrate go there? We have a right to know not only how the disaster took place, we have also a right to know whether the West Bengal Government did all that was possible for the Government to do. Mere piece-meal relief may be a poor consolation to the Treasury Benches but not to us. Sir, we have a right to know that things were done in a proper way so that the position of West Bengal may be vindicated. Otherwise, Sir, we would be accusing the Government before the bar of public opinion.

Mr. Chairman: That is not a point of order. What you have said is that you have drawn the attention of the Minister to the fact and you want an enquiry and more information about what was done.

Sj. Sasanka Sekhar Sanyal: Yes, we want to know what the Government did.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, we have nothing more to add at present.

Mr. Chairman: The Government side says that Government has nothing more to add at present.

Sj. Sasanka Sekhar Sanyal: The Chief Minister says that the Governor is opening a relief fund. Let us know what the Government did.

The Hon'ble Prafulla Chandra Sen: Government are taking all the necessary steps in the matter.

Sj. Sasanka Sekhar Sanyal: We want to know whether all the necessary steps were taken immediately after the accident.

Mr. Chairman: You have stated your point of view and the Government have said that they have taken all steps possible within such a short time.

Sj. Sasanka Sekhar Sanyal: We want to know what is the responsibility of the Government in the matter.

Mr. Chairman: That has not yet been decided.

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, We are not going to make any statement on the subject now. We can do so after further reports are available.

Mr. Chairman: After further reports come, it may be done.

Sj. Nirmal Chandra Bhattacharyya:

সভাপতি মহাশয়, আপনার বিচারের জন্য এই বিষয়টা উত্থাপন করেছি। মুখ্যমন্ত্রী মহাশয় খনি-দুর্ঘটনা সম্বন্ধে একটা বিবৃতি দিয়েছেন, এ বিবৃতি আলোচনা করবার অধিকার আমাদের আছে।

Mr. Chairman: No, no, you cannot.

Sj. Nirmal Chandra Bhattacharyya:

স্যার, আমার কথা শেষ করতে দিন। এই বিবৃতি আলোচনা করবার অধিকার আমাদের আছে এই কথা আমরা জোরের সঙ্গে বলতে চাই। আমাদের যে আইন রয়েছে, যে আইন অনুসারে এখানে আলোচনা চলে, সেই আইন অনুসারে যখন কোন বিবৃতি আমাদের সামনে দেওয়া হয় তখন সেটা এই পরিষদের সম্পত্তি হিসাবে বিবেচনা করা যেতে পারে এবং সেইজন্য এই বিষয়টার উপর আমাদের মন্তব্য প্রকাশ করবার অধিকার আছে।

Mr. Chairman: But Mr. Sanyal wanted to know what the West Bengal Government had done in the sphere of its responsibility in the matter, and that is a point which can be discussed here if we have facts before us. But then, as it has been said by the Ministry, they have no further information at the present moment, and until the reports come it is not possible to give any answer.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, can you assure yourself that the Treasury Benches will give you the desired information at the earliest possible time?

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, let us await fuller report and then we will be able to enilghten the House.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, in the Parliament which is miles away from the seat of the incident there was a statement made by the Minister concerned but here at your very door something of a calamitous character has taken place and the Government wants time to make a statement. This is a shame, this is a disgrace and this is an insult to the House.

Sj. Nirmal Chandra Bhattacharyya:

সভাপতি মহাশয়, যে বিবৃতি মুখ্যমন্ত্রী মহাশয় দিয়েছেন সেটা আলোচনা করতে আমি চাই না। আপনি এই কথা বলেছেন যে, আলোচনার স্থান এটা নয়। কিন্তু একটা প্রশ্ন করছি, যে অনুসন্ধান সমিতি নিযুক্ত হবে সেই অনুসন্ধান সমিতিতে বাংলা সরকারের কোন প্রতিনিধি থাকবে কিনা? এই বিষয় যদি কোন খবর না পাওয়া গিয়ে থাকে তাহলে বাংলা সরকার এই বিষয় কোন রকম চেষ্টা করবেন কিনা, এটা আমরা জানতে চাই।

The Hon'ble Prafulla Chandra Sen:

অধ্যাপক ভট্টাচার্য মহাশয়কে আমি এই কথা বলতে পারি যে, যে এনকোয়ারি কমিটি গঠিত হবে, তাতে হাইকোর্ট-এর জাজ প্রিসাইড করবেন, কি তাতে কে কে থাকবে সেটা ভারত গভর্ণমেন্ট ঠিক করবেন।

Sj. Nirmal Chandra Bhattacharyya:

আমি যে প্রশ্নটা করছি মাননীয় মন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে সেটা হচ্ছে এই যে বাংলা সরকার কি মনে করেন না যে বাংলা সরকারের একজন প্রতিনিধি থাকা উচিত এই অনুসন্ধান সমিতিতে এবং সে বিষয়ে কোন চেষ্টা করেছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য মহাশয়ের কথা মনে থাকবে যদি আমাদের কাছে সে সম্বন্ধে কোন রেফারেন্স হয়—সে বিষয়ে আমরা তখন দেখবো।

[9-50—10 a.m.]

Janab Syed Nausher Ali: Mr. Chairman, Sir, statement on any matter made in the House, I submit, should be subject to discussion and if you say that it is not subject to discussion we have got to submit to that but I submit most respectfully that that is not the law and that is not the convention. Secondly, it has been stated that it is a function of the Government of India. Undoubtedly Mines and Minerals are subjects for the Central Government but the jurisdiction is within the State of West Bengal and the people who have suffered are, I believe, mostly Bengalees. In these circumstances it does not appear to me to be reasonable that some Hon'ble Minister should avoid his responsibility simply saying that it is the function of the Government of India and the Government of India will decide whether they will associate anybody from Bengal with the Commission of Enquiry. It is the duty, I say with emphasis, of this Government to press for a representative from Bengal to be on the Commission.

Sj. Naren Das: We want to know whether the West Bengal Government participated in the rescue operation or not.

The Hon'ble Prafulla Chandra Sen: Certainly, they participated.

Janab Syed Nausher Ali: May I know if the Ministry is agreeable to a discussion on the statement made by the Hon'ble Chief Minister?

The Hon'ble Prafulla Chandra Sen: On receipt of fuller facts.

Janab Syed Nausher Ali: What is meant by 'fuller facts'? It may be report of the Commission.

Mr. Chairman: There are considerable lacunae in the matter and everybody is anxious to know more. I think that is the idea.

Sj. Nirmal Chandra Bhattacharyya:

সভাপাল মহাশয়, আমি মাননীয় মন্ত্রী প্রফুল্ল সেন মহাশয়কে একটা প্রশ্ন করতে চাই। তিনি বলেছেন যে এইসব তথ্য পাবেন—তখন আলোচনা করার সুবিধা হবে, কখন—সেটা কি অনুসন্ধান সমিতি কাজ আরম্ভ করার পূর্বে না পরে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের শ্রমমন্ত্রী আবদুস সত্তার কাল এই সংবাদ পেয়ে চলে গেছেন, তিনি ফিরে এলে পরে যদি মনে হয় আলোচনা হওয়া দরকার তবে নিশ্চয়ই আলোচনা করবো।

Sj. Sasanka Sekhar Sanyal: Has he gone there as an amateur?

Sj. Monoranjan Sengupta:

আমি একটা প্রশ্ন দিয়েছিলাম—

"on a point of information, Sir,

৩১-৭-৫৭ তারিখে এডুকেশন মিনিস্টার-এর কাছে, আপনি অনুমতি দিয়েছেন সেই প্রশ্ন এখানে তুলবার জন্য, আজকে হয়ে গেল ২১-২-৫৮—এ পর্যন্ত কোন উত্তর পাওয়া যায় নি। একটা প্রশ্নের উত্তর মন্ত্রী মহাশয় দিয়েছেন গতকল্য কিন্তু আর একটা প্রশ্ন রয়েছে তার উত্তর এই সেসন-এ দিলে বাধিত হব।

Mr. Chairman: You have made your statement and I have drawn the attention of the Minister to that.

Debate on the Motion of Address in Reply to Governor's Speech.

Mr. Chairman: Let us resume the debate.

Sj. Tripurari Chakraborty: Mr. Chairman, Sir, in all humility and :ith a deep and profound sense of responsibility I rise to make my humble ontribution to the debate on the Governor's Address. That Address, ccording to the canons of constitutional and parliamentary democracy all ver the world, embodies the policy and programme of the Government, it mbodies the policy and programme of the party in power. For the overnment or to the Government it is undoubtely at once a defence and programme. It is a defence of the position that the Government has iken up in the discussion and handling of the affairs referred to in the ddress. It is a programme for the Government to carry out or execute in uture. To us sitting on this side of the House, to us, members of the pposition, it affords an opportunity for criticising, condemning, castigatng and if necessary, for censuring the party in power. I am not offering ıy criticisms in a factious spirit, I am not actuated by any motive of ıere fault-finding. Only three days ago I particilated before you, Sir, ı the oath-taking ceremony. At that time I had not the courage to utter he name of God. I did not swear in the name of God. But nevertheless did solemnly affirm that I will bear true allegiance to the Constitution, nd this impels me to make my observations. The Constitution which we ll adore, the Constitution which we all admire, places on us certain sponsibilities and obligations as members of this legislature. It is our aramount duty to fulfil those obligations. In the very forefront of the onstitution there is a Preamble and in that sacred Preamble we have said at we, the people of India, solemnly resolve to constitute India into a vereign democratic republic and to secure to all its citizens justice, social, onomic and political.

10—10-10 a.m.]

will be taken note of by my friends on this side concerned with the admini tration. But Sir, it has also pained me to observe that some other critici from some of our friends on the Opposition are not very fair. They hav unfairly criticised the Government and also attributed bad motives to th Ministers as well as to the officers concerned. Sir, as the time is very bri I will refer only to three points, first to education, then to corruption an lastly to rehabilitation.

As regards education, I see from the amendment put forward by m friend Sj. Gopal Halder that he says that

পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে কার্যত কোন সুপরিকল্পিত শিক্ষানীতি ও সুশৃঙ্খল শিক্ষাপদ্ধা গৃহীত হয় নাই। শিক্ষাক্ষেত্রে আমলাতান্ত্রিক অনাচার ও দল পোষণ এই নীতি অবলম্বি হইয়াছে।

I again repeat. The charges are these

পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে কার্যত কোন সুপরিকল্পিত শিক্ষানীতি ও সুশৃঙ্খল শিক্ষাপদ্ধা গৃহীত হয় নাই। শিক্ষাক্ষেত্রে আমলাতান্ত্রিক অনাচার ও দল পোষণ এই নীতি অবলম্বি হইয়াছে।

Now, I expected something better from my friend Sj. Halder whos opinion I respect. This is the general criticism which is always being mad by my friends on the Opposition against the educational policy and als against the administration of the Government. Sir, it is well known to every body that before independence, our educational interests used to be grossl neglected, educational facilities were few and no thoughtful and systemat procedure for the development of education was followed. But, Sir, no who takes interest in the educational development of the country should fa to note that since independence strenuous efforts are being made by th Govrnment to bring about an all round development of education. After th attainment of independence, an exhaustive survey of the educational faciliti was made in order to remodel our system of education in accordance wi the needs of the country. Sir, the Primary Education Committee wa appointed after Zakir Husain Committee's report and it was unanimous resolved that the pattern of primary education in the country should be th Basic education.

[11-30—11-40 a.m.]

Then as regards the secondary education it was felt that the seconda education was not in a properous condition. In fact it was in a most u satisfactory condition. With a view to bring about an improvement in t secondary educaiton, a Secondary Education Commission, the Mudali Commission, was appointed. Then it was also felt that higher education the State was not in a very satisfactory condition. A University Commissi to be presided over by no less a person than Sir Radhakrishnan was theref appointed. When the recommendations of these different Commission we placed before the country they were subject to critical examination by oth Commissions. So far as the higher education is concerned the conference Vice-Chancellors considered the suggestions. So far as the secondary edu tion is concerned not only the Central Advisory Board of Education but body of international experts on secondary education considered th suggestions and as a result of these critical examinations of the recommen tions made by the expert educationists, it was unanimously resolved that t pattern of education would be just like this: Eight years of integrated e mentary education, three years of higher secondary education and then th years degree course. Thus the pattern of the Primary education was Ba education. The pattern of secondary education was set by the Second Education Committee and plan of University Education was also set by t

said Expert Committee. Now, therefore, it would not be fair on the part of any impartial observer of the educational policy and educational development of the State to say that

কোন সুপরিকল্পিত নীতি অনুসারে দেশের শিক্ষাব্যবস্থা পরিচালিত হচ্ছে না।

I do not understand how my friend Shri Gopal Halder could say that there is no সুপরিকল্পিত শিক্ষানীতি behind the educational system. Of course if they do not like the pattern of basic education, it ought to be the duty of the critics to suggest an alternative pattern of education. If the Eleven-Year Course of Secondary Education is not to their liking it would be the bounden duty of the critics to place before the country an alternative plan of education. It the Three-Year Decree Course is no considered by them satisfactory, it would be necessary for them to recommend another course of University Education. But it is not fair, Sir, for the critics, let me repeat, to say that the Government is not following any *suparikalpita siksha niti.* The plan which is being followed by the State Government, the pattern of education which is being followed by the State Government is not the result of any conspiracy on the part of the Secretariat. They are strictly following the plan laid down by the Centre, a plan which has been recommended by educational experts. Therefore, if it is not considered satisfactory by the opposition, I would again say, it would be their duty to place before the country an alternative plan of education. Therefore, I say Sj. Gopal Halder has not been fair in his criticism.

Then, Sir, it has been said that there has been no real improvement in the quality of education. I entirely agree with the critics. There has been no real improvement in the quality of education. But whose fault is this? Any attempt which is made for the improvement of the quality of education is at once resented by some of our critics, by the friends on the opposite. Collegiate education, education in schools, primary education—none of them is in a satisfactory state. I entirely agree with my friends on the opposite. As a matter of fact, I would be unfair to my training and tradition and to my experience and education if I deny this charge made by them. But our friends on the opposite should also remember that it is they, and not the Government members belonging to the other side, who are opposing tooth and nail any real attempt to bring about improvement in the quality of education. Some mammoth colleges, colleges which have on their roll strength four thousand, five thousand and six thousand students—do you think that any real education is being imparted in these institutions? But any attempt to bring about an improvement is at once resented by our friends. Then as regards secondary education, who among my friends on this or that side, can place his hands on his hearts and say that the educational institution to which he has given his sons, grand-sons and daughters imparts education satisfactorily? None of them, not even many of our teacher friends are prepared to swear that the education which is being imparted in most of the secondary schools is satisfactory. Yet any attempt which is made to bring about an improvement of this education is resented by the opposition. It is known to everybody that the quality of education in our educational institutions is not satisfactory mainly because of two factors. Our teachers are ill-paid and they have not also got their proper training and education in the institutions in which they were trained. Their fitness for imparting real, good and sound education on modern lines cannot be taken for granted. Many teachers are not fit to do justice to the system of education which is going to be introduced in the country. Therefore it was thought that there should be a screening of the teachers, i.e., there should be selection of those teachers who would be highly qualified for imparting this education and our Education Minister thought of certain plans. But poor Education Minister, it was impossible for him to visualise that this is the age of পাঁচেয়া সাঁকো No real genuine reform is possible,

because at once vested interests, at once the opposition, the leftist friends on the opposition who are seeking every opportunity to bring disgrace upon the Government would keep up a row, create agitation in the country.

[11-40—11-50 a.m.]

The result was that all sorts of pressure was brought to bear upon the Education Minister and the scheme had to be abandoned. This does not mean that for one moment I say that the remuneration of the teacher is what it ought to be. The secondary teachers are ill-paid, college teachers are ill-paid, primary teachers are ill-paid. Every one of them is ill-paid. Every section of these teachers should be kept above want. But, Sir, no genuine reform is possible in this line, because of the attitude of our friends on the opposition and the attitude of the advocates of vested interests.

As my time is short I will only refer to corruption. My friend Mr. Nausher Ali has given notice of an amendment in which he regretted that no word has been said about the widespread corruption in the State, and my friend Sj. Annada Prosad Choudhuri and some other friends have also spoken eloquently on the corruption which is prevalent in the State not only among the Government servants, but among the people in general. Sir, in this connection I would ask my friends to remember that just as self-complacence and the attitude of self-praising is bad, so the attitude of morbid self-criticism and self-condemnation is equally bad. I do not believe for a moment that our people are more corrupted than people of other countries, but it is also a fact that due to long period of servitude under the foreign Government our moral backbone has been broken to a large extent. Therefore, the moral calibre of the people in this country is not as it should be. It would be unfair to accuse only the Government servants of lack of moral principle. We the ordinary people are equally guilty of the same charge, and why should not there be such moral degradation? There is no religious education, there is no religious training for our young men, there is no religious atmosphere in our household. Particularly the old tradition has disappeared completely, old ideas have completely disappeared. We blindly follow the practices, the examples of the people of the West. We have become mammon worshippers and, therefore, if there is any moral lapse on the part of our people, we all are jointly responsible for that. So it is not fair to criticise only certain Ministers or certain officers of the Government for that. My friend Professor Tripurari Chakrabarty has waxed eloquent over the matter. (Sj Tripurari Chakrabarty: Unfortunately, I am younger than you). I have listened to his speech with raptest attention. His speech really deserves such attention by everybody not only of this side but of the Opposition also. But, Sir, he has forgotten that the moral atmosphere in the country and moral education have completely disappeared. I say the old idea has completely vanished. We are only anxious for money, for grabbing money. Therefore, so long as this mentality will exist, there is no hope of any real reform. But how can this mentality be eradicated? Now, the first thing to be done is to try to remove the want of the people. People take bribes because they are not above want, they can hardly make their both ends meet. Therefore, Sir, if you want to eradicate corruption, then the first thing would be for you to try to see that everybody is placed above want. So long as that is not done, the incentive to take bribes will exist. But in this connection we should remember that taking bribe is as much a sign of moral corruption as to offer bribe.

Mr. Chairman: Mr. Rai Choudhuri, I request you to be brief.

Sj. Mohitosh Rai Choudhuri: Therefore, Sir, moral regeneration is necessary. It is the duty of all of us to try to bring about that atmosphere. Then, Sir, there is another thing.

Mr. Chairman: Mr. Rai Choudhuri, you have already taken more than wenty minutes.

Sj. Mohitosh Rai Choudhuri: Sir, many people have been given 25 or 30 minutes. I shall finish in a couple of minutes.

Then, Sir, I would touch on one other topic, viz., rehabilitation. There s no denying the fact that the refugee problem has not been very satis-actorily handled, there is no denying the fact, as my friend Sj. Annada rosad Choudhuri has said, that there are certain defects in the administra-ion of the Refugee Rehabilitation Department and I am sure Government vill take note of that. But it is difficult for me to follow one point. Of ate I have been noticing that systematic propaganda is being made against he Dandakaranya scheme but I cannot fail to remember that only a few nonths back there was almost a unanimous decision... (Sj. Gopal Halder: [illegible] great sage Valmiki pointed out for the first time the dangers of Dandakaranya). There was a unanimity on the part of my friends on the pposition that the Dandakaranya scheme was very good and the national [illegible]ss in Bengal spoke most highly of this scheme. Not only that. At a onference convened by the State Minister Mrs. Mukherjee, at which the eaders of the Opposition were invited, I am told, it was unanimously esolved that the Dandakaranya scheme would be pushed through. But, Sir, uddenly I find that a systematic attempt is being made to undermine that roposal. Now, here I sound a note of warning to the Government. We are old that there is not sufficient land in Bengal for the rehabilitation of the efugees. I am not sure—and I am not aware—of the facts but if it is a [illegible]ct, Government should take this fact into serious consideration. If they [illegible]d that there is no scope for the rehabilitation of the refugees in West Bengal, then they should proceed with the implementation of the Danda-aranya scheme but they should think it very carefully.

Mr. Chairman: I request you to close your speech.

Sj. Mohitosh Rai Choudhuri: I would request the Government to care-ully consider the matter whether the Dandakaranya scheme should be pushed hrough. If they do not want to push through the scheme, let it be abandon-ed and let Government not wait for the pressure for its abandonment by the unger-striking refugees.

[11-50—12 noon.]

Sj. Monoranjan Sen Gupta: Sir, I beg to move that the following be dded at the end of the address in reply, viz.,—

"But regret that there is no mention of—

(a) the steps taken for rehabilitation and removal of the refugees who have taken shelter at the Sealdah Station and who have been putting up in camps at Tribeni, Nityanandapur, Balagarh and Dhatrigram in the districts of Hooghly and Burdwan;

(b) any plan for the rehabilitation of refugees in the Sundarban area and in the vast tracts of lands lying vacant in such districts as Hooghly, Nadia, etc.;

(c) inadequacy of steps taken for, and official indifference to, agricultural improvements in the State;

(d) arrangements for small-scale irrigation in rural areas;

(e) tardy and slow expansion of medical facilities in the State during 1957 and mismanagement in Government and non-Government Hospitals;

(f) the little progress made towards making the primary educati[on] universal and compulsory;

(g) the chaotic condition prevailing in the Secondary Education al[so] in the collegiate and University education;

(h) undemocratic constitution of the Board of Secondary Education;

(i) provision for the well-being of the students in all respects—physical, intellectual and moral;

(j) unsatisfactory scale of salaries of teachers of all categories;

(k) arrangement made for the education of labour-population in th[e] State;

(l) steps taken for prevention of adulteration of foodstuffs and remov[al] of corruption in the State;

(m) effective measures to cope with unemployment problem in th[e] State."

মাননীয় সভাপতি মহাশয়, রাজ্যপাল মহোদয়া যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণে পশ্চিমবঙ্গে[র] সম্পূর্ণ চিত্র উদ্ঘাটিত হয় নি। ভাষণে অনেক কথা বলা হয়েছে আবার অনেক কথা বলা হ[য়] নি। সেইজন্য আমরা তাঁর ভাষণের সমালোচনা করতে বাধ্য হচ্ছি। আমি প্রথমে উদ্বাস্[তু] সমস্যা সম্বন্ধে কিছু বলব। উদ্বাস্তু সমস্যা সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। কিন্তু যে[টা] মন্ত্রিমহোদয়গণের প্রতিকারের সাধ্য, যেটা অনায়াসেই করতে পারতেন, যার জন্য তাদের হাতে টাকা আছে এবং ভারত গভর্নমেন্ট যেসমস্ত টাকা দিয়েছে, তাও তারা ব্যয় করতে পারেন নি এই প্রতিকার সম্বন্ধেই প্রথমে আমি বলবো। শেয়ালদা ষ্টেশনে যেসমস্ত উদ্বাস্তু বৎসরের প[র] বৎসর, মাসের পর মাস, দিনের পর দিন যেভাবে কাটাচ্ছে, সেই যে করুণ দৃশ্য, যে হৃদয়বিদার[ক] দৃশ্য প্রত্যেকের প্রতিদিন দেখতে হয় সেখানে আমরা দেখতে পাচ্ছি দারুণ শীতের মধ্যে ছো[ট] শিশু রাত্রে অনাবৃত রয়েছে, কুলবধূ স্বল্প বস্ত্র পরে দিন কাটাচ্ছে। সেখানে দেখতে পা[চ্ছি] বৃদ্ধ-বৃদ্ধারা শীতে কাঁপছে। আরও আমরা দেখেছি বর্ষাকালে যেসমস্ত উদ্বাস্তু তাঁবু খাটি[য়ে] আছে, তারা ভিজে যায়, সেই হৃদয়বিদারক দৃশ্যও আমরা দেখতে পাচ্ছি। কিন্তু দিনের প[র] দিন দেখে দেখে আমাদের সুকোমল বৃত্তিগুলি সমস্ত নষ্ট হয়ে গিয়েছে। তার ফলে তাদে[র] কোন প্রতিকার হয় নি। আমি মনে করি এটা বাংলার পক্ষে একটা কলঙ্ক। কলঙ্ক এইজন্য যে, আমাদের স্বজাতি যারা, যারা আমাদের সংস্কৃতিভুক্ত কিংবা যাদের সমধর্মাবলম্বী বলতে পারি তাদের দুঃখে আজ আমরা উদাসীন। এর প্রতিকার কি সরকারের পক্ষে অসাধ্য, তারা কি এই ৫।৬ হাজার উদ্বাস্তু যেখানে যা আছে তাদের অন্য জায়গায় স্থানান্তরিত ক'রে দিয়ে তাদে[র] খাদ্যের ব্যবস্থা করতে পারেন না কি? তাঁদের এই কথাই জিজ্ঞাসা করব তাঁরা কেন পারেন না। আমার মনে হয় তাঁদের সুকোমল বৃত্তি যেটা সেটা নষ্ট হয়ে গিয়েছে। তাঁরা সেটা অনুভ[ব] করতে পারেন না। আমি শ্রদ্ধেয় লালা লাজপত রায়ের শ্রদ্ধাস্মৃতি বহন করি। তিনি বহুকা[ল] আগে ব'লে গিয়েছিলেন, ফিল মাই কান্ট্রিমেন, ফিল। আজকে যাঁরা সরকারের শাসনতক্তে ব[সে] আছেন, তাঁরা তাদের জন্য কোনরকম ব্যথা অনুভব করেন না, তাদের জন্য কোন বেদনা বো[ধ] করেন না, তাদের জন্য কোন সহানুভূতি নেই। কোন ব্যক্তিগত বা প্রতিষ্ঠানের পক্ষে এই সমস্যা সমাধান করা সম্ভব নয়। যদি কেউ সমাধান করতে পারে তো সেটা সরকার। কিন্তু সরকা[র] পারেন নি এইজন্য যে তাদের মধ্যে উদাসীনতা রয়েছে, তাদের মধ্যে স্বজাতি প্রীতি নেই। আমার মনে হয় পৃথিবীতে এমন কোন জাতি নেই যে দেশবাসীকে এই রকমভাবে দারু[ণ] লাঞ্ছনার মধ্যে, দুর্দশার মধ্যে, দুর্গতির মধ্যে রাখতে পারে। শুধু পৃথিবীর সভ্য জাতি বলবে[ন] কেন, এক বাঙ্গালী জাতি ছাড়া পৃথিবীতে আর কোন জাতি নেই। আজ যদি এই বাস্তহার[া] সমস্যা উত্তর প্রদেশের হ'ত তাহলে তারা এই সমস্যা সমাধান করতো সকলে মিলে। আমর[া] আজ এমন একটা মনোবৃত্তি অবলম্বন করেছি যে, আমরা তাদের জন্য কোন রকম ব্যথা অনুভ[ব] করতে পারি না। তাদের প্রতি যে আমাদের কর্তব্য আছে সে বিষয় আমরা সজাগ ও সচেত[ন] নই। সুতরাং আমি তাঁদের দৃষ্টি মানবতার খাতিরে আকর্ষণ করবো। মাননীয় প্রফুল্লচন্দ্র সেন পুনর্বাসন মন্ত্রী হয়েছেন, পূরবী দেবী রয়েছেন, মায়া ব্যানার্জি রয়েছেন, অথচ তার কো[ন]

প্রতিকার হয় নি কেন তা আমরা বুঝতে পারি না। মন্ত্রীরা থাকেন কি করে, রাত্রে তাঁদের নিদ্রা হয় কি করে যখন এই সমস্ত অসহায় শিশু ও সমস্ত কুলবধূ রয়েছে যাদের কোন ব্যবস্থা হয় নি? আর যারা ক্যাম্পএ আছে শুধু এখানে নয়, আমি যখন দেশে যাই তখন দেখতে পাই নিত্যানন্দপুর, বলাগড় প্রভৃতি জায়গায় আজকে বৎসরের পর বৎসর, জীর্ণ শীর্ণ কতকগুলি তাবু রয়েছে তার মধ্যে কতকগুলি উদ্বাস্তু বাস করছে। বর্ষাকালে তারা ভেজে, তাতে মেজে পর্যন্ত করা হয় নি; তারা মাটির মধ্যে বাস করছে আজকে দিনের পর দিন, বৎসরের পর বৎসর অথচ তার কোন প্রতিকার নেই। কেন এই রকম হয়? আজকে বিদেশী সরকার আমাদের শাসনতন্ত্রে বসে নেই, আজ আমাদের স্বদেশী সরকার আছে অথচ এই রকমভাবে মানবজাতি, আমাদের স্বজাতি এই লাঞ্ছনার মধ্যে কেন বাস করবে? আমার মনে হয় আমাদের জাতীয়তা বোধ নষ্ট হয়ে গিয়েছে।

Mr. Chairman: There are 13 points in your amendment and you have already taken 5 minutes.

Sj. Monoranjan Sen Gupta: Alright, Sir, I shall now pass on to other points.

তবে এইটা ভাল করে বলছি। আমি সেইজন্য তাদের সহানুভূতি ও সজাগ দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। আমি জানি যে তাঁরা ইচ্ছা করলে এর প্রতিকার করতে পারেন। সেজন্য আমি তাঁদের সহানুভূতিসূচক দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। আমি জানি যে তাঁরা ইচ্ছা করলেই এর প্রতিকার করতে পারেন, তবে এরজন্য মন্ত্রিমহাশয়ের একটু সহানুভূতিপূর্ণ দৃষ্টির দরকার। এটা বাঙ্গালীর পক্ষে কলঙ্কস্বরূপ, কারণ আমাদেরই স্বজাতি একজন লোক কষ্ট পাচ্ছে। তাদের যাতে মনের মধ্যে বেদনা ও সহানুভূতি জাগে তার ব্যবস্থা করা দরকার। এজন্য মানবতার নামে কংগ্রেস পক্ষকে নিবেদন করব যে, তারা যেন অনতিবিলম্বে সেটা দূর করে দেন।

তারপর অনেক ক্যাম্পে যেসমস্ত উদ্বাস্তু আছেন তাঁরা যে খুব সুখে স্বচ্ছন্দে আছেন তা নয়। একেই তো তাদের নানা রকম কষ্ট রয়েছে তার উপর তাদের ভার যাদের উপর দেওয়া আছে সেই সমস্ত কর্মচারীরা অত্যন্ত সহানুভূতিবিহীন, নিষ্ঠুর এবং নির্দয়। তাদের যেসমস্ত দুঃখ-দুর্দশা আছে সেগুলি তাঁরা অনায়াসে দূর করতে পারেন, কিন্তু তাঁরা তা করেন না। এর কারণ হচ্ছে যে, তাঁদের সে বিষয়ে কোন বেদনাবোধ নেই, সহানুভূতি নেই, স্বজাতিপ্রিয়তাবোধ নেই। অর্থাৎ এটা যদি মন্ত্রিমহাশয়দের না থাকে তাহলে তাঁদের যারা কর্মচারী আছে তাদের যে থাকবে না সেটা আমি সহজেই অনুভব করতে পারি। আমি জানি বীরেন্দ্র ঘোষ নামে একজন শিক্ষক তাঁবুতে আছেন, তাঁর তিনটি অন্ধ পুত্রকন্যা আছে—তাদের উপর এতদূর খারাপ ব্যবহার করা হয়েছে, নিষ্ঠুর ব্যবহার করা হয়েছে যে, তিনি টেলিগ্রাম করেছেন, আবেদনপত্র পাঠিয়েছেন এবং আমি নিজে ভারপ্রাপ্ত মন্ত্রীকে চিঠি পাঠিয়েছি যার জবাব এক মাস পরে পেলাম এবং তাতে বলা হচ্ছে যে, রিসিভিং এ্যাটেনসন। কিন্তু তাও এক মাস কেটে গেছে কোন প্রতিকার নেই। এই রকমভাবে যাঁরা তাঁবুতে আছেন তাঁদের সঙ্গে যদি এই রকমের ব্যবহার করা হয় তাহলে যারা অত্যন্ত দুঃখ-দুর্দশার মধ্যে রয়েছে, যারা একটু প্রীতি চায়, একটু সহৃদয়তা চায়, একটু মিষ্টি কথা চায়, একটু মিষ্টি ব্যবহার চায় তাদের তা না হলে এই দারুণ দুঃখ-দুর্দশার মধ্যে কি করে তারা বাস করতে পারে? সেজন্য এখানে যাঁরা মন্ত্রিমহাশয় আছেন তাঁদের এই বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করব যে, তাঁদের ভারপ্রাপ্ত কর্মচারী যাঁরা আছেন তাঁরা যাতে তাদের সঙ্গে সহৃদয়তার সঙ্গে ভাইয়ের মতন ব্যবহার করেন সেই রকম একটা নির্দেশ দিলে ভাল হয়। তারপর বাংলার বাহিরে উদ্বাস্তু পাঠাবার সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। আমি নিজে বাংলার বাহিরে পাঠাবার বিরোধী নই। ঘরের ছেলেকে বাহিরে পাঠাতে গেলে অনেক জিনিস বিবেচনা করতে হয়। বাংলায় যদি জায়গা না থাকে তাহলে আলাদা কথা, কিন্তু প্রশ্ন হচ্ছে পশ্চিম বাংলায় কি বাস্তবিক জায়গা নেই অথবা যেসমস্ত জায়গা আছে সেগুলোকে কি ভালো করে পরীক্ষা করে দেখা হয়েছে? আমার যা ইনফর্মেশন আছে সে সম্বন্ধে কিছু বলব। আমি অধ্যাপক মহীতোষ রায়চৌধুরীকে বলব যে, তিনিও একবার বলেছিলেন এবং আমিও বলছি যে, আমি নিজে দেখেছি সুন্দরবনে ৩ হাজার ৮৯ স্কোয়ার মাইল জায়গা আছে যেটা পশ্চিম বাংলার প্রায় ১/১০ অংশ এবং আমার মনে হয় যে

সেখানে ২-৩ লক্ষ রিফিউজীকে পুনর্বাসন দেওয়া অসম্ভব নয়। সে সম্বন্ধে একটা স্কীমও মহীতোষ বাবু দিয়েছিলেন—তাঁর একজন ইঞ্জিনীয়ার বন্ধু শ্রীকুমুদবন্ধু রায় দ্বারা লিখিত। সেই স্কীম সম্বন্ধে এক সময় তিনি বলেছিলেন, কিন্তু সরকার পক্ষ সে সম্বন্ধে কোন মনোযোগ দেন নি।

[12—12-10 p.m.]

আমি আরও বর্তমানে ব্যক্তিগতভাবে জানি হুগলি জেলার আরামবাগ মহকুমায় ৯ বর্গ-মাইল জায়গা পড়ে আছে। আমি আরও জানি যে, আমার দেশে ত্রিবেণী বাঁশবেড়িয়া থেকে পাটুলি পর্যন্ত রেলের ধারে বহু জায়গা পড়ে আছে যেখানে পুনর্বসতি করা যায়: চন্দ্র-কোনায় বহু জায়গা আছে যেখানে পুনর্বসতি করা যায়, অথচ সেইসব জায়গায় চেষ্টা না ক'রে কেন বাংলার বাহিরে—অবশ্য দণ্ডকারণ্যে অন্তত বেশি সংখ্যায় পাঠিয়ে সেখানে কলোনি করার যে চেষ্টা হচ্ছে তার অর্থ বুঝতে পারি, কিন্তু মাইথনে বা অন্যত্র কিছু পাঠানো—এ কেন? বাঙ্গালীর নিজেদের কৃষ্টি, নিজেদের সংস্কৃতি আছে এবং সকলেরই কামনা, নিজেদের আত্মীয়স্বজন বা আত্মীয়ের মত মানুষের সঙ্গে বাস করা। অ্যাডভেঞ্চারাস স্পিরিটএতে মানুষ যেতে পারে যখন মানুষ ঘরে খেতে পায় না তখনই মানুষের সেই চেষ্টা হয় এবং তখনই মানুষ বাহিরে যেতে বাধ্য হয়। রাজ্যপাল মহাশয়ার ভাষণে পাচ্ছি মাত্র ৬০০ লোক মাইথন পাঠানো হয়েছে, সেখানে কি বাঙ্গালী পরিবেশ পাবে? আমি সেইজন্য নিবেদন করব যে, বাংলায় বাস্তবিক সুযোগ আছে কিনা, সে বিষয়ে বিশেষভাবে অনুসন্ধান ক'রে দেখা, জরিপ ক'রে দেখা দরকার, যদি খালি জায়গা থাকে, কৃষিজীবী যারা আছে তাদের যদি পর্যাপ্ত পরিমাণ ভূমি দিতে পারা যায়, তবে কেন তাদের দেশে রাখা হবে না। এখানে দেখতে পাচ্ছি, দণ্ডকারণ্যের বিরুদ্ধে একটা আন্দোলন গ'ড়ে উঠেছে। আন্দোলন তারই জন্যে সম্ভব হচ্ছে যে, বাংলাদেশে জায়গা আছে কি না আছে সে সম্বন্ধে বিশেষভাবে পরীক্ষা করা হয়েছে ব'লে মনে হয় না, অন্তত মন্ত্রিমহাশয়ের কাছ থেকে কোনরকম স্টেটমেন্ট পাই নি।

আমরা জানি লীগের আমলে, সুরাবর্দি সরকারের আমলে তাঁরা আরও মুসলমানের সংখ্যা বাড়াবার চেষ্টা করেছিলেন এবং তার জন্য বাংলায় যে অনেক পতিত জমি রয়েছে সেই পতিত জমিতে বাহিরে থেকে মুসলমান আনিয়ে তাঁরা বসাবার চেষ্টা করেছিলেন। আজকে আমাদের যাঁরা মন্ত্রী আছেন তাঁদের মধ্যে সে প্রচেষ্টা করা হয় নি কেন? আমার মনে হয়, তার একটা কারণ—সহানুভূতির অভাব, স্বজাতিপ্রিয়তার অভাব।

আমার পরের কথা হচ্ছে—এগ্রিকালচারাল ইম্প্রুভমেন্ট সম্বন্ধে। এ বিষয়ে অনেক কথা বলা হয়েছে আমি সামান্য দুই-একটি কথা বলব। "গ্রো মোর ফুড ক্যাম্পেন"এ বহু লক্ষ টাকা খরচ করা হয়েছে, এর জন্য একটি কৃষিবিভাগ আছে ও উচ্চপদস্থ কর্মচারীও আছে, কিন্তু কেন আজ সময়মত বীজ পাওয়া যায় না, সময়মত ঋণ পাওয়া যায় না, কেন দরখাস্ত করলে পর নানারকম কামব্রাস প্রসেসের মধ্য দিয়ে যেতে হয়? তার ফলে মানুষ উৎসাহ অনুভব করে না, আমি নিজের অভিজ্ঞতা থেকে বলছি। আমাদের দেশে যখন আলুবীজ গিয়ে পৌঁছায়, তখন আলুবীজ বপনের সময় উৎরে গেছে, লোকে সে বীজ নিয়ে আজ তরকারি করে খাচ্ছে। তার কারণ এই যে, সরকারের ভারপ্রাপ্ত কর্মচারী যাঁরা আছেন, তাঁরা সেবকের মনোভাব নিয়ে কোন কাজ করেন না। স্পিরিট অব সার্ভিস তাঁদের মধ্যে নাই, তাঁরা চাকরি করেন, দিনগত পাপক্ষয় করেন, সরকারের সে বিষয়ে কর্তব্য আছে, তা মনেই করেন না। যেটুকু করতে বলা আছে কোনরকমে সেইটুকু করা হ'লেই শেষ হ'ল, কোন প্রেরণা নাই যে, দেশকে নূতন ক'রে গ'ড়ে তোলা হবে। জাতিকে সাহায্য করব এরকম কোন প্রেরণা সেইসব কর্মচারীর মধ্যে নাই। সেই সমস্ত কর্মচারীর মধ্যে, এ কেন, যেসমস্ত কর্মচারী নিযুক্ত হয়েছে সবাই বৃটিশ গভর্নমেন্টের আমলে ছিলেন এখনও আছেন, তাঁদের মধ্যে দেশের প্রতি কোন মমতা নাই, দেশকে গ'ড়ে তুলব এরকম মনস্তত্ব নাই ব'লেই আজ যেসমস্ত কর্মচারী রয়েছেন তাঁদের দ্বারা আশানুরূপ কাজ হচ্ছে না, তাঁরা নিজেদের প্রাপ্যটা পেলেই সন্তুষ্ট আর মন্ত্রীরা যাঁরা উপরে রয়েছেন তাঁরাও সে প্রেরণা দিতে পারেন না তার ফলেই আজ এরকম অব্যবস্থা চলছে।

সেচ সম্বন্ধে আমি বলতে চাই যে, সেচের জন্য বহু কোটি টাকা ব্যয় হচ্ছে; তার ফল হয়ত স্থানীয় কতকগুলি লোক পাচ্ছে কিন্তু বহু লোক তার দ্বারা উপকৃত হচ্ছে না। সব জায়গায় সেচ সম্বন্ধে এই ব্যবস্থা করা উচিত ছিল, সহজসাধ্য যে ব্যবস্থা সব দেশে করেছে সে ব্যবস্থা আমাদের দেশে হয় নি কেন? আমাদের দেশে অনেক পুকুর আছে। আমি বর্ধমান জেলার লোক, সেখানে দেখি মাঠের মধ্যে অনেক পুকুর রয়েছে, বড় বড় দীঘি আছে, কিন্তু সব মজে গিয়ে জমি তৈরি হচ্ছে। সেখানে কেন বাধ্য ক'রে সেই পুকুরগুলো কাটবার ব্যবস্থা হয় না? সেইসবের পঙ্কোদ্ধারের কাজ হ'লে এবং সময়মত জল দিতে পারলে অবশ্যই কিছু না কিছু ফসল পাওয়া যাবে। আমি এ বিষয়ে মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Chairman: You have already taken 15 minutes. Try to be brief.

Sj. Monoranjan Sengupta:

আমার অনেক কথা বলবার আছে। মহীতোষবাবুকে তো আপনি আধঘণ্টা সময় দিয়েছেন। যাই হোক আই স্যাল ট্রাই টু বি ব্রীফ অ্যাজ ফার অ্যাজ পসিবল। সুতরাং আমার সাজেসশন হচ্ছে গঠনমূলক কথা; কোন সমালোচনার জন্য সমালোচনা নয়, যেসমস্ত পুকুর আছে, সেগুলি পঙ্কোদ্ধার করলে সেচের ব্যবস্থা হ'তে পারে, তার ফলে বহু একর জমিতে চাষের ব্যবস্থা হ'তে পারে; চাষের জন্য, বিশেষত ধানচাষের জন্য সারের চেয়েও সময়মত জল দেওয়ার অধিকতর প্রয়োজন। আশা করি মন্ত্রিমহাশয় এ বিষয়ে দৃষ্টি দিবেন।

তারপর রাজ্যপালের ভাষণে হাসপাতাল সম্বন্ধে যে কথা আছে যে, বেডের সংখ্যা কিছু বেড়েছে; বেডের সংখ্যা যদি বেড়েও থাকে তা হ'লেও সেটা খুব সন্তোষজনক ব'লে মনে করি না। সেটা ১৩ হাজার ৫ শত ৭২ থেকে ১৯৫৭ সালে ১৬ হাজার ৭ শত হয়েছে, এখন মোটামুটি মাত্র তিন হাজার বেড বেড়েছে, এটা খুব সন্তোষজনক নয়। আজকাল আমাদের দেশে সকলেই হাসপাতালে গিয়ে চিকিৎসা করাতে চাইছেন, সেখানে যাওয়ার প্রতি বিরূপ ভাব চলে গেছে, জগতের সব সভ্য দেশেই সেই ভাব আছে। ইংলন্ড প্রভৃতি দেশে অসুস্থ হ'লে সেখানে সকলে হাসপাতালে গিয়ে চিকিৎসা করাতে পারে এরকম সুন্দর ব্যবস্থা সেখানে আছে। ইংলন্ডের বেডএর সংখ্যার যা পরিসংখ্যান পাই তাতে দেখি যে, সেখানে সেই সংখ্যা হচ্ছে ৪,৬৮,২৪৫ ইংলন্ড এবং ওয়েলস্ নিয়ে আর সেখানকার লোকসংখ্যা ৪ কোটিরও বেশি নয়, আর আমাদের এখানে লোকসংখ্যা হ'ল ২ কোটি ৫০ লক্ষ। সুতরাং আনুপাতিক তুলনায় আমাদের দেশে অনেক কম; অথচ ইংলন্ড ধনীর দেশ, তারা নিজেদের চিকিৎসার ব্যবস্থা করাতে পারে, আর আমাদের এই দরিদ্র দেশে যদি তিন বৎসরে যদি তিন হাজার বেড বেড়ে থাকে তা হ'লে উপযুক্ত সংখ্যায় বেড বাড়তে কতকাল লাগবে সেটা বিবেচনা করতে পারেন। আমাদের খাদ্যের যেমন প্রয়োজন স্বাস্থ্যেরও তেমনি প্রয়োজন, এ বিষয়ে যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী তাঁকে এখানে উপস্থিত দেখছি না তা হ'লেও আমি চেয়ারম্যান মহাশয়ের মাধ্যমে এ বিষয়ে মনোযোগ আকর্ষণ করব—তা ছাড়া আমাদের দেশের হাসপাতালে যথেষ্ট মিসম্যানেজমেন্ট আছে; রোগী যাঁরা সেখানে যান কোনরকম সুপারিশ না থাকলে, তাঁরা মনোযোগ পান না। সে কি বহির্বিভাগে কি অন্তর্বিভাগে। তার কারণ কি? আমার অনেক ছাত্র ডাক্তার আছে, তাদের যখন বলি যে, তোমরা কেন ভাল ক'রে রোগীদের দেখ না? তারা বলে, আমাদের সেখানে এতগুলি রোগী দেখতে হয় যে, ভাল ক'রে দেখা সম্ভব হয় না, আর যদি অতগুলো না দেখতে পারি তা হ'লে আমাদের বিরুদ্ধে একটা রিপোর্ট যাবে।

[12-10—12-20 p.m.]

সুতরাং হাসপাতালের যদি উন্নতি করতে হয়, ডাক্তারের সংখ্যা বাড়াতে হবে, নার্সদের সংখ্যা বাড়াতে হবে। ইংলন্ডের নার্সের সংখ্যার যে খবর পেয়েছি ১,৪০,৯৬৪ জন হোলটাইম নার্স আছে আর পার্টটাইম আছে ২৬ হাজার ৪৬২ জন। সুতরাং আজকে আমরা কোথায় আছি? আমাদের একজন নার্সকে দেখতে পাই ৫০ জন রোগীকে দেখতে হয়। এখানে সত্যের খাতিরে বলতে হবে যে, আজকে আমরা ডাক্তার নার্সকে দোষ দেব না—যতখানি দোষ দেব ভারপ্রাপ্ত মন্ত্রী যিনি আছেন তাঁকে, যারা কর্মচারী আছে তাদেরকে।

আমি এবার শিক্ষা সম্বন্ধে বলতে চাই। শিক্ষামন্ত্রীমহাশয় অনুপস্থিত আছেন। উপস্থিত থাকলে সুখী হতাম। প্রাইমারি এডুকেশন সম্বন্ধে কোন প্ল্যান আছে কিনা জানি না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেখছি কিছু সংখ্যা বাড়ান হবে। বর্তমানে প্রাইমারিতে মাত্র ২৪ পারসেন্ট বাংলাদেশে লিটারেট।

Mr. Chairman: Mr. Sen Gupta, please be brief.

Sj. Monoranjan Sengupta:

এই ২৪ পারসেন্টকে সেন্ট পারসেন্টএ আনতে গেলে ক বছর লাগবে ভেবে দেখুন। তার জন্য একটা প্ল্যান দরকার। আমরা চাইছি যে, একটা প্ল্যান আসুক। মহীতোষবাবু বলেছেন আমরা কেবল ইরেসপন্সিবল ক্রিটিসিজম করি, দায়িত্বহীন সমালোচনা ক'রে যাই। তা নয়। আমরা চাই এই যে ২৪ পারসেন্ট লিটারেট এটা সেন্ট পারসেন্ট হোক—কি ক'রে সংখ্যা বাড়বে? কত বছর লাগবে? দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা যা আছে তা কিভাবে কাজে পরিণত করা যাবে সে সম্বন্ধে সরকারের কোন প্ল্যান নেইক'। সে সম্বন্ধে অবহিত হওয়া আবশ্যক। এ ছাড়া আমার আরও অনেক কথা বলবার ছিল। সময় নেই।

সেকেন্ডারি এডুকেশন সম্বন্ধে বিশৃঙ্খলা চলেছে। কেওটিক কন্ডিশন অনেকদিন যাবতই চলছে, এটা নূতন কিছু নয়। আশা করেছিলাম হরেনবাবু মন্ত্রী হ'লে পর ভাল ক'রে কাজ আরম্ভ করবেন। পূর্বে যিনি ছিলেন তাঁর কাজের নমুনা অত্যন্ত হতাশাব্যঞ্জক। যে বোর্ড ডেমোক্রেটিক ছিল আজকে সমস্ত ক্ষমতা গভর্নমেন্ট করায়ত্ত করেছেন এবং কাজ চালাচ্ছেন। আমি এখানে তাঁকে বলতে চাই যে. আজকে বাংলাদেশের শিক্ষকদের শক্তি জাগ্রত। আজকে শিক্ষকরা যা ভাল মনে করেন, দেশের লোক ভাল মনে করেন, তা না ক'রে সরকার অন্য তেমন কিছু আজকে করতে পারবেন না। মাননীয় মন্ত্রিমহাশয় যে প্ল্যান করেছিলেন যে, শিক্ষকদের পি এস সি-র সামনে হাজির হ'তে হবে বেতনবৃদ্ধির সুযোগ নিতে হ'লে অধিকাংশ শিক্ষকই সেটা পূরণ করেন নি। শুধু নিখিল বঙ্গ শিক্ষক সমিতি নয়, West Bengal Teachers Association, Headmasters' Association যেটা গভর্নমেন্টএর অনুগত তাঁরাও অনেকে চান নি পি এস সি-তে হাজির হয়ে এই বেতন বৃদ্ধির সুযোগ গ্রহণ করতে। শিক্ষকরা যা চায় না, দেশের লোক যা চায় না অধিকাংশ টিচার্সএর ডেমোক্রেটিক স্পিরিট অনুযায়ী তাঁরা এটা চান না—এই যে গণতান্ত্রিক অবস্থা শিক্ষামন্ত্রীমহাশয়ের ব্যক্তিগত মত যাই হোক না কেন সেটাই মেনে চলতে হবে। সেটাই প্রকৃত গণতন্ত্র। ইংলন্ডের শিক্ষাব্যবস্থার কথা আমি জানি। ১৯৪৪ সালে বাটলার সাহেব যেভাবে চেয়েছিলেন দেশের লোক এতটা চান নি, দেশের লোক যা চেয়েছে সেটা সেখানে হয়েছে। আজ আমাদের দেশেও শিক্ষকদের শক্তি জাগ্রত হয়েছে, তাই শিক্ষকরা নিজেদের প্রাণ দিয়ে এই নীতির বিরুদ্ধে অনশন করল, এখন সরকারকে গণতান্ত্রিক হতেই হবে—নীতি তাদের বদলাতেই হবে।

আজকে নিখিল বঙ্গ শিক্ষক সমিতি দেশের প্রকৃত প্রতিনিধিমূলক সংস্থা এটা সরকারকে মেনে নিতে হবে। লাস্ট ইলেকশনে ২ জন প্রতিনিধি নির্বাচিত হয়েছেন। তাঁরা যে বলেছেন নেগোসিয়েশন ক'রে মাধ্যমিক শিক্ষার নানা ব্যবস্থা করবেন, আমরা আশা করি ঠিকভাবে তা অনুসরণ করবেন। আমলাতান্ত্রিকভাবে নিজেরা যা ভাল মনে করবেন তাই করবেন এই মনোভাব সরকারের পরিত্যাগ করা উচিত। শিক্ষামন্ত্রী যখন আমাদের সহযোগিতা চেয়েছিলেন তখন আমরা সহযোগিতার প্রস্তাব দিয়েছিলাম। আশা করি, তিনি এখন নিজেকে সংশোধন ক'রে শিক্ষাব্যবস্থা এমন করবেন যাতে দেশের ভাল হয়।

Mr. Chairman: I give you only 2 minutes and you must finish within that time.

Sj. Monoranjan Sengupta:

ইয়েস স্যার। তারপরে আমি বলব যে, আমাদের ছাত্রেরা পুষ্টিকর খাদ্য পায় না, তাদের স্বাস্থ্যের উন্নতির জন্য বর্তমানে পশ্চিমবঙ্গে কোন ব্যবস্থা নেই। ইংলন্ডে এবং সমস্ত দেশে

স্টট মেডিকেল সার্ভিস আছে। যে দে কমিশন এবং মুদালিয়র কমিশনের কথা শিক্ষামন্ত্রী বলেন, সেই কমিশনগুলি স্টেট মেডিকেল সার্ভিসেস ফর এডুকেশনের ব্যবস্থা ক'রে গেছেন কিন্তু সে সম্বন্ধে এখানে কোন কথা নেই। মহীতোষবাবু ব'লে গেছেন যে, বাংলাদেশে শিক্ষার কোন সংস্কার হতে পারে না ফর দি অপোজিশন—আমি একথার অত্যন্ত প্রতিবাদ করি। আমরা কনস্ট্রাকটিভ সাজেসশন দিতে চাই, আমরা ভিটো দিতে চাই না মন্ত্রীমহাশয় বা কংগ্রেস পার্টি যা বলেন তাতে। মহীতোষবাবু মন্ত্রিমহাশয় যেকথা বলবেন সেই কথা তিনি মানতে বাধ্য নতুবা তাঁর সীট থাকবে না। সুতরাং যাতে ছাত্রদের স্বাস্থ্যের উন্নতি হ'তে পারে তার ব্যবস্থা করা দরকার এবং সেইরকম সাজেসশনই আমরা দিতে চাই। লেবারদের এডুকেশনের জন্য ইংলন্ডে স্পেশ্যাল অ্যারেঞ্জমেন্ট আছে, আমাদের এখানে তা কিছুই নেই। কাজেই যাতে শ্রমজীবীদের শিক্ষার ব্যবস্থা হয় সেদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

ফুড স্টাফ সম্বন্ধে বিশেষ কোন কথা বলা হয় নি। আমাদের জাতীয় স্বাস্থ্য যে নষ্ট হয়ে যাচ্ছে সে বিষয়ে সরকার অবহিত নন। ভারতবর্ষের কোন দেশে এতখানি অ্যাডাল্টারেশন চলে না যত বেশি চলে বাংলাদেশে। ব্যবসায়ীরা নিজেদের মূলধন বাড়াবার জন্য ফুড স্টাফে অ্যাডাল্টারেশন চালিয়ে যাচ্ছেন। এ বিষয়ে সরকারের বিশেষ দৃষ্টি দেওয়া আবশ্যক। মন্ত্রি-মহাশয়কে বলব, তিনি যদি জাতিকে বাঁচাতে চান তা হ'লে এই অ্যাডাল্টারেশন বন্ধ করুন নতুবা তাঁদের সিনসিয়ারিটি সম্বন্ধে লোকে বিশেষভাবে সন্দেহ করবে। তারপরে আমাদের দেশে এত কোরাপশনের জন্য আমি সরকারকে দায়ী করব, দেশের মধ্যে কোরাপশন আজ রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে। আমি একথা বলব যে, যদি উপর থেকে কোরাপশন চলে উপরের লোক যা করবে নিচের তলার লোকও তাই করবে। দেখতে দেখতে এই জিনিসটা চারিদিকে ছড়িয়ে পড়েছে।

Mr. Chairman: It is no new point that you are raising.

Sj. Monoranjan Sengupta:

সরকার বলেছেন যে, একটা কোরাপশন সাব-কমিটি হয়েছে, কিন্তু তার কার্যকলাপের কোন পরিচয় আমরা পাই নি। তাঁরা অদ্যাবধি কি কাজ করেছেন সে বিষয়ে সরকার যদি একটা স্টেটমেন্ট দেন তা হ'লে আমরা বাধিত হব। পরিশেষে এই সমস্ত কাজের জন্য সরকারী নীতিকে দায়ী ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-20—12-30 p.m.]

Sj. Kali Charan Ghose: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.:—

"But regret that no mention has been made of the fact that the Government has failed to tackle properly the various problems of the municipal areas of West Bengal."

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয়া রাজ্যপালিকা যে ভাষণ দিয়েছেন তাঁর সেই ভাষণ সম্পূর্ণ সমর্থন করতে পারলে খুসি হতাম। কিন্তু তা হতে পারে নি ব'লেই আমি এই সংশোধনী হাউসের সামনে রাখছি। প্রথম কথা হচ্ছে, আমাদের দেশের যে উন্নয়নের চিত্র এই ভাষণে তুলে ধরা হয়েছে তা আমরা কোথাও দেখতে পাই না। আমি গ্রামের কথা বলব না, আমি শহর এলাকার কথাই বলতে চাই। আজকে আমাদের দেশের সরকার প্রায়ই কথা বলেন যে, তাঁরা সোস্যালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি গড়ে তুলেছেন। এই সোস্যালিস্টিক প্যাটার্ন অব সোসাইটির কথা হ'ল, খাওয়া-পরা, শিক্ষা, স্বাস্থ্যের নিরাপত্তা—এগুলি গ্যারান্টিড হবে। কিন্তু আসলে আমরা কি দেখতে পাচ্ছি? শহর এলেকায় আমরা দেখতে পাচ্ছি, কি দারুণ অবস্থার মধ্যে দিয়ে মানুষকে চলতে হচ্ছে। সম্প্রতি হাওড়ায় গুণ্ডার উৎপাত হয়ে গেল। জনৈক পুলিশ অফিসার বলেছেন উচ্চমহলের চাপের ফলেই সেই উৎপাত দমন করা যাচ্ছে না। সেসব কথা কাগজেই বেরিয়েছে, আপনারা সকলেই দেখতে পেয়েছেন। আজকে আমরা দেখি যে, সহরাঞ্চলে শ্রমজীবী মানুষ যখনই তাদের নায্য পাওনা ও দাবীদাওয়া আদায়ের জন্য

কোনপ্রকার আন্দোলন করে তখনই শিল্পপতিরা গুণ্ডার আশ্রয় গ্রহণ করেন। ট্রেড ইউনি তথা বিরোধীপক্ষের কর্মীদের নিবর্তনমূলক আটক আইন প্রয়োগ করা হলেও এদের বে তা করা হয় না। শ্রমিক ও নাগরিকদের নিরাপত্তার দিক দিয়ে এই সরকার কি করেছেন আমরা জানতে চাই। তারপর, মধ্যবিত্ত বেকার সম্বন্ধে বলতে গিয়ে আমাদের অপর পক্ষ বন্ধুরা বলেছেন যে, শিক্ষিত যুবকেরা গায়ে-গতরে খেটে কাজ করতে চায় না। আমার বন্ধুদের আমি দেখিয়ে দিতে পারি ম্যাট্রিক পাস করা ছেলেরা আজকে রিক্সা-টানা ও বই-বাঁধ কাজ করছে। আজকে শিক্ষিত ছেলেরাও গায়ে-গতরে খাটবার কাজে নেমেছে, কিন্তু সেই কাজের ক্ষেত্রও অত্যন্ত সীমাবদ্ধ। এত যে পাস ক'রে বের হচ্ছে, তাদের কি হবে সেইট এখন বড় কথা। আমরা দেখতে পাচ্ছি, পাটকলগুলি একে একে বন্ধ হচ্ছে। এভাবে ব লোকের কর্মসংস্থানের পথ বন্ধ হচ্ছে। এতে ক'রে আজকে বাংলাদেশের বহু উপার্জনকা শ্রমিক বেকার হয়ে যাচ্ছে এবং বাংলাদেশের শহরাঞ্চলের অর্থনীতির উপর প্রচণ্ড আঘাত আসে দোকানপাটগুলির বেচাকেনা কমে যাচ্ছে এবং তাতে ব্যবসার অত্যন্ত ক্ষতি হচ্ছে। আজক আমাদের দেশের মালিকেরা যে নূতন কৌশল গ্রহণ করেছেন শ্রমিকদের ব্যাপারে সে সম্ব আমি দু'-একটা কথা বলব। তাঁরা পার্মানেন্ট শ্রমিকদের ছাঁটাই ক'রে তাদের স্থলে অস্থা বদলী শ্রমিক নিয়োগের নীতি গ্রহণ করছেন এবং এইভাবে শ্রমিকদের ন্যায্য অধিকার ও সুযে থেকে বঞ্চিত করছেন। এখন এখানে শ্রমমন্ত্রী নাই, তা হ'লেও আমি আমার বক্তব্য ব'লে যাচ্ছি মালিকেরা যাতে তাদের এইরকম আচরণ অবিলম্বে বন্ধ করেন তার ব্যবস্থা করা দরক ধর্মঘট ও লক আউটের ক্ষেত্রে তাড়াতাড়ি মীমাংসার জন্য এবং ট্রাইবুন্যালের রায় কার্যক করার জন্য সরকারের শ্রম দপ্তরকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারপর, আমি এখ শহরাঞ্চলের স্বাস্থ্য সম্বন্ধে বলব। সরকার থেকে বলা হয়েছিল যে, থানায় থানায় এ ইউনিয়নে ইউনিয়নে হেলথ সেন্টার করা হবে। কিন্তু এ সম্বন্ধে কতদূর কি হয়ে রাজ্যপালের ভাষণে আমরা তার চিত্র দেখতে পাই না। আমরা বিরোধীপক্ষ থেকে মিছামি সরকারের ক্রিটিসিজম করতে চাই না, আমরা গঠনমূলক প্রস্তাবই তাই সরকারকে দিতে চাই যদি বড় বড় হাসপাতালের ইমারতের পরিবর্তে টিন সেড ক'রে কিম্বা চালাঘরেও ছোট ছো হাসপাতাল করা হয় এবং আমাদের দেশের চিকিৎসক ছেলেরা যাঁরা নূতন পাস ক' বেরিয়েছেন তাদের নিয়ে গিয়ে মানুষের চিকিৎসার ব্যবস্থা করা হয় তা হ'লে সহরে হাসপাতালের ভীড়ের চাপ অনেক কমান যেতে পারে। কলিকাতার হাসপাতালগুলি অত্যধিক ভীড় হয়। এই ভীড় কমান যেতে পারে এবং এই ভাবে পরিকল্পনা সহকারে অনে বেশি লোকের ভাল ক'রে চিকিৎসার ব্যবস্থা করা যায়। আজকে বলা হচ্ছে, বেড বাড়ান হচ্ছে কিন্তু আপনারা সকলেই জানেন যে, আজকে কিভাবে দেশে যক্ষ্মা রোগ প্রসারলাভ করছে। হাসপাতালে ফ্রি বেড পাওয়ার জন্য একজন রুগীকে বহুদিন অপেক্ষা ক'রে থাকতে হয়, তা ফলে যখন তার টার্ম আসে তখন তার এমন অবস্থা হয়ে পড়ে যে হাসপাতালে যাওয়ার ক্ষমতাও থাকে না। অথবা যখন হাসপাতালে বেড পাওয়ার খবর এল, তখন দেখা গেল যে, রুগী আগেই মারা গিয়েছে। তারপর, আরেকটা কথা হচ্ছে, অনেক মফঃস্বল হাসপাতালেই এই রোগে চিকিৎসার উপযুক্ত কোন ব্যবস্থা নাই। আউটডোর পেশেন্ট হিসাবে তাদের চিকিৎসার যদি বা কিছুটা ব্যবস্থা থাকে, কিন্তু সেখানেও অ্যান্টিবায়োটিক ড্রাগ এত কম দেওয়া হয় যে অনে সময় রুগীকে ফিরে যেতে হয়।

[At this stage the blue light was lit.]

স্যার, আমাকে আরও ৫।৬ মিনিট সময় দেন।

[12-30—12-36 p.m.]

Mr. Chairman: I can allow provided you can bring in new points.

Sj. Kali Charan Ghosh: I am giving new points

আমি অতঃপর সহর অঞ্চলের পৌর এলাকার মধ্যে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখছি। এই পৌ এলাকার - মিউনিসিপ্যালিটি সম্বন্ধে আপনার মাধ্যমে মন্ত্রীমহোদয়ের কাছে কিছু বল চাই।

সেটা হচ্ছে এই আমাদের গণতান্ত্রিক রাষ্ট্রে পৌরসভা নির্বাচনের জন্য আজ পর্যন্ত প্রাপ্তবয়স্ক মানুষের ভোটাধিকার হ'ল না। এটা আমাদের রাষ্ট্রের পক্ষে কলঙ্কস্বরূপ। পশ্চিমবঙ্গে স্বায়ত্বশাসনশীল প্রতিষ্ঠানগুলির নির্বাচনের জন্য প্রাপ্তবয়স্ক লোকের ভোটাধিকারের ভিত্তিতে এখনও আইন রচিত হ'ল না। সেই মান্ধাতার আমলের আইনে নির্বাচন হচ্ছে। অবিলম্বে এর প্রতিকার হওয়া বাঞ্ছনীয়। প্রাপ্তবয়স্কের ভোটাধিকার শুধু নয়, সঙ্গে সঙ্গে আমাদের মিউনিসিপ্যালিটিগুলি যে পুরান আইন দ্বারা যেভাবে পরিচালিত হচ্ছে, সেখানেও গভর্নমেন্টের এক্সিকিউটিভ নিয়ন্ত্রণাধীনে তারা শৃঙ্খলিত রয়েছে। সেই নিয়ন্ত্রণের ব্যবস্থা শিথিল করা প্রয়োজন—যাতে ক'রে সত্যিকারের স্বায়ত্বশাসনশীল প্রতিষ্ঠান হিসেবে এই মিউনিসিপ্যালিটিগুলি চলতে পারে। তার জন্য একটা নূতন আইনের দাবী জানাচ্ছি।

তারপর বলা হচ্ছে কনক্রিট সাজেসশন কি আছে? বাস্তবিক পক্ষে মিউনিসিপ্যালিটীর তরফ থেকে বহুবার বহু কিছু বলা হয়েছে আমাদের স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রীমহাশয়ের কাছে। কিন্তু আজ পর্যন্ত সে সম্বন্ধে কোন ব্যবস্থা করা হয় নাই, কোন প্রতিকার পায় নি। পানীয় জলের ব্যবস্থার ব্যাপারে আজকে বলা হয়েছে, আমাদের সরকারীপক্ষের মাননীয় বন্ধুরাও কিছু কিছু বলেছেন। কিন্তু জলের ব্যবস্থার দিক দিয়ে বাস্তবিক পক্ষে কিভাবে সরকার থেকে হৃদয়হীন আচরণ করা হয় আপনাদের তা' জানা দরকার। আমি চন্দননগর মিউনিসিপ্যালিটির কথা বলছি। জল সরবরাহের ব্যবস্থার জন্য বহুবার আবেদন নিবেদন করেও কোন ফল হয় নাই। গভর্নমেন্ট থেকে গ্র্যান্ট না পেলেও এ সম্বন্ধে আমরা কিছু লোন দেওয়ার কথাও বলেছিলাম, কিন্তু তা পর্যন্তও মঞ্জুর করা হয় নাই। সব সময় বলা হয়ে থাকে—½ অংশ যদি মিউনিসিপ্যালিটি থেকে দেয়, তবে ½ অংশ গভর্নমেন্ট থেকে দেওয়া হবে রাস্তা-ঘাট মেরামতের জন্য। দুঃখের বিষয় এ সম্পর্কে স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রীমহাশয়কে বারবার ক'রে বলা সত্ত্বেও কোন আশ্বাস আমরা সেদিক থেকে পাই নি। এমন কি চন্দননগর শহরের জন্য কেন্দ্রীয় ও রাজ্যসরকারের প্রতিশ্রুত সাহায্য হিসাবে প্রাপ্য টাকাও আমরা পাই নি। আর একটি কথা। গভর্নমেন্টের সঙ্গে দেনা-পাওনার মীমাংসার জন্য যে মিক্সড কমিশন গঠিত হয়, তাতে স্থির হয় আমাদের পাওনা টাকা কেন্দ্রীয় সরকারের হাতে দেওয়া হবে। মন্ত্রীমণ্ডলী দেখবেন ৮ লক্ষ টাকা ফ্রেঞ্চ গভর্নমেন্টের কাছে আমাদের পাওনা রয়েছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকার যদি কেন্দ্রীয় সরকারের উপর তাগিদ দেন, তা হ'লে এই ফ্রেঞ্চ গভর্নমেন্টের কাছ থেকে তাদের স্বীকৃত এই ৮ লক্ষ টাকা পাওয়া যেতে পারে। শহরগুলির উন্নয়নের দিক দিয়ে ফ্রী প্রাইমারী শিক্ষার প্রসার ট্রেণিং গ্রাউন্ড প্রভৃতি বৈজ্ঞানিক ব্যবস্থার প্রবর্তন প্রভৃতির ব্যাপারে মিউনিসিপ্যালিটিগুলি সরকারের কাছ থেকে কোন সাহায্যই পায় না। সেগুলি একটু যদি সরকার মমত্ব সহকারে বিবেচনা করেন, তাহলে নিশ্চয়ই উন্নতি করা যায়। ট্যাক্সেশন এনকোয়ারি কমিশনের সুপারিশ অনুযায়ী মোটর ভিহিকেলস ট্যাক্সের ২৫% মিউনিসিপ্যালিটিগুলিকে দিলে ৫০ লক্ষ টাকা আমরা কমসেকম অ্যানুয়্যালী পেতে পারি। সত্যিকারভাবে যদি এদিকে সরকার বিবেচনা করেন, তা হ'লে তাঁদের সুপারিশকে কিছুটা কার্যকরী করলে এই পৌর এলাকার অনেকখানি উন্নতি হতে পারে।

প্রাইমারী এডুকেশনএর দিক দিয়েও কনক্রিট সাজেসশন করা হয়েছে। যদি সরকার ৫০ পারসেন্ট দেয়, তবে আর ৫০ পারসেন্ট মিউনিসিপ্যালিটির তরফ থেকে দিয়ে ফ্রি প্রাইমারী এডুকেশন এই পৌর এলাকায় সত্যিকারভাবে প্রবর্তন করা যায়। এ সম্বন্ধে মন্ত্রীমহাশয়কে আগেও অনেক বলা হয়েছে, অনেক ডেপুটেশন তাঁর কাছে গিয়েছে, এখনো বলছি। এমন কি পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল এসোসিয়েশন যেটা সরকার স্বীকৃত প্রতিষ্ঠান তাঁদের কাছ থেকে এ সম্বন্ধে অনেক প্রস্তাব এসেছে। কিন্তু দুঃখের বিষয় সেই প্রস্তাবগুলি কার্যকরী করার দিক দিয়ে আজ পর্যন্ত কোন চেষ্টা করা হয় নাই।

Adjournment.

The Council was then adjourned at 12-36 p.m. till 9 a.m. on Monday, the 24th February, 1958, at the Legislative Building, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra,
Banerjee, Dr. Sambhu Nath,
Banerjee, Sj. Tara Sankar,
Bhattacharyya, Sj. Nagendra Kumar,
Majumdar, Sj. Sudhirendra Nath,
Misra, Sj. Sachindra Nath,
Mahammad Jan, Janab Shaikh,
Musharruf Hossain, Janab,
Prodhan, Sj. Lakshman,
Saraogi, Sj. Pannalal, and
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Monday, the 24th February, 1958.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Monday, the 24th February, 1958, at 9 a.m. being the sixth day of the Fourteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

Obituary reference to the death of Maulana Abul Kalam Azad

[9—9-5 a.m.]

Mr. Chairman: Honourable members, I have a melancholy duty to perform, on your behalf and also on my own, viz., to record our profound sense of loss and sorrow at the passing away of one of the veteran fighters for India's freedom and a Member of our Administration at the Centre—**Maulana Abul Kalam Azad.** He died at the age of 69, which cannot be described as ripe old age; and the country expected some more years of service and lead in its affairs from a man of his eminence, in scholarship and sagacity, and in experience and integrity. Maulana Azad was distinguished in more spheres than one. He was a scholar and a humanist, who had made specially Arabic and Islamic studies his own, in addition to his wide knowledge and grasp of humanistic studies in all the various cultural domains of the world. His scholarship made him almost a prodigy of learning while he was yet in his teens, and he was one of the leaders of thought in India who made his influence felt through his writings and his speeches in Urdu, Persian and Arabic. He was a person singularly devoid of narrow sectarian ideas and sentiments; and what he had taken up as great purpose in his life was to orient Muslim political activities in India towards a sane nationalism which rose above the limitations of organised religion or religious sectarianism, and made an appeal to the wider bases of a Universal Humanity. He sought to channel Muslim public opinion in India in the direction of co-operation with the other communities of the country, Hindus, Christians and the rest, in joining the Congress as the all-inclusive National Party; and in this, he was conspicuously successful, having brought within the ideology of a great and all-inclusive nationalism some of the most prominent leaders of the Muslim community who were inclined to think in narrower communal terms, towards which they were drawn by the forces of British imperialism in India.

[9-5—9-13 a.m.]

We need not go into the details about the late Maulana Saheb's life and career. He came from an illustrious family of Muslim Scholars and Divines who were prominent in the affairs of India, at least from the 16th century, during the great days of Emperor Akbar. Maulana Saheb in his person combined the two great streams of thought and culture and civilisation in Asia—the Indian and the Arabian. His family had close connexions with Arabia for several centuries, where his father distinguished himself as a great scholar; and he himself was born at Mecca in 1888. There are certain persons whose life and achievements are of such vital character in the history of the people that their career forms part of the national history. And Maulana Azad's life and career were of that significance. His name will live forever in the archives of India during

all the decades of his long and eventful life; and with his death he may be said to have joined the band of immortals in the history of India's freedom. The various details of his career are well known, and they cannot be adequately dwelt upon in a brief obituary note, in which we are simply recalling some of the aspects of greatness and his service to his people, and of his personality and career. As a convinced follower and co-worker of Mahatma Gandhi, he had taken upon himself the principles of Ahimsa and of Satyagraha, and in his political programme violence had no place. The unity of the Hindus and the Muhammadans was another ideal for which he strove by word and deed throughout his life. A devout believer in God, he formed his convictions after considerable thought and inner struggle, of which we can find evidence from his writings. A scion of a House of Scholars and Saintly men who for generations were religious leaders of a large section of Muslims not only of India but also outside India, he took upon himself to preach the ideal of Islam as he had realised it. His characterisation of Islam as such would be hailed by all with enthusiasm. In his interpretation of his religion, Islam means two things—first, a Living Faith in God, and secondly, Doing Good to Men. It was on such a broad basis, which would embrace the whole of Humanity, that the Maulana Saheb established his ideology and his code of conduct.

He was in the forefront of the national struggle for independence, during the last decades of British rule in India, and like most other leaders he had to spend many years in jail. After India's independence in 1947, Maulana Abul Kalam Azad was given the portfolio of Education which he held till his death. He normally used Urdu in his writings and his public lectures, as well as in his notes and comments and also wrote papers and books in Urdu and Arabic also. He was one of the makers of modern Urdu through his journals and his books and lectures, and as a forceful writer and speaker of Urdu his position was unique. But he had a good understanding of English as well, and was able to take a leading part in many of the cultural and intellectual affairs of the country. He was indeed a tower of strength for the present Government of India.

We in Bengal have special points of connexion with the late Maulana Saheb, as he had made Calcutta his home and the centre of his activities for many long years.

Personally, I have had the good fortune of coming in touch with him on various occasions, in connexion with many Central Government Commitees and Commissions of which I was made a member. I had many an occasion of having glimpses into his fundamentally cultured character and ways, and I had also experienced his firmness in opposing any sectarian or communalistic outlook. The overall picture of the personality of the late Maulana Saheb, as it has impressed upon my mind, can be characterised by four words—Culture and Urbanity, and Intellectualism and Catholicity; and above all, that he was a man of Faith: the last words he is reported to have uttered even in his comatose condition were characteristic of his faith: "Leave it to Allah".

Ladies and Gentlemen, the passing away of Maulana Abul Kalam Azad is a national loss, and the whole nation is in mourning. We in our humble way express our homage of respect to the memory of the great departed and let us stand in our seats for two minutes, to give expression of our great sense of loss and our profound sorrow.

[Members rose in their seats and remained standing in silence for two minutes.]

Mr. Chairman: I have also to mention before the House the demise of one of the members of the West Bengal Legislature, **Sj. Dhirendra Nath Chatterjee** (1903-1958). Sj. Dhirendra Nath Chatterjee, a sitting member of the West Bengal Legislative Assembly from Chhatna (Bankura) Assembly Constituency, passed away on the 21st February, 1958, at the age of 55.

Sj. Chatterjee, at an early stage of his life, when he was hardly out of school, took part in the non-co-operation movement in 1921, and since then he remained a faithful worker of the Congress till his last day.

He was elected a member of the West Bengal Assembly first in 1952 in the First General Election after the Constitution came in force, and once again in 1957.

He was connected with various public activities and institutions. He was the Chairman of Bankura District Board, and Member of the Bankura District School Board and of the Bankura Library Association. He was also a member of the All India Congress Committee, of the West Bengal Pradesh Congress Committee; and he was besides the General Secretary of the Bankura District Congress Committee.

A confirmed bachelor, it was through his exertions that the National Movement through the Congress grew strong in Bankura during the British period. West Bengal and India have lost a sincere fighter for freedom and a true leader of the people through his demise at the comparatively early age of 55 He was suffering from cancer, and his life for ten months up to his death at Bankura in his residence "Amar Kanan" on the night of 21st February at 10 p.m. was a period of long-drawn agony.

He was an amiable man, having a charming personality which made him beloved of all, and it will not be possible to replace him in our national life.

May his soul rest in peace!

I would request you, ladies and gentlemen, to rise in your seats and remain standing for two minutes to show our respects to the memory of the deceased.

[Members rose in their seats and remained standing in silence for two minutes.]

Thank you, Ladies and Gentlemen. The Secretary will pass on in proper form the expression of our heartfelt sentiments to the bereaved families of Maulana Abul Kalam Azad and Dhirendra Nath Chatterjee.

The House stands adjourned till 9 a.m. on Wednesday the 26th February, 1958. The business fixed for today will be taken up on that day.

Adjournment

The Council was accordingly adjourned at 9-13 a.m. till 9 a.m. on Wednesday, the 26th February, 1958, at the Legislative Building, Calcutta.

Members absent

Bagchi, Dr. Narendranath,
Bandopadhyay, Sj. Upendra,
Banerjee, Sj. Tara Sankar,
Basu, Sj. Gurugobinda,
Chattopadhyay, Sj. K. P.,
Chakrabarty, Sj. Tripurari,
Dutt, Sjkta. Labanyaprova,
Halder, Sj. Gopal,
Maliah, Sj. Pashupati Nath,
Mohammad Jan, Janab Shaikh,
Mookerjee, Sj. Kamala Charan,
Musharruf Hossain, Janab,
Pakrashi, Sj. Satish Chandra,
Poddar, Sj. Badri Prasad,
Prodhan, Sj. Lakshman,
Sanyal, Sj. Sasanka Sekhar,
Saraogi, Sj. Pannalal,
Sarkar, Sj. Pranabeswar, and
Singha, Sj. Biman Behari Lall.

COUNCIL DEBATES

Wednesday, the 26th February, 1958.

The Council met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 26th February, 1958, at 9 a.m. being the Seventh day of the Fourteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

Obituary reference

[9—9-10 a.m.]

Mr. Chairman: Honourable members, we have once again to express our sorrow for the untimely passing away of one of the representatives of Bengal to the Central Parliament. **Shri Santosh Kumar Banerjee,** M.P., represented this State from Cooch Behar, and he has passed away through Coronary Thrombosis on Sunday the 23rd instant at his Calcutta residence in Kalighat. Born in 1905, he was only 53 at his death. His family originated from Bajrayogini in Dacca District, and his father was one of the pioneers of the Tea Industry in North Bengal. He was educated at Jalpaiguri Zilla School and then at the Bangabasi College, Calcutta, and he followed his father in entering the Tea business, and became actively associated with the Indian Tea Planters' Association of which he was the Honorary Additional Secretary at the time of his death. He also served as Member of several Government of West Bengal Committees for Labour Welfare. He was elected to Loka Sabha from the Cooch Behar Constituency as a Congress candidate. He was a good sportsman and man of amiable character and charming manners, and he was popular with everybody. He leaves behind his widow, a daughter and a son, and a large circle of friends and relations.

Ladies and gentlemen, let us stand in our seats for a minute as a mark of respect to the memory of the deceased.

(Honourable members rose in their seats, and remained standing for a minute in silence.)

Thank you, ladies and gentlemen, Secretary will duly send our condolences to the bereaved family.

Point of Information

Sj. Naren Das: On a point of information, Sir,
গত রবিবারের কলিকাতা সংস্করণের দৈনিক কাগজে আমরা দেখলাম কলকাতা নাগরিকদের পক্ষ থেকে মৌলানা আজাদের মৃত্যুতে একটি শোকসভা হয়েছে। এর আগে দিল্লীতে একটি সভা হয়ে গিয়েছে যাতে রাষ্ট্রপতি সভাপতি হয়েছেন, বিরোধীদলের নেতৃস্থানীয় মানুষ যেমন -আচার্য কৃপালনী, অরুণা আসফআলি তারা বক্তৃতা করেছিলেন কিন্তু যে মিটিং এখানে হয়েছে, স্বাক্ষরকারীদের মধ্যে আপনার নাম দেখতে পেলাম, আমি জানতে চাচ্ছি আপনি যখন স্বাক্ষর করেছিলেন তখন আপনি কি জানতেন যে এটা কোন দলমত মিটিং হবে কি না দলনির্বিশেষে মিটিং হবে?

Mr. Chairman: I have not the slightest idea whether the meeting was being organised on a party basis. When an approach was made—I do not remember by whom the meeting of the citizens of Calcutta was going to be

called—I certainly associated myself with the conveners. Unfortunately could not go there because of an important business, but I do not see wh. is the idea in raising this as a point of information.

Sj. Nagendra Kumar Bhattacharyya: On a point of information, Sir Is it a fact that there has been a railway collision near Sonarpur in whic many persons have died?

Mr. Chairman: You know that this is a subject of the Centr Government.........

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
রেলওয়ে কি আমাদের মধ্যে আছে? আপনি যতদূর জানেন আমিও ততদূর জানি।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
সভাপাল মহাশয়, আর একটা প্রয়োজনীয় বিষয় আমি উত্থাপন করতে চাচ্ছি আপনা অনুমতিক্রমে। যখন আমরা কয়েকদিন পূর্বে চিনাকুড়ি খনি দুর্ঘটনা সম্বন্ধে একটা প্র উত্থাপন করেছিলাম তখন মাননীয় প্রফুল্ল সেন মহাশয় আমাদের আশ্বাস দিয়েছিলেন যে যখ প্রধানমন্ত্রী চিনাকুড়ি খনি দুর্ঘটনা সম্বন্ধে তদন্ত করে ফিরে আসবেন তখন তিনি একা বিবৃতি দেবেন। তিনি ফিরে এসেছেন কিনা এবং না এলে মন্ত্রী মহাশয়ের পক্ষ থেকে বিবৃতি দেবেন সেটা আমি জানতে চাচ্ছি। আমি আশা করছি যে বিবৃতিটা আজ আম শুনতে পাবো।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: This is not the proper tim because you know that the Government of India have appointed an Enquir Committee presided over by Justice Guha Roy. When the Enquiry Com mittee report will come, then we shall know about the facts. Nothing mo can be said now.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
সভাপাল মহাশয়, মুখ্যমন্ত্রী বোধ হয় আমার কথা ভাল করে বুঝতে পারেন নি। আা খালি জানতে চাই যে সরকারের পক্ষ থেকে এবং বেঙ্গল কোল কোম্পানী খনির মালিক যার তাদের পক্ষ থেকে শ্রমিকদের সাহায্য করবার জন্য সর্বপ্রকার ব্যবস্থা অবলম্বন করা হয়েছি কিনা? আমি জানি যে ভারত সরকারের পক্ষ থেকে একটা তদন্ত আদালত তৈরি হয়েছে, সে আদালত এখনও কাজ আরম্ভ করেন নি। সেজন্য এই অবস্থাতে যদি বিবৃতি দেওয়া হ তাহলে বেআইনী হবে না এবং আমাদের যে একটা কৌতুহল হয়েছে এ বিষয়ে, সেটাও চরিতাথ হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I understand that quite a larg amount of relief has been given both by the Government of India and by the Government of West Bengal. We also have given our share so far as such relief is concerned. Governor has also opened a relief fund. There is nothing more to report.

Report of the Joint Committee on the Calcutta Slum Clearance Bill, 1957.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to present before the House the report of the Joint Committee on the Calcutta Slum Clearance Bill, 1957.

Debate on the Governor's Speech

Mr. Chairman: We will now resume the debate on the Governor's Speech. I may tell the members that we must be rationing our time very much in view of the fact that we should have to finish today. By quarter

to eleven we should try to finish this discussion and then the Ministers will reply and, as I understand, there will be several Ministers speaking. Please do not take more than ten minutes unless you have new points to make.

Janab Syed Nausher Ali: Sir, I beg leave to move the amendment that stands in my name.

I move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret the total absence therein of any mention of the widespread corruption and adulteration prevalent in the State and the steps, if any, taken by the Government to eradicate the same."

Sir, on a careful study of the Governor's address it appears to me that the widespread corruption and adulteration prevalent in the country has not attracted her attention. I, therefore, feel it my duty to put in this amendment to focus the attention on this evil which is eating into the vitals of our nation, of the Government, of the House and of the wider public outside. This is the object for which I put in this amendment. At the very outset I would like to make one point absolutely clear, and that is this.

[9-10—9-20 a.m.]

I do not want to bring in charges against the Ministry, I do not want to say anything which will reflect on the Ministry as a whole or on individual Ministers. I will avoid all controversial matters as far as practicable. I want to deal with the subject on principles and if in the course of my speech I refer to anything individual, it should not be taken as a charge. It may be and, I hope, it will be taken as an illustration. The same remarks would apply to the Opposition if they were the party in power as you know today's opposition is tomorrow's party in power. So when I make any observation, it may be taken in that light. With this preliminary remark I proceed to the problem.

Sir my time is very limited and I do not think I can do justice to the subject in such a short time but as you have ruled that I shall have only ten minutes' time, I have got to abide by your ruling.

The widespread corruption in the country and adulteration will, I hope, not be denied by anybody. That corruption prevails to a very extensive extent, that adulteration prevails to a very extensive extent is a well-known fact and I hope the Ministry will not deny it. What is the reason for the total absence of the mention of corruption and adulteration in the Governor's address? I wondered and came to the conclusion which appears to me to be dangerous to the community and it is this. The psychology seems to be that when an evil appears for the first time, it appears as a terror to the people; people are terror-striken. Now, if it subsists and continues for some time, it is tolerated. But when it continues for still longer time and then if it becomes embedded in the society, it becomes a part and parcel of the society and when it continues for some time more, it becomes a mamuli affair so that it does not attract the attention of any one. That is the only conclusion that can be drawn from the Governor's address for the total absence of mention of corruption and adulteration in her address. Government will perhaps try to explain it in another way but what struck me I am giving you for your consideration. Government gives another explanation and the country is there to accept it or to reject it. But speaking for myself, it appears that that is the psychology that has made the Governor omit the subject altogether from her address. Sir, poverty itself is a concrete example of this. Poverty strikes everybody. Then after some time it becomes part and parcel of society. Afterwards explanation

comes,—for what? Explaining the existence of society it is taken to be inevitable. Every religion, every scripture, explains it thus, "blessed are they, the poor, who shall see the Lord first". I am quoting from the Bible. But this applies to every other scripture.

"দরিদ্রাণ্ ভর কৌন্তেয়"

(Sj. JOGENDRA LAL SAHA: It is not Bible.) It is not Bible. It is Indian, Sanskrit. I can quote from other scriptures also but my time is very short. Those who preach it do not want themselves to be poor. It comes from the richest people and they are simply for money and take any steps necessary for money. Poverty after all is man-made. It is not born in the society, it is not inevitable. Similarly, if poverty is man-made, then everything else, namely, corruption and adulteration also are purely man-made. There may be people who may deny that and say poverty is not man-made, but I do not think there is a single soul on earth who will say that corruption and adulteration are not man-made. If my memory does not fail me I think it is the F.A.O. that said that India is the most underfed country in the world. The food is inadequate; 80 per cent. of the people hardly get two square meals a day; 50 per cent. of the people hardly get one square meal a day and 10 to 20 per cent. go to bed without a meal even. Anyone who walks along the streets of Calcutta can see, in fact I have myself seen, people dying of starvation on the streets of Calcutta. I have seen the most pathetic end of a refugee woman in front of my house. I know the Government will deny this and say that there is no death from starvation, it is death from disease. But where does the disease come from? Continued starvation and malnutrition make a man prone to diseases and he succumbs. Now figures will be quoted to say, no, no, these are exaggerated figures, figures quoted by Nausher Ali are exaggerated.

[9-20—9-30 a.m.]

Figures in this country, in this illiterate country, uneducated country, are collected from sample survey; but I say with the greatest emphasis, I say with conviction that the figures that I have given are absolutely correct.

Now Sir, with regard to adulteration, I can say from personal experience that food which can be adulterated is adulterated, and food which cannot be adulterated is also adulterated to a certain extent as far as practicable. As for example, egg of one bird is passed off as another's. I know egg cannot be adulterated, but that is also adulterated. Now we have got, imported from abroad, various kinds of things. On the one hand, we are speaking of improvement of our cattle wealth, and in the same vein we are introducing and advertising what is called vegetable ghee. Now, I can give instances, but I have no time. I asked my cook one day, with what the food was prepared. He said "ghee". I asked him, "where do you get the ghee from". He said, "Here is Banspati". "Ghee" is tantamount to "Vanaspati". I have got no time, and I cannot dilate on it. We have not a single item of proper food which is not adulterated. Oil, particularly, is adulterated. Go to one shop. It is pure today, tomorrow it is adulterated, and so on. [Showing a book] Now sir, here is a book. I was astonished to see this. There is an item. I wish to read the whole thing. It is from বসুন্ধরা I got this book after I put in this amendment. Incidentally, it says thus:—

"সুসম খাবার খেয়ে খরচ বাঁচান।

আজকালকার এই দুর্মূল্যের বাজারে খাবার খাওয়া একেবারেই অসম্ভব বলে মনে হয়। কিন্তু একটু ভেবে দেখলেই বোঝা যাবে যে ব্যাপারটা একেবারেই অসম্ভব নয়। আমাদের

খাদ্যের মধ্যে স্নেহ পদার্থ একটা অত্যাবশ্যক উপাদান। কিন্তু আমাদের দেশের পূর্ণবয়স্ক ও বাড়ন্ত ছেলেমেয়েদের নিম্নতম প্রয়োজনীয় দুই আউন্স স্নেহ পদার্থ তা তারা প্রত্যেকেই পায় না। তার প্রথম কারণ এই সবন্ধে আমাদের দেশের চাহিদা অনুপাতে সরবরাহ অত্যন্ত কম। দুধ এবং দুধ থেকে তৈরী অন্যান্য খাবারে স্নেহ পদার্থ প্রধানত থাকে কিন্তু তার মূল্য এত বেশী যে তা সাধারণ লোকের কেনার ক্ষমতার বাইরে। তারপর ধরুন সব খরচপত্রের কথা। পৃথিবীর অন্যান্য জায়গাতেও জিনিষপত্র দুর্মূল্য হয়ে উঠেছে। সেই সব জায়গাতে সাধারণ মধ্যবিত্ত লোকেরা কি করছে। তারা রান্নাবান্নায় ব্যবহার করছে বনষ্পতি স্নেহ পদার্থ—যেমন মার্গারিণ বা দালদা বনষ্পতি। তার ফলে তারা যে খাবার দাবার খাচ্ছে তা শুধু পুষ্টিকর নয় অত্যন্ত সুস্বাদুও বটে।"

Mr. Chairman: Will you just give a gist of the whole thing?

Sj. Syed Nausher Ali: I have finished practically, Sir.

"তা ছাড়া উদ্ভিজ্জ স্নেহ পদার্থ যেটা খাচ্ছেন তা তুলনায় সস্তা। আর দালদা বনষ্পতি খাঁটি উদ্ভিজ্জ থেকে তৈরী এবং এতে সুসমভাবে ভিটামিন 'এ' যোগ করা হয়, তা ছাড়া দালদায় প্রতি আউন্সে ৫৬ ইউনিট ভিটামিন 'বি' যোগ করা হয়।

দালদা সরকারী নির্দ্দেশ অনুসারে স্বাস্থ্যসম্মতভাবে তৈরী হয় এবং সব সময় সিল করা টিনে ডবল ঢাকনি দেওয়া টিন পাওয়া যায়। এই সব কারণে প্রত্যেকদিন যাঁরা দালদা ব্যবহার করেন তারা জানেন যে খাবারে স্নেহ পদার্থের জন্য দালদা অপরিহার্য্য।"

"Vitamin B, seal,'

This is a Government copy; when I read it I wondered whether it was something of a recommendation made by the Government for Dalda or whether it was an advertisement, and the get-up and the writing and everything will prove it. Therefore for an ordinary man it is not possible to make out whether it is an advertisement or whether it is a recommendation from Government. Now, there is divergence of opinion in this country about Dalda. It is well-known. There was in the Central Assembly a resolution passed for dying, giving a particular colour to Dalda; but this was not done I do not know why this was not done. Now, therefore, it is impossible for a man to distinguish between what is good and what is bad; that is certain, and I was astonished therefore when I saw this thing in the paper.

Now, Sir, I will just say a few words with regard to corruption, that is a very vital point. Adulteration devitalises the community and makes them inactive, and takes them to premature grave.

Mr. Chairman: I request you to be brief. There are other speakers.

Janab Syed Nausher Ali: I will just say a few words with regard to corruption, if you permit. Corruption has got various forms. I will not charge the Ministry, as I have already said, with anything wrong that they have done. But is not the country engulfed with corruption? I ask every member of this House to seriously consider this matter. Now, we have inherited certain amount of corruption from the British rule. That was a legacy no doubt, but after that what? The monster of corruption has no doubt engulfed the country; now it has become embedded in society, and we have now practically become callous of it.

Mr. Chairman: Have you given expression to what you fundamentally wanted to bring up?

Janab Syed Nausher Ali: I would just say this. Corruption emanates from the Centre. It radiates and engulfs the country. • I do not blame the Ministry. Begin from the beginning. Begin from the preparation of the Voters List, and you will find corruption from there. The supporters of both parties fight with each other and try to put in excuses.

[9-30—9-40 a.m.]

Sj. Bijoy Behary Basu:

সভাপাল মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আলোচনা প্রসঙ্গে আমার বক্তব্য নির্দিষ্ট সময়ের মধ্যে আমি শেষ করে দেব। অনাবৃষ্টির জন্য দেশে আজকে যে খাদ্যাভাব হয়েছে একথা আমরা জানি। এই খাদ্যাভাব মেটাবার জন্য সরকার সহরাঞ্চলে রেশনিং দেবার ব্যবস্থা করেছেন, কিন্তু পল্লীগ্রামগুলিতে কোন ব্যবস্থা করেছেন কিনা সেটা আমরা জানতে পারছি না। পল্লীগ্রামের চালের বাজারে এখন থেকেই চাল কমে আসছে এবং চালের দর ২৫ টাকার উপরে ২৭।২৮ টাকা পর্যন্ত উঠেছে। সামনে যে বর্ষাকাল আসছে তাতে সেই সময় বাজারে চাল পাওয়া যাবে কিনা কিম্বা যদি বা পাওয়া যায় তার দাম কত হবে সেটা ভেবে পল্লীবাসী আজ খুব শঙ্কিত হয়ে উঠেছে। সেজন্য সরকারের কাছে আমি এটাই অনুরোধ করতে চাই যে রেশনিং ব্যবস্থা যেমন শহর এবং শিল্পাঞ্চলে হয়েছে বা হবে সেই রকম ব্যবস্থা সম্পূর্ণভাবে পল্লী অঞ্চলেও করতে হবে। লোকের ক্রয় ক্ষমতা আর নেই এবং যেটুকু ছিল সেটাও আজ চলে গেছে। চাষীর ঘরে আজ অন্ন নেই। অনেক অঞ্চলে যেখানে ধান একেবারে হয় নি সেইসব অঞ্চলে শীতকালের সবজী বিক্রি করে তারা কোন রকমে দিনাতিপাত করছে। অর্থাৎ এর পরে তাদের আর মোটেই ক্রয় ক্ষমতা থাকবে না। সেজন্য এই সময় রেশনিং ব্যবস্থা করে তাদের অন্নের চাহিদা কিছুটা পরিমাণে না মেটালে হাহাকার বেড়ে যাবে। সুতরাং এই কথাই আমি সবাইকে জানিয়ে দিচ্ছি এবং সময় থাকতে এর একটা ব্যবস্থা করতে সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি।

এবারে শিক্ষা সম্বন্ধে দু-একটা কথা আমি বলব। প্রাথমিক শিক্ষা নিয়ে আলোচনা করব। প্রাথমিক শিক্ষায় অনেক উন্নতি করা হচ্ছে, অনেক স্কুলের সংখ্যা বাড়ছে, কিন্তু সেই প্রাথমিক শিক্ষার সঙ্গে মাধ্যমিক শিক্ষার যোগাযোগের কোন ব্যবস্থা হয় নি এবং দুটোই যেন স্বয়ংসিদ্ধ হয়ে রয়েছে। এটা শিক্ষায় একটা সুনিয়ম বা সুপরিকল্পিত পন্থা নয়। তারপর প্রাথমিক শিক্ষকরা অধিকাংশ ক্ষেত্রে ৩।৪ মাস অন্তর মাইনে পান। সুতরাং এই অবস্থাতে তাদের যে কি দুরবস্থায় পড়তে হয় একথা কোন সদস্যকে বোঝাতে হবে না। এখানে শিক্ষা সেস্ কিভাবে আদায় হয় বা আদায় হয় কিনা এবং যদি অনাদায় হয় তাহলে কেন অনাদায় থাকবে সেটা ভাববার আছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা নিয়মিতভাবে কেন মাইনে পাবেন না এবং মাইনে না পাওয়ার জন্য কি দুরবস্থা তাদের হয় এটা আমাদের ভেবে দেখতে হবে। আর প্রাথমিক শিক্ষার উন্নয়ন করতে গিয়ে আমাদের দেশের কত পার্সেন্ট লোক বর্তমানে প্রাথমিক শিক্ষায় শিক্ষিত হচ্ছে সেটা আমাদের জানতে হবে। আমরা জানি যে শতকরা ৭০ জন লোক আমাদের এখানে প্রাথমিক শিক্ষায় শিক্ষিত নয়। আমাদের দেশে প্রাপ্ত বয়স্ক ভোটাধিকার হয়েছে কিন্তু প্রাপ্তবয়স্কদের শিক্ষার ব্যবস্থা হয় নি বলে আমরা সকলেই জানি যে এই ভোটাধিকার রাষ্ট্রের কল্যাণের পথে চালিত হয় না।

তারপর মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে বলব। মাধ্যমিক শিক্ষার সংস্কার ও উন্নয়নের প্রয়োজন যে দেশে রয়েছে এটা আমরা সকলেই স্বীকার করি। সেই উন্নয়ন ও সংস্কারের নামে কোনরূপ পরিকল্পনা না করেই ১৯৫৭-৫৮ সালে প্রথমে কতকগুলি বিদ্যালয়কে বহুমুখী করা হয়েছে এবং অধিকাংশ বিদ্যালয় পূর্বে যেমন দশম শ্রেণীর বিদ্যালয় ছিল সেইগুলো সেইভাবেই আছে। এতে সমস্ত মাধ্যমিক শিক্ষারক্ষেত্রে একটা বিশৃঙ্খলা ছাড়া আর কিছু হয় নি। যা হোক, যেটা হয়ে গেছে তার বিষয়ে আমি আর কিছু বলতে চাই না কিন্তু যে বিদ্যালয়গুলোকে এখনও বহুমুখী বা একাদশ শ্রেণীতে সীমায়িত করা হয় নি সেগুলোর জন্য আমি সরকারকে অনুরোধ করব যে একটা পরিকল্পনা এখন থেকে করুন যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রত্যেকটা বিদ্যালয় উন্নত হতে পারে। আর এই পরিকল্পনা করবার জন্য বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক শিক্ষা পর্ষদ, শিক্ষাবিদ এবং শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে আলোচনা করে তাদের মতামত গ্রহণ করা

সরকারের উচিত। এই সঙ্গে কারিগরী শিক্ষা সম্বন্ধে বলব। কারিগরী শিক্ষার অনেক ব্যবস্থা দেশে করা হয়েছে। কিন্তু সেটা যে পর্যাপ্ত হয় নি এ কথা আমরা সকলেই জানি। অর্থাৎ বহু শিক্ষার্থীকে সেখানে গিয়ে ভর্ত্তি না হতে পেরে বিফল হয়ে ফিরে আসে এটা আমরা প্রতিনিয়ত দেখছি। অতএব এই কারিগরী শিক্ষা ব্যবস্থা আরও বিস্তৃত করা উচিত, তা না হলে প্রকৃত উন্নতিসাধন হবে না। এই প্রসঙ্গে আমার সরকারের কাছে আর একটা অনুরোধ যে কারিগরী শিক্ষার ক্ষেত্রে সাধারণ শিক্ষারও কিছু ব্যবস্থা করা উচিত। অন্ততঃ সাহিত্য, ইতিহাস, ভূগোল এবং কিছু গণিত এই কারিগরী শিক্ষায় অন্তর্ভূক্ত করা উচিত। শিক্ষার ব্যবস্থা আমি আর কিছু বলব না।

এবার হাসপাতাল সম্পর্কে বলব। অনেকগুলি নূতন হাসপাতাল হয়েছে, রোগীর বেডের সংখ্যা বাড়ান হয়েছে, স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদি খোলা হয়েছে জেনে আমরা খুসী হতে পারছি কিন্তু রোগীদের প্রতি হাসপাতালের কর্তৃপক্ষ এবং চিকিৎসকগণের দরদ ও মানবতাপূর্ণ ব্যবহারের অভাব আমরা সব সময় দেখতে পাই। হাসপাতাল থেকে রোগীর অন্তর্ধান। যথা সময়ে কোন ব্যবস্থা হল না এগুলি সব এখন নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। তাই আমি এটা বলতে চাই যে রুগীদের প্রতি মানবতা এবং মমত্বপূর্ণ ব্যবহার যতদিন না হবে ততদিন হাসপাতাল একটা শুধু পরিহাসই হয়ে থাকবে। সরকারের কাছে আমি তাই অনুরোধ জানাচ্ছি যে হাসপাতালের কর্তৃপক্ষ এবং চিকিৎসকগণের কাছে তাঁরা নির্দেশ দিন যে তাঁরা যেন রুগীদের প্রতি মমত্বপূর্ণ এবং দরদপূর্ণ ব্যবহার করেন। কারণ এটা করলে যে সব হাসপাতাল আছে তার প্রকৃত উদ্দেশ্য সাধিত হবে। এই প্রসঙ্গে রাস্তাঘাট প্রভৃতি নির্মাণের ব্যবস্থা সম্বন্ধে বলব। এইগুলি খুব দ্রুত এবং তড়িৎ করা দরকার। এখনও আমাদের দেশে বহু স্থান আছে যেখানে যোগাযোগ শূন্য বা সেখানে যাতায়াত করা চলে না। এবার উদ্বাস্তুদের সম্বন্ধে বলব। উদ্বাস্তুদের জন্য অনেক করা হয়েছে এবং অনেক করা হবে এই আশ্বাস আমরা পাচ্ছি। কিন্তু ষ্টেশন অঞ্চলে যে সমস্ত উদ্বাস্তু আমরা দেখি সেটা দেখে মনে হয় আমরা চোখকে বিশ্বাস করব না কানকে বিশ্বাস করব। আমার মনে হয় সরকারের নজরে সেই মর্মন্তুদ দুরবস্থার চিত্র পড়ে না। কারণ তা যদি পড়ত তাহলে আমাদের রাজ্যপালের ভাষণে অন্তত দরদপূর্ণ দুটি কথা থাকত। তাদের সুষ্ঠু পুনর্বাসনের জন্য ৬০০ পরিবারকে অন্য রাজ্যে পাঠান হচ্ছে। কিন্তু তাদের বৈষয়িক এবং মানসিক পুনর্বাসন ঘটেছে কিনা যে বিষয়ে আমরা কিছু জানতে পারলাম না। দণ্ডকারণ্যে পাঠাবার বিরুদ্ধে আমি কিছু বলতে চাই না। সেখানে পাঠিয়ে দিতে আমরা বাধ্য, কারণ আমাদের পশ্চিম বাংলায় জমি নেই। কিন্তু তাতে আত্মপ্রসাদ লাভ বা আত্মতুষ্টি অনুভব করা যায় না। কারণ যাঁরা এতে আত্মপ্রসাদ লাভ করেন আমি তাঁদের জিজ্ঞাসা করি যে নিজেদের পরিবারকে সেখানে পাঠিয়ে যদি তাঁরা আত্মপ্রসাদ লাভ করতেন তাহলে বুঝতাম। সেখানে যাদের পাঠাচ্ছি তারা আমাদের ভাইবোন একথা যেন আমরা কোনদিন ভুলে না যাই। এবার আমি দুটো কথা বলে শেষ করব। আমাদের দেশবাসী দুটো খেয়েপরে বেঁচে থাকতে চায়, তাদের ছেলেমেয়ে সবল সুস্থ হয়ে শিক্ষার্জন করাতে চায় এবং সরকার যদি এ বিষয়ে অবহিত হন তাহলেই দেশের প্রকৃত কল্যাণ সাধিত হবে। জয় হিন্দ্।

9-40—9-50 a.m.]

Sj. Sachindra Nath Banerjee: সভাপতি মহাশয়, পূর্ব্ববর্তী বক্তা শিক্ষার বিস্তার সম্বন্ধে বক্তৃতা দিয়েছেন। আমি কেবল এটুকু বলবো কিভাবে এই বিস্তার হয়েছে তার কোন বিবরণ রাজ্যপালের বক্তৃতা থেকে বিশেষ পাই না। সংবিধানে ছিল যে ১০ বৎসরের মধ্যে সকল ১৪ বৎসর বয়স্ক বালকবালিকাদের মধ্যে শিক্ষাবিস্তার করতে হবে। এই যে ডিরেকশন এটা কতদূর হয়েছে তার কোন বিবরণ রাজ্যপালের বক্তৃতা থেকে পাই না।

আর একটা বিষয় দরকারী বিষয়—শিক্ষাটা হচ্ছে মেণ্টাল এ্যান্ড ফিজিকাল। এখন এই ফিজিকাল সাইডটার ব্যাপারে সরকারী তরফ থেকে দেখা হচ্ছে বলে মনে করি না। আমাদের পক্ষ থেকে, নিখিল বঙ্গ শিক্ষকদের পক্ষ থেকে আমরা এ বিষয়ে একটা চেষ্টা করছি যতটা সামর্থ্য আছে। ডাঃ পরিমল রায় যখন ডি, পি, আই, তখন তাঁর সাহায্যে মিলেমিশে কিছু করবার

প্রয়াস আমরা নিয়েছিলাম কিন্তু যেদিন থেকে মহারাজা রাজা হয়েছেন সেদিন আর বিশেষ কিছু করেন নি। গভর্ণমেণ্ট যদি খেলাধূলা স্পোর্টস এ্যান্ড গেমস শারীরিক গঠন সম্বন্ধে ছেলেদের এবং মেয়েদের দেখেন তাহলে আমাদের সহানুভূতি ও সাহচর্য্য সকল সময়েই আছে সে কথা জানিয়ে রাখি।

আর একটা বিষয় হচ্ছে—করাপশন, সে সম্বন্ধে আমাদের নৌশের আলি সাহেব বলেছেন কিন্তু একটা কথার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। বিজয়লক্ষ্মী পন্ডিতের যে ডেলিগেশন গেছেন চীনদেশে তার সঙ্গে যে এ্যাসিস্টেন্ট সেক্রেটারী গেছলেন বহিপ্রকাশ দত্ত তার একটা বিবরণ বেরিয়েছে অমৃতবাজার পত্রিকায়—কি করে চায়না থেকে করাপশন দূরীভূত হয়েছে। সেটা বোধ হয় অনেকে জানেন। পাঁচ মাসের মধ্যে কিভাবে সম্পূর্ণভাবে করাপশন চায়না দেশ থেকে দূরীভূত হয়েছে তার একটা বিবরণী তিনি প্রকাশ করেছিলেন। মাওসেতুং যখন দেখলেন যে চীয়াংকাইশেকের ডাউনফলএর কারণ হচ্ছে করাপশন এবং সেই করাপশন গভর্ণমেণ্টএ এসেও প্রবেশ করেছে তখন তিনি আপ্রাণ চেষ্টা করলেন সেটা দূর করতে। কারণ তিনি বুঝেছিলেন যে তা দূর যদি না করা যায় তাহলে তাদের ও দেশের পতন, ডাউনফল অনিবার্য্য। সেজন্য পাঁচ মাসের মধ্যে ডিসেম্বর থেকে এপ্রিল মাসের মধ্যে করাপশন দূরীভূত করলেন। কিভাবে করলেন তার একটা বিস্তৃত বিবরণ পড়লে ইনস্পিরেশন আসে আমাদের মনে। তারা সমস্ত জনসাধারণকে টেনে নিয়েছিলেন যাতে করাপশন সমস্ত দূরীভূত করা যায়, প্রেসমেনদের রেডিও সকল প্লাটফরমএর সম্পূর্ণরূপে সাহায্য নিয়েছিলেন এটা দূর করতে। তাদের পার্টি থেকে যারা ২০ বছরের নেতা, এমন নেতাদেরও হত্যা করতে বিন্দুমাত্র দ্বিধা করেন নি সেজন্য। পণ্ডিত নেহেরু গভর্ণমেণ্ট নেবার আগে তিনি বলেছিলেন যে এমন দিন আসবে যখন এই ব্লাক-মার্কেটিয়ারদের নিয়ারেষ্ট ল্যাম্পপোষ্টএ ঝুলিয়ে সুট করে মারা হবে। কিন্তু এপর্যন্ত সুট করা তো দূরের কথা, কোন রকম শাস্তি এই ব্লাক-মার্কেটিয়ারদের দেওয়া হয়েছে বলে আমরা জানি না। কিন্তু চায়নাতে মাওসেতুং শুধু ২০ বছরের নেতাকে গুলি করে সুট করে হত্যা করলেন তা নয়, তিনি বহু লোককে ওপেন পাবলিক মিটিংএ এমন কি ১০।২০ হাজার লোককেও হুইপ করতে দ্বিধা করেন নি। কিভাবে এই করাপশন দূর করেছেন সেটা বহিপ্রকাশ দত্তের বিবরণী পড়ে—কাদের সাহায্যে এই করাপশন দেশ থেকে দূর হয়েছে -জানা যায়। আমি আর বেশী সময় নেব না, এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা সম্বন্ধে বিশদ আলোচনা ১০ মিনিটে করা সম্ভবপর নয়, ১০ মিনিট সময় পাওয়া গেছে, কাজেই শিক্ষাবিভাগের রন্ধ্রেরন্ধ্রে দুর্নীতি কিভাবে প্রবেশ করেছে শিক্ষামন্ত্রী মহাশয়ের গোচরে সেগুলি আনতে চাই। যদিও খুব আশা নিয়ে নয় কারণ বার বার এই দুর্নীতিগুলির প্রতি আমরা শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু তার কোন জবাব পাই নি বা তার যে কোন ফল হয়েছে তার কোন বহিঃপ্রকাশ আমরা দেখতে পাই না। প্রথমত আমরা অভিযোগ করছি যে শিক্ষাসচিব মহাশয় তিনি কতটুকু দুর্নীতিগ্রস্ত, কতটুকুন তিনি তাঁর ক্ষমতার বাইরে যাচ্ছেন এবং মন্ত্রী মহাশয় তাকে কিভাবে প্রশ্রয় দিচ্ছেন সেকথা আমরা বার বার এই বিধান পরিষদে তাঁর সামনে উপস্থাপিত করেছি কিন্তু তিনি তার একটা বর্ণেরও একটা প্রশ্নেরও কোন উত্তর দেন নি বা সে সম্পর্কে কোন ব্যবস্থা করছেন বলে কোন কথা এই বিধান পরিষদে বলেন নি। আমরা বিস্ময় প্রকাশ করেছিলাম যে শিক্ষাসচিব মহাশয় কি করে দীর্ঘকাল ধরে মাসের পর মাস, বছরের পর বছর শিক্ষা অধিকারের পদ দখল করে বসে আছেন। এ যেন আমাদের বিদ্যালয়ের কথায় বলতে গেলে বলতে হয় যে প্রধান শিক্ষক মহাশয় তাঁর সহকারী প্রধান শিক্ষকের অনুপস্থিতে তাঁর পদটাকে দখল করে বসে আছেন এবং সেজন্য কিছু উপরি পাওনা সংগ্রহ করবার চেষ্টা করছেন—এই মানে হচ্ছে। এইরকম অদ্ভুত ব্যবস্থা সরকার করে রেখেছেন এবং এটা মাসের পর মাস, বছরের পর বছর ধরে চলছে। শুধু তাই নয়, অল ইন্ডিয়া কাউন্সিল অব প্রাইমারী এডুকেশন—সেটা হরেনবাবু বিশেষ করে জানেন—তাঁরা এ সম্পর্কে প্রস্তাব নিতে বাধ্য হয়েছেন এবং তিনি নিজে এ সম্পর্কে প্রস্তাব নিয়েছেন—দুঃখের বিষয় তিনি তাঁর দলের ভেতর যখন থাকেন ও দলগত স্বার্থকে বড় করে

দেখেন তখন বোধ হয় সেই প্রশ্ন তোলেন না। যে প্রশ্ন তিনি প্রাইমারী টিচার্স কনফারেন্সে তুলেছিলেন। সেখানে দেখতে পাই ডি, এম, সেন মহাশয় তিনি বাংলাদেশের প্রতিনিধি হয়ে বসে আছেন। সেখানে আমার বন্ধু হরেন মজুমদার মহাশয়কে দেখলেও আমরা খুসী হতাম যদিও তিনি শিক্ষক নন, প্রাইমারী শিক্ষকত ননই—তা সত্বেও তিনি একটা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি হয়ে আছেন কিন্তু তাঁকে দেখলেও আমরা বুঝতে পারতাম যে পশ্চিমবাংলায় শিক্ষক ছাড়াও শিক্ষাজগতে দ্বিতীয় ব্যক্তি আছেন যিনি এই সমস্ত দায়িত্ব গ্রহণ করতে পারেন। সেই অল ইন্ডিয়া কাউন্সিলে বাংলা দেশের প্রতিনিধি থাকলেন আমাদের শিক্ষাসচিব মহাশয়। আমরা দেখতে পাচ্ছি যে তাঁর চারিদিকে আশেপাশে তিনি বেশ একটা চক্র গড়ে রাখছেন এবং সেই চক্রতে হাত দিতে পারে এমন ক্ষমতা কারো নেই। প্রথমত আমি বলছি যে শ্রীঅমিয় সেন, স্পেশাল অফিসার, প্ল্যানিং হয়ে এলেন। তাঁর যোগ্যতা সম্পর্কে আমরা যতদূর খবর পেয়েছি--মন্ত্রী মহাশয়ের কাছ থেকেও এর উত্তর চাই—তিনি বাংলায় সেকেন্ড ক্লাস এম-এ এবং বি-টি এর বাইরে কোন যোগ্যতা তাঁর নেই, কোন দিন কোন ক্ষেত্রে কোন পরিকল্পনা রচনা করেছেন এমন কোন অভিজ্ঞতা তাঁর নেই। হঠাৎ বাংলা দেশের শিক্ষাবিভাগের সমস্ত কর্মচারীদের সুপারসীড করে তাঁকে নিয়ে আসা হোল।

[9-50—10 a.m.]

তার একমাত্র যোগ্যতা হচ্ছে তিনি সেইসব ক্ষমতাসম্পন্ন শিক্ষাঅধিনায়ক ও শিক্ষাসচিবের সংগে মধুর সম্পর্কে সম্পর্কিত, যে সম্পর্ককে বাংলা ভাষায় গালাগালি দেওয়া হয়—পার্লিয়ামেন্টারী ভাষায় কি বলা যেতে পারে জানি না। সেই সম্পর্কে তিনি স্পেশাল অফিসার, প্ল্যানিং হয়ে আছেন। শুধু তাই নয়, ডেপুটী সেক্রেটারী, ডেভেলপমেন্ট, মিঃ দাশগুপ্ত, তারও সেই একই যোগ্যতা দেখতে পাচ্ছি। তারপর দেখুন, কি রকম দুর্নীতি চলছে কলকাতার ডি-আই, তিনি অফিস বুঝিয়া নিলেন ৯ই ফেব্রুয়ারী এবং ৯ই ফেব্রুয়ারী তিনি তার চার্জ নিলেন, শিক্ষাসচিবের দপ্তরে তাঁর বিবরণ দাখিল করবার কথা। কিন্তু দেখতে পাচ্ছি যে একই সময়ে-- ২১শে ফেব্রুয়ারী পর্যন্ত যিনি চার্জ দিলেন তিনি ২৪-পরগনারও এ-ডি-আই হিসাবে কাজ করছেন, অনেক বিলে সই করছেন এবং ট্রেজারী থেকে টাকা তোলার জন্য সই করেছেন। অথচ এদিকে তিনি ৯ই তারিখে কলকাতার কার্যভার নিয়েছেন এমন একটা বিবরণ দাখিল করেছেন। কারণ, শিক্ষাসচিবের পক্ষ থেকে নির্দেশ ছিল যে, যদিও তিনি ২১শে কার্যভার গ্রহণ করছেন তাহলেও আইনের কারণে দেখাতে হবে যে তিনি কলকাতার কার্যভার গ্রহণ করেছেন। আর এদিকে কলকাতায় যিনি ছিলেন তাঁকে বলা হয় নি যে তাকে এক্সটেনশন দেওয়া হবে না—তাঁকে জানিয়ে দেওয়া হল অবিলম্বে কার্যভার হস্তান্তর করুন। তারপর দেখতে পাচ্ছি হরিদাস বোস মহাশয় দুইবার এক্সটেনশন পেয়ে ১৯৫৫ সালে অবসর গ্রহণ করেছেন। তিনি অবসর গ্রহণ করলেও ১৯৫৭ সালে তাঁকে ডেপুটী সেক্রেটারী করে নিয়ে এসেছেন। (শ্রীযুত মহীতোষ রায়চৌধুরীঃ আপনি জানেন না।) কারণ এই ডেপুটী সেক্রেটারী না থাকলে পরে আমাদের শিক্ষাসচিব মহাশয় তাঁর কাজ সুচারুভাবে সম্পন্ন করতে পারেন না। এইজন্য তিনি অবসর গ্রহণ করলেও ২ বৎসর পর আবার তাঁকে কাজে বহাল করা হয়েছে। এই জিনিষ হওয়ার ফলে আজকে শিক্ষাবিভাগে সমস্ত কর্মচারীদের নৈতিক অবনতি ঘটেছে—তাঁরা জানেন কাজের ভিতর দিয়ে তাঁদের উন্নতি নাই, তাঁরা জানেন সাধারণ চক্রের অংশীভূত হতে পারলেই তাঁদের উন্নতি-- এক্সটেনশন, এবং এজন্য কলকাতা এবং হাওড়ায় যেসব কর্মচারী রাখা হয়েছে তাঁরা বছরের পর বছর এই মধুর চক্রের আশেপাশে ঘুরে বেড়ায়। এজন্য ডেপুটী মিনিষ্টার শ্রীসৌরীন মিশ্র মহাশয় এদের একজন সম্পর্কে একবার নোট দিয়েছিলেন--একে কেন কেবল হাওড়াতেই রাখা হয়—অন্য ইন্সপেক্টর অব স্কুলকে কেন সুবিধা দেওয়া হয় না? এই নোট পেয়ে তার মর্যাদা রাখার জন্য তাঁকে হাওড়া থেকে কলকাতায় নিয়ে আসা হ'ল। কলকাতা এবং হাওড়ায় আশেপাশে ছাড়া অন্য কোথাও দেওয়া কেন যেন শিক্ষাসচিব মহাশয়ের ভাল লাগে না। এইভাবে আজকে শিক্ষাবিভাগ দুর্নীতিগ্রস্ত হয়ে পড়ছে। এতে শিক্ষাবিভাগের সৎলোকেরও নৈতিক অবনতি হচ্ছে। শিক্ষাজগতের সমস্ত পরিকল্পনাও এভাবে দুর্নীতে দুষ্ট হয়ে পড়ছে। একাদশ শ্রেণীর মাধ্যমিক বিদ্যালয় সম্পর্কে বারেবারে আমরা অভিযোগ করেছি এর ভিতর দিয়ে অনুগ্রহ বিতরণ করার জন্য। স্বজনপোষনের একটা সুযোগ এর ভিতর দিয়ে হয়েছে।

আমরা অভিযোগ এনেছিলাম—চীফ ইন্সপেক্টর তাঁর গ্রামে একটি একাদশ শ্রেণীর স্কুল করেছেন, কিন্তু এই পর্যন্ত এই স্কুল থেকে একজন স্কুল ফাইনেল পরীক্ষা পাশ করে নি। তারপর শিক্ষাবিভাগের টাকা অপব্যয় হচ্ছে। শিক্ষক এবং শিক্ষার্থীদের মঙ্গলের জন্য খরচ না করে ইট কাঠ পাথরে বেশী খরচ করা হচ্ছে। ভারতের প্রধানমন্ত্রী দুঃখ করে বলেছিলেন, ভারতবর্ষের মত গরীব দেশে বিরাট বিরাট অট্টালিকা করবার কোন প্রয়োজনীয়তা নাই। ভারতের প্রধানমন্ত্রীর না থাকতে পারে, এই দেশের না থাকতে পারে, কিন্তু যাঁরা ব্যবসা করছেন তাঁদের নিজেদের স্বার্থে মস্তবড় প্রয়োজন রয়েছে। সমস্ত দিক থেকেই আজকে আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা ধ্বসে পড়বার অবস্থা হয়েছে দেখতে পাওয়া যাচ্ছে। এখন সময় সংক্ষিপ্ত বলে বাজেটের সময় এটা বিস্তৃতভাবে আলোচনা করব।

খাদ্য সম্বন্ধে খাদ্যমন্ত্রী আত্মসন্তুষ্টির মনোভাব প্রকাশ করেছেন। তিনি বলেছেন যে খাদ্যসংকট নেই। অথচ সহর এলেকায় ৩০ টাকা এবং গ্রামাঞ্চলে ২৫ টাকা দরে লোকে চাল কিনছে এই ফাল্গুন মাসে। এই অবস্থায় কি করে বিধানসভায় তিনি উঁচু গলায় বলতে পারেন যে খাদ্যসংকট নেই একথা চিন্তা করে আমাদের লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। তিনি একবার বলেন ৭ লক্ষ টন ঘাটতি, আবার কিছুদিন পরে বলেন ১২ লক্ষ টন ঘাটতি। চালের বাজার এই যে এইভাবে দুর্মূল্য হয়ে পড়ছে তার প্রতিরোধের ব্যবস্থা করে কি করে চালের দাম মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রাখা যেতে পারে সেই চিন্তা না করে তিনি আত্মসন্তুষ্টির ভাব প্রকাশ করেছেন। তারপর, রাজ্যপালিকার ভাষণ পড়তে গিয়ে শিক্ষক হিসাবে আমার মনে হয়েছে যে, এটা একটা স্কুলপাঠ্য ভাল ও সুন্দর প্রবন্ধ হয়েছে, কিন্তু বাস্তব জীবনে যেসমস্ত সমস্যার সম্মুখীন হতে হয় তার কোনরকম সমাধানের ইঙ্গিত এই ভাষণের মধ্যে নেই। এটুকু বলেই আমি আমার বক্তব্য শেষ করব যে, কেন্দ্র থেকে আমাদের রাজ্যের যে ভাগ পাবার কথা ছিল তা থেকে পশ্চিম বাংলা বঞ্চিত হয়েছে। কিন্তু এর উপরই বাংলার ভাগ্য নির্ভর করে। রাজ্যপালিকার ভাষণে এসম্পর্কে একটি কথাও নাই যে সেটা পাবার কি ব্যবস্থা হয়েছে। এর-মধ্যে একটা কথাও নাই কেন্দ্রীয় সরকার কি করে আমাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছেন এসম্পর্কে কোন অভিযোগও নাই। এভাবে বাংলা দেশের ভাগ্য ক্রমে ক্রমে অন্ধকারাছন্ন হয়ে আসছে। আমি মনে করি সমস্ত দিক থেকেই রাজ্যপালিকার ভাষণ ব্যর্থ হয়েছে।

[10—10-10 a.m.]

Sj. Dhirendra Nath Moitra:

माननীয় চেয়ারম্যান, স্যার, আমার বন্ধুরা রাজ্যপালিকার ভাষণের উপর অনেক সমালোচনা করেছেন। আমিও কিছু বলতে চাই। আমাদের দেশের জনসাধারণ কৃষিজীবী, অল্পেতেই সন্তুষ্ট হয়। তাদের ভাত কাপড় জুটলেই তারা খুব আনন্দিত হয়। এই বিষয় রাজ্যপাল তাঁর অভিভাষণে বিশদভাবে বলেছেন। তিনি আরো বলেছেন যে খাদ্যশস্যের অভাব আছে অতএব গম প্রচুর পরিমাণে খাও তা হলে আমাদের এই সমস্যা সমাধান হবে। অতিবৃষ্টি অনাবৃষ্টির জন্য কিছু ধান কম হয়েছে কিন্তু গম খেয়ে তা পূরণ করতে হবে এই আশ্বাস তিনি ভালভাবে দিয়েছেন। সরকারের যেমন এই বিষয় দায়িত্ব আছে, আমাদেরও সেইরকম দায়িত্ব আছে যে আমরা আমাদের দেশবাসীকে ঠিক পথে চালনা করবো। এই বিষয় আমি বন্ধুদের অনুরোধ করছি। সুখের বিষয় আমাদের দেশে এবার শাকসব্জির আবাদ বেশ ভাল হয়েছে। এতেও কিছুটা খাদ্যাভাব পূরণ হবে। এটা যাতে আরো বেশী হয় সেজন্য যেন সরকার চিন্তা করেন। দেশ স্বাধীন হবার পর বহু বাস্তুত্যাগী আমাদের দেশে এসেছে যার ফলে আমাদের ভাইবোনেরা অনেক কষ্টে আছে। এর সমাধান সম্বন্ধে আমাদের রাজ্যপালিকার ভাষণে বিস্তারিত বলা হয়েছে। এই বিষয় আমার কিছু বলবার নেই। বেকার সমস্যা সম্বন্ধে রাজ্যপালিকা তার ভাষণে নূতন নূতন শিল্প, বৃহৎ শিল্প প্রতিষ্ঠা করে সে সমস্যা সমাধান করার জন্য উল্লেখ করেন। এই স্থানে আমাকে বলতে হবে যে আমাদের শ্রমিক ও মালিকের সম্বন্ধ যদি ভাল থাকে এবং প্রত্যেকেই সহযোগিতা করে কাজ করে তাহলে শিল্পপতিরা অন্যান্য শিল্প ও কলকারখানা খুলবে এবং তাতে এই বেকার সমস্যা সমাধান হতে পারবে। আসুন আমরা সকলে মিলে এই দেশকে ভালবাসি, দেশকে ভাল করি, আসুন সকলে এই বিরাট সমস্যা সমাধানকল্পে সহযোগিতা করি। জয়হিন্দ।

Sjta. Anila Debi: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret—

(a) that it does not indicate how the rice shortage will be met;

(b) that while mentioning that the average earnings of the factory worker per annum now are about double of what they were in 1947, it makes no mention of the rising prices of essential commodities and of any Government effort to bring down the cost of living;

(c) that it makes no mention of the confusion that has been created in the field of Secondary Education by the unplanned attempt on the part of the Education Department to re-organise Secondary Education in the State without consultation with the University of Calcutta and the Administrator of the superseded Board of Secondary Education, West Bengal;

(d) that it makes no mention of any step to be taken by the Government in furthering the cause of women's education in the State;

(e) that it makes no mention of the necessity of setting up a Central Board of Primary Education to guide, plan, develop and control primary education in the State;

(f) that it makes no mention of any Government attempt to integrate the traditional Primary Schools with the basic pattern;

(g) that it makes no mention of any step towards making Primary Education free, universal and compulsory within the year 1960;

(h) that it makes no mention of raising the salaries of College and University Teachers with the help of subsidy offered by the University Grants Commission;

(i) that it makes no mention of raising the salaries of clerks and other employees other than teachers of Schools and Colleges;

(j) that it makes no mention of expanding facilities of Post Graduate Education particularly in Science and Technology; and

(k) that it makes no mention of enhancing the Dearness Allowances of teachers, clerks; Librarians and the subordinate staff of Schools and Colleges."

মাননীয় সভাপতি মহাশয়, আমি রাজ্যপালের ভাষণের উপর এই সংশোধনী প্রস্তাবগুলি উপস্থিত করেছি। রাজ্যপালের ভাষণে কোথায় কি অভাব সে সম্বন্ধে আমার পূর্ববর্ত্তী বক্তারা নানা দিক থেকে আলোচনা করে গিয়েছেন। আমি সংক্ষেপে রাজ্যপাল মহোদয়ার ভাষণ পড়তে গিয়ে যে কথাগুলি বিবেচনার যোগ্য বলে মনে করেছি তার উল্লেখ করতে চাই। প্রথমেই খাদ্য সমস্যা। চাল ঘাটতির কথা উল্লেখ করে বলা হয়েছে এই ভাষণে যে ৭ লক্ষ টন চাল ঘাটতি হবে। কিন্তু এই ঘাটতি কি করে যে পূরণ হবে তার কোন স্পষ্ট ইঙ্গিত ভাষণের মধ্যে আমরা পাচ্ছি না। বলা হয়েছে মিলএর কাছ থেকে ¼ অংশ সরকার নেবে। কিন্তু এ থেকে কি পরিমান চাল সংগ্রহ হবে, এই ঘাটতি পূরণের কতটা সহায়তা করবে এ সম্বন্ধে উল্লেখ নেই। কিম্বা এই চাল কি দরে কেনা হবে এ সম্বন্ধে কোন কথা বলা হয় নি। এই মরশুমে. বর্তমানে আমরা চালের দাম যা দেখছি এই চালের দাম যদি না কমে এবং ক্রমাগত বাড়তে থাকে তাহলে বর্ষার পর খাদ্যের অভাব কি পর্য্যায়ে পৌছাবে তা সহজেই অনুমান করতে পারা যায়। অবশ্য রাজ্যপাল মহোদয়ার ভাষণের মধ্যে চাল কম খেয়ে গম বেশী খাবার একটা উপদেশ রয়েছে। কিন্তু খাদ্য সমস্যা সমাধান করতে গিয়ে যে চাল আমাদের প্রধান খাদ্য, সেই চালের বদলে গম খাবার নির্দেশ দিলেই ঠিক সমস্যা সমাধানের সুষ্ঠু পন্থা হবে বলে আমি মনে করতে পারি না। এক কথায় বলা যায় আমাদের সরকার এ পর্যন্ত কোনও কর্মপন্থা গ্রহণ করে নি তাই

তিনিও কোন কর্মপন্থার ইংগিত পর্যন্ত করতে পারে নি যে ভবিষ্যতে খাদ্য সমস্যার সমাধানের পথ কি হতে পারে। ভাষণে বলা হয়েছে যে ১৯৪৭ সালে ফ্যাক্টরী ওয়ার্কার্সদের যে আয় ছিল সেই আয় ডবল হয়ে গিয়েছে। কিন্তু ভাষণে এ কথা বলা হয় নি কস্ট অব লিভিং ১৯৪৭ সালের চাইতে কত গুণ বৃদ্ধি প্রাপ্ত হয়েছে। আয়ের দিক থেকে টাকার অংক কিছু বেড়েছে এটা সত্যি কথা। কিন্তু দ্রব্য মূল্যের বৃদ্ধির মান আর উপার্জ্জনের ক্রয় ক্ষমতার মান যদি পাশাপাশি দাঁড় করান যায় তাহলে এটা পরিষ্কার বোঝা যায় যে আয় প্রকৃতপক্ষে বাড়ে নি। কারণ মানুষের ক্রয় ক্ষমতার মাপ কাঠিতেই উপার্জ্জন বৃদ্ধির সঠিক পরিমাপ হতে পারে। এখানে ১৯৪৭ সালের চেয়ে ডবল উপার্জন টাকার অংকের দিক থেকে বেড়েছে। অথচ অর্থের ক্রয় ক্ষমতা অনেক কমে গিয়েছে। এ থেকে মনে হয় যে সরকার কস্ট অব লিভিং নাবিয়ে আনবার কোনও পন্থা নির্ধারণ করতে পারে নি। সেই অকর্মণ্যতার পরিচয় ঢাকবার জন্য আয়ের অংকটা বড় করে দেখিয়েছেন। এই গোঁজা মিল রাজ্যপালের ভাষণে আমরা প্রশংসা করতে পারি নি। এক কথায় বলতে পারি ক্রমবর্ধমান এই যে অর্থনৈতিক সমস্যা এটাকে এড়িয়ে গিয়ে একটা রঙিন চিত্র আঁকবার চেষ্টাই করা হয়েছে।

তারপর আমরা শিক্ষার কথায় আসছি। প্রথমে আমি মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে সব চেয়ে বড় ত্রুটি ও সরকারের অপদার্থতার কথা উল্লেখ করতে চাই। আজও মাধ্যমিক শিক্ষা পুনর্গঠন করবার জন্য কোন রকম সুষ্ঠু পরিকল্পনা এই সরকার গ্রহণ করতে পারেন নি। রাজ্যপাল মহোদয়া মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত যে তথ্য উপস্থিত করতে চেয়েছেন তার আড়ালে ব্যর্থতার সত্যকে ঢাকা রাখা যায় নি। শিক্ষা সংস্কার সম্পর্কে পরিকল্পনা হীনতার ত্রুটি অমার্জনীয়। আমরা বারবার সরকারের কাছে আবেদন করেছি একটি সুষ্ঠু পরিকল্পনার জন্য। সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ না করে সরকারের খামখেয়ালীতে চললে মাধ্যমিক শিক্ষাকে বিপর্যয়ের হাত থেকে রক্ষা করতে পারা যাবে না। এ কথা দিনের অলোর মত স্বচ্ছ। মাধ্যমিক শিক্ষাকে বিপর্য্যয়ের হাত থেকে বাঁচাবার জন্য সুষ্ঠু পরিকল্পনার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও আমরা দেখতে পাই না।

[10-10—10-20 a.m.]

এখানে মামুলিভাবে বহুমুখী বা উচ্চ বিদ্যালয়ের কথা উল্লেখ করা হয়েছে। কিন্তু এই বিদ্যালয়গুলির ভবিষ্যৎ কি? এখানে সিলেবাস নেই, পঠন-পাঠনের নীতি নেই, আর ব্যবস্থাপনায় অসংখ্য রকম ত্রুটি রয়েছে। সেই সব আলোচনা করে আমি বেশী সময় নষ্ট করতে চাই না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা নির্দিষ্ট আছে ১৪৪টি। রাজ্যপালের ভাষনের মধ্যে আমরা দেখতে পাচ্ছি—আমাদের এই দ্বিতীয় বছরে তার সংখ্যা হয়েছে ৯৭টি বহুমুখীসহ ২৫২টি হায়ার সেকেণ্ডারি বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে। অবশ্যই আমরা এটা চাই যে বহুমুখী ও উচ্চ বিদ্যালয় সংখ্যায় আরও বাড়ুক, এবং বাস্তব চিন্তামূলক পরিকল্পনা গ্রহণ করা হোক্

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে ১,৭৫০টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, যদি উচ্চতর এবং বহুমুখী বিদালয়ে পরিণত হয়, সেটা আনন্দের কথা। কিন্তু তার সঙ্গে সঙ্গে আমাদের শিক্ষার মানও উন্নততর হোক সেটাও আমরা চাই। শিক্ষার মানকে উন্নত করবার জন্য যে পরিকল্পনা সেই পরিকল্পনা সরকারের কোথায়? সেই পরিকল্পনাহীনতা বিপর্যয় সৃষ্টি করছে। সম্প্রতি রাজ্যব্যাপী শিক্ষকদের যে বিক্ষোভের ঢেউ বয়ে গেল, সেই ঢেউ বওয়ার মূলে হচ্ছে শিক্ষা ব্যাপারেও সরকারের অপদার্থতা এবং পরিকল্পনাহীনতা।

রাজ্যপাল মহোদয়ার ভাষণের মধ্যে মাধ্যমিক শিক্ষা পর্ষৎ বিলের কথা উল্লেখ করেছেন কিন্তু আমাদের জিজ্ঞাস্য এই যে, তাঁর উল্লিখিত যে মাধ্যমিক শিক্ষা পর্ষৎ বিলের বহু সমালোচনা এই হাউসে হয়েছে, তার সম্পর্কে বহু মতামত ব্যক্ত ও আলোচিত হয়েছে। সেই বিল কিরূপে উপস্থিত হবে এ্যাসেম্বলীর সামনে? আমরা বুঝতে পারছি না, এই বিল আলোচনার সময়ে এবং এ পর্যন্ত দেশের শিক্ষাবিদ শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক সমাজ যে সমস্ত অভিমত দিয়েছেন সেগুলি একেবারে পদদলিত করা হবে, না সেগুলির কোন মূল্য দেওয়া

হবে। আমি এই প্রসঙ্গে যুক্তি হিসাবে এইটুকু উপস্থিত করতে চাই যে আমাদের লোয়ার হাউসএ যখন এই বিল উপস্থাপিত হবে, তার আগে অন্ততঃ এ্যাসেমব্লী থেকে একটা সিলেক্ট কমিটি করে সেই কমিটিকে এই বিলকে পুঙ্খানুপুঙ্খরূপে বিশ্লেষণ করবার অধিকার দেওয়া হোক।

তারপর স্ত্রী শিক্ষা সম্বন্ধে আমার একটু বক্তব্য আছে। মাননীয় রাজ্যপালিকা পূর্ব ভাষণানুযায়ী ১৪ বৎসর বয়স্ক বালিকাদের অবৈতনিক প্রাথমিক শিক্ষার আশ্বাস অন্ততঃ গ্রামাঞ্চলে চালু করবার আশ্বাস পূর্ণ হবার কোনো পথ এ পর্যন্ত আমরা দেখতে পাই নি। অর্থাৎ সরকারী ব্যবস্থাপনায় কয়জন সেই অবৈতনিক শিক্ষা লাভের অধিকারী হয়েছে? গ্রামাঞ্চলে বালিকা বিদ্যালয়ের সংখ্যা প্রায় পঞ্চাশের মত হবে। পূর্বেও আমি বলেছি এখনো বলছি সরকারের কাছে, যে, বিভিন্ন গ্রামাঞ্চলে বিদ্যালয়গুলিতে সহশিক্ষা প্রবর্ত্তন করলে এই শিক্ষার সুযোগ সম্প্রসারিত হতে পারত এবং পারে। সহর অঞ্চলে বালিকাদের অবৈতনিক শিক্ষার সুযোগ কি ভাবে দেওয়া হচ্ছে, সে সম্বন্ধে কোন তথ্য আমাদের কাছে নেই। আমি আশা করবো রাজ্যপাল যে আশ্বাস দিয়েছেন এবং তাঁর সরকার যে আশ্বাস দিয়েছেন, সেই আশ্বাসকে অবিলম্বে কার্য্যে পরিণত করবার জন্য সরকার তৎপর হবেন। প্রাথমিক শিক্ষা আমাদের দেশে নিতান্ত অবহেলিত হয়ে আসছে। ১৯৩০ সালের যে প্রাথমিক শিক্ষা আইন, ছিল তাই আছে, ১৯৫৭ সালেও সেই আইন প্রবর্তিত হয় নি। প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে, প্রাথমিক শিক্ষার্থিদের সংখ্যা বেড়েছে, রাজ্যপালের ভাষণে এই কথার উল্লেখ আছে। আমরাও সেটা আনন্দের সঙ্গে স্বীকার করি। কিন্তু তার পরিণতির রূপ কি? আমরা দেখতে পাচ্ছি চতুর্থ শ্রেণীর পঠণপাঠণ শেষ করবার আগেই ছাত্রছাত্রীর সংখ্যার শতকরা ৬৮ জন লেখা-পড়ার পথ ছেড়ে দিতে বাধ্য হয়। টেনে বুনে এই স্তর থেকে যেটুকু শেখে তার কোনো চিহ্নই পরবর্ত্তী জীবনে কাজের হয়না অর্থাৎ লেখা পড়া শেখার পর্য্যায়ে এরা পড়েনা। এই শিক্ষা সমাপ্ত করে উচ্চবিদ্যা গ্রহণ করতে যায় অতি অল্প সংখ্যাই সুতরাং ফলপ্রসূ পরিণতি এর থেকে আমরা কি পাচ্ছি? আমরা দেখছি শিক্ষা ক্ষেত্রে এক বিরাট অপচয় ও অব্যবস্থা হচ্ছে। বুনিয়াদী শিক্ষার পিছনে বহু টাকা ব্যয় করা হচ্ছে, কিন্তু চালু প্রাথমিক বিদ্যালয় গুলির সঙ্গে তার সামঞ্জস্য রাখার কোন ব্যবস্থা নেই। বিজ্ঞানসম্মত সিলেবাস সম্বন্ধে কোন চিন্তা সরকারের আছে কিনা, তা আমরা জানতে পারছি না। প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক করবার জন্য যে প্রতিশ্রুতি ১৯৬০ সালের মধ্যে ছিল, তার কতখানি এগিয়েছে এসম্বন্ধে কোন সুষ্ঠু তথ্য সরকার পক্ষথেকে উপস্থিত করা সম্ভব হয় নি। আমাদের বক্তব্য ১৯৩০ সালের প্রাথমিক শিক্ষা আইনকে পরিবর্ত্তিত করা হোক, এবং প্রাথমিক শিক্ষকদের যথেষ্ট প্রতিনিধিত্ব নিয়ে এমন একটা প্রাথমিক শিক্ষা পর্ষৎ গঠিত করা হোক, যে পর্ষৎ প্রাথমিক শিক্ষার ব্যবস্থাপনা সুষ্ঠু ভাবে পরিচালিত করতে পারে।

উচ্চ শিক্ষার ক্ষেত্রেও আমরা দেখতে পাচ্ছি একটা বিক্ষোভ আসন্ন। কেন্দ্রীয় সরকার কলেজ অধ্যাপকদের বেতন বৃদ্ধির শতকরা ৫০ ভাগ টাকা দিতে রাজী আছেন, যদি সেখানে পরিচালক সমিতি এবং পশ্চিমবঙ্গ সরকার আর ৫০ ভাগ টাকা দেয়। কিন্তু এ সম্বন্ধে সরকারের যথেষ্ট ঔদাসীন্য রয়েছে। এ সম্পর্কে কলেজ-অধ্যাপকদের মধ্যে যে বিক্ষোভ দেখা দিচ্ছে, সেটা একদিন হয়ত ফেটে পড়তে পারে এবং পরে একটা অশান্ত পরিস্থিতির উদ্ভব হতে ারে। আমরা আরও দেখতে পাচ্ছি বিভিন্ন স্তরের শিক্ষায়তনের, গ্রন্থাগারিক, এবং অন্যান্য কর্ম্মচারী ও শিক্ষকদের ভাতা বৃদ্ধির কোন প্রসঙ্গ এখানে নেই। কলেজের এই সমস্ত কর্মচারীদের ভাতা বৃদ্ধির জন্য কত অর্থের প্রয়োজন তার যথাযথ তথ্য আমরা উপস্থিত করতে হয়তো না পারি, কিন্তু মাধ্যমিক বিদ্যালয় প্রসঙ্গে এই কথা বলতে পারি যদি সেখানে করণিক, গ্রন্থাগারিক ও অধস্তন কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধি করা হয়, তাহলে মহার্ঘ ভাতার জন্য যে অর্থ বরাদ্দ আছে তাতেই সংকুলান হতে পারে, এরজন্য অতিরিক্ত অর্থ বরাদ্দ হয়তো প্রয়োজনই হবেনা। বাজেটের এই খাতে যে অর্থ বরাদ্দ আছে, যদি আমাদের মন্ত্রী মন্ডলী সহৃদয়ে বিবেচনা করেন, তাহলে সেই অর্থেই আজকের অর্থনৈতিক দুর্দিনে এই সমস্ত বিদ্যালয়ের কর্ম্মচারীদের আর্থিক অবস্থার কিছুটা সুরাহা হতে পারে।

আমার আর একটা বক্তব্য হচ্ছে বিদ্যালয়ের শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকার শতকরা ৫০ টাকা করে টাকা দিতে রাজী হয়েছেন। কেন্দ্রীয় সরকারের ১৯৫৫ সালের যিনি শিক্ষাসচিব ছিলেন, জনাব হুমায়ুন কবীর, তিনি ১৯৫৫ সালে জুলাই মাসে অনুমোদিত একটা বেতনের হার সংবাদপত্রের মাধ্যমে ঘোষিত করেছিলেন। আজকে আমাদের রাজ্য সরকারের উচিত সেই ঘোষিত হার অনুযায়ী শিক্ষকদের বেতনের হারকে নির্দিষ্ট করা। সময় সংক্ষিপ্ততার জন্য রাজ্যপালের ভাষণের মধ্যে শিক্ষার অন্যান্য দিকেও যথেষ্ট বলার থাকলেও, আমি আজকে আর সময় নিতে চাই না। আমি শুধু এইটুকু বলতে চাই যে, এই ভাষণ আমাদের কাছে অত্যন্ত অবাস্তব হয়েছে, বাস্তব চিত্র এতে নেই, সমস্যা সমাধানের পথ এতে নেই। শুধু কি কি করা হয়েছে তার একটা হিসাব দাখিল করা হয়েছে। গোটা দেশটায় কি করা হয়েছে তার হিসাব দাখিল করলেই আমরা সন্তুষ্ট হতে পারি না, আগামী দিনের জন্য কি করা হবে এরও একটা ইংগিত সুস্পষ্ট ভাবে আমাদের কাম্য। শিক্ষার ক্ষেত্রে প্রসার সম্পর্কে আমার আগে এক বন্ধু বলেছিলেন যে শিক্ষাসমস্যা সমাধান হতে পারে না যদি সেখানে রাজনৈতিক খেলা চলে। তিনি বলেছেন যে দেশের মধ্যে রাজনৈতিক খেলা হয় বলেই, এটা নাকি আজ সরকারের পক্ষে সম্ভব হচ্ছে না। এখানেও রাজনৈতিক খেলা চলে, এ কথা আমরা অস্বীকার করি না। আমি শুধু বন্ধুবরকে এই টুকু জানাতে চাই, অপরকে দোষ দেবার আগে এ সম্পর্কে তাঁর নিজের দলের কাছে, তাঁর সংগঠণের কাছে তিনি যেন এই কথা বলেন যে "আপনি আচরি ধর্ম শিখাও অপরে"।

[10-20—10-30 a.m.]

Sj. Jimut Bahan Sen: Mr. Chairman, Sir, I am very thankful to you for giving me the opportunity to speak today on the subject-matter of the discussion. I come from the added area which has just come over to West Bengal, and I thought that being the only member in this House from the added area I should speak something on the subject-matter of the debate today, otherwise there will remain a gap.

I have stood to support the resolution of Sj. Asutosh Ghosh which he has moved to thank Her Excellency the Governor for the speech that she has delivered. In this connection I would like to tell the house that after long 42 years of struggle only a part of the Bengali-speaking area lying outside Bengal has come to West Bengal, and we are very pleased that we have been able to come and speak to our friends in Bengal, so long strangers to us, and who did not keep any information about us. We are grateful that we are able to speak to them and give to them our list of grievances and problems. However, it is not that I have stood up today with any motive, but I would like to take this occasion to thank the West Bengal Government for the prompt action that it took to serve our territory. On the 1st November, 1956, Purulia district came over to Bengal. That very day, on the 1st November, 1956, a letter was received, delivered to me personally by Dr. D. M. Sen, Education Secretary, from Dr. Roy asking me to give him a list of things to be done for the development of education in that neglected area of Bihar, Purulia. I was very ill. I had had four attacks of Coronary Thrombosis in 1953, 1954, 1955 and 1956. I was still then lying in bed when Dr. Sen came to me. I gave him some idea as to how to develop. On the 17th January Dr. Roy himself, the great Chief Minister of West Bengal whom I must describe as a very great man with very great heart and with very great alacrity, laid down a full programme of setting up 5 multi-purpose schools, 1 ladies college, upgrading of the existing schools and financing the existing boys college and various other things, and all these started to function from August, 1957—each of them. This has really pleased Purulia people very much; we were much behind in education in the Purulia area because of the fight that was led against us on the language question, Hindi and Bengali. Any way, that very year Dr. Roy, the Chief Minister, also laid out a lot of schemes for the economic improvement of the

people of our area. I have got a list here made up to date. Apart from the 5 multi-purpose schools and a ladies college and a Polytechnic Institute for technological studies, he gave out loans of Rs. 2,32,000 to the agriculturists, also gratuitous relief for fire-affected people and other kind of gratuitous relief to the extent of Rs. 15,980, wages to test relief workers Rs. 32,925 in cash and 6,000 maunds in wheat and paddy, also loan from grain golas to the extent of 18,500 maunds. Since transfer of the territories several N.E.S. blocks had been started and a few of them are functioning in the municipal areas and rural areas of Manbazar, Hura, Puncha and Bagramudi. Also nearly a population of 18,000 have come under the benefit of modified rationing; Rs. 1,79,000 has been allotted to the district for local development works. A District Development Council has been formed and the Council has selected 134 schemes for execution for the local development work. Up till now, the sponsoring agency of 29 schemes have started work. The Block Advisory Committees of the N.E.S. and C.D. blocks have been formed, and test relief by the construction of metalled roads was given. Nineteen kutcha roads of 3,456 miles in length have also been constructed. You know, the subsidiary crop in this district is lac brood. I sent a telegram to Dr. B. C. Roy on the 18th of November saying that we will have no lac brood available in the district. He at once sent his Secretary with funds to purchase lac brood; nearly Rs. 80,000 was spent in the parchase of lac brood, which gave some hope to the cultivators because they had lost their paddy crop due to drought. Anyway, we are still hoping for more affectionate attention. We would like to have the name of Purulia to be changed into Manbhum district. I am not making that grievance today; but we have got other grouses also. The chief of them is that we are made to feel that the district has not come fully over to Bengal; it has not been completely integrated as we had expected; this is because there were a lot of lacunae left in the Transfer of Territories Act but we are hoping and we hope that gradually, by and by, within a year the lacunae will be repaired and it will be fully integrated and worked as a full-fledged district of West Bengal, which is not so today.

I have nothing more to say. I feel very ill to say more. Much more should have been said but I thought there will remain a gap if I did not, on my illness, speak on this occasion. Thank you, sir.

Sj. Kamini Kumar Ghosh:

মাননীয় সভাপাল মহাশয়, মহামান্য রাজ্যপাল মহোদয়ার ভাষণ সম্বন্ধে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উপস্থাপিত করা হয়েছে সেই প্রস্তাব আমি সর্বান্তঃকরণে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। আমার অপরপক্ষের কোন কোন বন্ধু বলেছেন যে রাজ্যপাল মহোদয়ার ভাষণে সমস্ত কিছু বিষয়ে বিশেষ করে আলোচিত হয় নি। বাস্তবিকপক্ষে এরূপ ভাষণে সমস্ত বিষয় আলোচনা করা সম্ভবপর নয়। আমরা দেখেছি রাজ্য সরকারের পরিকল্পনা সম্বন্ধে মোটামুটি আভাষ দেওয়া হয়েছে, কোন বিষয় বাদ দেওয়া হয় নি, কিন্তু সম্পূর্ণ আলোচনা এখানে করা হয় নি এটা ঠিক। আমি এখানে বাস্তুহারাদের পুনর্বাসন সম্বন্ধে দু-একটি কথা বলবো। গভর্ণর তাঁর স্পীচে বলেছেন—

"The settlement of a very large proportion of them is not possible in this State because of the paucity of land which can be acquired for resettlement purposes. The Union Ministry of Rehabilitation have accordingly arranged to rehabilitate as many campers as possible in other States. During 1957 nearly 5,000 such refugees were sent to different States such as Madhya Pradesh, Bihar, etc. A suitable area has recently been located in Mysore, and the Mysore Government are preparing a scheme for the settlement of about 600 refugee families there."

[10-30—10-40 a.m.]

আমাদের সরকার চেষ্টা করছেন, যদিও ফল এখন পর্যন্ত আশানুরূপ হয় নি। আমাদের সরকার বলেছেন যে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য পর্যাপ্ত পরিমাণ জমি পশ্চিম বাংলায় নাই এতে বিরোধীপক্ষের বন্ধুরা আপত্তি করেছেন। মাননীয় বন্ধু শ্রীমনোরঞ্জন সেনগুপ্ত মহাশয় বলেছেন বর্ধমানে অনেক জমি আছে যেখানে উদ্বাস্তুদের পুনর্বাসন সম্ভবপর। যদি প্রকৃতই সেখানে এমন জমি থাকে তাহলে এই সরকার এ সম্বন্ধে ইনকোয়ারী করে যদি দেখেন পুনর্বাসন সম্ভবপর তাহলে তারা নিশ্চয়ই সেই চেষ্টা করবেন। একটা কথা বলতে চাই উদ্বাস্তুরা পশ্চিম বাংলায় থাকতে চায় কেন? এর কারণ হচ্ছে তারা এমন একটা পরিবেশের মধ্যে থাকতে চায় যেখানে বাংলা দেশের শিক্ষাদীক্ষা সংস্কৃতি রক্ষা করার সুবিধা পাওয়া যেতে পারে। কিন্তু কথা হচ্ছে যদি পশ্চিম বাংলায় জায়গা না থাকে তাহলে বাধ্য হয়ে বাইরে যেতে হবে। আমরা জানি বাংলা দেশের চালচলনের সঙ্গে বিহার বা উড়িষ্যায় চালচলনের কোন সাদৃশ্য বা সামঞ্জস্য নাই। সেখানে বাঙ্গালীরা নিজের মত করে থাকতে পারে না। সেজন্য অনেকে আবার সেইসব স্থল থেকে বাংলায় ফিরে আসছে। এবার আমি দণ্ডকারণ্য পরিকল্পনা সম্বন্ধে বলব—দণ্ডকারণ্যে যাতে রিফিউজিদের পুনর্বাসন সম্ভব হতে পারে তারজন্য আমাদের সরকার চেষ্টা করছেন। আমাদের বন্ধুরা যাঁরা এই দণ্ডকারণ্য পরিকল্পনার সমালোচনা করেছেন এবং উদ্বাস্তুদের বিপথে চালিত করবার চেষ্টা করছেন তাঁদের আমি বলব তাঁরা যেন ভাল করে চিন্তা করে দেখেন, নতুবা গভর্ণমেণ্টএর কাজ ব্যাহত হবে। মাননীয় রাজ্যপালিকা তাঁর ভাষণে বলেছেন যে, উদ্বাস্তুদের আগমন পূর্বাপেক্ষা কমেছে। আমরা জানি বর্তমানে বেশীর ভাগ হিন্দুর অবস্থা সেখানে উন্নত হয়েছে। মাইগ্রেশন সার্টিফিকেট পাওয়ার অসুবিধার জন্যও অনেক লোক আসতে পারছে না। আবার অনেকে এই কারণেও আসতে চাচ্ছে না যে, আগে এসেছে তাদের অবস্থা এখানে শোচনীয় হয়েছে। আমি এখানে এই কথাই শুধুমাত্র বলতে চাই যারা এখনো সেখানে রয়েছে তারা যাতে আসতে পারেন তারজন্য আমাদের সরকার নিশ্চয়ই চেষ্টা করবেন।

শিক্ষা সম্পর্কে একটা কথা বলতে চাই। আমরা জানি গভর্নর তাঁর স্পীচে বলেছেন

> "Education has made balanced progress during the year in all the sectors—primary, secondary, university and technical. The number of students in the institutions of all these sectors is now more than double of what it was in 1947-48. The salary scales of teachers in primary schools have been improved although not to the desired extent due to financial difficulties. Reorganisation of secondary education has proceeded according to the National Plan approved by the Government of India. The salary scales of teachers in secondary schools have also been improved."

শিক্ষার কিছু কিছু উন্নতি হয়েছে একথা ঠিক, কিন্তু আমি এসম্বন্ধে বলব, মাধ্যমিক শিক্ষকদের অবস্থার কিছু পরিবর্তন হলেও ক্লার্কস এবং লাইব্রেরিয়ান এদের সম্বন্ধে কোন বন্দোবস্ত করা হয় নি। আমি আবেদন করব এঁদের বেতন সম্বন্ধে বিবেচনা করা দরকার। তারপর প্রধান শিক্ষকদের বেতন সম্বন্ধে কি হল? আগে ছিল, 'সি'।'ডি' এই হেডমাষ্টারদের আরম্ভ হত ১০০ টাকা থেকে। আমি মনে করি সমস্ত হেডমাষ্টারদের বেতন কম করে ২০০ টাকা হওয়া উচিত—এদিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আরেকটা কথা আমি বলতে চাই, সেটা হচ্ছে পাবলিক সার্ভিস কমিশন যা নিয়ে আগে আলোচনা হয়েছে। এসম্বন্ধে সকল শিক্ষক একমত ছিলেন—এসম্বন্ধে কোন মতভেদ ছিল না। টেম্পোরারী ও নতুন শিক্ষকদের পাবলিক সার্ভিস কমিশনএর সামনে উপস্থিত হতে কারুর আপত্তি ছিল না—কিন্তু আমি মনে করি এই জিনিসটা পিসফুল নিগোসিয়েশনএর মাধ্যমেই হতে পারত এরজন্য উত্তেজনা সৃষ্টি করা বা বিক্ষোভ প্রদর্শনের কোন দরকার ছিল না। আমি শিক্ষকদের আন্দোলন ও স্ট্রাইক করার পক্ষপাতী নই। আমাদের দাবী এক, কিন্তু আমাদের মত ও কর্মপন্থা বিভিন্ন। আমি

খানে বলছি ডিসকাসানএর মাধ্যমে এই বিষয়ের মীমাংসা হওয়া উচিত—তা যদি আমরা করতে পারি তাহলে আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা সুষ্ঠুভাবে চলবে ও আমাদের দেশের উন্নতি হবে। শিক্ষা সম্বন্ধে আরো কিছু বলবার ছিল, বাজেট আলোচনার সময় সেকথা বলব।

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that the problems of refugee rehabilitation and adequate development of agriculture and higher education have not been properly dealt with."

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয়া রাজ্যপালিকার ভাষণের উপরে দীর্ঘ বক্তৃতা হয়েছে। নূতন কিছু বলার নাই। তাই আমি চেষ্টা করব নূতন দৃষ্টিভংগী দ্বারা রাজ্যপালিকার ভাষণটাকে বিচার করতে।. আমার মনে হয় আমাদের দেশে যে শাসন ব্যবস্থা আছে সেই শাসন ব্যবস্থার ভিতরে একটা সুলক্ষণ আমি দেখতে পাচ্ছি। গণতন্ত্রের কতকগুলি নীতি আছে। তার একটা নীতি হচ্ছে এই যে বিরোধীপক্ষ গঠনমূলক মনোভাব নিয়ে আলোচনাতে যোগদান করবে এবং সরকার পক্ষ থেকেও বিরোধী পক্ষের সহযোগিতা কামনা করা হবে। ১৯৫২ সাল থেকে আরম্ভ করে ১৯৫৭ সাল পর্যন্ত বিরোধীপক্ষের আমরা বার বার গঠনমূলক মনোভাব নিয়ে সরকারের পক্ষের সংগে সহযোগিতার জন্য অগ্রসর হয়েছি, কিন্তু আমাদের এই সহযোগিতার প্রস্তাব তাঁরা অগ্রাহ্য করেছেন। নূতন নির্বাচনের পরে একটা নূতন পরিস্থিতির উদ্ভব হয়েছে বলে যেন মনে করছি। আমরা দেখতে পাচ্ছি যে মুখ্যমন্ত্রী নানা বিষয়ে বিরোধীপক্ষের নেতৃবর্গের সংগে আলাপআলোচনা করছেন। শুধু তাই নয়। কতকগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিভাগ সম্বন্ধে যেমন, খাদ্য ও উদ্বাস্তু পুনর্বাসন কমিটি নিযুক্ত করেছেন। আমার মনে হয় এই যে গঠনমূলক মনোভাব নিয়ে সরকার অগ্রসর হয়েছেন, বিরোধীপক্ষের কাছে এটা আমাদের গণতন্ত্রের একটা সুলক্ষণ বলতে হবে। আমরা বিরোধীপক্ষ থেকে বার বার বলেছি যে ৩টা জিনিস রাজনীতির ঊর্দ্ধে রাখা প্রয়োজন ; (১) শিক্ষা, (২) খাদ্য, (৩) উদ্বাস্তু পুনর্বাসন। কিন্তু সরকার দলগত মনোভাব নিয়ে এসব বিষয়েও অগ্রসর হয়েছেন। এটা দুঃখের বিষয়। তাঁরা এ তিনটি বিষয়কে রাজনীতির ঊর্দ্ধে রাখতে পারেন নি, রাখতে চান নি, এবং এরজন্য তিনটা যে গুরুতর সমস্যা আমাদের পশ্চিম বাংলায় রয়েছে, এই গুরুতর সমস্যার সমাধান হয় নি এবং সমাধান হতে যে দেরী হবে তা সুস্পষ্টভাবে বোঝা যাচ্ছে।

[10-40—10-50 a.m.]

সরকার সেখানে খাদ্য এবং উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে দুটো পরামর্শদাতা কমিটি নিযুক্ত করেছেন, এই দুটো কমিটি কাজ করতে আরম্ভ করেছে। আমরা আশা করব যে শিক্ষা সম্বন্ধেও তেমনি পরামর্শদাতা কমিটি নিযুক্ত হবে। সেখানে একটি মাত্র পরামর্শদাতা কমিটি নিযুক্ত করলে কাজ ভালভাবে চলবে না। আমরা মনে করি যে প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, উচ্চ শিক্ষা এবং কারিগরী শিক্ষা—এই চারটের পরামর্শদাতা কমিটি সেখানে থাকা প্রয়োজন। আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এবিষয়ে বিবেচনা করবেন এবং মুখ্যমন্ত্রী মহাশয়ও এবিষয়ে আমরা যে প্রস্তাব করছি সেই প্রস্তাব সম্বন্ধে বিবেচনা করবেন। আজকে সবচেয়ে বড় সমস্যা যেটা আমাদের সামনে দেখা দিয়েছে সেটা খাদ্যসমস্যা। খাদ্য সমস্যা সম্বন্ধে আমি একটা প্রস্তাব উত্থাপন করতে চাই আপনার কাছে। আমার প্রথম প্রস্তাব হচ্ছে যে খাদ্যসমস্যার সমাধান করতে হলে দপ্তর পুনর্বণ্টনের প্রয়োজন। এই দপ্তর পুনর্বণ্টন করা মুখ্যমন্ত্রীর একমাত্র অধিকার। এই দপ্তর পুনর্বণ্টন কেন দাবী করছি সেটা অতি সংক্ষেপে বলতে চাই।

আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় আর একটা অত্যন্ত সমস্যাকীর্ণ বিভাগের কর্তা—উদ্বাস্তু পুনর্বাসন। আমার মনে হয় উদ্বাস্তু পুনর্বাসন এবং খাদ্য দুটি বিভিন্ন মন্ত্রীর হাতে থাকা উচিত। শ্রীমতী মুখোপাধ্যায় মহাশয়া উদ্বাস্তু পুনর্বাসনের রাষ্ট্রমন্ত্রী। তিনি যদি সম্পূর্ণভাবে এই দায়িত্ব গ্রহণ করেন তাহলে মনে হয় সেটা অনেক ভাল হবে। খাদ্য সমস্যা এবং উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা অত্যন্ত গুরুতর সমস্যা। এই দুটো অত্যন্ত সমস্যায় আকীর্ণ বিভাগ

একই মন্ত্রীর হাতে থাকে তাহলে অন্যায় হবে বলে মনে করি। একথা আমি বিধান পরিষদের গত অধিবেশনে বক্তৃতা প্রসংগে বলেছিলাম। মুখ্যমন্ত্রী মহাশয় যে বিষয়ে আমাকে পরিষদকক্ষের বাহিরে বলেছিলেন যে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য খাদ্যেরও প্রয়োজন। সুতরাং খাদ্য এবং উদ্বাস্তু পুনর্বাসন একসংগে থাকা ভাল। কিন্তু আমি এই তর্কের সত্যই কোন ভিত্তি আছে বলে মনে করি না। আমি দেখতে পাচ্ছি যে মাননীয় প্রফুল্লচন্দ্র সেন, খাদ্যমন্ত্রী মহাশয়, উপযুক্তভাবে দুটো দিকে নজর দিতে পারেন না। তিনি কর্মক্ষম ব্যক্তি এবং অত্যন্ত পরিশ্রমী; তাঁর উপর আমাদের আস্থা আছে; কিন্তু একথা তিনিও নিশ্চয় স্বীকার করবেন যে এই দুটো সমস্যাপূর্ণ বিভাগ সম্পর্কে সঠিক নজর রেখে সুষ্ঠুভাবে কাজ চালান তাঁর পক্ষে সম্ভব হয়ে ওঠে না। বন্ধুগণ! (শ্রীযুক্তা পূরবী মুখোপাধ্যায়ঃ এখানে 'বন্ধুগণ' কেহ নাই।) সভাপাল মহাশয়! শ্রীযুক্তা পূরবী মুখোপাধ্যায় মহাশয়া আমার যে ভুল সংশোধন করে দিয়েছেন আমি সেজন্য তাঁর কাছে কৃতজ্ঞ। এজন্য পরিষদের কাছে মার্জনা চাইছি। এই দপ্তর পুনর্বণ্টন সম্বন্ধে আমার আর একটি কথা বলবার আছে। খাদ্যমন্ত্রী নিজের কর্তব্য কিছুতেই সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পারেন না যদি কৃষির উপর তাঁর অধিকার না থাকে। সুতরাং আমি মনে করি কৃষি এবং খাদ্য একটা দপ্তরে থাকা উচিত, একটা সংযুক্ত দপ্তরে। কেন্দ্রের কথা মনে করুন। শ্রীযুক্ত অজিতপ্রসাদ জৈন মহাশয় কৃষি এবং খাদ্য দুটোই এক সংগে দখল করেছেন এবং এই দুটিই এখনও তাঁর অধীনে আছে। খাদ্যের যদি ভালভাবে ব্যবস্থা করতে হয় তাহলে আমাদের কৃষির দিকে সজাগ দৃষ্টি রাখা প্রয়োজন। আমি মাননীয় ডাঃ আমেদ সাহেবের কর্মক্ষমতা সম্বন্ধে সন্দিহান নই; কিন্তু আমি মনে করি এই খাদ্য সমস্যা সমাধান করতে হলে এই দুটোই এক সংগে করতে হবে। আসামেও কৃষি এবং খাদ্য এক সংগে রাখা হয়েছে। আমার মনে হয় এইটিই সুষ্ঠু ব্যবস্থা।

আর একটি নূতন কথা মনে হয়েছে, যেটি এখানে আলোচিত হয়েছে বলে মনে হয় না। আমরা দেখতে পাচ্ছি অনাবৃষ্টি এবং অতিবৃষ্টির জন্য এবং বন্যার জন্য শস্যহানি হচ্ছে। এখানেও আমাদের চেষ্টা করা উচিত শস্যবীমার ব্যবস্থা করার। কয়েক বৎসর পূর্বে আমেরিকার যুক্তরাষ্ট্রের মধ্য অঞ্চলে শস্য অতিবৃষ্টি এবং বন্যার ফলে প্রায় ধ্বংস প্রাপ্ত হচ্ছিল এবং সেজন্য কৃষকদেরও অনেক রকম ক্ষতি হচ্ছিল। সেখানে প্রথমে শস্যবীমা—ক্রপ্‌ইন্‌সিওরেন্স প্রথা চালু হল, এবং তার মধ্য থেকে কৃষকরা অনেকটা নিশ্চিন্ত হতে পারে। সমবায় প্রথা অনুসারে এটা করা হবে। সুতরাং এখানে যে সমস্ত বীমা কোম্পানী রয়েছে তাদের সাহায্য নেওয়া হবে কিনা সেটা সরকার বিবেচনা করবেন, কিন্তু আমার মনে হয় যদি সরকার কর্পোরেশনের ব্যবস্থায় এটা চালু করার চেষ্টা করেন তাহলে বিশেষ কিছু ফল হবে না। আমার মনে হয় যে সমস্ত বীমা কোম্পানী এখানে আছে তাদের সংগে পরামর্শ করে ক্রপ্‌ইন্‌সিওরেন্স বা অন্য বীমার ব্যবস্থা করা যায় কিনা সরকারের সেটা বিবেচনা করা উচিত।

আর একটা কথা জনসংখ্যা সত্যই বৃদ্ধিপ্রাপ্ত হচ্ছে। অন্য সব দেশের তুলনায় খুব বৃদ্ধিপ্রাপ্ত হচ্ছে তা নয়। ইংলন্ডে ১৯০০ সালে থেকে ১৯৫২ সাল পর্যন্ত শতকরা ৫৭ জনসংখ্যা বেড়েছে। আর আমাদের এখানে ৫১ জন বেড়েছে। কিন্তু আমাদের মুস্কিল হচ্ছে এই যে শিল্পে আমরা অনগ্রসর, এবং কৃষির উপরই প্রধানতঃ নির্ভরশীল। সে জন্য এখানে পরিবার পরিমিতায়ন বা ফ্যামিলী প্ল্যানিং এর বিশেষ দরকার। সেইজন্য আমরা প্রস্তাব করব যে আমাদের যেসব উন্নয়ন ব্লক আছে সেখানে বিশেষ একটি দুইটি উন্নয়ন ব্লকে পরিবার পরিমিতায়ন সম্বন্ধে বিশেষ ব্যবস্থা করা হউক। এটা এক্সপেরিমেন্ট হিসাবে চালানও হয়, তার পর এই ব্যবস্থায় সামান্য লাভ হলে, এই পরীক্ষার ব্যবস্থা যদি সাফল্যমন্ডিত হয় তাহলে ধীরে ধীরে অন্যান্য উন্নয়ন ব্লকে এই প্রকার ব্যবস্থা অবলম্বন করতে পারব।

আমাদের খাদ্যের অভাবের একটা প্রধান কারণ হচ্ছে বন্যা। বন্যানিয়ন্ত্রণ সম্বন্ধে কমিটি নিযুক্ত হয়েছিল। সেই কমিটি কি যে রিপোর্ট দিয়েছেন, বা তাঁরা কোন কাজ করবেন কিনা সেটা বিধান সভায় বা বিধান পরিষদে এখনও জানান হয় নি। এ বিষয়ে আলোচনা হওয়া উচিত।

[10-50—11 a.m.]

আমরা যখন এবিষয়ে আলোচনা করে দাবী করেছিলাম যে বেসরকারী বিশেষজ্ঞ নিযুক্ত করা উচিত, কিন্তু যতদূর জানি যে সরকার তা করেন নি। বন্যানিয়ন্ত্রণ কমিটি যে রিপোর্ট প্রস্তুত করছেন সেটা বিধান সভায় এবং বিধান পরিষদে জানান উচিত ছিল, কিন্তু এ পর্যন্ত তাঁরা সে সব কিছুই করেনি। আর একটা কথা আমি এসম্পর্কে বলতে চাই যে ছোটখাট সেচ ব্যবস্থা সম্বন্ধে সেচমন্ত্রী শ্রীঅজয় মুখোপাধ্যায় মহাশয়ের সংগে আমি আলোচনা করেছিলাম। তিনি বলেছিলেন যে এতে অনেক বেশী ব্যয় হয় এবং আমাদেরত এতটা অর্থ নেই। সেটা সত্যি কথা, কিন্তু এদিকেও তো আমাদের অগ্রসর হতে হবে। তিনি যে কিছুই করেন নি সেটা আমি বলব না। কিন্তু আমার মনে হয় যে ছোটখাট সেচব্যবস্থার দিকে ভবিষ্যতে আমাদের আরও নজর রাখতে হবে। খাদ্য সমস্যা সম্বন্ধে বলতে গিয়ে সুন্দরবনের কথা আমার মনে পড়ে। সুন্দরবনকে ইংরাজশাসকরা গ্রেনারী অব বেংগল বলতেন। আজকে সেই গ্রেনারী অব বেংগল এর অবস্থা অত্যন্ত শোচনীয় এবং প্রায় এক লক্ষ বিঘা জমি সেখানে জলমগ্ন অবস্থায় রয়েছে। সেই জলমগ্ন জমিকে উদ্ধার করবার জন্য বিপুল চেষ্টা হওয়া প্রয়োজন সে চেষ্টা হচ্ছেনা এটা বোধ করি সরকারও স্বীকার করেছেন। আমরা এই বিরোধীপক্ষ থেকে বরাবর বলেছি যে সুন্দরবনের উন্নয়নের জন্য বিভিন্ন বোর্ড হওয়া উচিত। গত বিধান পরিষদের অধিবেশনে আমি এবিষয়ে যখন একটা প্রস্তাব উত্থাপন করেছিলাম তখন উন্নয়ন রাষ্ট্রমন্ত্রী বলেছিলেন যে ঐরকমের কোন বোর্ড নেই। কিন্তু সুখের বিষয় যে এখন একটা বোর্ড তৈরী হয়েছে এবং আশা করি যে সেই বোর্ড ভালভাবে কাজ করবে। সুন্দরবনের উন্নয়ন করতে হলে সুন্দরবনের জন্য বিশেষভাবে একটা ব্যবস্থা করা প্রয়োজন। আমি এই সূত্রে যখন প্রস্তাব করেছিলাম যে সুন্দরবন এলাকাকে একটা ছোট জেলাতে পরিণত করা উচিত তখন মুখ্যমন্ত্রী উত্তরে বলেছিলেন যে আমরা চেষ্টা করছি যাতে সেখানে একটা মহকুমা করা যায়। শুধু সুন্দরবনের উন্নয়নের জন্য সুন্দরবনকে নিয়ে আলাদা একটা মহকুমা করা প্রয়োজন।

[At this stage the blue light was lit.]

Mr. Chairman: You have spoken for nearly 15 minutes. The Ministers are there to speak also. Please be brief.

Sj. Nirmal Chandra Bhattacharyya:

আমি তাড়াতাড়ি শেষ করবার চেষ্টা করব। এখানে অর্থ কমিশন সম্বন্ধে আমার একটা বক্তব্য আমি পেশ করব। ১৯৪৩ সালে যখন প্রথম অর্থ কমিশনের অর্থাৎ নিয়োগী কমিশন রিপোর্ট বেরুল তখন আমি এখানে একটা প্রস্তাব উত্থাপন করেছিলাম। সেই প্রস্তাবের মূল কথা ছিল যে ভারত সরকার এই অর্থ কমিশন পশ্চিম বাংলার উপরে অত্যন্ত অন্যায় করেছে। আমার সেই প্রস্তাবটা সামান্য পরিবর্তিত আকারে গৃহীত হয় এবং আমরা জানি যে সে প্রস্তাবটাও বোধ হয় ভারত সরকারের কাছে প্রেরণ করা হয়েছিল। আমার যতদূর মনে পড়ে গত বিধান সভার অধিবেশনে ঐরকমের একটা প্রস্তাব যে গৃহীত হয় তাতে সেই প্রস্তাব গ্রহণ করার ব্যাপারে সরকারীপক্ষ ও বিরোধীপক্ষ একযোগে কাজ করেছিলেন। আমরা এও জানি যে অর্থ কমিশনের রিপোর্টের মারফত পশ্চিম বাংলার উপর যে অন্যায় হয়েছে তার সম্বন্ধে আমাদের পশ্চিম বাংলার অর্থসচিব দুটি সুলিখিত মন্তব্য ভারত সরকারের কাছে প্রেরণ করেছেন। তথাপি দেখছি যে অবস্থার কিছুমাত্র উন্নতি এখন পর্যন্তও হচ্ছে না। সেজন্য আমার মনে হয় যে বিধান সভা এবং বিধান পরিষদের এ বিষয় নিয়ে একটা বিশেষ অধিবেশন হওয়া উচিত এবং সেই অধিবেশনের যা কিছু কার্যক্রম হবে তা ভারত সরকারের কাছে পাঠান উচিত। এই সম্পর্কে আরও প্রস্তাব করব যে অর্থমন্ত্রীর নেতৃত্বে একটা ডেপুটেশান দিল্লী যাওয়া উচিত। এই ডেপুটেশানে বিধান সভা এবং বিধান পরিষদের প্রতিনিধি থাকবে। আর এই ডেপুটেশান দিল্লী গিয়ে প্রধানমন্ত্রী এবং অর্থমন্ত্রীর কাছে অর্থ কমিশনের রিপোর্টের ভেতর দিয়ে এবং ভারত সরকারের সিদ্ধান্তের ভেতর দিয়ে পশ্চিম বাংলার উপর যে অন্যায় ব্যবহার হয়েছে সে সম্বন্ধে বক্তব্য পেশ করবে।

এরপর বেকার সমস্যা সম্বন্ধে আমার সামান্য বক্তব্য রয়েছে। গত বিধান পরিষদের অধিবেশনে আমি প্রস্তাব করেছিলাম যে এই বেকার সমস্যার ব্যাপারটা একজন মন্ত্রীর কার্যের বিষয়ভূত হওয়া উচিত। অর্থাৎ এটা যদি হয় তাহলে সেই মন্ত্রী সর্বদা দেখবেন চাকরী কোথায় খালি আছে, বেকারীর সংখ্যা কত, বেকারী কি করে কমান যায় ইত্যাদি। এসম্বন্ধে বিধান পরিষদের কক্ষের বাহিরে মুখ্যমন্ত্রীর সঙ্গে আমার আলোচনা হয়েছিল এবং মুখ্যমন্ত্রীকে আমি বলেছিলাম যে মাননীয় ভূপতি মজুমদার মহাশয়কে যদি এটার ভার দেওয়া হয় তাহলে ভাল হয়। আমি অবশ্য খোঁজ করে জানলাম যে মাননীয় ভূপতি মজুমদার মহাশয়কেই এটার ভার দেওয়া হয়েছে। এরপর আমি যখন তাঁকে প্রশ্ন করেছিলাম যে এবিষয়ে তিনি কি করছেন তখন তিনি আমাকে লিখে জানিয়েছেন যে কোলকাতার বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠানে কতজন বাঙালী কাজ করছে এবং কতজন বাঙালীকে কাজ থেকে ছাড়িয়ে দেওয়া হয়েছে তার হিসাব নিচ্ছি। গত ৫ বৎসরের ভেতর বোধ করি এইরকম একটা কথা বলেছিলেন। কিন্তু এবিষয়ে আমরা এখন পর্যন্ত আর কিছুই শুনছি না। আমার মনে হয় বেকার সমস্যা সমাধানের জন্য একটা ভিন্ন ডাইরেক্টরেট স্থাপন করা উচিত। অর্থাৎ লেবার সম্বন্ধে যেমন একটা আলাদা ডাইরেক্টরেট আছে তেমনি আমি মনে করি যে বেকার সমস্যা সমাধানের জন্য একটা আলাদা ডাইরেক্টরেট থাকা উচিত এবং সেই ডাইরেক্টরেটএর ভার থাকবে একজন মন্ত্রীর উপর। এই প্রস্তাবটা মন্ত্রীমণ্ডলীকে বিবেচনা করবার জন্য আমি অনুরোধ করব।

তারপর উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে বিধান সভায় এবং বিধান পরিষদের বিরোধীপক্ষ থেকে বার বার বলা হচ্ছে যে পশ্চিম বাংলাকে যদি একটা শিল্প প্রধান রাজ্যে পরিণত করা যায় তাহলে অনেক উদ্বাস্তুকে আমরা বাংলা দেশের ভেতরে স্থান দিতে পারি। কিন্তু সেদিকে লক্ষ্য না রেখে তাঁরা কেবল বলছেন যে চাষ করবার মত জমি নেই বলে বাহিরে চলে যেতে হবে। চাষ করবার মত জমি আছে কি নেই সেবিষয়ে মতভেদ রয়েছে এবং সরকারও এবিষয়ে পরিসংখ্যানের দ্বারা জনসাধারণকে সন্তুষ্ট করতে পারেন নি। কিন্তু পশ্চিম বাংলাকে যদি আমরা শিল্পপ্রধান রাজ্যে পরিণত করতে পারি তাহলে আমার মনে হয় যে আরও অনেক উদ্বাস্তুকে আমরা এখানে স্থান দিতে পারব। শুনতে পাচ্ছি যে দণ্ডকারণ্য স্কীমে ১০০ কোটি টাকা ব্যয়িত হবে। এখন তা যদি হয় তাহলে সেই টাকা সেখানে ব্যয় না করে পশ্চিম বাংলার শিল্প প্রতিষ্ঠানের কাজে লাগালে আমার মনে হয় অনেক উদ্বাস্তু পুনর্বাসনের সম্ভাবনা এখানে হতে পারে।

এরপর গৃহনির্মাণ সম্বন্ধে বলব। এই বিষয়ে আমার যে একটা প্রস্তাব ছিল সেই প্রস্তাব যখন এখানে আলোচিত হয় তখন আমি আমার বক্তব্যের ভেতরে বলেছিলাম যে পশ্চিম বাংলায় হাউসিং এ্যাক্ট এবং টাউন প্ল্যানিং এ্যাক্ট প্রয়োজন। কারণ গৃহনির্মাণের কার্য সহরাঞ্চলে ও গ্রামাঞ্চলে যদি চালাতে হয় তার যদি সুষ্ঠু নিয়ন্ত্রণ করতে হয় তাহলে হাউসিং এ্যাক্ট এবং টাউন প্ল্যানিং এ্যাক্টএর প্রয়োজন। পৃথিবীতে যেসব দেশ গৃহনির্মাণ কার্যে অগ্রসর হয়েছে সেই সব দেশে হাউসিং এ্যাক্ট ও টাউন প্ল্যানিং এ্যাক্ট রয়েছে। অথচ আমাদের এখানে এখনও সেসব কিছুই নেই। পূর্তবিভাগীয় মন্ত্রী বন্ধুবর, ডাঃ চারুচন্দ্র স্যান্যাল মহাশয়ের সঙ্গেই গল্প করতে ব্যস্ত আছেন বলে হয়ত আমি যা বললাম তা তিনি শোনেন নি। কিন্তু আশা করি যে তিনি ২ বৎসর পূর্বে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা তাঁর মনে আছে। তিনি বলেছিলেন যে হাউসিং এ্যাক্ট এবং টাউন প্ল্যানিং এ্যাক্টের প্রয়োজন রয়েছে। অবশ্য এটা ভারত সরকার করবেন না পশ্চিম বাংলার সরকার করবেন সেই একটা বিবেচনার প্রশ্ন রয়েছে। যাই হোক আশা করছি যে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এবিষয়ে একটা কিছু বোধ হয় বিবেচনা করছেন।

এরপর স্বাস্থ্যবিভাগ সম্বন্ধে আমার একটা কথা বলবার রয়েছে। কোলকাতার বসন্ত ও কলেরা মহামারী প্রতিষেধক হিসাবে আমরা বিরোধীপক্ষ থেকে বার বার প্রস্তাব করে এসেছি যে ডিসেম্বর মাসে কিম্বা নভেম্বর মাস থেকে বসন্ত প্রতিষেধক টিকা দেওয়া আরম্ভ করা উচিত। অর্থাৎ সরকার অনেক দেরীতে এই কাজ আরম্ভ করেন। সেজন্য আমি এবিষয়ে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলেরা সম্বন্ধে আমি ওঁকে বলেছিলাম যে যেমন বসন্তের টিকা আইন অনুযায়ী জোর করে দেওয়া যেতে পারে ঠিক তেমনি আইনের দ্বারা

কলেরার টিকে দেওয়ার ব্যবস্থা করা উচিত। তাতে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে গণতন্ত্রের নাকি মর্যাদা হানি হবে। বসন্তের ব্যাপারে বসন্তের প্রতিষেধক হিসাবে যদি জোর করে টীকা দেওয়া যায় তবে কলেরায় প্রতিষেধক হিসাবে কেন যে এটা দেওয়া যাবে না এবং তাতে কি করে গণতন্ত্রের মর্যাদার হানি হবে সেটা অবশ্য আমাদের বুদ্ধির অগম্য। তারপর আমার বন্ধু জীমূতবাহন সেন মহাশয় বলেছেন যে পুরুলিয়ায় সব সমস্যার সমাধান হয়ে গেছে। কিন্তু পুরুলিয়ায় মাধ্যমিক শিক্ষকেরা, পশ্চিম বাংলার শিক্ষকেরা যা বেতন পাচ্ছেন তা তারা পাচ্ছেন না, পশ্চিম বাংলার শিক্ষকেরা যা দুর্মূল্য ভাতা পাচ্ছেন পুরুলিয়ায় শিক্ষকেরা তা পান না। সুতরাং এইসব অসমতা রয়েছে। এসব সত্বেও যদি জীমূতবাহন সেন মহাশয় বলেন যে কোন সমস্যা নেই শিক্ষার ক্ষেত্রে তাহলে আমি অপারগ।

আমার শেষ কথা হচ্ছে বাংলা ভাষা প্রবর্তনের কথা। সভাপাল মহাশয়, বাংলা ভাষা প্রবর্তন যত শীঘ্র হয় ততই ভাল। এ বিষয়ে আমার একটা প্রস্তাব আছে, আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় এবং গণতন্ত্রীমন্ডলী সেই প্রস্তাব আলোচনা করবার জন্য আমাদের সময় দেবেন এবং আমি আশা করি যে ভবিষ্যতে বাংলা ভাষার মাধ্যমে সরকারের সমস্ত কার্য পরিচালনা করা হবে। ধন্যবাদ।

[11—11-10 a.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, it was the previous practice in the Bengal Legislature that three days were allotted to the Opposition and one day was kept reserved for the Ministers of Government to reply. The fact was that even most of the time today, the fourth day, was taken by the Opposition......

Sj. Satya Priya Roy: Sir, we want to hear the Hon'ble Ministers. We shall be here. We do not like to restrict the time of the speech of the Hon'ble Minister.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, under the present arrangement we have a very limited time and unlimited problems to reply to. Now, it will be very difficult for me to answer each and every criticism made by so many members in relation to the Department of which I am in charge. I would, therefore, summarise the principal points that have been raised in the debate before answering them.

So far as primary education is concerned four important questions have been raised. In the first place it is stated that we have lagged behind in giving effect to constitutional directive to make education universal and free for all children up to the age of 14. The second question that has been raised in respect of primary education is that we have not been able as yet to 'integrate' the systems of primary education in this State. I am using the word 'integrate' which is often used by my friend opposite, Dr. Monindra Chakravorty. Thirdly, that the scales of the primary teachers' salary are inadequate. Fourthly, that the basic education that has been introduced and is being continued in the State is not of the Gandhian type. These are the four principal questions that have been raised in regard to primary education.

So far as secondary education is concerned, a question has been raised that we have been lavishly spending money on bricks and mortars in connection with the scheme for promoting multi-purpose schools. The second point raised is about the alleged un-democratic Board of Secondary Education. And so far as higher education is concerned, we are starving the University. The University is not receiving adequate grants, and so far as the colleges are concerned, we are indifferent to the question of

supplying matching grants to enable them to obtain grants from the University Grants Commission. These are the main points that have been raised and I shall try to answer them.

As regards the constitutional directive to make education universal and free up to the age of 14, the Constitution no doubt provides that this should be done in ten years. But what does that speak of? That speaks of the robust optimism and sanguine expectation of the framers of the Constitution. But, Sir, it has to be realised that education could be made free and universal up to the age of 14, in England only after 48 years' endeavour. The First Education Act was passed in 1870, and elementary education was no doubt in progress but not so much secondary education. It was after 32 years in 1902 that a separate Education Act was passed for the promotion of secondary education and it was only in 1918, i.e., after 48 years for the passing of the Act of 1870 that education became universal, and free up to the age of 14 in England. Therefore, if we see that our National Government, both in the Centre and in this State, have not been able to make primary and secondary education universal and free within ten years for all children up to the age of 14, does it speak of any indifference on their part in the matter, or want of resources? Surely want of resources. We are faced with the problem of want of resources of our country and therefore, we have not been able to give effect to the directive. It is well-known, Sir, that so far as the Planning Commission is concerned, it has framed schemes for the development of the country in all its aspects and as a whole and the Planning Commission has already revised the target and is of opinion that education should be made free and compulsory for all up to the age of 14 by the end of the Third Five-Year Plan. It was further phased in this way by the Planning Commission that by 1960-61, that is by the end of the Second Five-Year Plan, 63 per cent. of the age group of 6 to 11 should be brought in the primary schools and 27 per cent. of the age group of 11 to 14.

[11-10—11-20 a.m.]

And the Constitutional target should be attained by the end of the Third Five-Year Plan. That is the scheme of the Planning Commission. In pursuance of that scheme, the Central Administrative Board of Education at its 23rd meeting held in January 1956 recommended that the directive of the Constitution in favour of free and compulsory education up to the age of 14 should be fulfilled in ten years from 1955-56, that is, during the Second and the Third Plan periods. So, Sir, it is not that we are lagging behind, but it is for want of resources that we could not get on further.

I have told you already that the Planning Commission's scheme is that 63 per cent. of the students of the age group of 6 to 11 should have the opportunity to get free primary education by 1960-61—I mean, by the end of the Second Plan period. Now, what is the position in West Bengal? In West Bengal, you all know, the total population is 2.85 crores and of that 12½ per cent., that is, one-eighth of the total population, about 36 lakhs belong to the age group of 6 to 11. We have already covered 25.27 lakhs, that is, more than 66 per cent.

Sj. Satya Priya Roy: Sir, is that statement correct?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I am quite prepared to read out the figures. What figures have you got and who are you to question my figures?

Sj. Satya Priya Roy: Those figures relate to the urban areas only.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: No, that is the figure of West Bengal as a whole. I shall answer the question about urban areas later, I am not going to avoid that question.

Let me repeat Sir, the total number of scholars now attending primary schools is 25 lakhs 27 thousand. In accordance with the scheme of the Planning Commission we should have covered by this time much less,—less than even 24 lakhs. But we expected to cover about 35 to 36 lakhs by this time and for financial reasons we could not. Instead we have already covered 25 lakhs 27 thousand. (Sj. SATYA PRIYA ROY: That 66 per cent. is the average figure for India.) No, it is our figure. Every State is expected to go up to 63 per cent. by the end of the Second Plan period, that is, 1960-61 and we have already covered 25.27 lakhs which is more than two-thirds or more than 66 per cent. Not only that, if you refer to the All-India Report for 1955-56 just out, you will find that excepting Travancore-Cochin, now Kerala, West Benal is the most advanced State in this respect. Even it has achieved better result than Bombay with all her resources. That is, Sir, how we have failed according to the Opposition in realising the directive of the Constitution!

The second question is about 'integration'. What is the objection? They say "Well, you are not promoting universal and compulsory primary education in urban areas. You are only promoting it in rural areas". Sir, the Act of 1919 says that the municipalities will prepare their schemes and lay their schemes before the Government and both the Municipalities, i.e., the local authorities, and the State Government will jointly endeavour to make primary education universal and free in urban areas. That is a principle which is well recognised in England. There also it is the joint responsibility of the local authorities and the State Exchequer. Nobody, except some of us in this country, can rightly expect that everything must come from the State Exchequer. That is not the case even in England. There mass education is a joint endeavour of the local authorities and of the State even after the passage of the 1944 Act. The present proportion of contribution from the State Exchequer to the local authorities in maintaining their educational institutions is about 60 to 40 per cent. (Sj. SATYA PRIYA ROY: Now it is 66 and 34.) That is the latest figure that I have been able to collect. If you had got better figures you could have produced them at the time of your speech but you did not. (Sj. SATYA PRIYA ROY: I can give it tomorrow.) Why didn't you produce that earlier? In the report on Education in England and Wales during the year ended on 31st March, 1955, we see that the local authorities raised £142 millions the State Exchequer contributed £234 millions. That was the position in 1954-55. As I have said, Sir, it must be a joint enterprise of the Corporation and the Municipalities in the urban areas and of the Government, but if the Corporation and Municipalities do not move at all why should the State Government go out of its way to provide education in those areas? It must be admitted that the urban areas are more resourceful than the rural areas. Even in the rural areas, the poverty-stricken rural areas, the people are paying education cess and education tax, however small may be their yield. They are contributing in however small a proportion to their education. Why the people in the urban areas who are richer should not pay such taxes? Is it because of the fact that if you propose to raise the tax you cannot get elected to the Municipality? Calcutta Corporation has not been able to make education universal and free. Will not the London County Council hang down its head in shame to tell their national Exchequer "well we cannot make education universal and free for our children"?

[11-20—11-30 a.m.]

So the answer is: Let every municipality come forward with its programme and proposal for contribution, and we shall give them every help. I asked more than one municipality to come forward and produce their schemes, but except the Bolpur municipality no other municipality came forward and produced their scheme. My friends opposite may take it from me that there is a standing invitation to the municipalities to come forward with their schemes and with their contributions.

Dr. Monindra Mohan Chakravarty: But the initiative should come from you.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The Act says otherwise. However that is my answer to the question of integration that has been raised.

I now come to the question of the pay of the primary teachers. Who does not admit, Sir, that primary teachers are not properly paid? Her Excellency in her speech said—if you carefully read her speech you will find there stated—primary teacher's salary has been raised no doubt, "though not to the desired extent" owing to our financial difficulties. These words are there. It is admitted that so far as the scales are concerned, they are not up to the mark; but, Sir, it is not true again that we have not made any endeavour to raise the salaries of primary teachers. Sir, the salary of the primary teachers was only Rs. 32.50 nP. for "A" class primary teachers, 24.50 nP. for "B" class teachers and 22.50 nP. for "C" class teachers in 1947-48 just before independence. Now instead of 32.50 it is 67.50 for "A" class teachers, instead of 24.50 nP. it is 62.50 for "B" class teachers, instead of 20.50 nP. it is 52.57 for "C" class teachers. Still we do admit that so far as the scales of pay of the primary teachers are concerned they are not satisfactory and every opportunity should be taken to raise their salaries to the desired level.

Dr. Monindra Mohan Chakravarti: Is it not consistent with the recommendation of the Zakir Hussain Committee?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: There may have been very many recommendations. They are made out of sympathy for the Primary teachers. But, Sir, recommendations do not bring in money. It is a question after all of finance.

The fourth question is that the basic education that we are promoting here is not of the Gandhian type. The critics should have known that just after independence a committee was appointed to go into the question—the Kher Committee. It recommended that so far as Government was concerned it might not be possible to promote the Wardha scheme exactly, but that it should be education-*cum*-craft. We are following the Kher Committee's recommendation on which Committee there was Dr. Zakir Hussain and that was that basic education should be education-*cum*-cratf. We have no objection if anybody can promote basic education exactly of the Wardha type in our State; but owing to many difficulties particularly of teachers it is not possible to provide for it on mass-scale here. Therefore we are following the recommendation of the Kher Committee. That we are following the recommendations of the Kher Committee will be proved by the fact that when we undertook the promotion of basic education in this State we formed a committee with Dr. Zakir Hussain as President. He was the President of the Basic Primary Education Committee which was constituted in this State of West Bengal. I think this will satisfy the gentlemen opposite.

Coming to secondary education, Sir, it is quite true that multi-purpose schools are going to have suitable buildings and extra accommodation because the multi-purpose schools will have to accommodate libraries and laboratories equipped with costly apparatus and all such things. Recently, we know that the Prime Minister in his anxiety to see this type of education promoted in this country as quickly as possible observed that in this country we should spend less on buildings. But, Sir, it is not possible to go without *pucca* buildings and particularly in a State like West Bengal where rainfall is very heavy. For instance, so far as primary schools without *pucca* structures are concerned many schools were badly affected during the last flood, and so many schools have been wiped out that quite a lot of money will be required to rebuild the school buildings. Not only that; if the schools are not accommodated in *pucca* buildings, they will require repeated expenditure for repairs. But we are trying to minimise as far as possible the cost of building. This question was raised at the last Central Advisory Board meeting. Even after giving due weight to the Prime Minister's observation, many people thought that *pucca* buildings of some sort would be necessary, because that would be ultimately economical. *Pucca* buildings are unavoidably necessary and that idea was really given expression to at the Central Advisory Board meeting even by men like Dr. Deshmukh.

As regards the Board of Secondary Education Bill it is now before the other House, and it will be for that House to take any decision that it may think fit.

[11-30—11-40 a.m.]

Now, as regards higher education, we are told that we have done nothing for the University and we are doing nothing for the University. (Dr. MONINDRA MOHAN CHAKRABARTY: Not adequately). Your idea of adequacy and our idea are different, but that is not the question. Since 1920-21 I had the privilege to sit in the Bengal Legislature. We know what treatment the University used to get at that time—at least I know. I was then in the Opposition and, Sir, seventeen years out of my 22 years here in the Bengal Legislative have been spent in the Opposition. Sir, in those days we know what unkind treatment the University used to get from the Government. How much Sir Ashutosh was worried about the attitude of the then Government we are aware of. Sir, when I first came to office in 1948 our budget provision to help the University was very poor. Still I thought of the University and I went even to meet the Syndicate of the time. At that time my friend Dr. Promatha Nath Banerjee was the Vice Chancellor. The University used to get only about 9 lakhs out of the budget provision of the then Government. In my first budget as revised I provided for about 14 lakhs for the University in 1948. Not only that, the University cried itself hoarse for statutory grant without any result during pre-independence period, and Sir, in the Act of 1951, I provided for a statutory grant of 16 lakhs to the University. Again, when the Secondary Education Act of 1950 was passed, it was provided that the University should receive a compensatory grant and it was determined to be 5.52 lakhs, I believe. Therefore, so far as the Congress Government is concerned, they have made a provision of statutory grant of 21.52 lakhs. But for these grants there would not have been the first surplus budget of the University this year. (Sj. GOPAL HALDER: That is due to the external students' fees). Sir, if you look to the recent past, our grants to the University almost approach one-third of the total income of the University. (Sj. GOPAL HALDER: But far less than that of the Students' fees). It may be less than the students' fees but our contribution is nearly 33 per cent. of the University's total income. (Sj. GOPAL HALDER: And far less than what Government spends for ten Arts Colleges). May be, but why should it be

otherwise? So far as University grants are concerned we have gone to the very length which our finances permit us to go. That is all that I have got to say. I cannot take more of friend Shri Sen's time. After all he has to deal with the most important problem. I have to say only one thing more in reply. I have got to answer the unfounded charge of corruption in my department. Sj. Satya Priya Roy has raised his voice against the Education Secretary, viz., why should there be one person holding the posts of Education Secretary and of the Director of Public Instruction? Does Sj. Satya Priya Roy know that so far as the Medical and Public Health Department is concerned the two posts, viz., of Secretary and Director have been unified and that is working well? However, it was done not in my time but when I was not there, by the Hon'ble Chief Minister and the Finance Minister Having regard to his personal experience that the unification is working well in the other department he has given effect to it.•

Next charge is that the Education Secretary provides his relatives with appointments, and it is alleged that Shri Amiya Sen has been appointed as Planning Officer who has 'sweet relations' with him,' to quote Satya Priya Babu. But he ought to know that so far as the Government posts are concerned no one can be appointed without coming through the Public Service Commission, and Shri Amiya Sen was appointed Special Officer on the recommendation of the Public Service Commission. That disposes of the charge. I hope he will not repeat the same because he should know that will be a charge against the Public Service Commission. (Sj. SATYA PRIYA ROY: Who is the Chairman of the Public Service Commission? Is he also a relation of Dr. Sen?) What of that? Is there any bar? How many close relations are there in the University and other organisations and public institutions? Let the University men say that there are no persons in the University and the colleges who are related to one of the authorities or the other.

Next charge is about the D.I. of Calcutta who, it is alleged, took charge on the 9th February on paper but came later. Sir, that is not true. Shri Mohit Kumar Sen Gupta, the D.I. of 24-Parganas, took over charge from Shri Chakraborty, D.I. of Calcutta, on 9th February 1957, but all of a sudden another person could not be found and therefore he held charge of the two districts, viz. of Calcutta and 24-Parganas up to a later date when another D.I. took over charge of 24-Parganas. I do not understand what 'corruption' was there in this. Either he does not know the actual facts or he advances these baseless charges taking advantage of his privileged position in this House.

[11-40—11-50 a.m.]

Sir, this disposes of the frivolous charge of corruption. I would only say one thing to the Opposition. Sj. Tripurari Chakravarty said that the whole Province is now a "hierarchy of corruption". If that is so, then I will put one question to him. He has referred to Dr. Jowett. How is it that the great teachers of our University with Satya Priya Babus in the schools cannot infect the whole country with that spirit of honesty of whict they speak through the educational system of which they are the luminaries? Why have they not been able to infect the students with their "superior" virtues and all those qualities which as Dr. Chakravarti says, Dr. Benjamin Jowett could have instilled in his students? Why cannot the present teachers of the University, or the Colleges or the schools inspire their students with high sense of honesty and integrity of whict they preach I cannot understand. I, therefore, conclude with these words: spit out as much venom as you like, but please do not spin out fictions here. It is not a place where you can ride over a wild horse of fancy. You cannot do it here. It is a place of

serious business to transact. If you will look to the past records of the Council and of the Assembly, I mean of pre-independence days, you will find that opposition arguments were built up on facts and figures laboriously collected and never on fancies whatsoever.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Sir, I rise in support of the resolution to offer thanks to Her Excellency for the most excellent speech which she has delivered on the 17th February here in the joint session of the Legislature. Now, Sir, I desire to mention that in her speech she has given an overall picture of health in West Bengal, and she has specially mentioned some of the items which deserve attention. Now, regarding this speech and also the points which have been raised by the honourable members during the debate on the Governor's speech, I may be allowed to mention a few things for details and also for clarification.

Sir, we have got now 15 District and 31 Subdivisional Hospitals functioning in the State. The development schemes for the improvement and expansion of Southern Subdivisional Hospitals which contemplate enhancement of bed strength of each district hospital to a minimum of 128 and each Subdivisional hospital to a minimum of 58, are being pursued. The buildings of 2 Subdivisional hospitals, Bongaon and Raiganj, have since been completed and additional beds will be opened in these new buildings in the very near future. Besides, constructional work of the District hospitals at Suri, Hooghly, Malda, Balurhat and the Subdivisional hospitals of Rampurhat and Jhargram is nearing completion, and it is expected that more new beds will be opened during the next year.

Sj. Naren Das: What about your own district?

The Hon'ble Dr. Anath Bandhu Ray: These districts have been taken up now and gradually; one after another hospitals will be added both in the districts and subdivisions. Steps have also taken for the improvement and expansion of Subdivisional hospitals at Midnapore, Tamluk, Bankura, Uluberia, Katwa, Baraset and Alipur Duar. The management of the B. C. Roy Polio Clinic and Hospital for crippled children has been taken over by Government with effect from 2nd May 1957. The Health Centre scheme has also progressed satisfactorily. Against 3 Health Centres with 12 beds in 1948 which has been mentioned by Her Excellency, we have at present 297 Health Centres with 3,522 beds. Government have also taken over 7 District Board Dispensaries of the Kishenganj area which is now transferred to West Bengal, and the dispensaries of the Purulia district. These will be converted into Health Centres after necessary additions and alterations in the existing buildings. I would like to add that the Infectious Diseases Hospital with 280 beds which is functioning is the best of its kind in this part of the earth, namely the eastern portion of Asia. It is so up-to-date, equipped and run in a most up to date way. Now, Sir, I will mention also in connection with the Infectious Diseases Hospital that we have now got arrangements in the School of Tropical Medicine for isolating influenza virus, and other virus also; small pox virus also are going to be isolated. This is a very unique step and a tangible progress in the realm of science and medicine.

Now, Sir, I may mention that we have got 4 Leprosy hospitals with about 500 beds in the Lebrosy colony in Gouripur, Bankura district, and we expect to open 72 additional beds in the colony, mainly from the money from Sardar Ballav Bhai Patel Memorial Fund. That is the arrangement we have got in connection with leprosy. I may also mention that there has been a pilot project which is being carried on at present just to survey the incidence of leprosy in the districts where it is most prevalent or is said to be prevalent, rather where we have the blackest spot now in the State of West Bengal.

Now, Sir, regarding tuberculosis, I would like to mention that we have got 3,000 beds at present in our State...

[11-50—12 noon]

and 1,000 are going to be added for tuberculosis in Dhubulia. You all know that construction work has been started and there is also contemplation just to give effect to the after-care of the tuberculosis patients and also to rehabilitate them in the near future and that is going to be located according to the contemplation of our late Governor Dr. H. C. Mookerjee, for which he raised funds, and the present Governor is also striving hard to raise funds for the T.B. After-Care colony and also for rehabilitation.

As regards public health measures, we have now, as the Governor has mentioned, 36 chest clinics. I may be permitted to say in his connection that the incidence of tuberculosis is very high in our State of West Bengal and we have figures to show that the percentage of its incidence is the highest in the hill areas and it is going up to 8 per cent. But in other parts—in the metropolis, in the urban areas, in crowded areas and also in industrialised areas—the incidence of tuberculosis ranges from 2 to 6 per cent. That is a high and apalling figure and Government is trying its utmost to check its incidence. (Sj. NAREN DAS: That is not correct). I hope I am not going to be disturbed because interruptions upset one's feelings and imagination.

Now, arrangements for domiciliary treatment have been made and there are 9 domiciliary units—5 in Calcutta and 4 in mofussil,—and Government is supplying medicines free of cost to all patients, not only to indigent patients but to all patients who are certified by doctors and recommended for treatment. Now, the most important aspect of tuberculosis is the prevention of tuberculosis. The education of the public is in this case most important and for that it is necessary to have public education and we are trying, in the illiterate areas as far as possible, through various media of expression, to educate people regarding this problem and also how to prevent it. For the prevention of tuberculosis, B.C.G. vaccination has been launched. It has been launched after other States have adopted it only because that when for the first time it was introduced, it was not found to be satisfactory by the medical men and doctors of West Bengal. Then with the betterment of this vaccination, it was very readily introduced in West Bengal and I can say that we have been testing the B.C.G. vaccine for about 90 lakhs of people and we have given vaccination to about 40 lakhs of people at the present moment and in fact this B.C.G. vaccination work is being carried on in all the districts of West Bengal. Recently, I visited Malda and there I have seen that in the distant parts of the district this B.C.G. vaccination work is being carried on very satisfactorily.

Sir, malaria has been checked and that fact has been mentioned in the Governor's address and a programme has been launched for the complete eradication of malaria from our country and this is being launched by the Central Government.

[Interruptions from Opposition Benches.]

Sir, I do not like to be disturbed; I told you that it upsets my feelings and imagination and I very earnestly request my friends on the Opposition not to disturb me. Please give me a patient hearing and do not disturb me in that way. That is undesirable and impolite.

Sj. Satya Priya Roy: Sir, is not the word 'impolite' objectionable?

Mr. Chairman: He is repeatedly requesting you not to disturb him in this way.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: Water-supply schemes and ugmentation of sources were carried out in the rural areas during the year. Sir, I do not like to take the time of the House but as I am disturbed in his way it is delaying things. We have also taken steps for the prevention nd control of epidemic of cholera and small pox. Training is being given o 242 mobile units, 17 Sanitary Inspectors, 532 health visitors and publicity work is being carried out all over the State. In this connection I have heard hat it has been said against the State Minister in charge of the Health Department that if the compulsory innoculation of cholera is introduced that will upset the spirit of democracy. This is a perversion because what I wanted to say is this that we have got legislation in connection with small pox vaccination and this is enforced during epidemics. So far as cholera is oncerned there is no legislation by which we can introduce this. It is only at the time of fairs, e.g., *Rathajatra* festival in Puri, that this is made compulsory, and that is made compulsory by legislation for a temporary period. What I wanted to impress upon is this that in a democratic set up he most important thing regarding all these preventive measures is public education. What is wanted most is the public education. Recently allegations were made that there has been outbreak of cholera and small pox and there have been considerable number of deaths and Government has not taken effective steps. I personally visited such an area where I found hat an impression was created among the people by the *vaidyas*, the *Sitala* worshippers, that if you take all this there will be more enhanced form of epidemic and the goddess will be so much displeased that the whole village will be engulfed. And the people have been advised to take out the vaccination with the help of cowdung and that is how it has been demonstrated that the vaccination is not effective, that is useless. That is the impression which a group of men want to create in the minds of the people.

[12—12-10 p.m.]

Sir, what I want to say is this. First of all he had objected to my reading from the papers, and raised the point that I have to answer in Bengali. But there is a difficulty in this that there are certain technical terms which are expressed better in English than in Bengali.

Before taking my seat I would like to reiterate the expression which Her Excellency has used, viz., that there has been further expansion of medical facilities in the State, and we should rejoice that really health is on the march in our State of West Bengal.

The Hon'ble Ajoy Kumar Mukherjee:
माननीय चेयारम्यान —

माननीय চেয়ারম্যান মহাশয়, গত ১৯শে তারিখে মাননীয় সদস্য শশাঙ্ক শেখর সান্যাল—আজ তিনি এখানে উপস্থিত নাই—তিনি ময়ূরাক্ষী পরিকল্পনা সম্বন্ধে দুটি অভিযোগ করেছিলেন। একটি হচ্ছে যে ওখানে জল-বিদ্যুৎ উৎপাদনের যে দুটি যন্ত্র আছে তার একটা বার মাস অকেজ হয়ে থাকে, আর দ্বিতীয় হচ্ছে এই পরিকল্পনায় বন্যা নিয়ন্ত্রণ ত করতে পারেই না, উপরন্তু বন্যা করে দিয়েছিল ১৯৫৬ সালে, বা তার প্রখরতা বাড়িয়ে দিয়েছিল। আমি এই দুটোর বিষয়ে জবাব দিতে চাই।

মাননীয় সদস্যেরা বোধ হয় জানেন না যে ময়ূরাক্ষী জলাধার পরিকল্পনা কেবল মাত্র সেচ ব্যবস্থার জন্য ; সেখানে বন্যা নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা রাখা সম্ভব হয় নি, এবং বিদ্যুৎ উৎপাদনও নাম মাত্র হয়। আসলে সেচই হয় তার সব। কাজেই সেচের প্রয়োজনে যে জল দরকার, সেই জল দেবার সময় সুযোগ মত যতটুকু বিদ্যুৎ উৎপাদন করা যায় সেইটুকু সেখানে করা হয়। সেইজন্য যখন বর্ষাকালে বেশী জল ছাড়তে হয় খারিফ চাষের জন্য—তখন দুটো যন্ত্রই চলে, এবং যখন জল ধরে রাখার প্রয়োজন হয় এবং আর বেশী জল ছাড়ার সম্ভব হয় না, অল্প অল্প জল ছাড়া হয় তখন একটি মাত্র যন্ত্র চালু হয়, বার মাস দুটো অকেজো হয়ে থাকে না। বন্যা

নিয়ন্ত্রণের ব্যবস্থা এর ভিতর নাই। তবুও এই জলাধার ১৯৫৬ সালের বন্যায় কোন ক্ষতি ত করেই নি, বরং কিছু উপকার করেছিল। পশ্চিমবঙ্গ সরকার ঐ বন্যার জন্য যে তদন্ত কমিটি নিয়োগ করেছিলেন—

West Bengal (Central, Western, and Southern District) Flood Enquiry Committee

তার রিপোর্ট থেকে একটুখানি উদ্ধৃত করে শোনাচ্ছি—

> "The Mayurakshi reservoir has lowered the peak discharge of 144,000 cusecs to 107,000 cusecs and deterred the peak by about two hours. It has already reduced the duration of the river flow from 10 hours to 6 hours. These are great benefits rendered by the dam and must have substantially reduced the operation and intensity of flood in the lower valley."

এই ময়ূরাক্ষী জলাধার ২৭ বর্গ মাইল জুড়ে। এই ২৭ বর্গ মাইলে ৪ ফুট জল কম ছিল। যখন বন্যা আসে তখন জলাধার পরিপূর্ণ ছিল না। ভর্ত্তি হতে ৪ ফিট বাকী ছিল। এই ২৭ বর্গমাইল ৪ ফিট জল ধরে নিয়েছিল, এবং এই ধরে না নিলে আরও নীচে জল গেলে আরও প্রবল বন্যা হত। কাজেই ময়ূরাক্ষী পরিকল্পনা বন্যাত করেই নি, বরং বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা না থাকলেও কিছুটা সাহায্য করেছিল।

কয়েকজন সদস্য ছোট ছোট সেচের দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। এটা ভাল কথা। তবে তাঁরা বোধ হয় জানেন যে স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত পশ্চিম বাংলার একটি মাত্র বড় সেচের কাজ হয়েছে এই ময়ূরাক্ষীতে, আর কয়েকটা মাঝারি কাজ হয়েছে, কয়েক হাজার ছোট সেচের কাজ হয়েছে। কাজেই সরকার সেদিকে সজাগ আছেন।

মাননীয় অধ্যাপক ভট্টাচার্য মহাশয় তদন্ত কমিটির রিপোর্টের কথা বলেছেন। রিপোর্টটা সরকার পেয়েছে, এবং সেটা সরকার বিবেচনা করে দেখার পর প্রকাশ করা হবে কিনা ঠিক করবেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সভাপতি মহাশয়, এই চারদিন বিতর্কে অনেক প্রশ্ন এবং সমস্যার কথা উপস্থাপিত করা হয়েছে। তবে একটা জিনিষ লক্ষ্য করে অত্যন্ত আনন্দিত হয়েছি যে অধ্যাপক ভট্টাচার্য মহাশয় এবং আরো কয়েকজন সদস্য পূর্ণ সহযোগিতার মনোভাব নিয়ে বিতর্ক করেছেন। আমাদের খাদ্য সমস্যা সম্বন্ধে সকলেই কিছু না কিছু উল্লেখ করেছেন। খাদ্য সমস্যা সম্বন্ধে দুটি কথা বিশেষ করে বলা হয়েছে, একটা হচ্ছে আমাদের ঘাটতির কথা, আর দ্বিতীয়টা হচ্ছে, ভবিষ্যতে কি করে আমাদের খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে পারা যায়। অবশ্য একটা কৃষি বিভাগের কথা আর একটা বর্ত্তমান খাদ্য বিভাগের কথা। এই হাউসে অনেকবার আমি বলেছি যে কয়েক বৎসরের মধ্যে নানা বাধা বিপত্তি সত্ত্বেও আমাদের খাদ্য উৎপাদন বেড়েছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন, সভাপতি মহাশয়, যে পশ্চিমবঙ্গ হবার পর এবং আমাদের কাছ থেকে পূর্ববাংলা চলে যাবার পর আমাদের যত পাটকল ছিল, এবং সকলেই জানেন যে প্রায় সমস্ত পাটকলই পশ্চিমবঙ্গে অবস্থিত, আর যে সব পাট আস্‌তো তার শতকরা ৮৫ ভাগ পাট আসতো পূর্ববাংলা থেকে। পাট একটা আমাদের দেশে মস্তবড় সম্পদ। এটা থেকে আমরা বৈদেশিক মুদ্রা অর্জন করে থাকি এবং পাট শিল্পে লক্ষ লক্ষ লোক নিযুক্ত হয়েছে। সেই জন্য ভারত সরকারের তরফ থেকে আমাদের বলা হয় পাট উৎপাদন বাড়ানর জন্য। মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন যে আমরা পাট উৎপাদন খুব বাড়িয়েছি। এবং শুনলে, সভাপতি মহাশয়, আপনিও আশ্চর্য্য হবেন যে যেখানে ১৯৪৭-৪৮ সালে পাট চাষ হতো ২ লক্ষ ৬০ হাজার একর ভূমিতে, সেখানে এই বৎসর পাট চাষ হচ্ছে ১০ লক্ষ একর ভূমিতে। এবং কিছু পরিমাণ জমি আমরা যদিও রিক্লেইম করেছি—পতিত জমি পাট চাষের জন্য নিয়োগ করেছি ; তথাপি কিছু পরিমাণ জমি প্রায় দুই লক্ষ একর জমি যাতে আউশ ধান হতো তাকে ডাইভার্ট করেছি। তা সত্ত্বেও এটা কৃষিবিভাগের অত্যন্ত গর্বের কথা যে তাঁরা ধান উৎপাদন বাড়িয়েছেন। আমি একটা হিসাব আগে দিয়েছি এবং তার পুনরুক্তি করা ঠিক হবে বলে মনে করি। ১৯৪৭ সাল পর্যন্ত যে ৫ বৎসর গিয়েছে এই ৫ বৎসরে গড়

চালের উৎপাদন ছিল ৩২ লক্ষ টন ; আর ১৯৫২ সাল পর্যন্ত যে ৫ বৎসর গিয়েছে অর্থাৎ ১৯৪৭ সাল থেকে ৫২, সেই সময় বাৎসরিক গড় উৎপাদন ৩৪ লক্ষ টন ; আর ১৯৫২র পর, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, ১৯৫৭ সাল পর্যন্ত এই ৫ বৎসরে গড় উৎপাদন হয়েছে ৪১ লক্ষ টন। এতে সহজেই বুঝা যায় যে এটা কোন জাগলারী নয়। যদিও আমরা বহু পরিমাণ জমি পাটে ডাইর্ভাট করেছি তবুও আমাদের চাল উৎপাদন আমরা বাড়িয়েছি।

[12-10—12-20 p.m.]

এটা কোন জাগলারী নয়। সহজেই বোঝা যাবে যদিও আমরা বহু পরিমাণ জমি পাটে ডাইর্ভাট করেছি তথাপি আমাদের চালের উৎপাদন বেড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিশ্চয়ই জানেন যখন আমাদের অখণ্ড বাংলা ছিল, তখন পূর্ব-বাংলার কতকগুলি জেলাকে বলা হ'ত বাংলা দেশের গ্রেনারী, সেগুলি আজ আমাদের হাত থেকে চলে গিয়েছে, যেমন খুলনা জেলা, বরিশাল জেলা ইত্যাদি। কিন্তু তখনও আমরা বাইরে থেকে চাল আনতাম। অবশ্য বর্মা যখন ভারবর্ষের মধ্যে ছিল, তখন বর্মাকে আমরা বাইরের জায়গা বলতাম না। এখন বর্মা একটা নূতন দেশ হয়েছে। বর্মা থেকে আমরা গড়ে তিন লক্ষ টন চাল আমদানী করতাম আনডিভাইডেড বেঙ্গলএ, আর আড়াই লক্ষ টন গম অখণ্ড বাংলায় আনতে হ'ত পাঞ্জাব থেকে বা ভারতের বাইরে থেকে। তাহলে সেই সময় সাড়ে পাঁচ লক্ষ টন তণ্ডুল জাতীয় পদার্থ, সিরিয়েলস বাইরে থেকে আনতাম। একথা সবাই জানেন যে পশ্চিম বাংলায় ৩২ লক্ষ উদ্বাস্তু আশ্রয়প্রার্থী ভাইবোনরা এসেছেন। তাঁরা সঙ্গে করে এক ফোঁটাও জমি আনতে পারেন নি, এবং তাঁরা সকলেই ভাত খেতে চান। এটা সবাই জানেন যে, অখণ্ড বাংলাতে যে আরবান এরিয়া বা শহর অঞ্চল এলাকা ছিল, তা তুলনামূলকভাবে বর্তমান বাংলায় তার চেয়ে অনেক বেশী। পশ্চিম বাংলার ভিতর এই কলিকাতার মত বিরাট, বিশাল সহরে পূর্বে যেখানে মাত্র ১৬।। লক্ষ লোক বাস করতো আজ সেখানে ৬০ লক্ষের মত লোকের বাস এবং সারা বাংলা দেশে প্রায় তিন কোটি লোক আছে। আমাদের পশ্চিম বাংলায় বোম্বের মত সব চেয়ে বেশী আরবান পপুলেশান। আমি তুলনামূলকভাবে বলছি। আমাদের এখানে শতকরা ২৬·৫ জন লোক আরবান এলাকায় বাস করে, বোম্বায়েও প্রায় সেই রকম, তথাপি আমাদের উৎপাদন বেড়েছে সে বিষয় সন্দেহ নাই।

অবশ্য আমাদের খাদ্যের ঘাটতি হয়েছে এবছর, এবং তারজন্য মাননীয় সদস্যরা খুবই শঙ্কিত হয়ে উঠেছেন। তাঁরা মনে করেন যে আমাদের অনেক বেশী ঘাটতি হবে, এবং আমাদের কৃষি-বিভাগ থেকে যে পূর্বাভাস দিয়েছিলেন তাতে বলা হয়েছিল যে ১২ লক্ষ টন ঘাটতি হবে। এই হাউসে এবং এ্যাসেম্ব্লীতে আমরা বলেছিলাম যে আমাদের ঘাটতি ১২ লক্ষ টন।

মাননীয় সভাপাল মহাশয় আপনি জানেন এখন আমরা বৈজ্ঞানিক পদ্ধতিতে আমাদের কত উৎপাদন হ'ল তা আমরা নির্ধারণ করতে পারি। তা নিয়ে লোকে ঝগড়া করতে পারেন, বলতে পারেন এই অঙ্ক কলঙ্ক। সে কথা বলতে পারেন কিন্তু আন্দাজের যেটা ভুল, তাতে কারও মনে সন্দেহ থাকা উচিত নয়। সমস্ত দেশেই এইরকমভাবে তাঁরা উৎপাদনের পরিমাপ করে থাকেন, আমরাও তাই করছি। তবে হতে পারে একথা সত্য, যে এই পরিমাপের শতকরা পাঁচ ভাগ গলতি থাকতে পারে, প্লাস মাইনাস হতে পারে। তাতে আশ্চর্য্যের কিছু নেই। কিন্তু আন্দাজটা যে ঢের বেশী ভুল, যে বিষয়ে সন্দেহ নাই। এই পরিসংখ্যান দিয়ে নির্ণয়ের কাজ আমাদের করতেই হবে। তবে সেখানে যদি কোন ত্রুটি থাকে যে সম্বন্ধে নিশ্চয়ই আমরা অনুসন্ধান করবো। আমাদের দেশে মস্তবড় একজন বৈজ্ঞানিক, যাঁকে নিয়ে আমরা গর্ব করে থাকি, ডাঃ প্রসান্ত মহলানবীস, তিনি এফ,আর,এস, হয়েছেন এবং তাঁর পরিসংখ্যানের জন্য তিনি শুধু আমাদের দেশেই নন, সমগ্র পৃথিবীতে তাঁর যশ আছে। কাজে কাজেই সেটা ভুল জিনিষ নয়। অনেক বৈজ্ঞানিক তথ্য আবিষ্কৃত হয়—সেটা কেমিষ্ট্রী, ফিজিকস বা বাইওলজী হতে পারে। নানা বিষয়ের অনেক তথ্য আবিষ্কৃত হয়। যতদিন পর্যন্ত সেটা ভুল প্রমাণিত না হয়, সকল বৈজ্ঞানিকরা স্বীকার করে নেন যে এটাই হচ্ছে ঠিক, তখন তাকে ভিত্তি করে আরও এগিয়ে যাওয়া হয়। কাজে কাজেই এটা একটা ফট্‌কা জিনিষ নয়, এটা উড়িয়ে দেবার জিনিষ নয়। এই স্টেটিসটিকসএ যাঁরা বিশ্বাস করেন না, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলবো—তাঁরা অবৈজ্ঞানিক।

Sj. Satyapriya Roy: There is jugglery in statistics.

The Hon'ble Prafulla Chandra Sen:
ঐ সব গল্প আমি জানি। অনেক গল্প আছে। কিন্তু গল্প দিয়েইত আর দেশ চলতে পারে না?

আমি যে কথা বলছিলাম। গত বছর এত রুল হয়েছে, এত শুক হয়েছে, তা সত্ত্বেও আমরা প্রায় ৪২ লক্ষ টন চাল করতে পেরেছি। অবশ্য আমাদের দেশে ঘাটতির কথা ১২ লক্ষ টন। এই ১২ লক্ষ টনএর ক্ষেত্রে ৭ লক্ষ টন ঘাটতি হয়েছে, সত্য কথা, এবং তা স্বীকার করি। কিন্তু গত বছরের যদি হিসাব দেখি,—এটা কোন পরিসংখ্যান নয়, এটা সত্য। গত বছর আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাড়ে পাঁচ লক্ষ টন গম পেয়েছি এবং ১ লক্ষ ২৫ হাজার টন চাল পেয়েছি। অর্থাৎ গম ও চাল, সবসুদ্ধ ৬ লক্ষ ৭৫ হাজার টন আমরা পেয়েছি। এ বছরে আমাদের ঘাটতি সাড়ে সাত লক্ষ টন মোট। আমরা বর্তমানে তিন লক্ষ টন গম খাই। গত বছর আড়াই লক্ষ টন বেশী খেতে হয়েছিল।

এ বছর ৭ লক্ষ টনের মধ্যে তিন লক্ষ টন গম খাওয়া শেষ হয়ে গিয়েছে, বাকী রইল চার লক্ষ টন। তারমধ্যে তিন লক্ষ টন অতিরিক্ত আমরা গম খাই, আর এক লক্ষ, সোয়া লক্ষ টন পরিমাণ কেন্দ্রীয় সরকার হয়ত আমাদের হাতে চাল দেবেন। তাহলে খাদ্য সংকটের কথা যা বলা হচ্ছে, সেটা থাকবে না। অবশ্য আমরা মনে করি যে আমাদের দেশে সুসম খাদ্যের অভাব, প্রোটিন ফুডের খুব অভাব। আমরা মনে করি যে চালই আমাদের একমাত্র খাদ্য। সত্য কথা। যত গরীব দেশ আছে পৃথিবীতে, সেখানে তারা সিরিয়েলস বেশী খায়। এ্যামেরিকায় মাথা পিছু ৮ আউন্স, রাশিয়ায় মাথাপিছু ১৯ আউন্স, টার্কিতে ১৫ আউন্স এবং ইংলণ্ডে ৮·৫ আউন্স মাথাপিছু। আর এখানে আমরা বলছি ১৬ আউন্স, ১৮ আউন্স সিরিয়েলস খাবো।

কিন্তু চালের যে পরিমাণ ঘাটতি তার চেয়ে ঢের বেশী পরিমাণ ঘাটতি মাছের, তেলের। তার চেয়ে ঢের বেশী ঘাটতি ডিমের, তার চেয়ে ঢের বেশী ঘাটতি মাংসের, তার চেয়ে ঢের বেশী দুধের,—এদিকেও আমাদের দৃষ্টি দিতে হবে।

আমার বন্ধু মাননীয় সদস্য মনীন্দ্র চক্রবর্তী মহাশয়, তিনি এখানে উপস্থিত নেই ; তিনি আমার কাছে একটা সুসম খাদ্যের তালিকা পাঠিয়েছেন। গত বছরও তিনি একটা সুসম খাদ্যের তালিকার, চার্ট দিয়েছিলেন, এবং তিনি একটা চিঠি লিখেছিলেন। তিনি বলেছেন যে আমাদের গরীবনা ভাবেতেও আমরা সুসম খাদ্য খেতে পারি, এবং তিনি তাঁর হিসাবে দেখিয়েছেন যে, সাড়ে নয় আনায় ভাল সুসম খাদ্য হতে পারে। তাতে কেলরি পাওয়া যাবে ২,৩২৮। অবশ্য তিনি দামটা একটু বাড়িয়ে ধরেছিলেন ; কারণ, এখন অনেক জিনিষের দাম কমে গিয়েছে। এইমাত্র আমি হিসাব করছিলাম—সাড়ে নয় আনাটা কমে গিয়ে আট আনা এক পয়সা হয়েছে।

আমাদের এখানে একজন সদস্য বলেছেন যে এখানকার সহর অঞ্চলই শুধু আমরা বুঝি। কিন্তু তা নয়। আমরা বর্তমানে সহর অঞ্চল করেছি, গ্রাম অঞ্চলও করেছি।

এখানে ৮ই ফেব্রুয়ারী যে সপ্তাহ শেষ হয়েছে, তাতে আমি হিসাব করে দেখলাম গ্রামাঞ্চলে ১৪ লক্ষ লোক মডিফাইড রেশানিংএর সুযোগ নিয়েছে আর সহর অঞ্চলে ২৫ লক্ষ লোক এর সুযোগ নিয়েছে। মোট ৩৯ লক্ষ জন এই মডিফাইড রেশানিংএর সুযোগ পেয়েছে। আর একজন বন্ধু বোধ হয় শ্রীযুত সত্যপ্রিয় রায় মহাশয় বললেন ২৫ টাকা ৩০ টাকা চালের দর হয়েছে। আমি বলবো তা, সব জায়গায় নয়। কলকাতায় নিশ্চয় ২৫ টাকা। সত্যপ্রিয়বাবু ভাল চাল খান কিনা, জানি না। তবে বর্দ্ধমানে চালের দর ২৩ টাকা। কাটোয়ায় চালের দর ২২ টাকা। বীরভূমে চালের দর ২০ টাকা ৩৭ নয়া পয়সা। বাঁকুড়ায় চালের দর ২০ টাকা ২১ নয়া পয়সা। বিষ্ণুপুরে চালের দর ২০ টাকা ৪০ নয়া পয়সা। মেদিনীপুরে চালের দর ১৮ টাকা ২৭ নয়া পয়সা। ঘাটালে চালের দর ১৮ টাকা ৭২ নয়া পয়সা। ঝাড়গ্রামে চালের দর ১৯ টাকা। রায়গঞ্জে চালের দর ২৩ টাকা ১২ নয়া পয়সা। মুর্শিদাবাদে চালের দর ২৩ টাকা।

কুচবিহারে চালের দর ২৮ টাকা ৮০ নয়া পয়সা। দিনাজপুরে চালের দর ২৬ টাকা ২৭ নয়া পয়সা। মাথাভাঙ্গায় চালের দর ২৩ টাকা। নদীয়ায় চালের দর ২৩ টাকা ৮৩ নয়া পয়সা। রাণাঘাটে চালের দর ২২ টাকা ৫৬ নয়া পয়সা। জলপাইগুড়িতে চালের দর ২৬ টাকা ১২ নয়া পয়সা। চন্দননগরে চালের দর ২৬ টাকা ৩১ নয়া পয়সা। শ্রীরামপুরে চালের দর ২৬ টাকা ৬ নয়া পয়সা। আরামবাগে চালের দর ২১ টাকা ৩১ নয়া পয়সা। হাওড়ায় চালের দর ২৫ টাকা ৫০ নয়া পয়সা। হাওড়া সদরে চালের দর ২৪ টাকা ৫ নয়া পয়সা। দার্জ্জিলিংএ চালের দর ২৭ টাকা ৭ নয়া পয়সা। শিলীগুড়িতে চালের দর ২৪ টাকা ৬৩ নয়া পয়সা। কার্সিয়াংএ চালের দর ২৫ টাকা ৮০ নয়া পয়সা। বোলপুরে চালের দর ২৪ টাকা ৮০ নয়া পয়সা। আমাদের ষ্টেট গভর্ণমেণ্টের এ্যাভারেজ দর হচ্ছে ২৩ টাকা ৮ নয়া পয়সা।

আমাদের এখানে, বর্তমানে যে খাদ্যাভাব হয়েছে, তারজন্য বেশী, বেশী করে যাতে গম বিতরণ হয়, তার ব্যবস্থা আমরা করবো। খাদ্য বেশী মানে হচ্ছে আমাদের সিরিয়েলস ৪৬ লক্ষ টন, আর আমাদের যা চাল উৎপাদন হয়েছে ৪২ লক্ষ টন, তার থেকে বীজ ও ওয়েষ্টেজএর জন্য ৪ লক্ষ টন বাদ দিই, তাহলে নিট হচ্ছে ৩৮ লক্ষ টনের কিছু বেশী। আমাদের যে বাকী ঘাটতি, সেটা পূরণ করতে চাই সামান্য কিছু চালের দ্বারা এবং বেশী করে গম দিয়ে।

[12-20—12-30 p.m.]

আমাদের যে উৎপাদন হচ্ছে ৪২ লক্ষ টন তার থেকে বীজ এবং ওয়েষ্টেজ ৪ লক্ষ টন যদি বাদ দিই তাহলে নীট হচ্ছে ৩৮ লক্ষ টনের বেশী। এবং আমাদের বাকী যে ঘাটতি আছে সেই ঘাটতি পূরণ করতে চাই সামান্য কিছু চালের দ্বারা। আজকে আমাদের দেশে লোক বেশী করে গম খাচ্ছে সে বিষয় কোন সন্দেহ নাই। আমরা যে মডিফাইড রশেনিং দিচ্ছি তাতে লোক গম নিচ্ছে। গ্রামে বহু লোক আছে যারা বেকার তাদের জন্য টেষ্ট রিলিফ কাজের ব্যবস্থা করেছি। মাননীয় সভাপতি মহাশয়, আপনি শুনলে খুসী হবেন ১০ই এপ্রিল থেকে ১৯৫৭ সাল ৯ই ফেব্রুয়ারী ১৯৫৮ সাল—এই সময়ের মধ্যে টেষ্ট রিলিফ কাজে ১ কোটি ৯৫ লক্ষ টাকা খরচ করেছি, গ্রেচুইটাস্ রিলিফ ইত্যাদি অসমর্থদের দেওয়া হয়েছে ৯৬ লক্ষ ৫০ হাজার টাকা, হাউস বিল্ডিং ১৯ লক্ষ ৬০ হাজার টাকা, আরটিশন লোন ৮ লক্ষ ২০ হাজার টাকা, এগ্রিকালচারাল লোনএ ১ কোটি ৩১ লক্ষ টাকা, আরও হাউস বিল্ডিং লোন ২৮ লক্ষ ৫৪ হাজার টাকা। কাজে কাজেই আমি মনে করেছি যারা কাজ পাবে না—তাদের টেষ্ট রিলিফ ওয়ার্কএর মাধ্যমে কিছু কিছু কাজের সংস্থান করেছি। আমাদের এখানে ৯ হাজার দোকান করেছি মডিফাইড রেশনিংএর সহর এবং গ্রামাঞ্চল মিলে। আমি মনে করছি যে লোকের যা কিছু প্রয়োজন নিত্য ব্যবহার্য জিনিস সেখান থেকে সরবরাহ হতে পারবে ন্যায্য দরে। একটা কথা উঠছে যে আমাদের দেশে পশ্চিমবঙ্গে আমাদের উদ্বাস্তু এখনো বসানো যেতে পারে, বাইরে পাঠাবার কোন প্রয়োজন নাই। আমি আগেও অনেকবার একথা শুনেছি, আজকেও শুনলাম এই হাউসে। আমাদের দেশে পশ্চিমবঙ্গে শুধু নয়, ভারতবর্ষের মার্জিনাল এবং সাবমার্জিনাল জমির ভিতর ভারতবর্ষে যত চাষ হয়, পৃথিবীর আর কোথাও হয়না। চীনদেশের সঙ্গে তুলনা করে দেখছি—চীনদেশের লোকসংখ্যা ভারতবর্ষের দেড়গুণ। আমাদের ৩৮ কোটি আর তাদের ৫৩।৫৪ কোটি। আমাদের ভারতবর্ষের যে আয়তন তার চেয়ে চীন দেশের আয়তন বেশী। অথচ চীনদেশের ভূমির যে চাষ হয় তার প্রোপরসন খুব কম। জিওগ্রাফিকাল ভৌগলিক যে আয়তন আছে তার মাত্র ১০ থেকে ১১ ভাগ জমি আবাদ হয় যেখানে ভারতবর্ষে হচ্ছে ৫২ থেকে ৫৩ ভাগ, ভারতে যে জমিতে চাষ হতে পারে না তাতেও হচ্ছে। অর্থাৎ কালচারেবল ওয়েস্ট জমিতে। আমাদের দেশে শতকড়া ৭৫ ভাগ জমিতে চাষ হচ্ছে আর চীনদেশে শুনলে আপনি সভাপতি মহাশয় আশ্চর্য্য হবেন যে মাত্র ২৩ ভাগ জমিতে চাষ হয়। সেজন্য সেখানে উৎপাদন বেশী হয়। কিছুদিন আগে কলকাতায় স্যার রাসেল এসেছিলেন। তিনি বড় বৈজ্ঞানিক, আমি তাঁকে জিজ্ঞাসা করি স্পেনে গড় উৎপাদন বেশী, চীনে বেশী জাপানেও বেশী কিন্তু আমাদের দেশে এত কম কেন? তিনি বল্লেন হবেনা? আপনারা যে জমিতে বজরা করা উচিত ভুট্টা মকাই চাষ করা উচিত তাতে ধান করছেন।

আমরা যদি ভাল জমিতে চাষ করতাম তাহলে ঐ অবস্থা হোতনা। তারপরে ল্যান্ড ইউটিলাইজেসন সবচেয়ে বেশী হয়েছে আমাদের বাংলাদেশে—ভারতবর্ষে শতকরা ৭৫ ভাগ এবং পশ্চিমবাংলায় হচ্ছে শতকরা ৮৬ ভাগ। এখানে মার্জিন্যাল এবং সাবমার্জিন্যাল জমি নিয়ে আমরা চাষ করেছি। একজন মাননীয় সদস্য বোধহয় এই হাউসেরই, বলছিলেন যে বাঁকুড়া থেকে অনেক লোক চলে আসছে, সংবাদপত্রে ছবি বেরিয়েছিল। বাঁকুড়া জেলায় যার ৩০ বিঘা জমি আছে সেও আমাদের টেষ্ট রিলিফের কাজ করে কারণ সেখানে অধিকাংশ জমি হচ্ছে মার্জিন্যাল এবং সাবমার্জিন্যাল।

মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে পশ্চিমবাংলায় প্রায় ৩২ লক্ষ ভূমিহীন কৃষক আছে—আশ্রয়প্রার্থী এসেছে ৩২ লক্ষ ভূমিহীন কৃষক, তাদের দাবী হচ্ছে ভূমি চাই। সাবমার্জিন্যাল ল্যান্ডে ইরিগেশন দিলেও ভাল ফসল হবে না। কাজেই সেখানে আর উদ্বাস্তু পুনর্বাসন সম্ভবপর নয়। অধ্যাপক ভট্টাচার্য্য মহাশয় বলেছেন যে আমাদের ইন্ডাষ্ট্রী করতে হবে। সত্যই আমাদের ইন্ডাস্ট্রী করা উচিত এবং হচ্ছেও। আমি সেদিন দুর্গাপুরে গিয়ে দেখলাম যে সেখানে কত ইন্ডাষ্ট্রী হচ্ছে কিন্তু সেখানে কি দেখতে পাচ্ছি—দেখতে পাচ্ছি যে অন্য প্রদেশের লোকেরা আসছে। আমি সেদিন একটা সভাতে বলেছি যে মাননীয় সদস্যরা বোধ হয় তা জানেন পশ্চিমবাংলা থেকে প্রতি মাসে প্রায় ১০ কোটি টাকা মনিঅর্ডার হচ্ছে অন্য প্রদেশে। আমি কোন প্রাদেশিকতার কথা তুলছিনা কিন্তু যেখানে এত বেকার সেখানে এটা কি করে সম্ভবপর হয়? আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় একবার একটা রাস্তার দোকান গুনেছিলেন যে ১০০টা দোকানের মধ্যে ৯৩টা দোকান বাংলার বাইরের লোক করেছে আর ৭টা দোকান বাংলার লোক করেছে। কাজেই আমি এপক্ষের এবং ওপক্ষের মাননীয় সদস্যদের বলব যে এসব জিনিস আমাদের ভাল করে বুঝতে হবে। কারণ এটা সামাজিক ব্যাপার, আইন করে এটা হবেনা। উড়িষ্যায় যখন বন্যা হয়েছিল তখন আমি বলেছিলাম তদানীন্তন উড়িষ্যার মুখ্যমন্ত্রী শ্রীনবকৃষ্ণ চৌধুরীকে যে মশাই বন্যার জন্য সাহায্য দিতে গেলে টেষ্ট রিলিফ দিতে হবে। তিনি মৃদু হেসে বল্লেন, না দাদা টেষ্ট রিলিফ করবার দরকার হবেনা, আমরা শুধু কটক থেকে হাওড়া ষ্টেশন পর্যন্ত ট্রেন ফেয়ার দিতে পারলেই সেখানে গিয়ে তারা কাজ করবে। অন্ধ্রের লোক এসে এখানে কাজ করছে, উড়িষ্যার লোক মধ্যপ্রদেশের লোক, বিহার, উত্তরপ্রদেশের লোক সব এখানে এসে কাজ করছে। কাজে কাজেই অধ্যাপক ভট্টাচার্য্য মহাশয়কে বলবো যে এই জিনিষ বুঝতে হবে এবং দুর্নীতির কথা যে বলা হয়েছে এটাও তার একটা কারণ, আমরা কাজ করতে চাইনা। আর একজন মাননীয় সদস্য বলেছিলেন যে আমাদের জেনারেল ইন্ডেকস অব লিভিং বেড়ে যাচ্ছে। সেটা তিনি উল্লেখ করেছেন শিক্ষকদের বেতনের ব্যাপারে। আমরা দেখছি যে ১৯৪৮ সালে আমাদের যেখানে জেনারেল ইন্ডেকস অব লিভিং ছিল ৩৭৬ কোরিয়ায় যুদ্ধের সময় সেটা দাঁড়ালো ১৯৫১ সালে ৪৫৭, ১৯৫৭ সালে সেটা ছিল ৪৩২-৪৩৩ গড়ে আজকে নেমে সেটা হয়েছে ৪২২। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় একটু আগে বলেছেন যে আমাদের প্রাথমিক শিক্ষকদের বেতন কোন কোন ক্ষেত্রে ২৷৷ গুণ বেড়েছে এবং কোন কোন ক্ষেত্রে ডবল হয়েছে—তাও কম সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু আজ কথা হচ্ছে যে ১০ কোটি টাকা যদি চলে যায় বাংলার বাইরে প্রত্যেক মাসে তাহলে আমাদের সবাইকে অন্য দিক দিয়ে ভাবতে হবে এবং যদি আমরা তা না ভাবি তাহলে আমরা দুর্নীতি দূর করতে পারবোনা। অবশ্য আমাদের এখানে দুর্নীতির কথা উঠলেই আমরা অনেক আবোল তাবোল কথা শুনি মাননীয় সদস্য শ্রীযুত অন্নদাপ্রসাদ চৌধুরী মহাশয় তিনি কয়েক দিন আগে এই হাউসে কাদা ছিটিয়া চলে গেছেন—মাননীয় মন্ত্রী শ্রীচিত্ত রায়ের সংগে তাঁর ট্রেণে কি গল্প হয়েছে, গল্প করতে করতে কিসব কথা হয়েছে তাতে তিনি বলেছিলেন দুর্নীতি হবে না? এইসব কথা বলেছেন। আবার শুনলাম একজন মন্ত্রীর বাড়ী হচ্ছে। তারপরে আমি খোঁজ করে দেখলাম যে কোন্ মন্ত্রী বাড়ী করলেন। আমার নিজের কোন বাড়ী নেই, অবশ্য আমার সম্বন্ধে ৮ বছর আগে থেকে এ-জিনিষ রটেছিল যে আমার নিজের বাড়ী আছে। এখানে মাননীয় সদস্যরা কেউ বিশ্বাস করেন না যে আমার একটাও বাড়ী নেই, বাড়ীত দূরের কথা, আমি ১০ বছর মন্ত্রীত্ব করছি, একটা মোটর গাড়ীও করতে পারি নি। মাননীয় কালীপদ মুখার্জি মহাশয় হোম মিনিস্টার, তিনি তাঁর বাড়ী মেরামত করতে পারেন নি সিমেন্টের অভাবে।

আমাদের একজন উপমন্ত্রীর বাবা তিনি একটা বাড়ী করেছেন—বোধ হয় অন্নদাবাবু, তার কথাই বলছিলেন। তাছাড়া ত আর কাউকে বাড়ী করতে দেখিনা। সেই উপমন্ত্রীর পিতাঠাকুর ১৯৫৬ সালে জমি কিনেছিলেন এবং খগেনবাবুর লো ইনকাম গ্রুপ হাউজিংএর যে ফান্ড আছে তা থেকে তিনি ঋণ নিয়েছেন ৮ হাজার টাকা। তিনি কর্পোরেশনে চাকরী করতেন, প্রভিডেণ্ট ফান্ড পেয়েছিলেন। তারপরে রটে গেল যে মন্ত্রীদের ব্যাংক ব্যালেন্স বেড়ে যাচ্ছে। তিনি যদি দেখাতে পারেন যে কোন মন্ত্রীর মন্ত্রী হবার আগে ব্যাংক ব্যালেন্স শূন্য ছিল, এখন ১ লক্ষ টাকা হয়েছে—তাহলে নিশ্চয়ই তাঁর সম্বন্ধে অনুসন্ধান হবে।

[12-30—12-34 p.m.]

আজকে আমাদের খাদ্যসমস্যা নিয়ে সকলের মনে যে ভীতির সঞ্চার হয়েছে তার কোন কারণ নাই। সহরের লোক ও গ্রামের লোক উভয়কেই আমরা খাদ্য দিতে পারব, তবে পরিশ্রম বাঙ্গালীকে করতে হবে, তাহলে আমাদের জীবনযাত্রা মান নিশ্চয়ই বাড়বে। তবে এখানে একটা কথা হচ্ছে যে আমাদের সাবমারজিন্যাল ল্যান্ড চাষ করা চলবে না, তাহলে আমাদের সর্বনাশ হয়ে যাবে। উদ্বাস্তু পুনর্বাসনের জন্য দণ্ডকারণ্য পরিকল্পনা করা হয়েছে। আমি যতদূর জানি এই দণ্ডকারণ্য পরিকল্পনায় আমাদের উদ্বাস্তু ভাইবোনদের প্রভূত উপকার হবে আমাদের বিধানসভার স্পীকার মহাশয় নিজে গিয়ে সেখানে ১০।১২ দিন ঘুরে সব দেখে শুনে এসেছেন। আমরা তাঁর কাছে খুব আশার কথা শুনেছি। আমার মনে হয়, আমাদের উভয় পক্ষের লোক গিয়ে সব দেখে শুনে আশা দরকার। এটা দু-একদিনে হবে না। সেখানে ৮০ হাজার স্কোয়ার মাইল পাওয়া যাচ্ছে—আমাদের পশ্চিম বাংলার আয়তন ৩৫ হাজার স্কোয়ার মাইল। এই যে ৮০ হাজার স্কোয়ার মাইল, এর মধ্যে বাঁকুড়া জেলার মত জমিও আছে আবার বর্ধমান জেলার মত ভাল জমি আছে। কাজে কাজেই এই যে দণ্ডকারণ্যের জন্য কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে এতে আমাদের বাঙ্গালীর পক্ষে মস্তবড় কাজ হবে। আগে সেখানে গিয়ে দেখা যাক। যদি সেখানে সত্যি ভাল ফলন হয়, যদি সত্যিকারের খনিজ সম্পদ থাকে, নেচার্যাল রিসোর্স থাকে, তাহলে আমাদের আপত্তির কি কারণ থাকতে পারে বুঝিনা। যদি আমাদের বাংলাদেশ থেকে আমরা ম্যালিরিয়া তাড়িয়ে থাকতে পারি তাহলে এমন জায়গা নেই সেখান থেকে আমরা ম্যালেরিয়া না তাড়াতে পারি। এই কয়েকটা কথা বলেই মাননীয় রাজ্যপালিকার ভাষণ সম্বন্ধে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি।

Mr. Chairman: I propose to take all the amendments *en bloc.*

The motion of Sj. Nagendra Kumar Bhattacharyya that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that it does not clearly disclose the policy of Her Government in the matter of—

(1) improvement of administration of justice;

(2) nationalisation of industries;

(3) supply of food in deficit areas and relief and test work in distressed areas;

(4) amelioration of the condition of municipalities and district boards;

(5) re-organisation and expansion of the co-operative movement;

(6) amelioration of the condition of secondary school teachers;

(7) distribution of lands to landless cultivators and land revenue system;

(8) arresting erosion of Dhulian in the district of Murshidabad; and

(9) prevention of smuggling through border areas."

was then put and lost.

The motion of Sj. Sasanka Sekhar Sanyal that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that no steps are being taken—

(1) for removal of unemployment,

(2) for preventing food scarcity,

(3) for counteracting shortfall in financial resources available from the Centre."

was then put and lost.

The motion of Dr. Monindra Mohan Chakrabarty that the following be added at the end of address in reply, viz.—

"But regret that no mention has been made of—

(1) the stalemate in the sphere of education in the State which has been caused by the policies of the State Government;

(2) any intention on the part of the Government to declare Bengali as the official language of the State;

(3) continued maladministration of some of the big hospitals in Calcutta which is causing great suffering to the patients;

(4) failure of the Government policies in preventing the rise in the cost of living;

(5) any firm measure on the part of the Government to ensure employment of Bengalees in the various State and commercial undertakings within the State to ease the unemployment situation."

was then put and lost.

The motion of Sj. Satish Chandra Pakrashi that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that the Governor has not dealt with the urgent question of the present hunger-strike of the teachers and of their appearance before the Public Service Commission.

But regret that the Governor has not placed before us any satisfactory solution of the acute food problem from which people of the State are suffering.

But regret that though the Governor dealt with the problem of the refugees, she has not shown any way out of the miserable conditions from which the largest number of refugees are suffering.

But regret that in the speech the achievements of the Government are shown conspicuously while its drawbacks, failures and inefficiencies are ignored."

was then put and lost.

The motion of Janab Abdul Halim that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that—

(1) there is no mention of the teachers who are on hunger-strike for the legitimate demands of the Secondary School teachers in West Bengal;

(2) there is no mention of the real solution of the food-problem and check-up of high prices;

(3) there is no mention of the failure of the Government to solve rural and industrial unemployment;

(4) there is no mention about the failure of Government to take effective measures for distributing lands to the poor and landless peasants;

(5) there is no mention of the failure of the Government to help for rebuilding flood devasted villages in West Bengal;

(6) there is no mention of any concrete improvement in the condition of rural and urban population."

was then put and lost.

The motion of Janab Syed Nausher Ali that the following be added at the end of the address in reply, viz.—

"But regret the total absence therein of any mention of the widespread corruption and adulteration prevalent in the State and the steps, if any, taken by the Government to eradicate the same." was then put and lost.

The motion of Sj. Bibhuti Bhushan Ghose that the following be added at the end of address in reply, viz.—

"But regret that the picture painted regarding—

(i) the present position of food in the State;

(ii) rehabilitation of refugees;

(iii) public health in West Bengal;

(iv) relief given by the State Government to the needy people;

(v) N. E. S. Block; and

(vi) General Administration in the speech;

do not all tally with real state of affairs now existing in West Bengal"

was then put and lost.

The motion of Sj. Manoranjan Sen Gupta that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that there is no mention of—

(a) the steps taken for rehabilitation and removal of the refugees who have taken shelter at the Sealdah Station and who have been putting up in camps at Tribeni, Nityanandapur, Balagarh and Dhatrigram in the districts of Hooghly and Burdwan;

(b) any plan for the rehabilitation of refugees in the Sundarban area and in the vast tracts of lands lying vacant in such districts as Hooghly, Nadia, etc.;

(c) inadequacy of steps taken for, and official indifference to, agricultural improvements in the State;

(d) arrangements for small-scale irrigation in rural areas;

(e) tardy and slow expansion of medical facilities in the State during 1957 and mismanagement in Government and non-Government Hospitals;

(f) the little progress made towards making the primary education universal and compulsory;

(g) chaotic condition prevailing in the Secondary education also in the collegiate and University education;

(h) undemocratic constitution of the Board of the Secondary Education;
(i) provision for the well-being of the students in all respects—physical, intellectual and moral;
(j) unsatisfactory scale of salaries of teachers of all categories;
(k) arrangement made for the education of the labour-population in the State;
(l) steps taken for prevention of adulteration of foodstuffs and removal of corruption in the State;
(m) effective measures to cope with unemployment problem in the State."

was then put and lost.

The motion of Sj. Kalicharan Ghose that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that no mention has been made of the fact that the Government has failed to tackle properly the various problems of the municipal areas of West Bengal".

was then put and lost.

The motion of Sjkta. Anila Debi that the following be added at the end of the address in reply, viz.—

"But regret—

(a) that it does not indicate how the rice shortage will be met;

(b) that while mentioning that the average earnings of the factory worker per annum now are about double of what they were in 1947, it makes no mention of the rising prices of essential commodities and of any Government effort to bring down the cost of living;

(c) that it makes no mention of the confusion that has been created in the field of Secondary Education by the unplanned attempt on the part of the Education Department to re-organise Secondary Education in the State without consultation with the University of Calcutta and the Administrator of the superseded Board of Secondary Education, West Bengal;

(d) that it makes no mention of any step to be taken by the Government in furthering the cause of Women's education in the State;

(e) that it makes no mention of the necessity of setting up a Central Board of Primary Education to guide, plan, develop and control Primary Education in the State;

(f) that it makes no mention of any Government attempt to integrate the traditional Primary Schools with the basic pattern;

(g) that it makes no mention of any step towards making Primary Education free, universal and compulsory within the year 1960;

(h) that it makes no mention of raising the salaries of College and University Teachers with the help of the subsidy offered by the University Grants Commission;

(i) that it makes no mention of raising the salaries of clerks and other employees other than teachers of Schools and Colleges;

(j) that it makes no mention of expanding facilities of Post-Graduate Education particularly in Science and Technology;

(k) that it makes no mention of enhancing the Dearness Allowance of teachers, clerks, Librarians and the subordinate staff of Schools and Colleges."

was then put and lost.

The motion of Dr. Charu Chandra Sanyal that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that the food situation, education and unemployment problems of the State have not been adequately dealt with",

was then put and lost.

The motion of Sj. Nirmal Chandra Bhattacharyya that the following be added at the end of the address in reply, viz.—

"But regret that the problems of refugee rehabilitation and adequate development of agriculture and higher education have not been properly dealt with".

was then put and lost.

The motion of Sj. Gopal Halder that
গভর্নর বাহাদুরের ভাষণের শেষে নিম্নলিখিত কথা কয়টি যোগ করা হোক—

(১) কিন্তু পরিতাপের কথা, কি প্রাথমিক শিক্ষায়, কি মাধ্যমিক শিক্ষায়, কিংবা উচ্চশিক্ষায় বা টেকনিক্যাল শিক্ষায়, সমগ্রভাবে পশ্চিম বাঙলার শিক্ষার ক্ষেত্রে, কার্যতঃ কোন সুপরিকল্পিত শিক্ষানীতি ও সুশৃঙ্খল শিক্ষাপদ্ধতি গৃহীত হয় নাই। তাহার ফলে শিক্ষাক্ষেত্রে একদিকে আমলাতান্ত্রিক অনাচার ও দলপোষণ, অন্যদিকে শিক্ষা-বিষয়ে অরাজকতা ও ক্রম-অধোগতি পরিলক্ষিত হইতেছে। এমনকি, অনেক সময়ে কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুত সাহায্যাদিও পশ্চিম বাঙলা সরকারেব ব্যক্ত ও অব্যক্ত মনোভাবের জন্য যথোচিতরূপে পশ্চিম বাঙলার শিক্ষা ব্যাপারে, বিশেষতঃ বিশ্ব-বিদ্যালয়ের শিক্ষার ব্যাপারে, লাভ করা যায় নাই ;

(২) অত্যন্ত বিস্ময়ের ও পরিতাপের কথা যে, পশ্চিম বাঙলার সরকার বাঙলাভাষাকে রাজ্যের সরকারী ভাষারূপে প্রয়োগ করিবার কোন কার্যকরী ব্যবস্থা করেন নাই। এবং তাহা গ্রহণ করা বিষয়ে এখনও সচেতন নন।

was then put and lost.

The motion of Sj. Annada Prosad Choudhuri that the following be added to the address in reply:—

"But we regret—

(1) that no satisfactory proposal has been made for stepping up food production in the country-wide scale;

(2) that no definite proposals have been made to check the abnormal rise in the cost of living;

(3) that no comprehensive policy has been enunciated to combat rural unemployment."

was then put and lost.

The motion of Sj. Ashutosh Ghosh that a respectful address in reply be presented to the Governor as follows:

"Your Excellency,

We, the Members of the West Bengal Legislative Council, assembled in this Session, beg to offer our humble thanks to Your Excellency for the most excellent speech which Your Excellency has been pleased to deliver to this House"

was then put and agreed to.

Mr. Chairman: The House stands adjourned till 9-30 a.m. on Monday, the 3rd March, 1958.

Adjournment

The Council was accordingly adjourned at 12-34 p.m. till 9-30 a.m. on Monday, the 3rd March, 1958, at the Legislative Building, Calcutta.

Members absent

Bandopadhya, Sj. Upendra,
Banerjee, Sj. Sunil Kumar,
Banerjee, Sj. Tara Sankar,
Basu, Sj. Gurugobinda,
Das, Sjta. Santi,
Dutt, Sjta. Labanyaprova,
Ghosh Maulick, Sj. Satyendra Chandra,
Maliah, Sj. Pashupati Nath,
Misra, Sj. Sachindra Nath,
Mohammad Jan, Janab Shaikh,
Musharruf Hossain, Janab,
Prodhan, Sj. Lakshman,
Roy, Sj. Surendra Kumar,
Sanyal, Sj. Sasanka Sekhar,
Sarkar, Sj. Nrisingha Prosad,
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Monday, the 3rd March, 1958.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legsilative Buildings, Calcutta, on Monday, the 3rd March, 1958, at 9-30 a.m. being the Eighth day of the Fourteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI), was in the Chair.

QUESTIONS

(to which oral answers were given)

Closing down of jute mills during 1956-57

[9-30—9-40 a.m.]

9. Sj. Nirmal Chandra Bhattacharyya: Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(*a*) the number of jute mills closed down during 1956 and up to April, 1957;

(*b*) the number of workers and other employees, if any, rendered unemployed thereby;

(*c*) the compensatory or other benefits, if any, paid to the persons thrown out of employment;

(*d*) the steps that the Government propose to take to provide alternative employment for the persons affected; and

(*e*) whether the Government of West Bengal consider the desirability of moving the Government of India for making arrangements to run the above mills under powers vested in the Government by the Industries (Development and Regulation) Act, 1953?

The Minister for Labour (the Hon'ble Abdus Sattar): (*a*) 1956—Nil.

Up to April 1957—3.

(*i*) Luxmi Jute Mills.

(*ii*) Victory Jute Products.

(*iii*) Union South Jute Mills (partially closed).

(*b*) About 3,100.

(*c*) Steps have been taken for payment of retrenchment compensation to the workmen as admissible under the Industrial Disputes Act, 1947.

(*d*) The workers of the Union South Jute Mills, excluding those who resigned and left, were offered alternative employment in the sister mills. But in the case of the Luxmi Jute Mills and the Victory Jute Products, action will be taken under section 33C of the Industrial Disputes Act for recovery of the retrenchment dues of the workers.

(*e*) No.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কি যে, ৯(সি) সম্বন্ধে তিনি নো বলছেন কেন?

The Hon'ble Abdus Sattar:
আমরা কেন্দ্রীয় সরকারকে এ সম্বন্ধে কিছু বলি নি, কেন্দ্রীয় সরকার নিজেরাই করতে পারেন। আমরা কিছু বলি নি—কারণ, যেসমস্ত চট মিল বন্ধ হয়েছে তা মিসমেনেজমেন্টএর জন্য সেগুলি নিয়ে চালানোর মত অবস্থা নয়।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, যেহেতু এই মিলগুলি পশ্চিমবাংলায় অবস্থিত এবং যেহেতু বেকারসমস্যা আরো গুরুতর হচ্ছে মিলগুলি বন্ধ হওয়ার জন্য সেটা কি তাঁর করা উচিত নয়—যে ভারত সরকারকে অনুরোধ করা এই আইন অনুসারে অর্থাৎ ইন্ডাস্ট্রিজ (ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন) এ্যাক্ট, ১৯৫৩এ এগুলি নেওয়া?

The Hon'ble Abdus Sattar:
আমি মনে করি এ প্রশ্নটা বাণিজ্য মন্ত্রীকে করলেই ভাল হয়?

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state whether steps have been taken for finding employment for these dislodged personnel?

The Hon'ble Abdus Sattar: Attempts have been made to provide for alternative employment.

Sj. Sasanka Sekhar Sanyal: May we know what are the attempts?

The Hon'ble Abdus Sattar: They were offered alternative employment in the sister mills in the case of Union South Jute Mills. But no such arrangement has been made in case of Luxmi Jute Mills and the Victory Jute Products because they have no other mills.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state whether the Government have prepared a list of those dislodged personnel?

The Hon'ble Abdus Sattar: Only the number is with us.

Janab Abdul Halim:
কতজন লোককে কাজ দেবার ব্যবস্থা হয়েছে?

The Hon'ble Abdus Sattar:
এক্সজাক্টলি বলা সম্ভব নয়, নোটিস পেলে বলতে পারব।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
তাহলে মন্ত্রীমহাশয় কি মনে করেন যে, শিল্পমন্ত্রীর এই বিষয়টা ভারত সরকারকে সুপারিশ করা উচিত?

The Hon'ble Abdus Sattar:
আমি কিছুই বলতে পারি না।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
তাহলে কি মন্ত্রীমহাশয় মনে করেন যে, এই বিষয়ে শিল্পমন্ত্রীর তৎপর হওয়া উচিত?

The Hon'ble Abdus Sattar:
কি হওয়া উচিত আর অনুচিত তা আমি কি করে বলব?

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister for Commerce and Industries Department who, I believe, is present here, kindly inform the House as to what steps have been taken by the Commerce and Industries Department as referred to by the Hon'ble Labour Minister?

The Hon'ble Bhupati Majumdar: It is difficult to say anything offhand. If I get proper notice I can inform the House about the steps that I may take.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
মন্ত্রীমহাশয় কি মুখ্যমন্ত্রী ও শিল্পমন্ত্রীকে এই বিষয়ে বিশেষভাবে বিবেচনা করবার জন্য অনুরোধ করবেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is for this reason that these two mills—Victory Jute Products and Luxmi Jute Mills—are bad concerns. It is no use taking over a bad concern. We are only concerned with finding alternative employment but taking over a bad concern is not good enough.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
মুখ্যমন্ত্রী বলেছেন এগুলি ব্যাড কনসার্ন, এ বিষয়ে কোন অনুসন্ধান করা হয়েছে কি?

The Hon'ble Abdus Sattar: As far as we know.

Report of the Expert Committee to enquire into the causes of floods

10. Sj. Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister in charge of the Irrigation Department be pleased to state—

(*a*) whether the attention of the Government has been drawn to the reply to a question put by Shri Tridib Chaudhury, M.P., in Lok Sabha wherein the Hon'ble Shri S. K. Patil, Minister, Government of India, stated that the Government of West Bengal did not make over a copy of the Report of the Expert Committee appointed by the Government of West Bengal to enquire into the causes of flood in West Bengal in 1956 to the High-Level Committee appointed by the Government of India to enquire into the cause of recent flood in various States;

(*b*) whether the said Report was asked for and not given to the aforesaid High-Level Committee;

(*c*) whether the said Report will be placed before the West Bengal Legislature for discussion;

(*d*) if so, when; and

(*e*) if not, the reasons therefor?

The Minister for Irrigation and Waterways (the Hon'ble Ajoy Kumar Mukharji): (*a*) No.

(*b*) The Member-Secretary, High-Level Committee, appointed by the Government of India, asked for the Report recently in his letter, dated the 30th December, 1957, and a printed copy of the same was sent to him on the 13th January, 1958.

(*c*) and (*d*) The matter will be decided after the Report has been examined by Government.

(*e*) Does not arise.

Sj. Nagendra Kumar Bhattacharyya:
অতিরিক্ত প্রশ্ন, স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি গত বৎসরের রিপোর্ট পশ্চিমবঙ্গ সরকার কোন সালে কোন মাসে পেয়েছেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
১৯৫৭ সালের ২৯এ মে।

Sj. Nagendra Kumar Bhattacharyya:
তাহলে অদ্যাবধি কেন পশ্চিমবঙ্গ সরকার স্থির করতে পারে নি এই রিপোর্ট পশ্চিমবঙ্গ বিধান পরিষদে এবং বিধানসভায় উপস্থাপিত করা হবে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
চিফ এঞ্জিনিয়ার অন্যান্য এঞ্জিনিয়ারদের সংগে পরামর্শ করে মতামত দেবেন—তারপর দরকার হলে কেবিনেটএ দেওয়া হবে—তারপর ছাপবার কথা হবে।

Sj. Nagendra Kumar Bhattacharyya:
কতদিনের মধ্যে আমরা আশা করতে পারি এই রিপোর্ট এই সভায় উপস্থিত করা হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
চিফ ইঞ্জিনিয়ারএর রিপোর্ট পেলে বলা যেতে পারে, এখন বলা যায় না।

Sj. Nagendra Kumar Bhattacharyya:
অনুমানেও কি বলা যায় না?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
অনুমানে বলা কি ঠিক?

Sj. Nirmal Chandra Bhattacharyya:
চিফ এঞ্জিনিয়ারএর অফিসে এই বিষয়টা বিবেচনা হতে এত দেরী হচ্ছে কেন জানাবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
তাঁর অনেক কিছু খবর নিতে হচ্ছে, তাই দেরী হচ্ছে।

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state whether it is a fact that there has been a secret letter from a departmental head that as all the gates were opened in order to avoid back-rush to Dumka, there was this flood?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
কোন সিক্রেট লেটারএর কথা জানি না।
No such secret letter is known to us.

Sj. Sasanka Sekhar Sanyal: In view of the definite question that I have put will the Hon'ble Minister please consider making an enquiry into this matter?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
সেক্রেট লেটারই নাই, অনুসন্ধানের কথা কি করে আসতে পারে?

Sj. Satya Priya Roy:
এ সম্পর্কে তদন্ত করবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
আমি তো বলেছি সেক্রেট লেটার কিছুই নাই, অনুসন্ধান করবো কি।

Sj. Sasanka Sekhar Sanyal:
আপনি চোখ খুলে ফাইল দেখেছিলেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
হ্যাঁ, চোখ-খুলেই দেখেছি, তাতে নাই।

Sj. Sasanka Sekhar Sanyal:
চোখ খুলে ঠিক ফাইলটা দেখেছিলেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
কোন ফাইলেই সেক্রেট লেটার নাই, আমি সন্ধান করেছি।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
আরেকবার অনুসন্ধান করবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:
আমি তো বলেছি সেক্রেট লেটার কিছু নাই ফাইলের মধ্যে।

Message

Secretary (Sj. A. R. Mukherjea): The following Message has been received from the West Bengal Legislative Assembly, namely:—

"Message

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly, at its meeting held on the 28th February, 1958, has been duly signed and certified as a Money Bill by me and is transmitted herewith to the West Bengal Legislative Council under Article 198, Clause (2) of the Constitution of India.

S. BANERJI,
Speaker,
West Bengal Legislative Assembly."

Calcutta:
The 28th February, 1958.

I lay a copy of this on the table.

Laying of papers relating to the West Bengal Financial Corporation.

The Hon'ble Bhupati Majumdar: Sir, I beg to lay before the Council the Statements of the Assets and Liabilities of the West Bengal Financial Corporation, together with a Profit and Loss Account, the Auditor's Report and a report of the working of the Financial Corporation as at the close of the financial years ending 31st March, 1955 and 31st March, 1956.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
সভাপাল মহাশয়, শিল্পমন্ত্রী যে বিবরণ পেশ করেছেন সেই বিবরণ আলোচনা করবার জন্য একটা দিন ধার্য করলে বাধিত হব, মন্ত্রীমহাশয় যদি আমাদের কিছু আশ্বাস দেন তাহলে খুসী হব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
এবারে আর সময় হবে না।

GOVERNMENT BILL

[9-40—9-50 a.m.]

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly and transmitted to the West Bengal Legislative Council for its recommendations, be taken into consideration.

Sir, under section 266(3) of the Constitution of India no money out of the consolidated fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the

Constitution. The West Bengal Legislative Assembly has passed the present Bill to provide for the withdrawal of certain sums from and out of the consolidated fund of West Bengal for the service of a part of the financial year 1958-59. The Bill has been transmitted by the Legislative Assembly to this House for its recommendations, if any, under the provisions of Article 198(2) of the Constitution of India.

The details of the proposed appropriation will appear in the Schedule to the Bill. It will appear that the Bill follows the estimate of expenditure shown in the Vote on Account of Expenditure in 1958-59 which was circulated to this House sometime ago.

With these words, Sir, I commend my motion for acceptance by the House.

Mr. Chairman: In this connection I received three proposals for recommendation but they are out of order. If you read Article 198 along with Article 204 of the Constitution you will find the reasons. But members are perfectly within their right to speak and have discussion on the Vote on Account.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
সভাপাল মহাশয়, আপনি এইমাত্র যে আদেশ দিয়েছেন আমাদের, এবং যে রুলিং দিয়েছে সেই রুলিং সম্বন্ধে আমার একটি নিবেদন আছে।

আমরা ঠিক বুঝতে পারি নি, কি কারণে আমাদের এই প্রস্তাবটাকে, এই সুপারিশটাকে আউট অফ অর্ডার বলেছেন?

Mr. Chairman: The amendment proposed by yourself is that the Legislative Council recommends to the Legislative Assembly to reconsider the grants. This is not provided for under Article 204 of the Constitution. As there are no separate grants and there is only one lump grant, the amendments cannot come and cannot be sent to the Assembly as a general recommendation. That is why the amendments are out of order.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
আমি সংবিধানের ১৯৮ ধারা ও ২০৪ ধারা পড়েছি, এবং সেই অনুসারে কেন এই সুপারিশ গ্রাহ্য করা হবে না, সেটা আমি বুঝতে পারছি না।

Mr. Chairman: I have given my ruling that according to Article 198 read with Article 204 of the Constitution, the amendments are out of order.

Sj. Tripurari Chakravarty may now speak. I may tell you that we have to ration the time because I have received names of ten speakers who want to speak and names of one or two members more may be coming. So we have to ration the time. Members may take ten minutes each.

Sj. Tripurari Chakravarty: Mr. Chairman, Sir, I rise to speak on the West Bengal Appropriation Bill, 1958, as passed by the Legislative Assembly and transmitted to this House for its consideration. The doctrine of appropriation, Sir, as you all know, implies the right of the House to criticise the Government before it thinks fit to sanction money for specific purposes. This doctrine had its origin in the fourteenth century in England and in the 14th century, the House of Commons insisted again and again that it would not be prepared to appropriate supplies for specific purposes without redress of its grievances. As early as the 14th century, in English history, the House of Commons adopted a formula that redress of grievances must precede the grant of supplies. In other words, the accumulated grievances of the nation must have precedence. We a

know, Sir, and we have made that clear in our debate on the Governor's address, that the grievances of the people are far too many, the accumulated grievances are innumerable, and in these circumstances I think it would not be proper for us to sanction money, to appropriate supplies, without a thorough enquiry into the grievances of the people. We have said again and again that the Government, the party in power, has failed to redress the grievances of the people. In the sphere of general administration, in the sphere of education, in the sphere of irrigation and in all other spheres of activity, the hardships of the people, the miseries of the people, and the sufferings of the people have increased tremendously and as yet we find no sign, no evidence, of a desire to alleviate the miseries of the people. The party in power may think that it has got a lease of life, a considerable lease of life; but the sands are fast running out. The recent bye-elections have proved that the Congress Party in Bengal at the present moment does not enjoy the confidence of the people, certainly not the confidence of the intelligentsia of Bengal. We know how the party maintains itself in power by the distribution of permits, licences and monopolies to needy and persistent courtiers, and by elaborate distribution of the spoils of office on lines of strict party tests. In the past, Sir, political parties were organised on these lines. We know that from the history of England, we know that from the history of the Mother of Parliaments. But living in the middle of the 20th century we cannot have any such party technique, organising parties and maintaining parties by distributing the spoils of office on lines of strict party tests. The cry has gone forth, the cry has spread to the remotest villages of Bengal: "To the Victors the spoils!" That is a cry which is constantly being dinned into our ears today. I want to remind the Members on the other side of an observation of Edmund Burke. Burke said, "The distempers of monarchy were the subjects of apprehension and redress in England in the 17th Century. In the present, the distempers of Parliament." I want to add this, the distempers of the British bureaucracy were the subjects of apprehension and redress in the pre-independence days: in the present, distempers of the Congress Government in West Bengal.

[9-50—10 a.m.]

The distempers of the Congress Government at the present moment are the greatest menace to the happiness and welfare of the people of West Bengal. I constantly come across people, only yesterday I met a taxi driver who was relating his sorrows and said—only last evening while returning from Jadavpur—"Sir, relations of Ministers only get such licenses. We have no friends, we are entirely helpless. Is this *Swaraj*? Is this Independence? Is this Congress administration in Bengal? Where shall we go?" I could not extend to him any hope or message of sympathy. I only said, "Let us wait. Let us organise our strength". I am reminded of a saying of Edmund Burke again and Lord Acton said "Burke at his best is England at its best". So again and again I am reminded of some pregnant observations of Edmund Burke. He said "When bad men associate, the good must combine". It has become very necessary in Bengal today for good men to combine against the Congress Government. That is the only hope that we can entertain possibly at the present moment.

As regards my criticism of the details of administration, I am sorry I cannot do that within the time that you have allotted to me, Sir, but I want to say one thing. I do not want to offer any constructive suggestion except one. Some honourable members asked me, "Give your constructive suggestion". My retort to them is: "Construct your character, have honesty, have earnestness of purpose, and then you will be able to

reconstruct the administration of Bengal". In the *Santi Parba* of the *Mahabharata*, I am again and again reminded of the *Mahabharata*, that great epic, that store house of Indian wisdom, we have these words:

রাজ্যং হি মহৎ তন্ত্রং দুর্ধার্যমকৃতাত্মভিঃ।

The State machinery is a tremendous machinery, difficult machinery. It cannot be properly handled by persons who cannot control their passions and desires. Such men are not to be entrusted with Governmental affairs. That is the most important thing that we have learnt from our Epic, the great storehouse of knowledge and wisdom. So, my only constructive suggestion at the present moment to my friends opposite is this, "Construct your character, have earnestness and sincerety of purpose, be determined to do something for the people." Mahatma Gandhi said that. Again and again he wrote in the *Harijan*—he was not a planner, he was not a schemer—again and again Mahatma Gandhi said—and if there is any member who can contradict this statement I shall be very happy—again and again he said, "Don't plan, don't try to look much ahead, I do not long to see the distant scene. One step is enough for me." Quoting Newman he said, "I do not long to see the distant scene. One step is enough for me". And that one step can be taken only by men possessing character, having courage, earnestness of purpose and sympathy and compassion for the people. This is my constructive suggestion on this occasion.

Sj. Gopal Halder: শ্রদ্ধাস্পদ সভাপাল মহাশয়, আমাদের এই বাজেট সম্বন্ধে বলবার পক্ষে নানা রকম বাধা থাকা সত্ত্বেও দুটো বিষয়ে সাধারণভাবে আমি আপনার নির্দেশমত সরকার পক্ষের মনোযোগ আকর্ষণ করতে চাই। মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন অনুপস্থিত ছিলেন বলে আজকে তাঁর থেকে আমি জানতে চাই যে বাংলা রাজ্যে বাংলাকে রাজ্যসরকারের ভাষা হিসাবে প্রবর্তিত করতে তিনি ইচ্ছুক কিনা। আমি জানি এরজন্য আইনের পরিবর্তন করতে হবে, কিন্তু কবে সেই প্রস্তাব তিনি আনয়ন করবেন। অর্থাৎ কবে বাংলা রাজ্যের কাজ বাংলাদেশের জনসাধারণের ভাষায় প্রচলিত হবে, এটাই আমার প্রথম জ্ঞাতব্য। এ সম্পর্কে পূর্বদিন আর একজন বক্তা যা বলেছেন যে, তা আমার মনে পড়ে গেল বলে সে সম্বন্ধেও আমাকে একটু বলতে হচ্ছে। তিনি বলেছিলেন যে, এ কাজ করা হবে, কিন্তু বাংলা ভাষা কি তারজন্য উপযুক্ত হয়েছে? শ্রীযুক্ত রবীন্দ্রলাল সিংহ মহাশয় আজকে উপস্থিত থাকলে তাঁকে বলতাম যে বাংলাভাষা বাংলা রাজ্য-সরকারের কাজ করবার উপযুক্ত হয়েছে কিনা সে সম্বন্ধে সন্দেহ প্রকাশ করা তাঁর সাজে না। কারণ, তাঁর নিজের বক্তৃতাই সে যোগ্যতার প্রমাণ। অপর পক্ষে, এই সভাগৃহে যদিও আমি অল্পদিন তবুও অনেক বক্তৃতা শুনে আমার মনে হচ্ছে যে, হয় ইংরাজী ভাষা আমরা যথাবিহিত-ভাবে শিক্ষা করি নি, নয় সে ভাষা পরিচালনা করতে পারি না, বলে, বাংলা রাজ্যের কাজকারবার ইংরাজী ভাষায় পরিচালনা করা অসম্ভব। অথবা, হয়ত ইংরাজী ভাষা একটি অপকৃষ্ট ভাষা, এই সভাগৃহে বসে অনেক সময় আমার মনে হয়েছে যে তার দ্বারা কোন আলোচনা চলে না—অন্ততঃ পশ্চিম বাঙলা বিধান পরিষদে বসে তাই মনে হতে পারে। যাই হোক, এই বিষয়ে সন্দেহ নেই যে বাংলার জনসাধারণের ভাষা বাংলা রাজ্যে সরকারের কাজে নির্বাহিত হওয়া প্রয়োজন। এ প্রসঙ্গে আর একটা কথা বলা হয়েছিল, বা যা অনেকে তা মনে করেন, যে, বাঙলায় রাজ্যসরকারের কাজ নির্বাহিত করার অর্থ বুঝি সংস্কৃত ভরা বাংলায় সরকারের কাজ নির্বাহিত হবে। কিন্তু বাংলা ভাষা মোটেই সেরূপ নয়, বাংলা ভাষা জীবন্ত ভাষা। সে প্রয়োজনমত সংস্কৃত থেকে যেমন নিজের সম্পদ আহরণ করে, তেমনি জীবন্ত কালে অন্যান্য জীবন্ত ভাষা সমূহ থেকেও সম্পদ গ্রহণ করে। বিশেষ করে বিজ্ঞানের যে সমস্ত টেকনলজিক্যাল বা পারিভাষিক শব্দ থাকে তাকে অনুবাদ করে নিতে বা সরাসরি গ্রহণ করতে বাংলা ভাষা সমর্থ। এজন্যই বলছি বাংলা ভাষায় বাংলা সরকারের কাজ নির্বাহ করার অর্থ যেন কেউ মনে না করেন যে, টেকনিক্যাল শব্দগুলিও সর্বক্ষেত্রে বাংলায় না বললে সে বাংলা ভাষা অশুদ্ধ হবে। আমি তা মনে করি না। কারণ, এটা স্পষ্ট করে বলা দরকার যে, বাংলা ভাষার যতখানি প্রাণ আছে যার দ্বারা সে অন্য ভাষাকে, অন্য শব্দকে আত্মসাৎ করে নিতে পারে। সুতরাং, আমার প্রথম

কথা এই যে রাজ্যসরকারের ভাষা হিসাবে ১৯৬১ সাল থেকে কেন বাংলা ভাষা প্রবর্তিত হতে পারে না তা আমি জানতে চাই। ১৯৬১ সাল এইজন্য বলছি যে, তখন কেন্দ্রীয় সরকার রবীন্দ্রনাথের জন্ম শতবার্ষিকী উৎসব অনুষ্ঠান করছেন। পশ্চিমবঙ্গ সরকার কি সেই উৎসবটি এইভাবে সরকারী কার্যে বাংলা সর্বথা প্রবর্তিত করে অনুষ্ঠিত করতে পারেন না।

দ্বিতীয় কথা বলব শিক্ষা সম্বন্ধে। শিক্ষামন্ত্রী মহাশয় সেদিন উত্তরকালে অনেকটা নিজের ঘাড়ে সমস্ত দায়িত্ব গ্রহণ করেছেন। তিনি যখন থেকে মন্ত্রী হয়েছেন, এবং তারপর থেকে কি হয়েছে, সেইভাবে তিনি শিক্ষার ব্যাপারটি বিচার করতে চেয়েছেন। কিন্তু আমাদের বক্তব্য শুধু তার মন্ত্রিত্বকাল নয়। আমরা বরাবরই বলছি যে তাঁরা পূর্বতন ইংরেজ সরকারের মতন শিক্ষার দাবীটাকেই এখনো অপরাধ বলে মনে করেন, এবং শিক্ষক ও শিক্ষার্থী উভয়কেই নিজেদের শত্রু বলে জ্ঞান করেন। এই মনোভাবটাই তাঁদের প্রথম ত্যাগ করা দরকার। তাঁরা সর্বদাই এইভাবের দ্বারা পরিচালিত বলেই শিক্ষা সম্বন্ধে তাঁরা এতটা উদাসীন। এবং দেশের লোকও আমাদের নির্বাচনের মধ্য দিয়ে তাঁদের এই নীতির বিরোধিতা করেছেন। অর্থাৎ শিক্ষা বিষয়ে মন্ত্রীরা যা কিছু করেন সমগ্রভাবে দেশবাসী তার বিরোধিতা করেন। এই সম্পর্কে আমি শুধু দুই-একটা কথা বলতে চাই। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে তিনি অনেকগুলি কথা বলেছেন। কিন্তু সহজভাবে জিজ্ঞাসা করি যে ৪৮ বছরে ইংরাজ তাদের দেশে সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তিত করেছিল বলে আমাদেরও কি ৪৮ বছর অপেক্ষা করতে হবে? ৪০০ বছরে ইংলন্ডে পার্লামেন্টারী সিস্টেম ধীরে ধীরে বিকশিত হয়েছিল বলে আমাদের কনস্টিটিউশন পাশ না করে কি আরও ৪০০ বছর অপেক্ষা প্রয়োজন ছিল? আমাদের দেশে যে অবস্থা ও উপকরণ আছে তা হিসাব করে নিয়ে কত তাড়াতাড়ি আমরা সার্বজনীন অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে পারি তাই হল আসল কথা। আরো যাঁরা সংবিধান রচনা করেছিলেন তাঁরাও এ বিষয়ে "স্বপ্ন" দেখেন নি। দেশের লোকের মনোভাব জানেন বলেই তাঁরা এই কথা বলেছিলেন, "যত শীঘ্র সম্ভব, ১৯৬০ সালের পূর্বেই সম্ভব হলে, আমরা সার্বজনীন অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তিত করব।" অথচ বাংলাদেশে আমরা এখনও পর্যন্ত ১৯১৯ কিংবা ১৯২৯ সালের প্রাথমিক শিক্ষার বিধান নিয়ে আঁকড়ে পড়ে আছি, তার সময়োচিত কোন পরিবর্তনই করতে পারি নি। এর দ্বারা এটাই প্রমাণিত হয় যে, আমরা সংবিধানের বিধানকে ধূলিসাৎ করতে চাই—অর্থাৎ সংবিধানকে আমরা সাবোটেজ করতে চাই।

[10—10-10 a.m.]

আমি সহজভাবে জিজ্ঞাসা করি, যে একটা ব্যাপক প্রাথমিক শিক্ষা বিল নতুনভাবে আনয়ন করে সমগ্রভাবে প্রাথমিক শিক্ষাকে নিয়ন্ত্রণ করবার ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার করতে প্রস্তুত আছেন কিনা?

মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে আমি কিছু বলবো না, আশা করি শিক্ষক মহাশয়েরা তা বলবেন।

তারপরে বিশ্ববিদ্যালয় সম্পর্কে শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন যে, সত্যসত্যই বিশ্ববিদ্যালয় তাঁর কাছে পূর্বে কিছু পেয়েছিল। অনেক কিছু আরও আশা করছে। আমি আবার তাঁকে বিনীতভাবে বলি যে, তিনি একবার দেখবেন, তাঁর পূর্ব মন্ত্রিত্বের সময়ে তিনি যে সাড়ে একুশ লক্ষ টাকার ব্যবস্থা করেছিলেন সাহায্য দানের জন্য—তখন কতজন ছাত্র বিশ্ববিদ্যালয়ে ছিল, বিশ্ববিদ্যালয়ের অধীনে তখন কয়টা কলেজ ছিল, তারপরে ক্রমশঃ উদ্বাস্তুরা পশ্চিমবঙ্গে আসাতে অনেক কলেজ বেড়েছে, ছাত্রও বেড়েছে। অথচ, বিশ্ববিদ্যালয়ের সংস্কার করতে গিয়ে, অধ্যাপকদের বেতন এবং তাঁদের কর্মচারীদের বেতন ইত্যাদি দিতে গিয়ে, আজকে বিশ্ববিদ্যালয়ের পক্ষে পৌনপুনিক ব্যয় বা বরাবরকার ব্যয় 'রেকারিং' এক্সপেন্স নির্বাহ করা আর সম্ভব নয় যদি বিশ্ববিদ্যালয়ের ঐ সাড়ে একুশ লক্ষ টাকা সাহায্য বর্ধিত না হয়। সে সম্পর্কে আমি দৃষ্টান্ত দিয়ে বলেছিলাম, যে প্রায় ৮০ লক্ষ টাকা বিশ্ববিদ্যালয়ের বাজেটের খরচ, মোট ৮৭ হাজার ছাত্র বিশ্ববিদ্যালয়ের পড়ে, ১২৫টির উপর কলেজ তার অধীন, সেখানে সাড়ে একুশ লক্ষ টাকা দিয়ে যদি মনে করেন যে যথেষ্ট হয়েছে, তাহলে অত্যন্ত অন্যায় হবে। আমি গভর্নমেন্ট কলেজগুলিকে টাকা বন্ধ করার কথা বলছি না, কিন্তু তাঁরা নিজেরা জানেন মাত্র ১০টা আর্টস কলেজের জন্য—সায়েন্স কলেজও নয়—শুধু আর্টস কলেজ, গভর্নমেন্টকে ৩৬

লক্ষ টাকা ব্যয় করতে হয়, এবারকার বাজেটেও এ ব্যয়ই ধরেছেন, আর সমগ্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ের জন্য সাড়ে একুশ লক্ষ টাকা যথেষ্ট, এরূপ যেন মনে না করেন। এটিই আমার প্রথম এবং প্রধান কথা—কলিকাতা বিশ্ববিদ্যালয়কে যদি তার কর্তব্য পালন করতে হয় তাহলে আরো সাহায্যের প্রয়োজন। তাই আমি বিনীতভাবে শিক্ষামন্ত্রীকে বলবো যে, তিনি এ বিষয়ে যেন একটু অবহিত হন। কেন না তিনি নিজেই বলেন যে যে বিশ্ববিদ্যালয়ের প্রতি তাঁর সহানুভূতি আছে, যদি তাই থাকে তাহলে কার্যতঃ তার প্রমাণ দিন। এ প্রসঙ্গেই বলতে পারি যে কেন্দ্রীয় গ্রান্টস কমিশনের যেসব টাকা বিশ্ববিদ্যালয় অনেক সময় পাওয়ার আশা করে, পশ্চিম বাংলা সরকারের নিকট থেকে চান তার হারাহারি সাহায্য অর্থাৎ ম্যাচিং গ্রান্ট অনেক সময় মোট টাকার এক-তৃতীয়াংশ মাত্র গ্রান্টস কমিশন দুই-তৃতীয়াংশ দেবেন বলেন—সেই এক-তৃতীয়াংশ টাকা পশ্চিমবঙ্গ সরকার যথাসময়ে যেন দেন, এবং সে সম্বন্ধে সহানুভূতিপূর্ণ হৃদয় নিয়ে তাড়াতাড়ি বিশ্ববিদ্যালয়ের প্রশ্নাদি এবং পত্রাদির উত্তর প্রদান করেন; এও লক্ষ্য করা উচিত। এরূপ গ্র্যান্টসের অনেকগুলি বিষয় আমি সেদিন উল্লেখ করেছিলাম, যেসব বিষয়ে বিশ্ববিদ্যালয় এখনো পশ্চিম বাংলার মুখাপেক্ষী হয়ে আছে, তা না পেলে বিশ্ববিদ্যালয়ের বরাবরকার খরচ চলবে না। টেকনলজি ডিপার্টমেন্ট কিম্বা নতুন করে ডিপার্টমেন্ট অব ইকনমিকস গঠিত হচ্ছে তারও রেকারিং খরচের প্রশ্ন আছে, তার মীমাংসা না হলেই নয়।

তারপরে বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীর কথা বারবার করে, বলতে হচ্ছে। সেই লাইব্রেরীতেও গ্রান্টস কমিশন যে টাকা দিচ্ছেন, তার সঙ্গে ম্যাচিং গ্রান্টের টাকা দিতে পশ্চিমবঙ্গ সরকার প্রতিশ্রুতি দিয়েছেন। যথাযথভাবে লাইব্রেরী প্রতিষ্ঠা করার জন্য বিশ্ববিদ্যালয়কে সাহায্য করা এখনি প্রয়োজন।

আমার সময় প্রায় অতিবাহিত, তথাপি আরো একটি কথা বলতে চাই, গ্রান্টস কমিশনের দেওয়া টাকায় অনেকাংশে কলিকাতার য়্যাফিলিয়েটেড কলেজগুলি অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত যেসব প্রাইভেট কলেজ ছিল সেগুলির অধ্যাপক মহাশয়দের নতুন করে বেতন-ক্রম বা গ্রেড করা সম্ভব হতে পারে, যদি বাংলা সরকারের কাছ থেকে ম্যাচিং গ্রান্ট পাওয়া যায়। কিন্তু সেই ম্যাচিং গ্রান্ট দেওয়া সম্পর্কে বাংলা সরকার যেসব সর্তাবলী আরোপ করেছেন তাতে মার্চ মাসের মধ্যে অধ্যক্ষ এবং অধ্যাপকরা এখনও মনস্থির করতে পারেন নি যে আপনাদের সর্তাবলী গ্রহণ করে তাঁরা সত্যসত্যই উপকৃত হবেন কিনা। (শ্রীযুক্ত মহীতোষ রায় চৌধুরীঃ সর্তাবলী কি আছে?) সর্তাবলী অনেক আছে, তার মধ্যে যেটা অত্যন্ত সাধারণ এবং নির্দোষ দেখা যায় তার কথা বলি। এই যে এড নিলে পর আপনাদের যেসব নিয়মকানুন আছে তদনুসারে চলতে হবে। এটা দেখতে খুব নির্দোষ, কিন্তু যেভাবে আপনাদের ডিপার্টমেন্ট পরিচালিত হয় এবং যেভাবে আপনারা কলেজগুলিকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করেন—অধ্যাপকদের নিয়োগ থেকে আরম্ভ করে তাদের বরখাস্ত পর্যন্ত করার চেষ্টা আপনারা করে থাকেন। তাতে সম্মানজনক সর্ত না দিলে কোন কলেজই আপনাদের সর্তাবলী গ্রহণ করতে পারেন না। অবশ্য এইসব সর্তাবলীকে যে আপনারা সব কলেজগুলির উপর কঠিনভাবে প্রয়োগ করেন তা নয়, যেমন একটা কলেজের কথা বলি কলিকাতার ভিক্টোরিয়া ইনস্টিটিউশন। মেয়েদের এই কলেজের কথা আমাদের মুখ্যমন্ত্রীও জানেন, এই কলেজটা বহুদিন যাবৎ বড় গ্রান্টস পেয়ে আসছে, কিন্তু সেই কলেজের প্রধান অধ্যক্ষার আইনা ছিল ৫০ টাকা তিনি স্কুল থেকে পেতেন প্রায় ২৫০ টাকা—যদিও এ ব্যবস্থা সম্পূর্ণ অসঙ্গত আর যিনি সিনিয়ার অধ্যাপক তিনি শুধু ইকনমিকসএ এম এ নন তিনি পি আর এসও—তিনি ৩২ বছর চাকরি করে পেতেন ১৯০ টাকা। আপনাদের এড দেওয়ার নমুনা সবসময় যে এক নীতির দ্বারা পরিচালিত হয় তা নয়। কোন কোন কলেজের প্রতিই আপনারা বেশী করে 'কৃপা' করেন এবং এড দেওয়ার নামে তাদের কণ্ঠরোধ করেন। অনেক কলেজে সরকারী জোরেই দুর্নীতিগ্রস্ত পরিচালকমণ্ডলী থাকেন। কোন একজন মন্ত্রী বা উপমন্ত্রীকে পরিচালকমণ্ডলীতে গ্রহণ করে সেখানে কর্তারা দুর্নীতি বজায় রাখবার জন্য চেষ্টা করেন যেমন, আমাদের খাদ্যমন্ত্রীও কোন কোন কলকাতার কলেজের সঙ্গে এ কারণেই সংশ্লিষ্ট আছেন। এইরকম আরো দুই-একটি কলেজ এবং স্কুলের সম্বন্ধে বলা চলে যে, কংগ্রেসের কোন 'চাঁইকে' সেখানে সমাসীন না করলে অনুষ্ঠানে এড পাওয়া যায় না। কাজেই এই এড নেবার কথায় কোন কলেজই খুব আশ্বস্ত বোধ করেন না। আপনাদের ডিপার্টমেন্ট

যেরকম দুর্নীতিগ্রস্ত লোকদের দ্বারা পরিচালিত, তাতে তারা অধ্যাপকদের গ্রেড নির্ণয় কিভাবে করবেন সে বিষয়ে কলেজগুলির যথেষ্ট সন্দেহ আছে। অতএব অধ্যাপকদের গ্রেড বিষয়ক সাহায্যের বিষয়ে অবিলম্বে আপনাদের সুবিচার করা প্রয়োজন, এ বিষয়ে আপনারা একটু সদাশয় হন, এই আমার বক্তব্য।

Sj. Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, on the floor of this House on the 26th February, 1958, my good friend the honourable Food Minister was pleased to use a very diplomatic expression, namely, that there is no fear of food scarcity. Sir, what this expression means? It is rather intriguing. Does this mean that there is no existence of scarcity, or does it mean that even if there is scarcity, there is no need for fear? In any case, if there is no fear may I ask in all humility why the outmoded and not-liked system of cordoning was introduced in the middle of January? Well, even if there is some shortage, before the Government deals with the situation properly, the last thing that the Government should do, the last thing a responsible Government should do, is to spread panic. But this Government was, I should say, guilty of spreading panic and thereby demoralising the minds of the people who are producers and consumers. It is a well-known secret now-a-days that by this cordoning of some parts of West Bengal, Government wanted to utilise a particular section of the people, namely, the rice mill owners. Government wanted to twist the tail of the rice mill owners, but in return the rice mill owners twisted the tail of Government and they refused to bargain at the Government's counter and the result was Government had to bargain at the counter of the mill-owners. We could have understood it if by cordoning the producing areas Government purchased paddy itself, or tried to make a reserve, but nothing was done. What was the effect? The mill-owners, though they did not require the paddy, were pampered. In the week ending January 18th, 1958, the price was less than the price of paddy in the producing centres in the equivalent period of 1957. So, the producers' liabilities were not cordoned; their assets were cordoned. They had to pay for their family expenses. They had to pay to their creditors; but these liabilities were not cordoned; their assets were cordoned, and the result was that they got less for their produce than they had in the previous year.

[10-10—10-20 a.m.]

Who profited? Sir, the inevitable profiteers. They purchased at a low and encouraging price. The producers are hit. Then, do you think, Sir, that the bottle of cordoning was deep enough to contain the paddy? No. It was not. The leakage was there. Through western side of West Bengal paddy flowed into the coal areas of Bihar in spite of vigilance, and there was also leakage on this side through the gate-pass system—the rackets were there. The middlemen had to pay two to three rupees per maund more to these gate-pass people—the police—the pilots of law and order, thus paying a sur-charge of two to three rupees there. To the deficit areas the paddy did flow and there the consumer purchased at prohibitive rates and in Malda for some days the price was Rs. 28 per maund, and I think that will be borne out by my friend coming from Malda. Then what happened? The cordoning was both withdrawn and not withdrawn. A press communique from the Government of West Bengal was issued that the cordoning was not going to be continued but then the India Government did not give their consent. The whole thing remained in a nebulous condition. The result was that the people who brought their foodstuffs legally from the cordoned area had also suffered from vexation and tyranny of the people in charge of law and order. Everything was chaotic on all fronts. Then 25 per cent. levy has a pernicious effect. The

lowest fair price is determined in advance. The millowenrs will be purchasing freely and they will get advantage. The fixation of minimum selling price will have effect of upgrading the downward price. This will hit both ways. The producers and the consumers will be hit at either end. The profiteers will be allowed to benefit. This is a matter which ought to be taken into serious consideration by the people at the helm of affairs. I think they have no right, even if they have no intention, to let the market go to the gamblers and profiteers.

Sir, my good friend the Hon'ble Food Minister referred to the state of things which has been introduced, namely, that all paddy will come to Calcutta but it will not go out of Calcutta. This is exactly the wrong thing that has been done. We must learn lessons from what was done by Rafi Ahmed Kidwai. He lifted controls and he took over charge of Calcutta. All over West Bengal the prices came down to a healthy shape. After all Calcutta should be the concern of India Government. The India Government get so much income-tax, so much other taxes, and the bulk of the contribution goes to the India Government. So, if India Government is true to the salt of Calcutta the India Government should take charge of feeding Calcutta and Greater Calcutta people. Then rest of West Bengal is able to look after itself; leave the matter to normal condition without the pin-prick of cordoning.

Sir, the other day there was some reference somewhere regarding co-operative farming. Well, why co-operative farming is not introduced? Not only co-operative farming is necessary, what is needed more is warehouse. I understand, Sir, that the Government of India is giving so much money for Co-operative Departments and steps should be taken towards the implementation of the pious wishes which are in the mind of the Government for some time past, namely, establishment of warehouses in rural Bengal because after all we have got to eliminate middlemen and profiteers, these gamblers. If we want to rescue people, the consumers and the producers, we have got to introduce Co-operative Societies through warehouses. Well, this was done sometime in the past when Sj. Jamini Mitra of revered memory wanted to make an experiment over the matter and though he succeeded, ultimately he did not succeed for all time, because there were pinpricks from other sources. Now, the Hon'ble Chief Minister the other day on the floor of the other House referred to the change of diet and he said that there was a certificate from a doctor. The Food Minister quoted the Hon'ble Chief Minister at Kakdwip. It reminds us of the advice given by one of the Ministers here when the *saree* problem could not be solved and our ladies were advised to take to half-pant. Similarly, the Ministers cannot solve the rice problem and they are thinking of going over to wheat. Coming to this question we have got to consult our health position. The Hon'ble the Chief Minister referred to a doctor's certificate. May I ask him: what steps they have taken to establish a Nutrition Board in West Bengal? After all, wheat is food, but sometimes it is more costly than rice. The whole basic thing is to understand whether rice agrees or wheat agrees. Sir, our school and college children—we are not thinking of ourselves, we are holding over—boys and girls of the age of 30 and below—they are the future of our country. They should be subjected to compulsory medical examination. The causes of chronic maladies ought to be found out. Then you come to a Nutrition Chart and give us a list of estimates that this is the food that is required. A Nutrition Board has to be established with sub-committees all over the districts. After all we must not walk in blind alleys or in darkness. We must go through light and more light. Sir, administrative dogmatism is no good, political theorism is not always

good. What is needed is scientific knowledge of things and more than that what is needed is the sympathetic understanding of the whole situation.

Sj. Naren Das:
অধ্যক্ষ মহোদয়, সীমাবন্ধ সময়ের মধ্যে আমি আমাদের স্বাস্থ্যবিভাগ সম্বন্ধে দুই-একটি কথা আপনার সামনে রাখব। আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে জানতে চাই, যে ব্যয়বরাদ্দ স্বাস্থ্য তথা স্বাস্থ্যবিভাগ সম্বন্ধে দাবী করেছেন তার কতটা অংশ এই বিভাগের কর্মচারীদের জন্য, কতটা অংশ রোগনিবারণের জন্য, আর কত অংশ প্রশাসনিক ব্যাপারে, কত অংশ নাগরিকদের সুবিধার জন্য খরচ করবেন। এই প্রশ্নটা আমাদের পরিষ্কারভাবে জানা দরকার। আজকে আমাদের স্বাস্থ্যবিভাগ সম্বন্ধে আমাদের যথেষ্ট নিন্দা ও অপযশ শুনতে হয়। যেখানকার মুখ্যমন্ত্রী একজন বিখ্যাত চিকিৎসক সেখানে স্বাস্থ্যবিভাগের এই অপযশ কেন? আজ দেশময় সাধারণ মানুষ হাসপাতালের চিকিৎসার উপর আস্থা হারিয়ে ফেলছে, তারা বিশ্বাস করে না যে হাসপাতালে গেলে কোন উপকার পাওয়া যাবে। কিন্তু এখানে প্রশ্ন উঠতে পারে তা সত্ত্বেও লোকে হাসপাতালে যায় কেন—হাসপাতালে তাঁরা মরিয়া হয়ে যায়। হাসপাতালগুলির এত দুর্নাম বা নিন্দার কথা আগে শুনা যেত না, এমনকি ইংরেজের সময়ও না। এজন্য কে দায়ী? এ সম্বন্ধে স্বাস্থ্যমন্ত্রী কোন অনুসন্ধান করেছেন কি? তিনি শাসনভার গ্রহণের পর এই এক বৎসরের ভিতর কি অনুসন্ধান করেছেন তা আমরা জানতে চাই।

[10-20—10-30 a.m.]

কিন্তু আমাদের কাছে যে খবর, তা আপনার বক্তৃতার পরে আর বলবার সুযোগ থাকবে না। সুতরাং সেই খবর আমাকে বলতে হচ্ছে। সে খবর হচ্ছে তার যে বিভাগীয় চক্র, সেই বিভাগীয় চক্রের দুর্নীতি বা সেখানকার স্বজনপোষণ, বা সেখানকার অপদার্থতার জন্যই আজ সমস্ত বিভাগে ডাক্তার, নার্স ও শ্রমিকরা, সবাই অপযশের ভাগী হচ্ছেন। সেখানেও ঠিক শিক্ষা বিভাগের মত যিনি সেক্রেটারী, তিনিই ডাইরেক্টর। সেখানে জুড়ে দেওয়া হয়েছে ডাইরেক্টর অব হেলথ এবং সেক্রেটারী, হেলথ ডিপার্টমেন্টএর একই লোক। এবং সেখান থেকে তিনি তাঁর শাসন সম্পূর্ণভাবে কেন্দ্রীভূত করতে চাচ্ছেন, আগে সাধারণ হাসপাতালের সাধারণ পিয়ন বা ২০-২৫ টাকা মাইনের যে কুলি, তাদের নিয়োগের অধিকার হাসপাতালের সুপারিন্টেন্ডেন্টকে দেওয়া হত। কিন্তু এখনকার নিয়ম অনুসারে ডাইরেক্টর অব হেলথ তিনি নিয়োগ করছেন হাসপাতালের সাধারণ কুলী-মজুরকে, এইভাবে শাসন কেন্দ্রীভূত হচ্ছে। আজ তাঁদের কাছে জিজ্ঞাসা করছি হাসপাতালের ডাক্তার ও নার্সদের দুর্নাম কেন হচ্ছে? আমি বলবো তাঁদের অবন্দোবস্তের জন্যই হচ্ছে।

এ সম্বন্ধে আমি দুটা হাসপাতালের কথা বলবো। অবশ্য, স্যার নীলরতন সরকার হসপিট্যাল-এর কথা তুলবো না, কারণ তার কুখ্যাতি সর্বজনবিদিত। কিন্তু মেডিক্যাল কলেজ হাসপাতালের খুব সুনাম ছিল, এখন সেই মেডিক্যাল কলেজ হাসপাতালের আর তত সুনাম নেই। এই মেডিক্যাল কলেজ হসপিট্যালএ সিডিউল বেড বোধ হয় ৭৬০টা। এবং আমি যেখানে থাকি, সেখানে বাঙ্গুর হসপিট্যাল নতুন স্থাপিত হয়েছে, তার সিডিউল বেড হচ্ছে ২৮০টা। কিন্তু দেখা যায় ৭৬০টি সিডিউলড বেড যেখানে আছে, সেখানে প্রতিদিন বহু রোগীর চিকিৎসা করা হয়, এবং যেখানে সেই হাসপাতালে প্রতিদিন ১৬শো রোগীর চিকিৎসা করা হয়। অবশ্য আমি একটা এ্যাভারেজ সংখ্যা বললাম, যদি ভুল হয়ে থাকে, আমাকে সংশোধন করে দেবেন। যেখানে ২৮০টি বেডের বরাদ্দ আছে এবং সেখানে প্রতিদিন ৪২৫টি থেকে ৪৫০টি রোগীর চিকিৎসা করা হয়, অথচ সেখানে মিনিয়েল ও স্টাফএর সংখ্যা মাত্র ২৮০ জন। এই সামান্য সংখ্যক স্টাফ ও মিনিয়েলসএর দ্বারা ৪৫০ জনের সেবাশুশ্রূষা সব কিছু করতে হবে। কোন ডাক্তার বা সাধারণ মানুষের পক্ষে তা করা কখনও সম্ভবপর নয়। তাই সেখানে ডাক্তাররা জনপ্রিয়তা হারায়। সেখানে অপেক্ষাকৃত যাঁরা ধনী রোগী, যাঁরা মিনিয়েলস ও নার্সদের ঘুষ প্রভৃতি দিয়ে বশীভূত করেন, তাঁরাই কিছু সুবিধা পেয়ে থাকেন। তাহলে মেডিক্যাল কলেজ হাসপাতালে, যেখানে ১৬শো রোগীর এ্যাভারেজ সংখ্যা তাদের কি অবস্থা হয়, সেটা একটু চিন্তা করে দেখা উচিত।

তৃতীয়তঃ আজকে আপনাদের হাসপাতালসমূহের যে অব্যবস্থা, তার জন্য সেখানকার ডাক্তার জনপ্রিয়তা হারাচ্ছে। নার্সদের ভিতর দুর্নীতি প্রবেশ করেছে এবং শ্রমিকদের ভিতর বিক্ষোভ দেখা দিয়েছে।

এদের কি রকম ডিউটি দিতে হয় একবার দেখুন। কোন কোন হাসপাতালে শ্রমিকদের ২০ থেকে ২৪ ঘণ্টা ডিউটি দিতে হয়। মেডিক্যাল কলেজ হাসপাতালে ১২ ঘণ্টা ডিউটি দিতে হয়, শম্ভুনাথ পণ্ডিত হস্‌পিটালে, হাওড়া সদর হাসপাতালে ও বাঙ্গুর হাসপাতালে বোধহয় ২০ ঘণ্টা করে ডিউটি দিতে হয় সাধারণ শ্রমিকদের। কেন তাদের দিতে হয়? তার কারণ, তারা নিজেদের কথা ওঠাতে পারে না। তাদের জন্য কোন প্রেসক্রাইবড সার্ভিস রুলস নেই। তাদের ভাল ইউনিফরমএর বন্দোবস্ত নেই। তারা হাসপাতালের মধ্যেই থাকে, কিন্তু তাদের বিজলি-বাতি ব্যবহার করবার হুকুম নেই। এই ধরণের অবস্থার মধ্যে পড়ে তাদের দিন কাটাতে হচ্ছে।

নার্সদের মাইনে আপনারা ৩০ টাকা কমিয়ে দিয়েছেন। এখানে একটা অজুহাত দেখান হয়েছে যে তাদের জন্য একটা গ্রেড করে মাইনে বাড়ান হল। অর্থাৎ ১০০ টাকা থেকে বেড়ে ২০০ টাকা মাইনের গ্রেড হল। কিন্তু ১৩০ টাকা যে নার্স পাচ্ছিল, তাকে ১০০ টাকায় নামিয়ে দিলেন, এবং সে কবে, কখনও যে ২০০ টাকা পাবে, তার কোন নিশ্চয়তা নেই। এইরকম একটা অবস্থা সর্বত্র চলছে। এই অব্যবস্থা শিক্ষা ও স্বাস্থ্য বিভাগে কি চিরকাল চালিয়ে যাবেন, তার পরিষ্কার জবাব আপনার কাছ থেকে জানতে চাচ্ছি। কামিং নিয়ারার হোম—আপনার নিজের জেলার সম্বন্ধে দু-একটা কথা বলছি। সেখানে একটা সংকট দেখা দিলে পর, দু' মাস পরে সেখানে একটা সম্মিলনী মেডিক্যাল কলেজ খোলা হল। সেই সম্মিলনি মেডিক্যাল কলেজ নানা রকম লড়াই করবার পর এই সম্মতি তারা পায়, এবং ১৯৫৬ সালের আগে তাঁরা ৫০ জন ছাত্রকে ভর্তি করেছেন। ১৯৫৭ সালে তাঁরা শুধু ফার্স্ট এম, বি, কোর্স পড়াবার অনুমতি পান, সেকেন্ড এম, বি, কোর্সএর অনুমতি পান নি। কারণ সেকেন্ড এম, বি, কোর্স খুলতে গেলে যে বেডএর হাসপাতাল থাকা দরকার তা তাদের নেই। তাদের ১৫০টি বেডের একটি হাসপাতাল আছে, কিন্তু সেখানে ২৫০টি বেডের প্রয়োজন। সুতরাং এই যে ১০০টি বেড বাড়ানর প্রশ্ন, এই নিয়ে আপনাদের কাছে অনেক আবেদন নিবেদন হয়েছে, কত ডেপুটেশন এসেছে, আপনারা সে সম্বন্ধে কি সিদ্ধান্তে এসেছেন তা অনুগ্রহ করে জানাবেন। আপনাদের কাছে অনেক বিকল্প প্রস্তাব এসেছে, সেই সকল বিকল্প প্রস্তাবগুলি আপনারা গ্রহণ করতে প্রস্তুত আছেন কিনা? তাঁরা বলছেন এই ১০০টা বেড বাড়ান, তাহলে তাঁরা সেখানে সেকেন্ড এম, বি, কোর্স খুলতে পারে। অবশ্য এরজন্য বোধহয় দুই লক্ষ টাকার প্রয়োজন। এই দুই লক্ষ টাকা খরচ করে সেখানে একটা মেডিক্যাল কলেজ হাসপাতালকে রাখবেন কিনা, সেটা আপনাদের ভাবতে হবে।

দ্বিতীয় বিকল্প প্রশ্ন হচ্ছে, যদি তা করা সম্ভব না হয়, তাহলে সদর হাসপাতালকে এক্সপেনসন করবার যে নীতি আপনারা গ্রহণ করেছেন, সেই হিসাবে বাঁকুড়ায় যে ১০০ বেডের হাসপাতাল আছে, তাকে এর সঙ্গে এ্যামালগেমেট করে দিন, এবং তাহলে সেখানকার কলেজটা বেঁচে যায়। তারা যে ২১ দফার দাবী উত্থাপন করে প্রস্তাব দিয়েছে, এর কোন প্রস্তাবগুলি আপনারা গ্রহণ করবেন সেটা আমি জানতে চাই। কারণ সেখানকার সাধারণ মানুষের, দানশীল ও বদান্য ব্যক্তিদের সাহায্যের জন্যই এই কলেজ স্থাপিত হয়েছে। তার ১২০ বিঘা জমি ও ৩০ লক্ষ টাকার এ্যাসেটস আছে। সেই যে এ্যাসেটস, সেটা সাধারণ মানুষের প্রচেষ্টায় গড়ে উঠেছে। সেই প্রচেষ্টাকে যদি সার্থক করে তুলতে পারেন, তাহলে কলকাতা হাসপাতালের উপর চাপ কমে যায় এবং বাঁকুড়ায় যে মেডিক্যাল কলেজ হয়েছে, সেটাও সেকেন্ড এম, বি, কোর্স-এর পারমিট পায়। তা না হলে এবারে যারা ফার্স্ট এম, বি, কোর্স সেখান থেকে পাশ করবে, তাদের গতি কি হবে? তাদের কি পড়া বন্ধ হয়ে যাবে, তাদের জীবন কি একেবারে ব্যর্থতায় পর্যবসিত হবে? এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Sj. Nagendra Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে ওয়েস্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েশন (ভোট অন এ্যাকাউন্ট) বিল, ১৯৫৮-এর আলোচনা প্রসঙ্গে আমি কয়েকটি বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

প্রথমে বলতে চাই যে, পশ্চিমবঙ্গ সরকারের সমবায় নীতি ব্যর্থ হয়ে গিয়েছে। আমরা দেখে খুব খুসী হলাম, কংগ্রেস কর্তৃক কাকদ্বীপে যে কনফারেন্স হচ্ছে, সেই কনফারেন্সএ কংগ্রেসের সভাপতি মাননীয় ডেবর মহাশয় গিয়েছেন, সেখানে মাননীয় খাদ্যমন্ত্রী ও কৃষিমন্ত্রীও যান এবং সেখানে পশ্চিমবঙ্গ সরকারের সমবায় নীতি সম্পর্কে আলোচনা হয়েছিল এবং তাঁরা স্বীকার করেছেন, যদি আনন্দবাজার পত্রিকার রিপোর্ট সত্য হয়, যে তাঁরা গভর্নমেন্ট কৃষি সমবায় গঠন সম্পর্কে কোন ব্যবস্থা করেন নি এবং তার মাধ্যমে আমাদের খাদ্য সমস্যা সমাধান করবার কোন চেষ্টা করেন নি। এই যে কথা, এটা আমি কাগজেকলমে সংখ্যা দিয়ে দেখিয়ে দেবো যে এটা সম্পূর্ণ সত্য। আমরা যদি এই চলতি বৎসর, অর্থাৎ ১৯৫৭-৫৮ সালের বাজেট দেখি, তাহলে দেখতে পাই ৪৫ লাখ ৯৩ হাজার টাকা সমবায়ের জন্য ধার্য ছিল। কিন্তু তার মধ্যে ২১ লক্ষ ৮০ হাজার টাকা শুধু কর্মচারীদের বেতনের জন্য ধার্য ছিল। এবং আমরা দেখতে পাই যে, উন্নতিমূলক কাজের জন্য ২২ লক্ষ ৬৩ হাজার টাকা বরাদ্দ হয়েছিল বাজেটে। তারপর সংশোধনী বাজেটে, যেটা রিভাইজড বাজেট, তার থেকে আমরা দেখতে পাই, সেখানে ২২ লক্ষ ৬৩ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল, তার মধ্যে খরচ হয়েছিল মাত্র ১১ লক্ষ ৬৭ হাজার টাকা, অর্থাৎ অর্ধেক টাকাও ব্যয়িত হয় নি। এটা আমি সরকারী কাগজ থেকে বলছি। এটা আমি বলছি এক্সপ্লেনাটারী মেমোরেন্ডাম অন দি বাজেট অফ দি গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গলএর ১০৮এর পাতা থেকে।

[10-30—10-40 a.m.]

তাহলে আমরা দেখতে পাচ্ছি যে সরকার ২২ লক্ষের উপর টাকা সমবায়ের উন্নতিমূলক কার্যের জন্য ধার্য করেছিলেন, কিন্তু কি কারণে তার অর্ধেকের উপর টাকা উন্নতিমূলক কার্যের জন্য ব্যয় হল না সেটা আমরা জানতে চাই। পশ্চিম বাংলার কোন কর্মচারীর দোষে সেটা ব্যয় হল না সেটা কি অনুসন্ধান করবেন? এই যে ব্যবস্থা এই ব্যবস্থাতে সমবায় নীতি অগ্রগামী না হয়ে পশ্চাৎগামী হচ্ছে এবং দেখুন এর কুফল কি হচ্ছে, না ২২ লক্ষ ৬৩ হাজার টাকার অর্ধেক টাকা খরচ হল না। সেজন্য সামনে বারের যে বাজেটে অর্থাৎ ১৯৫৮-৫৯ সালের বাজেট কি করা হল, না উন্নতিমূলক কার্যের জন্য ব্যবস্থা হল ২২ লক্ষের জায়গায় ১৫ লক্ষ টাকা এবং তাও আবার বছরের শেষে দেখা যাবে যে ১৫ লক্ষের মধ্যে ৭ লক্ষ কি ৮ লক্ষ টাকা খরচ হয়েছে। এইভাবেই আমরা দেখতে পাচ্ছি সমবায় সম্বন্ধে পশ্চিম বাংলা সরকার সচেতন নন। পশ্চিম বাংলা কেন তথা ভারতবর্ষে সমবায়ের বয়স ৫৪ বছর। এই ৫৪ বছর বয়স হলেও প্রকৃত প্রস্তাবে দেখা যাচ্ছে সমবায় আন্দোলন এখনও তার শৈশব অবস্থা ছেড়ে যেতে পারে নি। সমবায় আন্দোলন পশ্চিমবঙ্গে মায়ের স্নেহ না পেয়ে বিমাতা সুলভ অবহেলাই পেয়েছে এবং এই অবহেলা ক্রমশই বেড়ে যাচ্ছে। আমি গত বৎসর এই সভায় বলেছিলাম এবং তখনকার সমবায়মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় তার কোন উত্তরই দেন নি। আমরা আশা করেছিলাম এবার যখন সমবায় বিভাগের কর্তৃত্ব নিয়েছেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তখন সমবায়ের কিছুটা উন্নতি হবে। কিন্তু আমরা তাতেও হতাশ হয়েছি। কারণ আমরা দেখছি যে সমবায় আন্দোলন অগ্রগামী হতে পারছে না এবং হয় নি। এ সম্বন্ধে আমরা যদি ভারতবর্ষের অন্যান্য রাষ্ট্রের দিকে তাকাই তাহলে আমরা দেখি যে সেখানে কিছুটা অগ্রসর হয়েছে। আমরা দেখি যে বম্বে, মাদ্রাজ, অন্ধ্র ও পাঞ্জাব এই রাষ্ট্রগুলি অগ্রসর হয়েছে। কাজেই আমি পশ্চিম বাংলা সরকারকে অনুরোধ করব যে তাঁরা যে বাজেট আনবেন সেই বাজেটে সমবায় সম্বন্ধে তাঁরা খরচ বাড়াবেন। ১৯৫৮ সালের সমবায়ের খরচ দেখলে অবাক হতে হয়। অর্থাৎ সাবসিডি ফর ফার্মিং সোসাইটি বরাদ্দ হয়েছে ৩৮,০০০ টাকা। অর্থাৎ ১৯৫৭-৫৮ সালে বরাদ্দ ছিল ১ লক্ষ টাকা, ১৯৫৭-৫৮ সালের রিভাইজড বাজেটএ ৪৯ হাজার টাকা এবং ১৯৫৮-৫৯ সালে মাত্র ৩৮ হাজার টাকা। অতএব এইভাবে সাবসিডি ফর ফার্মিং সোসাইটির উন্নতির দিকে আমরা যাচ্ছি। আমার বন্ধু শ্রীশশাঙ্ক শেখর সান্যাল বলে গেছেন যে প্রকৃত প্রস্তাবে এ কেন করা হচ্ছে, না কৃষি সমবায় সমিতি সম্বন্ধে প্রকৃষ্ট কোন আইন নেই। ল্যান্ড রিফর্মস এ্যাক্টএ ৪২ ধারা থেকে ৪৮ ধারা পর্যন্ত এই কটি ধারা সন্নিবেশিত হয়েছে। ল্যান্ড রিফর্ম এ্যাক্টএর এক বছর হয়ে গেছে

কিন্তু এই কটি ধারা আজ পর্যন্ত পশ্চিমবাংলায় চালু হয় নি। এবং সরকার পক্ষ থেকে গ্রাম্য কৃষকরা কোন প্রেরণা পায় নি। সরকার যে আইন করেছেন সেটা শুধু কালেকটিভ ফার্মিং সম্বন্ধে। অর্থাৎ সমবায়ের মাধ্যমে যদি কৃষি সমিতি করতে হয় তাহলে কি হবে জমির সমস্ত সত্ত্ব ছেড়ে দিতে হবে এবং একেই বলে কালেকটিভ ফার্মিং। এই কালেকটিভ ফার্মিং আমাদের দেশের লোক গ্রহণ করতে রাজী নয়। এরা চায় জয়েন্ট ফার্মিং অর্থাৎ নিস্বত্ব হবে না, অথচ একযোগে সমবায়ের মাধ্যমে চাষাবাদ করে নিজেরা লাভবান হবে এবং দেশের খাদ্য ফলাও যে সমস্যা সে সমস্যার সমাধান করবে। কাজেই আমি এই বিষয়ে আমাদের মুখ্যমন্ত্রীর দৃষ্টি বিশেষভাবে এদিকে আকর্ষণ করছি।

তারপর আমি ম্যালেরিয়া নিয়ন্ত্রণ বিভাগের প্রতি আমাদের মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এ বিষয়ে আমি কিছু জানতাম না, কিন্তু এখন তাদের দুঃখদুর্দশার কথা শুনে অবাক হলাম। এই ম্যালেরিয়া নিয়ন্ত্রণ বিভাগে যে ৬ হাজার কর্মী আছে তার মধ্যে এক হাজার মেট এবং ৫ হাজার ফিল্ড ওয়ার্কার্স নামে অভিহিত। আমি আগে জানতাম না যে পশ্চিমবঙ্গ সরকারের এমন সব কর্মচারী আছে যারা কেবল ৬ মাসের জন্য নিযুক্ত হয়। অর্থাৎ তারা শুধু সেই ৬ মাসেরই বেতন পাবে এবং আর বাকী ৬ মাস ভগবান চিন্তা করবে ও অনাহারে কাটাবে। তাঁরা এই কথা বলে যে আমরা এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের কাছে বহুবার আবেদন নিবেদন করেছি, কিন্তু কখনও কোন সহানুভূতিপূর্ণ আশ্বাস পাই নি। তাদের কাজ আরম্ভ হয় জুন মাস থেকে আর চলে নভেম্বর মাস পর্যন্ত এবং তারপরে তাদের নোটিস দিয়ে ছাঁটাই করে দেওয়া হয়। কিন্তু তখন তারা যে কি অবস্থায় থাকে সেটা বর্ণনা করা যায় না। অতএব তাদের প্রতি সহানুভূতিপূর্ণ ব্যবহার করতে হবে। এটা শুধু আমার কথা নয়। যদি সংবাদপত্রের রিপোর্ট সত্য হয় তাহলে পশ্চিমবঙ্গ বিধানসভার কংগ্রেসের সভ্য শ্রীজগন্নাথ মজুমদার মহাশয়ও এ সম্বন্ধে বলেছেন। সুতরাং এটা কোন দলগত বা রাজনৈতিক প্রশ্ন নয়, এটা সাধারণ মানুষের উপর সহানুভূতি থাকার প্রশ্ন। আমি জানি এবং বোধহয় আপনারাও জানেন যে এই ম্যালেরিয়া নিয়ন্ত্রণ বিভাগের কর্মচারীরা কিছুদিন আগে রাণাঘাটে যে কনফারেন্স করেছিলেন সেই কনফারেন্সে সভাপতিত্ব করেছিলেন পশ্চিমবঙ্গ বিধানসভার একজন কংগ্রেসী সভ্য শ্রীজগন্নাথ মজুমদার। সেজন্য বলতে চাই যে এটা কংগ্রেস বা অকংগ্রেসী দলের কথা নয়, এটা সকলের সম্বন্ধেই কথা। সুতরাং কথা হচ্ছে যে এই লোকগুলোকে ম্যালেরিয়া নিয়ন্ত্রণ বিভাগে ৬ মাসের জন্য রাখুন আর বাকী ৬ মাসের জন্য তাদের অন্য জায়গায় চাকুরী দিন। অর্থাৎ তাদের চাকরী স্থায়ী করুন এবং যাতে তারা ১২ মাসই খেতে পায় তার ব্যবস্থা করুন। তাদের বেতনের কথা শুনলেও আপনারা অবাক হবেন। যারা ফিল্ড ওয়ার্কার্স নামে অভিহিত এবং যাদের সংখ্যা ৫ হাজার তারা মাত্র ৫০ টাকা বেতন পায়। আর যারা মেট তারা মাসে মাত্র ৭০ টাকা পায়। এই এত অল্প মাইনে যারা পায় তার উপর তাদের যদি আবার ৬ মাস বসে থাকতে হয় তাহলে তাদের যে কি অবস্থা হয় সেটা আপনারা একবার কল্পনার চোখে দেখে তাদের প্রতি সহানুভূতিভাবে বিচার করে যাতে তাদের ১২ মাস চাকরী থাকে তার জন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে আমার সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।

তারপর আর একটা কথা আমি মিউনিসিপ্যাল এলাকায় প্রাথমিক শিক্ষা সম্বন্ধে বলব। আমি যদি গত রাজ্যপাল মহাশয়ের বিতর্কের উপর শিক্ষামন্ত্রীর ভাষণ ঠিকভাবে শুনে থাকতে পারি তাহলে তিনি এই কথা বলেছেন যে এটা হচ্ছে মিউনিসিপ্যালিটির কর্তব্য এবং মিউনিসিপ্যালিটি এ সম্বন্ধে স্কীম পাঠাবে। কিন্তু বর্তমানে ৮৬টি মিউনিসিপ্যালিটির মধ্যে মাত্র ৪টি মিউনিসিপ্যালিটির এ সম্বন্ধে স্কীম পাঠিয়েছে। যাই হোক আমি বুঝতে পারি না যে শিক্ষামন্ত্রী একথা কেমন করে বললেন, কারণ, শিক্ষামন্ত্রী নিশ্চয় জানেন যে সংবিধানের ৪৫ অনুচ্ছেদ অনুযায়ী মিউনিসিপ্যালিটির উপর এর ভার নেই এবং সেখানে স্পষ্ট করে বলে দেওয়া হয়েছে যে স্টেট গভর্নমেন্ট এই কাজ করবে। অর্থাৎ স্টেট গভর্নমেন্ট ১০ বছরের মধ্যে এই কাজ সম্পূর্ণ করবে যাতে বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষা সারা ভারতে প্রসারিত হয়। এই অবস্থায় মিউনিসিপ্যালিটির উপর নির্ভর করে থাকার যে কি যুক্তি তা আমি বুঝতে পারি না। যাই হোক আমি তাঁর কাছে নিবেদন করব যে যাতে সহর এলাকায় মিউনিসিপ্যালিটিগুলোর

ধ্যে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা শীঘ্র করা যায় সে সম্বন্ধে তিনি বিহিত ব্যবস্থা করুন। এই সঙ্গে মিউনিসিপ্যালিটি সম্বন্ধে আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব।

[10-40—10-50 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
সব কথা এখন না বলে আবার জুন মাসে বলবেন।

Sj. Nagendra Kumar Bhattacharyya:
এসব কথা যদি আপনারা কানে না নেন তাহলে আমাদের নীরবে রোদন করা ছাড়া আর ান উপায় নাই। আশা করি প্রত্যেকটা কথা আমি যেটা বলি সেটা অবহেলা করে ছুড়ে লে না দিয়ে বিবেচনা করবেন, এই আশা নিয়ে এখানে বলি।

[At this stage the Red Light was lit]

মাস পর আবার বলব, একটু বলে নিই।

Sir, give me two minutes more.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We have also to reply. Don't xpect that you will be only speaking.

Sj. Nagendra Kumar Bhattacharyya: In that case, Sir, I shall resume y seat.

Mr. Chairman: Mr. Bhattacharyya, please finish in a couple of minutes.

Sj. Nagendra Kumar Bhattacharyya:
আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে এই আমরা সকলেই জানি যে—মিউনিসিপ্যালিটির এমন আর্থিক অবস্থা যে তাতে তার দৈনন্দিন কাজ চালান ছাড়া আর কোন উন্নতিমূলক কাজ রা সম্ভব নয়। মিউনিসিপ্যালিটি প্রয়ঃপ্রণালী, ড্রেনের কি দুরবস্থা তা আপনারা সকলেই নেন। আমরা যদি বাজেট দেখি তাহলে দেখতে পাই লোনস আন্ডার ডেভেলপমেন্ট স্কীম। Loans under Development Scheme.
৪ লক্ষ ৬ হাজার টাকা, এই ৮৬টি মিউনিসিপ্যালিটির জন্য ১৯৫৭-৫৮ সালে। কিন্তু এ বছর একটি পয়সাও তাদের দেওয়া হয় নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
বেশ হয়েছে।

Sj. Nagendra Kumar Bhattacharyya:
যদি মনে করেন তাহলে তাই বলতে পারেন। ভগবান আপনাদের ভাগ্য নিয়ন্ত্রণের অধিকার দিয়েছেন তাহলে এভাবে করুন। তারপর—
Loans under the National Urban Water Supply Scheme
ধরা হয়েছে ৩৬ লক্ষ ২৪ হাজার টাকা। আমি এ সম্বন্ধে একটা কথা বলতে চাই বহরমপুর মিউনিসিপ্যালিটি বোধ হয় পশ্চিমবঙ্গের পুরাণো মিউনিসিপ্যালিটি রাণী স্বর্ণময়ী যিনি মাতুলানী মহারাজা মনীন্দ্রচন্দ্র নন্দীর, তাঁর দানে—বহরমপুরে জলের কল হয়েছিল ৬০ বছর লে বহু লোক তাতে উপকৃত হয়েছে। অবিলম্বে তার মেরামত করা দরকার। সেজন্য ১৯৪৭ সালে তদানীন্তন গভর্নমেন্টএর সঙ্গে আলোচনা করে স্কীম দিলে তা মঞ্জুর হয়েছিল এবং ১১ লক্ষ টাকা তাতে খরচ হবে একথা বলা হয়েছে, তার মধ্যে এক-তৃতীয়াংশ দান করবেন, সরকার দুই-তৃতীয়াংশ মিউনিসিপ্যালিটিকে ধার দেবেন। প্রকৃত প্রস্তাবে তাতে সরকার চেয়েছিলেন সাড়ে তিন পার্সেন্ট এবং আমরা বলেছিলাম আড়াই পার্সেন্ট সুদ। এই নিয়ে বেধে ছিল। তারপর সমুদ্রের অতল তলে তলিয়ে গেল। তারপর পুনরায় স্কীম দেওয়া হয়েছে কিন্তু কোন ফল হয় নি। কোন সহানুভূতির আশা দেওয়া হয় নি। আমি এ সম্বন্ধে মাননীয়

মন্ত্রী লোকাল সেল্ফ গভর্নমেন্ট-এর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই আশা পোষণ করছি যে তিনি এটা বিবেচনা করবেন। বাস্তবিক প্রকৃত অবস্থা যাতে শীঘ্র সংস্কার হয়, এবং জল সরবরাহের ব্যবস্থা ভাল হয় সে সম্বন্ধে যথাবিহিত আদেশ দেবেন, এ কথা বলে আমি বসলাম, দু মাস পর আবার বলবো।

Janab Abdul Halim:

মাননীয় সভাপতি মহাশয়, ব্যয়বরাদ্দ মঞ্জুরী বিল সম্পর্কে বিশদ আলোচনা করার সুযোগ আমরা পাচ্ছি না। আমি একটা বিষয়ের মধ্যে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। ১০ মিনিটেই শেষ করবো। পুলিস খাতে যে ব্যয়বরাদ্দ করা হয় তাতে আমরা দেখি যে ৭ কোটি ৮২ হাজার টাকা ধরার পরে সেটা গিয়ে ৮ কোটি টাকাতে দাঁড়ায়। প্রতি বছরে এত টাকা খরচ করা হয়, কিন্তু পুলিস সম্পর্কে পুলিসের দুর্নীতি সম্পর্কে নানা অভিযোগ উঠে। গুণ্ডাগিরি সম্পর্কে, চুরি ডাকাতি সম্পর্কে আমরা দেখছি যে দিনদিনই এসব বেড়েই যাচ্ছে। আমরা দেখছি পুলিস বৃটিশ যুগের মনোভাব পরিবর্তন করে নি, জনসাধারণের সঙ্গে ভাল ব্যবহার করে না। তার নিদর্শন আমরা দেখছি শ্রমিকদের উপর গুলি চলে, বাস্তুহারার উপর গুলি চলে, কৃষক শ্রমিক আন্দোলন দমনে গুলি চলে। এই পুলিস সাধারণ মানুষকে শত্রু মনে করে। তাই বলছি যে এরা বৃটিশ আমলের সেই মনোভাব পরিত্যাগ ও পরিবর্তন করে নি। আমাদের মাননীয় পুলিস মন্ত্রীমহাশয়, নিরঞ্জন সেন যে বিধান সভায় ২৭এ তারিখে পুলিসের বিরুদ্ধে অভিযোগ করেন, তার জবাবে আমার একটা চিঠি তিনি এখানে পড়েন, খানিকটা উদ্ধৃত করে বাহবা নেবার চেষ্টা করেছেন কিন্তু তিনি কেন আমার অন্যান্য চিঠিগুলি পড়েন নি, আমি এ সম্বন্ধে কিছু বলতে চাই। কলকাতা শহরে ইলিয়ট রোডএর ব্যাপারে কালীপদ মুখার্জী মহাশায় থেকে আরম্ভ করে কনস্টেবল, থানা অফিসার, সেকেন্ড অফিসার, অফিসার-ইন-চার্জএর কাছে আবেদন করেছি কিন্তু গুণ্ডামো দমন করেন নি। সেখানে দুর্নীতি চলেছে সামনে। আমি বিধান পরিষদের সদস্য হিসাবে যখন বলি, পাড়ার লোক যখন বলে যে পুলিসে দুর্নীতি চলেছে, এখানে অবস্থা নরককুন্ডে পরিণত হতে চলেছে ৪-১-৫৭ তারিখে এই মর্মে আমার ঘোষ চৌধুরী মহাশয়কে লিখে জানাই, কি রকম দুর্নীতি চলেছে--

It is a veritable hell for human habitation.

আমরা জানাই যে পুলিস অফিসার সব জানে, ঘুষ নিয়েছে দুর্নীতি চলেছে তাই --মিসক্রিয়েন্টসরা চোখের সামনে অপরাধ করছে কিন্তু পুলিস তাদের গ্রেপ্তার করে নি, তারপর ১০-৯-৫৬ তারিখে পুনরায় লিখেছি যে অপরাধীরা রাহাজানি করছে, চোখের সামনে ঘুরছে, কিন্তু তাদের গ্রেপ্তার করা হয় নি। তিনি, ঘোষ চৌধুরী মহাশয় জানতে চান ১২ই জানুয়ারী অবস্থার কোন উন্নতি হয়েছে কিনা ; আমি বলি কিছুটা হয়েছে। ৬ মাস পরে এনকুয়ারি অফিসার, অনুসন্ধান করতে আসে, আমরা তাকে সাহায্য করি। এখন ব্যক্তিগতভাবে যদি কেউ প্রশংসা পাবার যোগ্য হয় তাহলে নিশ্চয়ই তাকে প্রশংসা করবো। আমরা সাহায্য করতে চাই পুলিস আমাদের সাহায্য নেয় না। ১৭-১-৫৭ তারিখে পুলিস কমিশনারকে আমরা জানাই যে থানা পুলিস আমাদের সাহায্য করে না, তারা হোস্টাইল এ্যাটিচুড নেয়, ডায়েরী করতে গেলে তা তারা গ্রহণ করে না, কোন সাহায্য করে না--এই চিঠি আমি দিই। তারপর ১৯৫৬ সালের ১৭ই সেপ্টেম্বর চিঠি নিয়ে, পাড়ার সমস্ত লোকের চিঠি নিয়ে দেখাই পুলিস কমিশনারকে কিভাবে দুর্নীতি চলেছে। তারপরে ১৯৫৭ সালে সেপ্টেম্বর মাসে চিঠি পাঠান হয়েছে কালীপদ মুখার্জী মহাশয়ের কাছে দুর্নীতি সম্বন্ধে এবং কিভাবে পুলিস ব্যবহার করে। গুন্ডামি বেড়েই চলেছে, দুষ্কৃতকারীরা কাজ চালিয়েই যাচ্ছে। তিনি কোন তদন্ত করেন নি। মফঃস্বলে কি রকম দুর্নীতি বেড়ে চলেছে তা আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে--আজকে দুর্নীতি সর্বত্র বেড়েই যাচ্ছে। ৭ই ফেব্রুয়ারী মাননীয় কালীপদ মুখার্জী মহাশয়কে চিঠি লিখেছি, জুয়া খেলার বিল পাশ করলেও এখনও গ্রামে গ্রামে বাজারে বাজারে জুয়া খেলা চলছে এবং তার কোন প্রতিকার হয়েছে বলে আমরা জানি না।

এই পুলিস সাধারণ মানুষকে কিরকম শত্রু মনে করেন দেখুন। তারা রাজনৈতিক কর্মীর পেছন পেছন অনুসরণ করে। কমিউনিস্ট পার্টির অফিসের সামনে এক ডজন পুলিস বসে থাকে। কাংসারী হালদার মহাশয়, এম পি, আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন, ৬ জন পুলিস তার

ছনে পেছনে এসেছিল। এরা সমাজ বিরোধীদের কিছুই করছে না, আর যারা রাজনৈতিক ী যারা প্রকাশ্যে তাদের নীতি ঘোষণা করেছে, যারা দেশকে গড়ে তুলতে চায়, আজকে কংগ্রেস দতে বসে, কালীপদবাবুর যে পলিসি তাতে তিনি ঝাঁজ নিয়ে দেশ শাসন করে চলেছেন। আমি কে যেসব অভিযোগের কথা জানিয়েছি তিনি সেদিন সেসব কেন বলেন নি? কেন সে কথা সম্বলীতে তোলেন নি? তাহলে তার সততা আছে বলে মনে করতে পারতাম। আমি বলি লিসের পরিবর্তন করুন, যাতে ভাল কাজ হয় সে চেষ্টা দেখুন এই আমার সাজেশন। যদি ন পুলিস সাহায্য করে উপকার করে ব্যক্তিগতভাবে তিনি সুখ্যাতি পেতে পারেন।

0-50—11 a.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya: সভাপাল মহাশয়, আমি বিতর্কপ্রসঙ্গে দুটি কিম্বা তিনটি বিষয় আপনার কাছে উপস্থিত তে চাই। প্রথম কথা হচ্ছে, সম্প্রসারণ ব্লক, ন্যাশনাল ডেভেলপমেন্ট ব্লকএর সাফল্যের উপরে মাদের জাতীয় উন্নতি অনেকাংশে নির্ভর করে ব'লে আমি নিজে মনে করি। সেজন্য যাতে ই সম্প্রসারণ ব্লকের কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেদিকে লক্ষ্য রাখা দরকার। এ বিষয়ে প্রসারণ ব্লকের কাজের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে আমি দুই-একটি কথা পেশ করব। প্রথম কথা চ্ছ, যারা গ্রামসেবক নিযুক্ত হবে তাদের মধ্যে যদি একটা আদর্শবাদ সঞ্চার না করা যায় হলে এই বিভাগের কাজ ভালভাবে পরিচালিত হতে পারে না। তারপর, গ্রামের লোকের সঙ্গে যোগ না থাকলে এই কার্য ভালভাবে পরিচালিত হতে পারে না। আমি মনে করি না যে, া গ্রামসেবক নিযুক্ত হয়েছেন তাদের মধ্যে এই আদর্শ সৃষ্টি করা হয়েছে। কিভাবে আজকাল প্রসারণ ব্লকের কাজ হচ্ছে সেদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এমন নেক গ্রাম আছে যেখানে গ্রামসেবকেরা এখনো গিয়ে পেঁছায় নি। যদি তাঁরা দেখতে পান টা কিছুটা দুর্গম তাহলে তারা সেইসব গ্রামে যান না। সুতরাং এভাবে কতগুলি গ্রাম প্রসারণ ব্লকের কোন সাহায্য পাচ্ছে না এবং এতে সম্প্রসারণ ব্লকের কার্যও ব্যাহত হচ্ছে। পনি জানেন, সভাপাল মহাশয়, যে সম্প্রসারণ ব্লকের পক্ষ থেকে একরকম লাঙ্গল ব্যবহার বার জন্য চেষ্টা চলছে। এই সুফলা লাঙ্গল সম্প্রসারণ ব্লকের কর্মীরা কিভাবে লোকের নে তুলে ধরছে তার একটা চিত্র আপনার কাছে দিতে চাই। অনেক জায়গায়ই দেখতে পাওয়া , পুরান লাঙ্গলই ব্যবহৃত হচ্ছে, আর সুফলা লাঙ্গল যেটা নাকি প্রচলনের চেষ্টা হচ্ছে সেটা কদের ঘরের কোণে পড়ে থাকে। কৃষকরা এই লাঙ্গল ব্যবহার করছে না, তবে কিনছে কেন? রা ঋণ পাবার লোভে এই লাঙ্গল কিনছে। তারা লাঙ্গল কিনে বটে, কিন্তু তা কাজে ব্যবহার র না। এই সুফলা লাঙ্গল ব্যবহার করবার জন্য কৃষকদের উৎসাহিত করার কিছুমাত্র চেষ্টা সেবকদের মধ্যে দেখতে পাওয়া যায় না। তারপর, আমাদের কলকাতা থেকে যেসমস্ত মলারা অনুসন্ধানের জন্য যান তারা কতটা যান সেটাও লক্ষণীয়। যতটা জীপ যায় ঠিক টাই তারা যান, তার বেশী তাঁরা যান না। এখন গ্রামাঞ্চলের নেক জায়গায়ই জীপ যায় না। যাতে গ্রামের অভ্যন্তরে গিয়ে আমলারা ল করে কার্য পরিদর্শন করে আসেন সে বিষয়ে দৃষ্টি রাখবার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ নাচ্ছি। তারপর জনসাধারণকে কতটা অর্থ সাহায্য করা হয়েছে তাও এখানে আমাদের ভাল র জানান হয় নি। গতবারের রাজ্যপালিকার ভাষণে জনসাধারণের মধ্যে যে টাকা সাহায্য া হয়েছিল, সে সম্বন্ধে একটা চালাকি করা হয়েছিল। হয়তো একটা সম্প্রসারণ ব্লকে কৃতপক্ষে ২ হাজার টাকা খরচ করা হয়েছে, কিন্তু দেখান হল ৪ হাজার টাকা খরচ করা হয়েছে। বিষয়ে বিশেষভাবে অনুসন্ধান করার জন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। তারপর, তীয় সম্প্রসারণ ব্লকের কার্য সম্বন্ধে আমার আরেকটা বক্তব্য হচ্ছে এই যে, আলোচনা বৈঠক হয় সেগুলি কলকাতায়ই হয়ে থাকে, কিন্তু এগুলি কলকাতায় না করে যদি জাতীয় প্রসারণ ব্লকের একটা কেন্দ্রস্থলে করা যায় তাহলে আমার মনে হয় এই সম্প্রসারণ ব্লকের কাজ রো সুষ্ঠুভাবে সম্পাদিত হবার পথ উন্মুক্ত হবে। সভাপাল মহাশয়, ন্যাশনাল এক্সটেনশন র্ভিসএর কাজে যেসমস্ত শিক্ষকগণ রয়েছেন তাঁদের সঙ্গে সম্প্রসারণ ব্লকের সত্যিকারে নরূপ যোগাযোগ স্থাপনের ব্যবস্থা করা হয় নি। এর ফলে যারা শিক্ষালাভ করছে তারা ভবান হয় না ও হতে পারে না। আমার আরেকটা কথা বলবার আছে। যাঁরা স্থানীয়

বিধানসভার সভ্য তাঁরা সম্প্রসারণ ব্লকের কাজে কোনরূপ উৎসাহ প্রকাশ করেন না। গ্র সেবকেরা তাদের জাতীয় সম্প্রসারণ কাজে উদ্বুদ্ধ করতে পারে না। আমার মনে হয় এদি আমাদের কর্তব্য রয়েছে। এই প্রসঙ্গে আমি আরেকটা বিষয় আলোচনা করব, সেটা হ ভেটারিনারী সার্জন পশুচিকিৎসক যাঁরা তাদের বেতন সম্বন্ধে। এককালে ছিল—প্রবেশি পরীক্ষা পাস করে তিন বছরের ডিপ্লোমালাভ করার একটা ব্যবস্থা ছিল। আজকাল চার বৎস পাঠক্রম নির্ধারিত হয়েছে এবং আই, এস-সি, পাস করে পশুচিকিৎসা কলেজে প্রবেশাধি পাওয়া যায়। কিন্তু পশুচিকিৎসকদের বেতনের হার পূর্বের ন্যায়ই রয়ে গিয়েছে। ৭-৫- ইং তারিখে মন্ত্রীমহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, ২০০—৪০০ এবং ৪০০—৭০০ টা একটা বেতনের হার করবার জন্য তিনি চেষ্টা করছেন, কিন্তু কিছুদিন পর দেখা গেল প চিকিৎসকদের বেতনের হার নির্দিষ্ট হল ১৫০—২৫০ তার উপর মাত্র ৫০ টাকা ভাতা। বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি এবং আমি আশা করি তিনি এঁদের জন্য এ সংগত ব্যবস্থা করবেন। রাজস্থানে সমগুণসম্পন্ন পশুচিকিৎসকদের ২০০—৪০০, মধ্যপ্রদে ২০০—৪০০, উত্তরপ্রদেশে ২০০—৩৫০, কেরালায় কিছু কম, ১৭৫—৩০০, হায়দরাব ২৫০—৫০০ টাকা বেতন দেওয়া হয়।

বর্তমানে এর প্রতিবিধান হয়ে গেছে শুনে আমি সুখী হয়েছি। (শ্রীযুক্ত শশাঙ্কশে সান্যালঃ—প্রতিবিধানের আগে যে ব্যবস্থা ছিল তা বলতে দোষ নেই।) আমার এতটা বল প্রয়োজন ছিল না, মন্ত্রী মহাশয় এতক্ষণ বোবার মত বসেছিলেন, বোধ হয় তিনি খবর জানতেন না, সেইজন্যই এত কথা বলতে হল।

আর একটা কথা আছে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কিছুটা অর্থ সাহায্য করেছে এ্যাফিলিয়েটেড কলেজগুলির শিক্ষকদের বেতন উন্নয়নের জন্য। বাংলা সরকার দিতে রা হয়েছেন, কিন্তু বাংলা সরকার যে সব সর্ত দিচ্ছেন, সেই সব সর্তে অধ্যাপকদের সিলেক্ শ বোর্ড বা নির্বাচন কমিটির কাছে যেতে হবে। এটার বিরুদ্ধে আমরা প্রতিবাদ করছি। আপ জানেন যে এই নিয়ে মাধ্যমিক শিক্ষকেরা সত্যাগ্রহ করেছিলেন এবং সেইরকম আরেকটা পরিস্থি উদ্ভব হওয়া অসম্ভব নয়। আমার মনে হয় মাধ্যমিক শিক্ষকদের সম্বন্ধে যে ব্যবস্থা করেছে আমাদের শিক্ষা মন্ত্রীমহাশয় কলেজ শিক্ষকদের সম্বন্ধেও সেইরকম ব্যবস্থা করবেন, এই নির্দে সম্বন্ধে আশা করি এ বিষয়ে শিক্ষামন্ত্রীর কাছে সদুত্তর পাব।

[11—11-10 a.m.]

Sj. K. P. Chattopadhyay:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে একটা থোক টাকা পাশ করে দেওয়ার জন্য আমাদে সামনে একটা প্রস্তাব এসেছে, টাকাটা কি বাবদে খরচ হবে তার খুঁটিনাটি হিসাব দেওয়া হ নাই। সামান্য যা হিসাব দিয়েছেন তার অতিরিক্ত সে সম্বন্ধে কোন কিছু উল্লেখ করবা আইনতঃ অধিকার আমাদের নাই। কাজেই সেটা কিরকম হচ্ছে, না, ইংরাজীতে যাকে ব —গাড়ীর সামনে ঘোড়া না জুড়ে ঘোড়ার সামনে গাড়ী জুড়ে দেওয়া হচ্ছে। আগে টাকা খর করবেন তারপরে বলবেন কোন হিসাবে কত দিতে চান। এ যেন পিছু হটে বলেছেন এগি যাও ; এইরকম মনে হচ্ছে। কাজেই টাকার পরিমাণ উল্লেখ করে ঐরকম ভাসা ভাসা কি ক উচিত তাই বলতে বাধ্য হব।

প্রথমতঃ পুলিস মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই একটা বিষয়ে—সেটা হচ্ছে কলিকাতার শহরে চৌরঙ্গী, এসপ্লানেড, শিয়ালদহ, ধর্মতলার মোড়, থিয়েটার রোড, ক্যামা স্ট্রীট, আশুতোষ মুখার্জী রোড বা অন্যান্য জায়গায় অনেক সময় দেখেছি যে রাস্তার যানবাহ কিভাবে চলছে সেদিকে নজর না রেখে সেখানকার ট্রাফিক পুলিস ফুটপাথে একটা দোকানে মধ্যে দাঁড়িয়ে তাকিয়ে থাকেন এবং যাঁরা যানবাহন চালান, তাঁদের উপর কিছু হলেই তাড়া আসে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে এই কথা বলছি এর একটা কিছু ব্যবস্থা হওয়া উচিত। এ ছোট জিনিস তবু এদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি।

আর একটা জিনিস, কাগজে দেখবেন প্রায়ই চিঠি বেরোয় যে, বড় বড় ড্রেন যাতে ময়লা জল বা বৃষ্টির জল চলে যায়, তার ঢাকনি চুরি হয়ে যাচ্ছে। সেই চুরিটা আমাদের পাড়াতেও দেখেছি। কর্পোরেশনের গালিপিটএর ঢাকনাগুলিও চুরি হয়ে গেছে, এবং সন্ধ্যার পর অন্ধকারে সেইসব জায়গা দিয়ে যেতে গেলে গর্তের মধ্যে পা পড়লে পা ভাঙবার ভয় আছে, এবং বড় ঢাকনীগুলোর জায়গায় পড়লে একেবারে সটান ভূগর্ভে, পাতালে প্রবেশ করতে হবে। বহু জায়গায় রাস্তায় এসব দেখতে পাওয়া যাবে। এ সম্বন্ধে অনেকে কাগজে চিঠি লিখেছেন। পুলিস মন্ত্রীমহাশয় আজকাল নিয়ম করেছেন যে কাগজে অভিযোগ হলে সেটার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা উচিত। কিন্তু এ বিষয়ে তাঁর বিভাগ সেই নিয়মটা পালন করেন কিনা জানি না। এইসব ঢাকনী ভাংগা লোহার হিসেবে বিক্রয় হয়, কাজেই ওটা বন্ধ করার জন্য সংঘবদ্ধ ব্যবস্থা না করলে তা সম্ভব হতে পারবে না। এ জিনিসটা অত্যন্ত বেড়ে গেছে। রাস্তা থেকে আরম্ভ করে বাড়ীর ভিতরের ঢাকনী পর্যন্ত, এমনকি পায়খানার সিসটার্নও খুলে নিতে আরম্ভ করেছে ; আমার পাড়ার জানাশুনা লোকেরও এই দুর্ভোগ ভোগ করতে হয়েছে। জানি বলেই এ কথা বলছি। আমরা পাড়ার থানার দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু এঁরা একটু বড় মামলা সংক্রান্ত ব্যাপারে ব্যস্ত আছেন বলে কিছুই করতে পারছেন না। বড় মামলার তাঁদের তদন্ত আবশ্যক বটে, কিন্তু অনেক আবশ্যকীয় জিনিসের প্রতিও কখনও কখনও পুলিস তেমন দৃষ্টি দেন না। একবার শুনলাম ভবানীপুর অঞ্চলে একটি ভাল বাড়ীর একটি ছেলে গায়েব হয়েছে ; শোনা গেল যে সে খুন হয়েছে। কিন্তু এরকম জিনিসও চাপা পড়ে গেল বিশেষ করে এইরকম জিনিস ঘটছে সেখানে কোন প্রভাবশালী লোকের সংগে এইসব ব্যাপারের সম্পর্ক থাকে সেখানে এসব ব্যাপার চাপা পড়ে যায়। এ সম্বন্ধে আর বেশী কথা বলবো না, সময় বেশী নাই, নইলে বলতে পারতাম। পুলিসের মধ্যে বহু কর্তব্যপরায়ণ লোক আছে। কিন্তু এভাবে প্রভাবশালী লোকের বাধা পড়লে তারা কিছুই করতে পারে না।

[At this stage the blue light was lit]

সভাপতি মহাশয় আমার এখনও পাঁচ মিনিট সময় হয় নি। এবার আমি পূর্তবিভাগের মন্ত্রীমহাশয়ের কাছে দু-একটি ছোট ছোট কথা জানাবো। ১৯৫১ সালে বর্তমান মন্ত্রীমহাশয় তখনও মন্ত্রী ছিলেন তখন ঘাটাল রোড হইতে বীরসিংহ পর্যন্ত একটা পাকা রাস্তা তৈয়ারী করবার চেষ্টা হয়েছিল ; কিন্তু মাত্র ১৯৫৬ সালে সেটা হয়েছে। তাও যে হয়েছিল তার কারণ, মুখ্যমন্ত্রী মহাশয়। বিদ্যাসাগর মহাশয়ের মর্মরমূর্তি তিনি বীরসিংহ স্মৃতিমন্দিরে স্থাপন করবেন এই কথা প্রচার হওয়াতে রাস্তাটা তাড়াতাড়ি হয়ে গিয়েছিল। কিন্তু আর একটা রাস্তা যেটা সেই ইংরাজ আমলে যখন শ্রীবিনয়রঞ্জন সেন মেদিনীপুরের ম্যাজিস্ট্রেট ছিলেন, তখন খড়ার থেকে বীরসিংহ পর্যন্ত পাকা করে রাস্তা তৈয়ারী হয়েছিল। তারপরে সেটা এ যাবৎ মেরামত হয় নি। বীরসিংহয়ে উচ্চ ইংরাজী বিদ্যালয়—ভগবতী বিদ্যালয় আছে এবং সম্প্রতি মুখ্যমন্ত্রী মহাশয় যখন শিক্ষামন্ত্রী ছিলেন তখন মোটা টাকা দিয়ে সেটা ১১ বৎসরের শিক্ষা কেন্দ্রে পরিণত করা হয়েছে। কাজেই সেখানে ছেলে আরও বাড়ছে ও বাড়বে। সুতরাং সেখানকার সেই রাস্তা ভাল থাকার প্রয়োজনীয়তা আরও বেশী হয়েছে। কিছুদিন পূর্বে সেচ মন্ত্রীমহাশয় পারিতোষিক বিতরণ উপলক্ষে সেখানে গিয়েছিলেন এবং তিনিও সেই রাস্তার সংস্কারের প্রয়োজনীয়তা দেখে এসেছেন। অবশ্য পূর্ত মন্ত্রী মহাশয় এ বিষয় আশ্বাস দিয়েছেন এবং সেই আশ্বাসের ফলে সেখানে দেখেছি কিছু মাটি চাঁছা হচ্ছে। এদিকে বৃষ্টি আরম্ভ হবার খুব দেরী নেই, কেবল মাটি চাঁছা হলে তাতে কাদায় হাঁটু পর্যন্ত ডুবে যাবার সম্ভাবনা রয়েছে। কাজেই বর্ষা আরম্ভ হওয়ার আগেই সেটা পাকা করলে ভাল হয়।

শিক্ষা সম্বন্ধে গোপাল হালদার মহাশয় এবং নির্মলবাবু অনেক কথা বলেছেন, আমি সে সম্বন্ধে আর না বলে অন্যদিকে বলবো। আমাদের দেশ হচ্ছে গরীব দেশ। সুতরাং এখানে যদি বড় বড় বাড়ী থাকে তবে সেগুলির যাতে পুরা ব্যবহার হয় সে ব্যবস্থা করা দরকার। আমাদের ভারতবর্ষে যেসব অঞ্চল ঘনবসতিপূর্ণ নয়—যেমন মধ্যপ্রদেশ বা বোম্বাই—এমনকি মাদ্রাজেরও বিশেষ অংশ বাংলাদেশের মত এত ঘনবসতিপূর্ণ নয়, সেখানে সেইসব অঞ্চল বিচার করে যেরকম সংখ্যা নিরূপণ করা হয়েছে যে মহাবিদ্যালয় বা কলেজগুলিতে একমাত্র ১ হাজার ছেলে পড়ান হবে—এ নিয়মের পরিবর্তন হওয়া উচিত। আমি একটি বেসরকারী কলেজের

সঙ্গে সংশ্লিষ্ট, বিশ্ববিদ্যালয় ছাড়াও বেসরকারী কলেজের সঙ্গে যোগাযোগ আছে বলে আমি জানি এইরকম সংখ্যা নির্দেশ করে দিলে সেখানে বাড়ীটা খালি পড়ে থাকবে। সেখানে ১,৫০০ হতে ২,০০০ ছেলে অক্লেশে পড়ানো যেতে পারবে। তা ছাড়া সকালে মেয়েরা ও সন্ধ্যাবেলা চাকুরী-জীবীরা পড়তে পারে এ ব্যবস্থা ছাত্রদের দিক হতে এবং দেশের দিক হতে মূল্যবান। শিক্ষকদের পক্ষ থেকেও এর যথেষ্ট মূল্য আছে। বলা বাহুল্য এই সব বাড়ীতে একাধিক আলাদা আলাদা বিভাগ বিভিন্ন সময়ে সম্পূর্ণ আলাদা শিক্ষকদের দিয়ে পরিচালনা করতে দেওয়া উচিত। তা হলে বাড়ীর অভাবে কলেজে পড়ার পর্যাপ্ত ব্যবস্থা সম্ভব নয় এ কথা বলতে হবে না।

[At this stage the Red light was shown]

সভাপতি মহাশয়, আমার বেলায় একটু বেশী কঠোর হয়ে পড়লেন। যাই হোক আমার আর এক মিনিট আছে। কাজেই যে কথা বলছিলাম সেদিকে আমাদের সরকারের দৃষ্টি দেওয়া কর্তব্য। অর্থাৎ যতটা সম্ভব ইটকাঠের খরচ কম হয় সেটা দেখা উচিত। ১১ বৎসরের শিক্ষায়তন করবার যেসব প্রচেষ্টা হচ্ছে সেগুলি সম্বন্ধেও সামান্য কিছু বলব। গ্রামাঞ্চলে বহু জায়গায় যেখানে কোনকালে পাকা বাড়ী কেউ করে নি, সেখানে মাটির বাড়ী করে তার গায়ে বালিকাম করে এবং মেঝেটা সিমেন্ট করে স্কুল বেশ ভালভাবেই চালান হয়েছে। সেইসব বাড়ী এক আধদিন নয় ৬০-৭০ বছর চলে গেছে। সেচমন্ত্রী আমার মামার বাড়ীর দেশের লোক। তিনি বাড়ীর এইসব তথ্য যথেষ্ট জানেন। মেদিনীপুর অঞ্চলে এইরকম বাড়ী যথেষ্ট চলে। আমাদের স্বাস্থ্যমন্ত্রী বাঁকুড়া জেলার লোক; তিনিও এইসব জানেন। সেজন্য আমি বলব যে পাকা বাড়ীতে টাকাটা একটু যাতে কম খরচ হয় সেটাই করা দরকার। অর্থাৎ একটু বুঝে, ঐভাবে ইটকাঠের পেছনে খরচ না করে সস্তায় আমাদের গরীব দেশের উপযোগী করে সহজে যাতে বাড়ী তৈরি করা যায় সেটার ব্যবস্থা করলেই ভাল হয়।

[11-10—11-20 a.m.]

Sj. Satya Priya Roy:

অধ্যক্ষ মহাশয়, সময় রেশন করতে করতে যে জায়গায় এসে আমরা পেঁছে গেলাম তাতে মনে হয় যে বলার চেয়ে না বলাই সংগত, কিন্তু নাম যখন দিয়েছি এবং আপনার কাছ থেকে নির্দেশ যখন এসে পেঁচেছে তখন কিছু বলতেই হবে। প্রথম হচ্ছে যে টাকা বরাদ্দের যে আইন আমাদের সামনে এসেছে সে সম্পর্কে বলতে চাই যে কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলাকে যেভাবে উপেক্ষা করছে সেই সম্পর্কে মুখ্যমন্ত্রী যেন একটা দিন ধার্য করে দেন যখন আমাদের এই বিধান পরিষদে কংগ্রেস ও বিরোধী পক্ষ মিলে পশ্চিম বাংলার বিরুদ্ধে যে অন্যায় হচ্ছে সেটাতে যৌথভাবে প্রতিবাদ করবার সুযোগ পাই। এটা সম্পর্কে আমি তাঁকে অনুরোধ জানাব।

দ্বিতীয়তঃ কলেজ এবং ইউনিভার্সিটি সম্বন্ধে খুঁটিনাটি কথা বলব না। কিন্তু একটা কথা বলব যে যেমন কেন্দ্রীয়ভাবে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন হয়েছে তেমনি শিক্ষা দপ্তরের কুক্ষিগত না করে প্রাদেশিকভাবে এখানে একটা কলেজ এবং ইউনির্ভার্সিটি গ্রান্টস কমিশন বসান হোক। এটা বিশিষ্ট শিল্পবিদদের নিয়ে করা হোক কারণ এঁরা শিক্ষার দিকে লক্ষ্য রেখে রাজনৈতিক স্বার্থ বা আমলাতান্ত্রিক দাম্ভিকতার উপর নির্ভর না করে ইউনিভার্সিটি এবং কলেজকে সাহায্য দেবেন। সিনিয়র বেসিক স্কুল সম্বন্ধে দেখতে পাচ্ছি যে এখানে তার জন্য বহু টাকা বরাদ্দ করা হয়েছে। যদি বাস্তবিক মুদালিয়র কমিশনের সুপারিশকে গ্রহণ করা হয় তাহলে ক্লাস সিক্স থেকে ক্লাস এইট পর্যন্ত মুদালিয়ার কমিশন পাঠ্যক্রমের যে সুপারিশ করেছেন সেখানে আমরা বলতে পারি যে সেকেন্ডারি স্কুল ও সিনিয়র বেসিক স্কুলএর মধ্যে বিশেষ কোন পার্থক্য নেই। কাজেই সে জিনিস লক্ষ্য করে একটা বিশেষ ধরণের বিদ্যালয় গড়বার চেষ্টা করার পেছনে লক্ষ লক্ষ টাকা খরচ করা ঠিক হবে না এবং এই টাকা অনেক সময় অপব্যয় হয়। আমি এখানে অভিযোগ করে যাচ্ছি বিদ্যানগর সম্পর্কে যার সঙ্গে আমাদের এখানকার মাননীয় সদস্য বন্ধুবর শ্রীহরেন্দ্রনাথ মজুমদার মহাশয় যুক্ত আছেন। একটা সাম্প্রতিক ঘটনা তাঁকে বলব। সেদিন সেখানে শিক্ষক প্রতিনিধি নির্বাচন হয়ে গেছে এবং সেই শিক্ষক প্রতিনিধি নির্বাচনে বিদ্যানগরের দুইজন শিক্ষক মহাশয়কে আমার বন্ধুবর শ্রীহরেন্দ্রনাথ মজুমদার মহাশয় বলেছেন যে তাঁরা জানেন কি না যে তিনি কংগ্রেসের একজন সদস্য?

Sj. Harendra Nath Mazumder:
আমার সংগে এইরকম কোন আলোচনা হয় নি। তারা অসত্য কথা বলেছে।

Sj. Satya Priya Roy:
সত্যবাদিতার মনোপলি নিয়ে বসে আছেন কিনা তাই সত্যবাদিতার নামাবলি যতক্ষণ আপনাদের কাছে থাকবে ততক্ষণ নিরীহ শিক্ষক যে কথা বলেছেন তা মিথ্যা হবেই। আমি জানি যে তাদের নোটিস দেওয়া হয়েছে অত্যন্ত বেআইনীভাবে—অর্থাৎ যেসমস্ত আইন মেনে নোটিস দেওয়া উচিত ছিল সে নোটিস পর্যন্ত হরেন মজুমদার মহাশয় দেন নি। সিনিয়র বেসিক স্কুল বলে একটা সুন্দর গেড়াকল শ্রীহরেন মজুমদার মহাশয় ওখানে করছেন। তিনি সোসিয়াল এডুকেশন সেন্টার বলে আর একটা সুন্দর গেড়াকল ওখানে খুলেছেন এবং তারজন্য লক্ষ লক্ষ টাকাও সেখানে নিয়ে যাচ্ছেন। অথচ আমরা জানি যে সেখানে সিনিয়র বেসিক স্কুলএর কোন চেষ্টা নেই। আমি জানি যে ঐ মালটিপারপাস স্কুলের নামে যেটা চলছে, সিনিয়র বেসিক স্কুলের নামে যা চলছে সে আর বলার না। কাজেই আমি বলব যে এইরকম বিশেষ ধরনের বিদ্যালয়ের ভিতর দিয়ে ঐরকম বিশেষ লোক যেন কোনরকম ক্ষমতা বা রাজনৈতিক স্বার্থসিদ্ধির প্রচেষ্টা শিক্ষাজগতে না করেন। মালটিপারপাস স্কুল সম্বন্ধে আমি বারবার মন্ত্রী মহাশয়কে বলেছি যে মালটিপারপাস স্কুলের কার্যক্রমের পেছনে কোন পরিকল্পনা নেই। আমরা মন্ত্রী মহাশয়কে বারবার বলেছি যে মুদালিয়র কমিশন যেটা বলেছিলেন সেই অনুসারে একটা হাই পাওয়ার কমিটি করা হোক এবং সেই হাই পাওয়ার কমিটি করে একটা পরিকল্পনা করা হাক। কিন্তু তার কিছুই করা হয় নি। এই যে কোটি কোটি টাকা মালটি পারপাস স্কীমের পেছনে খরচ হয়ে যাচ্ছে তার ফলে হচ্ছে কিনা সেই স্কুলগুলোতে যাও লেখাপড়া ছেলেমেয়েদের হত তাও বন্ধ হয়ে যাচ্ছে। ১৯৫৭-৫৮ সালের আপীল পর্যন্ত করবার সুযোগ বিদ্যালয়গুলোর শিক্ষক-শিক্ষিকারা পায় নি। বিদ্যালয়গুলোর যে লাইব্রেরী আছে সেই লাইব্রেরী ব্যবহার করবার সুযোগ তারা পায় নি। অনেক জায়গায় আবার ঘরবাড়ি তৈরি হয় নি। অথচ আমার কাছে খবর পৌঁছে গেছে যে বহু জায়গা থেকে সিমেন্ট পর্যন্ত পায় নি যারা কর্তৃপক্ষ এবং কংগ্রেসের সংগে যারা যুক্ত তাদের বাড়িতে সেসব চলে যাচ্ছে। এই সমস্ত সম্পর্কে তদন্ত করবার কথা মন্ত্রী মহাশয়কে অনেকবার বলেছি এবং তার দৃষ্টি আকর্ষণ করেছি।

Sj. Harendra Nath Mazumder:
স্পেসিফিক কেস দিন।

Sj. Satya Priya Roy:
স্পেসিফিক কেস দিয়েছি, কিন্তু ফল হয় নি। ইরিগেশন সম্পর্কে আমার কিছু বলবার আছে। এবার রিপোর্টে দেখছি যে ময়ুরাক্ষী থেকে বেশি জল দেওয়া যায় নি বলে এখান থেকে আয় কম হয়েছে।

Mr. Chairman: Would you please repeat what you said?

Sj. Satya Priya Roy:
ময়ুরাক্ষী সম্পর্কে রিপোর্টে দেখা যাচ্ছে বা যে স্টেটমেন্ট মুখ্য মন্ত্রীমহাশয় বাজেট উপস্থিত করবার সময় বিধানসভায় দিয়েছিলেন তাতে দেখা যাচ্ছে যে ইরিগেশন স্কীমে আয় কমে গেছে। কারণ ময়ুরাক্ষীর যে ওয়াটার রেট তা সেখান থেকে আয় হয় নি এবং জলও তেমন দেওয়া যায় নি বলে আয় হয় নি। দ্বিতীয়তঃ আমরা বুঝতে পারছি না যে আজকে প্রশ্নোত্তরের মধ্যে পূর্তমন্ত্রী একথা কেন বললেন যে বন্যা সম্পর্কে যে তদন্ত করেছেন তার রিপোর্ট প্রকাশ করবেন না। কিন্তু জনসাধারণ ক্ষতিগ্রস্ত হয়ে জানতে চায় যে কেন বন্যা হ'ল এবং জনসাধারণের পয়সায় যখন তদন্ত হ'ল তখন সরকার কেন এই আশ্বাস দিতে পারছেন না যে এই রিপোর্ট বিধান পরিষদে আলোচনার জন্য দেব। আমরা বুঝি সরকার হয়ত বিবেচনা করে দেখছেন এবং তারপর যে বিধান পরিষদে দেবেন এটা বললে যৌক্তিকতা হ'ত। কিন্তু আদতে সেটা দেবেন কিনা সেটা কেন সরকারের বিবেচনার উপর নির্ভর করবে তা আমরা বুঝতে পারছি না। শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে বক্তব্য যে গতবারে দেখেছিলাম ৭২ হাজার টাকা কিন্তু তার সম্বন্ধে কোন বিবরণী আজ পর্যন্ত মন্ত্রী মহাশয়ের দপ্তর থেকে বেরোয় নি।

দুঃখের কথা যে এই পশ্চিমবাংলায় আগে পঞ্চবার্ষিকী শিক্ষা বিবরণী বেরুত। কিন্তু সেটা আজকাল বন্ধ হয়ে গেছে। আমার সময় সংক্ষেপ তা নাহলে দেখিয়ে দিতাম যে যেখানে মন্ত্রী মহাশয় বলেছেন যে ৬৬ পারসেন্ট ১১ বছর পর্যন্ত বয়সের ছেলেমেয়েদের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ইতিমধ্যে করে ফেলেছেন সেখানে সেটা কতবড় সত্যের বিকৃতি। কারণ তাঁদের যেসমস্ত তথ্য আছে তার ভিতর থেকে পরিষ্কার দেখা যাচ্ছে যে ফ্রি এডুকেশন অব চিলড্রেনএর সংখ্যাটা অত্যন্ত অতিরঞ্জিত করে দেখান হয়েছে।

[11-20—11-30 a.m.]

ফ্রি এডুকেশন অব দি চিলড্রেন অব দি টীচার্সএর মধ্যে মাধ্যমিক শিক্ষকদের জন্য ৪ লক্ষ টাকা এখানে বরাদ্দ আছে। মন্ত্রীমহাশয়রে কাছে—তাঁর সঙ্গে শিক্ষাসচিবও ছিলেন—অভিযোগ করেছিলাম যে বিদ্যালয়ের শিক্ষকদের ছেলেমেয়েরা বিনা পয়সায় পড়বার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। সে সময় শিক্ষাসচিব মহাশয় বলেছিলেন—মন্ত্রীমহাশয়ও নিশ্চয় জানেন সেটা বোর্ড থেকে ব্যবস্থা করা হয় নি—আমাদের কাছে বলেছিলেন—ঠিক করে দেবেন। অথচ কয়েক মাস হয়ে গেল আজ পর্যন্ত কোন ব্যবস্থাই হয় নি।

শিক্ষা দপ্তর থেকে হঠাৎ ঘোষণা করা হ'ল গ্রামে ১৪ বৎসর বয়স্কদের শিক্ষা অবৈতনিক করে দিলেন। রাজ্যপালের ভাষণেও সেটা ছিল। কি হ'ল, কতটা হ'ল, কতগুলি ছাত্রছাত্রী এই অবৈতনিক বিদ্যালয়ের সুযোগ পেলে সে সম্পর্কে শিক্ষা দপ্তর থেকে আজ পর্যন্ত কোন বিবৃতি নাই, এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Dr. Charu Chandra Sanyal: Sir, it is now half past eleven. I do not like to take too much time of the House by inflicting a speech and so I would make no comments.

Sj. Manoranjan Sen Gupta:
মাননীয় সভাপাল মহাশয়, আমি শিক্ষা সম্বন্ধে ২।১টা কথা বলব। এখানে দেখা যাচ্ছে যে আগামী বছরের জন্য এই খাতে ১২ কোটি ৩৮ লক্ষ ৪৮ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এখানে আমি একথা বলতে চাই যে অর্থশাস্ত্রের নিয়ম হচ্ছে ন্যূনতম ব্যয় করে ভাল লাভ করা। এখানে শিক্ষা বিষয়ে ব্যয়ের যে অঙ্ক সেটা মোটামুটি বেশি হলেও এবং তা নিয়ে আত্মপ্রসাদ লাভ করলেও আমরা দেখতে পাই যে, যেসব স্থানে ব্যয় করলে পর উপযুক্ত ফল পাওয়া যায় সেইসব স্থানে ব্যয় না করে এমন জায়গায় ব্যয় করা হচ্ছে যে তাতে শিক্ষার বিশেষ উন্নতি সাধিত হতে পারে না। আমরা জানি যে কি প্রাথমিক বিদ্যালয়ে, কি মাধ্যমিক বিদ্যালয়ে, কি কলেজে ছাত্র সংখ্যা অত্যধিক। এক-একটা ক্লাসে যদি অধিক সংখ্যক ছাত্র থাকে তা হলে পর যতই এম.এ বি.টি, বি.এ বি.টি, পি এইচ, ডি পাশ করা শিক্ষক নিন, কোয়ালিফায়েড শিক্ষক নিন তাতে শিক্ষার উন্নতি সাধিত হতে পারে না। ক্লাসে ছাত্র সংখ্যা কমাতে গেলে অতিরিক্ত যে ক্লাস করার আবশ্যক হবে এবং অতিরিক্ত শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হবে এটা সর্ববাদীসম্মত। এ বিষয়ে কোন দ্বিমত থাকতে পারে না যে প্রতি ক্লাসে ছাত্র সংখ্যা কমানো দরকার। এ বিষয়ে নিয়ম আছে যে একজন শিক্ষক, ২০ জন ছাত্রকে পড়াবেন কিন্তু এ সম্পর্কে কোন ব্যবস্থা করা হয় নি। এদিকে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশরের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি।

আর একটা জিনিস হচ্ছে ইন্সপেকশন, পরিদর্শন যেটা অন্যান্য রাষ্ট্রেও আছে। প্রাথমিক বিদ্যালয়ে পরিদর্শন যাতে প্রতি বছরে একবার করে সুচারুরূপে হতে পারে সে বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখন পরিদর্শনের যে ব্যবস্থা আছে তাতে বছরে একবার করেও হয় না, ২।৩ বছর অন্তর পরিদর্শন হয় এবং পরিদর্শকের অধিকাংশ সময় কেটে যায় অঙ্কের হিসাব প্রভৃতি দেখতে, অ্যাকাডেমিক সাইডের প্রতি কোন দৃষ্টি দেওয়া হয় না। আমি জানি অন্যান্য রাষ্ট্রে ২।৩ বার করে পরিদর্শন হয়, দিল্লীতে আমি জানি ১০।১৫ দিন করে পরিদর্শন কার্য হয়। অধ্যয়নের দিকে যদি ভালভাবে দৃষ্টি দেওয়া না হয় তাহলে

শিক্ষার উন্নতি হতে পারে না। পরিদর্শকদের দিয়ে আবার অন্য কাজ করানো হয়, সেইসব কাজ না করিয়ে পরিদর্শকেরা যাতে নিজেদের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পারেন সেদিকে শিক্ষা মন্ত্রীমহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করছি। বোর্ড অব সেকেন্ডারী এডুকেশনে ইন্সপেকটরদের অতিরিক্ত কার্য করবার ক্ষমতা দেওয়া হয়েছে। পরিদর্শকেরা যদি প্রকৃতপক্ষে পরিদর্শনের কাজ করতে পারেন এবং তাঁরা যদি ফ্রেন্ড, ফিলজফার এবং গাইড হতে পারেন তাহলে শিক্ষার উন্নতি সাধিত হতে পারে। তারপর ট্রেনিং সম্বন্ধে আমি ২।১টা কথা বলব। ট্রেন্ড টীচারদের উপর জোর দেওয়া হয়েছে কিন্তু তাঁদের ট্রেনিংএর উপযুক্ত ব্যবস্থা করা হয় না। বছর বছর কলেজের সংখ্যা বেড়ে যাচ্ছে, ১৷৷ হাজার করে শিক্ষক যদি প্রতি বছর আপনারা ট্রেন করেন তাহলে আমার মনে হয় ২০ বছর লাগবে সমস্ত শিক্ষকদের ট্রেনিং দিতে সেটা অত্যধিক সময়, সে বিষয়ে কোন পরিকল্পনা শিক্ষা মন্ত্রীমহাশয়ের নেই। এ বিষয়ে আমি সেদিন একটা প্রশ্ন করেছিলাম কিন্তু তিনি তার উত্তর দিতে সক্ষম হন নি। এ বিষয়ে বিস্তৃতভাবে চেষ্টা না করে যদি শিক্ষা বিভাগ থেকে বা ইউনিভার্সিটি থেকে এ বিষয়ে একটা ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয় ট্রেন্ড টীচারদের সংখ্যা বাড়তে পারে। তারপরে হচ্ছে, এই এত টাকা খরচ করা হচ্ছে কিন্তু শিক্ষকরা সেই ৫০-৬০ টাকার বেশি বেতন পান না। শিক্ষক এবং ছাত্র এই নিয়ে শিক্ষা কিন্তু শিক্ষকদের বেতন যদি ৫০।৬০ টাকা থাকে তাহলে তাদের দ্বারা কাজ সুচারুরূপে সম্পন্ন হতে পারে না।

আর একটা বিষয়ে আমি শিক্ষা মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে স্টেট মেডিকেল সার্ভিস, মুদালিয়র কমিশন এ বিষয়ে ব্যবস্থা করে দিয়েছেন। ছাত্রই হচ্ছে আমাদের ভবিষ্যৎ অথচ বাংলাদেশের ছাত্রদের স্বাস্থ্য সর্বাপেক্ষা খারাপ। একটা যদি স্টেট মেডিকেল সার্ভিস করে ছাত্রদের স্বাস্থ্য প্রতি বছর পরীক্ষা করা হয় এবং তাদের ঔষধপথ্য ইত্যাদি সেখান থেকে দেওয়া হয় তাহলে তাদের স্বাস্থ্যের উন্নতি হতে পারে। তারপরে ক্যান্টিন করে তাদের একসাম মিলের ব্যবস্থা করা যেটা অন্যান্য জায়গায় হয়েছে সেটা বর্তমানে আমরা আশা করি না কিন্তু অন্ততপক্ষে তাদের যাতে একটু টিফিনের ব্যবস্থা করা যায় সেদিকে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, most of the criticisms have been offered in Bengali and I would therefore like to reply in Bengali.

আমাদের আজকে এখানে শিক্ষা সম্বন্ধে যে সমালোচনা হয়েছে তাতে ভীষ্ম শান্তিপর্বে কি বলেছেন না বলেছেন সেটা উত্থাপন করা হয়েছে। ভীষ্ম শান্তিপর্বে যা বলেছেন সেটাকে আমরা সকলে শ্রদ্ধা করি এবং সেটা যে পরম হিতকর বাক্য সেটাও স্বীকার করি। কিন্তু কোথায় তিনি নিজেকে সার্টিফিকেট দিতে বলেছেন সেটা ঠিক বুঝতে পারলাম না, আর শান্তিপর্বেও সেটা নেই
When bad men associate, we the good men have to combine
এইরকম কথা ভীষ্ম কোথায় বলেছেন?

Sj. Tripurari Chakravarty: On a point of explanation
আমি বলেছি,
I can quote passages from the 'Santi Parba'

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
পক্ষান্তরে সেখানে এমন কথা আছে যে নিজের বিষয়ে নিজেকে সার্টিফিকেট দেওয়া বা অহঙ্কার করা—সেটা একরকম সুইসাইড করা। যাহোক, শিক্ষার বিষয়ে চক্রবর্তী মহাশয় কোন সমালোচনা করেন নি।

[11-30—11-40 a.m.]

তারপর, হালদার মহাশয় যে সমালোচনা করেছেন সেগুলি বিবেচ্য। তিনি বলেছেন প্রাথমিক শিক্ষা সার্বজনীন করতে আমাদেরও কি ৪৮ বৎসর লাগবে? আমি সেদিন বলেছিলাম আমাদের কনস্টিটিউসনএ ১০ বৎসরের যে বিধান রয়েছে সেটা আমাদের কনস্টিটিউসনের যাঁরা প্রণেতা তাঁরা

এটা অত্যধিক আশা ও উৎসাহসহকারেই করেছিলেন। কিন্তু আমাদের দেশের সম্পদ সামর্থ্য আমরা কতটা ব্যয় করতে সক্ষম হব সেটা হিসেব করে বিধান করা হয় নি, নতুবা ইংলন্ডের ম সম্পদশালী দেশের পক্ষে যদি ৪৮ বৎসর লেগে থাকে ১৪ বৎসর বয়স্ক বালকবালিকাদে সার্বজনীন শিক্ষা ব্যবস্থা করতে, তাহলে আমাদের এখানে ১০ বৎসরের মধ্যে হতেই হবে—এ সম্ভবপর বলে মনে করি না। আমাদের ৪৮ বৎসর লাগবেই এমন কথা আমি বলি নি। আমি সেদিন একথা বলেছিলাম যে, প্ল্যানিং কমিশন যে টার্গেট করেছেন, তাতে ১৯৬১ সালের মধ্যে আমাদের শতকরা ৬৩ জনকে অবৈতনিক সার্বজনীন শিক্ষা দিতে হবে। কিন্তু এখানে আমাদে পশ্চিমবঙ্গে এখনই এটা প্রায় ৬৭ পার্সেন্টএ গিয়ে দাঁড়িয়েছে, অর্থাৎ সেকেন্ড ফাইভ ইয় প্ল্যানএর যতদূর অগ্রসর হবার কথা ছিল এখনই সেটা হয়ে গিয়েছে, অর্থাৎ আমরা শতক ৬৭ জনের উপর সার্বজনীন প্রাথমিক শিক্ষা বিস্তার করেছি। আমরা প্রাথমিক শিক্ষা প্রসা পিছিয়ে নেই। প্ল্যানিং কমিশনএর নির্দেশ অনুসারে যতদূর অগ্রসর হওয়া উচিত ছিল তা চেয়ে বেশী অগ্রসর হয়েছি। সত্যপ্রিয়বাবু কোথা থেকে ফিগার সংগ্রহ করেছেন জানি না তিনি সেন্ট্রাল গভর্নমেন্টএর রিপোর্ট দেখলেই বুঝতে পারবেন সেগুলি সত্য কিনা। তা পরের কথা হচ্ছে, হালদার মহাশয়েরই আরেকটি কথা, আমাদের প্রাথমিক শিক্ষায় আইনের ব্যাপারে আমরা ১৯৩০ সালের আইন আঁকড়েই বসে আছি। হালদার মহাশয় জানেন না কংগ্রেস সরকার শাসনভার গ্রহণ করবার পর প্রাথমিক শিক্ষা সার্বজনীন করার জন্য দু'বার ১৯৩০ সালের আইনের সংশোধন করেছেন। সার্বজনীন শিক্ষাপ্রসারের জন্য যেসমস্ত বিধিব্যবস্থা করা দরকার ত সমস্তই করা হয়েছে। আমরা ১৯৩০ সালের আইন নিয়ে বসে নাই। আমরা যা করেছি অ রাজ্যসরকার এ যাবৎ তা করেন নি।

তারপর বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংখ্যা বেড়েছে। হ্যাঁ, ১৯৪৭-৪৮ সালে বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের সংখ্যা যেখানে ছিল ৩৮ হাজার ১৯৫৫-৫৬ সালে সেটা হয়েছে ৮৩ হাজার। ১৯৫ সালে বিশ্ববিদ্যালয় সরকার থেকে সাহায্য পেতেন ৮ লক্ষ ২৬ হাজার, এখন পান ২১ লক্ষ ৫২ হাজার। এটা আইনের বিধানমতে পান, তা ছাড়াও অতিরিক্ত পেয়ে থাকেন। এখানে আমার কাছে একটা রিপোর্ট রয়েছে ১৯৫২ সাল থেকে ১৯৫৪ সাল পর্যন্ত। এই রিপোর্টে ভারত বর্ষের সমস্ত বিশ্ববিদ্যালয়ের আয় কি ব্যয় কি তা দেওয়া আছে ; তাতে দেখছি ১৯৫৩-৫৪ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়কে নন-রেকারিং এবং রেকারিং গ্রান্ট এই দুটো নিয়ে সাহায্য দেওয়া হয়েছিল ৩২ লক্ষ টাকা—বিশ্ববিদ্যালয়ের মোট আয় ৯০ লক্ষ টাকার মধ্যে আমরা দিয়েছিলাম ৩২ লক্ষ কয়েক হাজার টাকা অর্থাৎ প্রায় ৩৬ পার্সেন্ট। কাজেই আমরা চুপ করে বসে নাই। আইনের বিধানমত এই যে ২১ লক্ষ ৫২ হাজার টাকা দেওয়া হয়ে থাকে এটাই যে সম্পূর্ণ সাহায্য তা নয়, তা ছাড়াও অতিরিক্ত দেওয়া হয়ে থাকে। যেমন, বিশ্ববিদ্যালয়ের সায়েন্স কলেজ রিপেয়ার করবার জন্য দেওয়া হয়েছে সাড়ে সাত লক্ষ টাকা।

তারপর, নির্মলবাবুর প্রশ্ন হল ম্যাচিং গ্রান্টএর কি হল? এ সম্বন্ধে জবাব হচ্ছে, মাত্র দুইটি কলেজ সুরেন্দ্রনাথ কলেজ, আর বিদ্যাসাগর কলেজ গ্রান্ট কমিশনএর নির্দেশমত ছাত্র কমাবার স্কীম দিয়েছেন, আর কোন কলেজ দেন নি। আমরা বিশ্ববিদ্যালয়কে লিখেছি আমাদের কাছে যে জ্ঞাতব্য তথ্য সব পাঠিয়ে দেওয়া হোক।

তারপর, নগেন ভট্টাচার্য মহাশয় প্রশ্ন তুলেছেন মিউনিসিপ্যাল এলাকার শিক্ষাব্যবস্থা সরকার এড়িয়ে গেলেন? মোটেই নয়। এখানে এড়াবার প্রশ্নই ওঠে না। এ সম্বন্ধে আইনে আছে মিউনিসিপ্যালিটি যদি কোন স্কীম করে সরকারের কাছে দেন তাহলে তারা অর্ধেক দেবেন, আমরা অর্ধেক দেব। ১৮৮৮ সালের ইংলন্ডের আইনের বিধানেও আছে—
Minister can require the local authorities to submit their scheme
তা মঞ্জুর হলে খরচের অর্ধেকটা স্টেট দেবে আর অর্ধেকটা লোকাল অথরিটি দেবে।

তারপর ক্ষিতীশবাবুর প্রশ্ন হল তাহলে কলেজগুলি কি পড়ে থাকবে? পড়ে থাকবার কোন কারণ নাই। ম্যাচিং গ্রান্টএর নিয়ম অনুসারে তাঁরা যদি ছাত্রসংখ্যা গ্রান্টস কমিশনএর নির্দেশমত হ্রাস করেন ডিফারেন্ট ইউনিটস গঠন করেন তাহলেই হতে পারে। তারপর, সত্যপ্রিয়বাবু বলেছেন এমনি স্কুল ও বেসিক স্কুলে কোন তফাৎ নাই, কেন বেসিক স্কুলের জন্য বাজে খরচ

করা হচ্ছে। বেসিক স্কুলের বিশেষত্ব হল শিক্ষক আবাসিক হবেন। ছাত্রের এবং শিক্ষকের একসঙ্গে এক জায়গায় থেকে হাতের কাজ শিখতে এবং শেখাতে হবে। সেখানে শিক্ষকের হোস্টেল একমোডেশন একান্ত দরকার। অতএব স্কুল এবং শিক্ষকাবাসের জন্য গৃহনির্মাণ ব্যয় আছে। তারপর, তিনি বলেছেন মাল্টিপারপাস স্কুল সম্বন্ধে আমাদের কোন সুস্পষ্ট পরিকল্পনাই নাই। আমাদের মাল্টিপারপাস স্কুল সম্বন্ধে সুস্পষ্ট পরিকল্পনা আছে বলেই ভারত সরকার আমাদের সাহায্য করছেন, নতুবা সাহায্য করতেন না। এই পরিকল্পনা মুদালিয়র কমিশনের সুপারিশের ভিত্তিতেই করা হয়েছে। হয় তিনি জানেন না অথবা জেনেশুনে অসত্য সমালোচনা করছেন। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

[11-40—11-50 a.m.]

Mr. Chairman: Sj. Gopal Halder wanted some clarification.

Sj. Gopal Halder:
আমি জানতে চেয়েছিলাম, যেটা শুধু সমালোচনা বলে মনে করবেন না, আমি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জানতে চেয়েছিলাম।

বিশ্ববিদ্যালয়ের সম্বন্ধে আপনি ১৯৫২, ৫৩, ৫৪, ৫৫ সালের বাজেটএর হিসাব দিয়েছেন। কিন্তু তার পরেও দেখা যায় যে, গত কয়েক বছর ধরে, প্রত্যেকবারই বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ বলছেন যে তাঁদের রেকারিং খরচ যা পড়ছে, সেটা না পেলে, তাঁরা খরচ বহন করতে পারছেন না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
ঠিক কথা। কিন্তু বিশ্ববিদ্যালয়কে আমরা যে টাকা সাহায্য করে থাকি সেটা যদি প্রচুর না হত, তাহলে এবারকার বিশ্ববিদ্যালয়ের সারপ্লাস বাজেট হত না।

Sj. Gopal Halder:
এটাত আপনি নিজে করেন নি। এটা এক্সটারনাল ছাত্রদের ফি দিয়ে বেড়েছে।

Sj. Sasanka Sekhar Sanyal:
মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে বেসিক স্কুল.........

Mr. Chairman: There cannot be any discussion now.

Sj. Sasanka Sekhar Sanyal:
ডিসকাশন নয়, একটা প্রশ্ন জিজ্ঞাসা করতে চাচ্ছি। উনি যে কথা বলেছেন, তাতে প্রশ্ন হিসাবে, কিছু জিজ্ঞাসা করলে যদি অন্যায় বা অপরাধ হয়, তাহলে বলবো না।

Mr. Chairman: Questions cannot come in now.

Sj. Sasanka Sekhar Sanyal:
আমি জানতে চাইছিলাম......

Mr. Chairman: Not now, I thought it was a matter of explanation which Mr. Gopal Halder wanted.

Sj. Sasanka Sekhar Sanyal:
উনি কি জানেন না যে, মাল্টিপারপাস স্কুলএ সাইয়েন্স টিচার পাওয়া যাচ্ছে না?

The Hon'ble Prafulla Chandra Sen:
মাননীয় শশাঙ্ক সান্যাল মহাশয় যে বক্তৃতা দিয়েছেন খাদ্য সম্বন্ধে এবং অন্য অন্য বিষয়ে আমি তখন তার হিসাব দেখছিলাম। আমাদের খাদ্যের অবস্থা বোঝাবার জন্য আমি মাননীয় সান্যাল মহাশয়ের কাছে তথ্য পরিবেশন করবার জন্য—(শ্রীযুক্ত শশাঙ্কশেখর সান্যালঃ আপনি কি তখন ধোপার খাতার হিসাব দেখছিলেন?) আপনি ত খাদ্য সম্বন্ধেই বলেছিলেন, আপনি ধোপার সম্বন্ধে বললে নিশ্চয়ই ধোপার হিসাব দিতাম।

আমাদের পশ্চিম বাংলায় স্বাধীনতার পর লোকসংখ্যা ছিল ২ কোটি ১২ লক্ষ আর আজকে সেই লোকসংখ্যা হয়েছে ৩ কোটি। যখন ২ কোটি ১২ লক্ষ ছিল তখন আমাদের খাদ্যের প্রয়োজন ছিল প্রায় ৩৪ লক্ষ টন। আর যখন ৩ কোটি লোকসংখ্যা হয়েছে তখন খাদ্যের প্রয়োজন হয়েছে ৪৬ লক্ষ টন। আজকে আমাদের এখানে যে ৩২ লক্ষ উদ্বাস্তু এসেছে তাদের জন্য আমাদের খাদ্য লাগে প্রায় ৫ লক্ষ টন। অবশ্য তারা নিজেরা কিছু তৈরী করে, এখানকার আদিম অধিবাসীরাও কিছু তৈরী করে—তবে তার সম্বন্ধে কোন আলাদা তথ্য নেই, তবে মোটামুটি পশ্চিম বাংলার খাদ্য অনেক বেড়েছে। এই সম্পর্কে আর একটা তথ্য দিচ্ছি, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা সবচেয়ে বেশী খাদ্যদ্রব্য, ১৯৫২ সালে পেয়েছিলাম ৬ লক্ষ ৭২ হাজার টন—তার মধ্যে ৫৩২ হাজার টন গম, আর ১ লক্ষ ৪০ হাজার টন চাল। এখন আমাদের এই যে স্বাধীনতার পর খাদ্যশস্য প্রায় ১৪ লক্ষ টন বেশী লাগছে তার মধ্যে অনেক কিছু তৈরী করছি, কিছু শস্য বাড়িয়েছি। গত বছর কেন্দ্রীয় সরকার আমাদের দিয়েছিলেন ৬ লক্ষ ৭৫ হাজার টন, ১৯৫২ সালে দিয়েছিলেন ৬ লক্ষ ৭২ হাজার টন, গত বছর দিয়েছেন ৬ লক্ষ ৭৫ হাজার টন। মাননীয় সান্যাল মহাশয় বলেছেন যে কেন্দ্রীয় সরকার সমস্ত ভার নিতে পারেন। কেন্দ্রীয় সরকার যদি বলেন আমরা ভার নেব, আমরা গম দেব, গত বছর ৫ লক্ষ ৫৫ হাজার টন গম দিয়েছেন, আর ১ লক্ষ ২৫ হাজার টন চাল দিয়েছেন। কেন্দ্রীয় সরকার ত আর দিল্লীতে ধান চাষ করতে পারেন না, তাঁদের বাহিরে থেকে চাল আনতে হবে। তা আনলে পর এই কলিকাতা শহরের ভার আমাদেরই নিতে হবে এবং আমরা কলিকাতার ভদ্রমহিলাদের বার আনা দেব গম, আর চার আনা দেব চাল। তাতে নিশ্চয়ই কলিকাতার অধিবাসীরা বিরূপ হবেন না। কাজেকাজেই কলিকাতার ভার তাঁরা নিন, আর আমাদের উপর ভার দিন—এ ভাবের কোন ভাগাভাগি হয় না। আমাদের যা ঘাটতি পড়বে সেটা সিরিয়েল বা তন্ডুল জাতীয় জিনিসে দেবেন—কতকটা চাল। আর চালের পরিমাণ এবার বেশী নয় ; আগে বার্মা মুলুক থেকেই চাল আসতঃ সেখানে চাল সারপ্লাস হত, কিন্তু সান্যাল মহাশয় জানেন যে এবার সেখানে ভাল বর্ষা হয় নি, শুখা হয়েছে, এই অনাবৃষ্টির দরুণ তাদের সারপ্লাস ৭ লাখ টন হয়েছে ২০ লাখের জায়গায়। কাজেই আজকে আর কোন চাল নাই। কাজেকাজেই আমরা বাংলাদেশে বেশী গম খেতে শেখাচ্ছি। (শ্রীযুক্ত শশাঙ্কশেখর সান্যালঃ তাতে বুদ্ধি কম হয়') কমছে না বরং বুদ্ধি বাড়ছে। মাননীয় সান্যাল মহাশয়ের চেয়ে যাঁরা ইংলন্ডে বাস করেন তাদের বুদ্ধি কম নয়, বা আমেরিকায় যাঁরা থাকেন তাঁদের বুদ্ধিও কম নয়। আইন্‌স্টাইন কখনও ভাত খেয়েছেন বলে জানি না। কাজেকাজেই বুদ্ধির বড়াই না করাই ভাল।

যাহোক আমি যে কথা বলছিলাম—আমরা যে আজকাল কিছু ফসল বাড়িয়েছি তাতে সন্দেহ নেই। আমাদের লোকসংখ্যাও যে অসম্ভবরকম বেড়েছে এ বিষয়েও সন্দেহ নেই। এটা একটা ঠাট্টার কথা নয়, এবং এটা সমালোচনার কথাও নয়, আমাদের সবাইকে বুঝতে হবে যে এই হারে যদি লোকসংখ্যা বাড়ে তাহলে কি হবে? আজ আমাদের অনেকে এখানে হাসপাতালের রোগীর সম্বন্ধে বলেছেন। কিন্তু জানা উচিত যে দেশে ম্যালেরিয়া ও কালাজ্বর নাই, এবং তারজন্য মৃত্যুহার কমতে কমতে ৮তে গিয়ে দাঁড়িয়েছে, এবং জন্মের হার ২২ থেকে ২৪তে গিয়ে দাঁড়িয়েছে। কাজেই লোক মোটের উপর বাড়তেই চলেছে। অতএব এইপ্রকার কুট সমালোচনা কোরে মাননীয় সান্যাল মহাশয়কে ভাবতে হবে—কেবল গভর্ণমেন্টই শুধু ভাববেন না যে এই সমস্যার কি কোরে সমাধান হয়।

[Noise and interruptions]

মাননীয় সান্যাল মহাশয় বড়ই গোলমাল করছেন—

Sj. Sasanka Sekhar Sanyal: You were not here. Don't tell a lie.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order, Sir. He has used the word "lie". It is unparliamentary. He should withdraw it.

Mr. Chairman: Mr. Sanyal, please withdraw the word "lie". It is unparliamentary.

Sj. Sasanka Sekhar Sanyal: I withdraw the expression "lie" because it is unparliamentary. Had it not been so, I would have told it to be a lie.

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের যখন পার্লিয়ামেন্টারি ফোরকাস্ট হয়েছিল তখন এগ্রিকালচার ডিপার্টমেন্ট বলেছিলেন যে ১২ লক্ষ টন ঘাটতি হবেঃ এই ১২ লক্ষ টন ঘাটতি মাথায় রেখে আমরা ভেবেছিলাম এবার একটু কড়াকড়ি করতে হবে, হয়ত রেশনিংও করতে হবে। কিন্তু আমাদের এখন ঘাটতির পরিমাণ কমে কমে দাঁড়িয়েছে ৭ লক্ষ টন। কাজেকাজেই আমরা কর্ডন তুলে দিয়েছি। একজন সদস্য বলেছেন, এবং মাননীয় সান্যাল মহাশয়ও বলেছেন যে এখানে বহু লোক নানারকম অসুবিধা ভোগ করছে। কত অসুবিধা ভোগ করেছে জানি না, কারণ কর্ডনের বাঁধন মাত্র জানুয়ারি মাস পর্যন্ত ছিল, আমাদের দেশের চাষীরা জানুয়ারির মাঝামাঝি থেকে বিক্রী করতে আরম্ভ করে। আমাদের দেশে প্রায় ৩০ লক্ষ চাষী পরিবার আছে, তার মধ্যে প্রায় ১৬ লক্ষ পরিবার হয় সেল্ফ সাফিসিয়েন্ট, নয় সারপ্লাস, তাদের কুলিয়ে যায়, আর বাকী যে ১৪ লক্ষ পরিবার তাদের কুলায় না। কারও ৫ বিঘা কারও ৭ বিঘা, কারও ৮ বিঘা জমি আছে, তা থেকেও কাকেও কাকেও যা ফসল হয় তার কিছু পরিমাণ বিক্রী করতে হয়। আর গ্রামদেশে একটা প্রথা আছে যে তাঁরা আগে যে ধান নেন তা ১০ মণ বাড়িয়ে নিয়ে পরে ধান দিয়েই সেটা শোধ করেন। সেই আমাদের যাদের ধরে রাখবার ক্ষমতা আছে তাঁরা নিশ্চয়ই বেশী দাম চাইবেন। কাজেই আমাদের কৃষকেরা যাঁরা বাধ্য হয়েছিলেন বিক্রী করতে, তারা কেউই ১০ টাকার কম প্রতিমণ পান নি। মাননীয় সদস্যেরা জানেন যে ধান কাটবার সময় ধান একটু ভিজা থাকে এবং তখন যে ধানের ওজন ৪০ সের হয় সেই ধান যখন ফেব্রুয়ারি-মার্চ মাসে বিক্রী হয় তখন ওজন কমে ৩০ সের হয়।

[11-50—12 noon]

আমরা এখন যে নীতি গ্রহণ করেছি তাতে হচ্ছে এই যে আমরা এখন যে কতকগুলি জেলাতে সাতটি জেলাতে—২৪-পরগনা, হুগলি, বীরভূম, বাঁকুড়া, বর্ধমান, মেদিনীপুর এবং পশ্চিম দিনাজপুর—যেসমস্ত ধানকল আছে তাদের উপর আমরা একটা লেভি বসিয়েছি। অর্থাৎ তাদের যা চাল উৎপন্ন হবে তার শতকরা ১৫ ভাগ আমরা নিয়ে নেব। এটা করে আমরা মনে করেছি যে প্রায় দেড় লক্ষ কি পৌণে দুই লক্ষ টন চাল সংগ্রহ করতে পারব। এ ছাড়া কেন্দ্রীয় সরকার বলেছেন যে ১ লক্ষ টন থেকে দেড় লক্ষ টন চাল তাঁরা দিতে পারেন এবং বাকিটা তাঁরা গম দেবেন। গত বছরে তাঁরা আমাদের সাড়ে পাঁচ লক্ষ টন গম দিয়েছেন এবং ১ লক্ষ ২৫ হাজার টন চাল দিয়েছিলেন। আর এ বছরে আমরা মনে করি যে যেটুকু আমাদের ঘাটতি হবে তার সম্পূর্ণ পরিমাণ গম নিশ্চয় এবং কিছুটা পরিমাণে চাল কেন্দ্রীয় সরকার আমাদের দেবেন এবং যদি দেন তাহলে আমাদের কোন ঘাটতি থাকবে না। কাজেকাজেই মাননীয় সান্যাল মহাশয় যে কথা বললেন যে খাদ্যমন্ত্রী মহাশয় বলছেন যে এখন কোন আশংকার কারণ নেই—তাঁকে আমিও বলি যে সত্যি আশংকার কারণ নেই ৭ লক্ষ টন যদি আমরা পাই। গত বছর যদি সাড়ে পাঁচ লক্ষ টন গম আমরা খেতে পারি, তাহলে এ বছরে আমরা ৬ লক্ষ টন গম খেতে পারব এবং এতে এমন কিছু তফাৎ হবে না। তবে সাড়ে পাঁচ লক্ষ টনের জায়গায় যদি আমাদের ৯ লক্ষ কি ১০ লক্ষ টন গম খেতে হত তাহলে অনেক লোকের অসুবিধা হত। এইসব কারণে আমি বলেছিলাম যে আশংকা করবার কিছু কারণ নেই এবং আমাদের খাদ্যসমস্যা যা আছে তার আমরা কোন প্রকারে সমাধান করবই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the remarks and criticisms that have been made on the Bill that I had the honour to present show that my friends have not been able to go through the Budget or even to go through the Vote on Account Bill. I am not surprised at that. I have often wondered why members of the Upper House, the Council, should be asked to give their opinion on a Bill, the contents of which or the details of which have not been discussed by them because that happens to be a

Money Bill, and yet they are to give their opinion with regard to the Appropriation Bill. It seems rather an anomalous position and I am not surprised that the criticisms have been more or less devoid of reality. (Sj. SASANKA SEKHAR SANYAL: That is done according to the Constitution.) Sir, I should not be disturbed in this way. I did not disturb them when they were saying. They have had their time. Therefore the criticisms have been, so to say, off the point. One friend told us that the Congress is losing its hold upon the people. May be he is right but people have their own idea of what the strength of an organisation is. I understand in Bengal the Congress captured 51 per cent. of the votes and today's papers show, in the whole of India, Congress captured more than 47 per cent. of the votes, whereas none of the other parties have gone beyond 8 per cent. I present the figures—I am not here either to support or oppose a particular group. But a person who with the zeal of a convert wants to make capital out of things which have no bearing on reality may do so.

One friend has said that we should talk in Bengali. I think I can express myself in Bengali in a fairly understandable form, but I do prefer to speak in English so long as the Constitution is there as it is now. The question that has been raised about education my friend Rai Harendra Nath Chaudhuri has already replied to. One gentleman said that the coolies and the men in the Medical College Hospitals have to put in 12 hours' duty. He does not know the facts. What I feel mostly about these criticisms is that either they do not see the facts or seeing them they do not want to accept them, or having accepted them, they want to put some other interpretation to these facts. Under these circumstances it is very difficult for us to deal with them. My friend Sj. Nagendra Kumar Bhattacharyya said "you didn't listen to what I said". What am I to listen to if their criticisms have no bearing on facts. Sir, so many books have been circulated; so much information has been given, but people will not see. For instance, I will say to my friend Sj. Nagendra Kumar Bhattacharyya. He is very careful about showing the Budget on co-operation and he said you are not doing justice to co-operation. Why? Because Rs. 45 lakhs was provided for and the revised estimate shows Rs. 32 lakhs. Sir, he does not go beyond that. If he had only seen the whole details of different items under that head—he is a careful lawyer and he prepares his brief carefully when he speaks to the Court—he would have noticed that the item that really did not come up to our expectation is the item on Development, and the reason is quite simple. Since he has raised the issue I may explain that the development project was the project which was under negotiation with the Reserve Bank of India. We hoped that we would get that project through. The project is this that the Reserve Bank of India was prepared to help in the development of Co-operative Banks, both Provincial Banks as well as Central Banks, provided the Provincial Banks paid back their debts which amounted at the present moment to nearly Rs. 48 lakhs. Thus the Provincial Banks are in a very unfortunate position, because before partition they had given money to different parties which have gone to East Bengal. The total amount was nearly rupees one crore 48 or 52 lakhs. We have paid every year to the Provincial Banks a portion of that debt. We have paid up till now Rs. 1,02 lakhs and for the remaining portion of Rs. 48 lakhs the Reserve Bank themselves suggested that we should approach the Government of India for help, because the partition was not due to the fault of the Provincial Banks or of the Provincial Government. The Central Government ought to come to our help and they have recommended very strongly, although we have not been able to get the final word from the Finance Department yet. Similarly with regard to the Central Banks—there are

about 48 Central Banks in different parts of the State—the Reserve Bank thought that they could only give help to the Central Banks through the Government of West Bengal, provided the Central Banks' number was reduced from 48 to 17. The members will be glad to hear that we had a Committee appointed three years ago with my friend Sj. Bimal Chandra Sinha as Chairman and they recommended 48 to be reduced to 24, but the Reserve Bank insisted that every district should have one, and 24-Parganas and Midnapore should have one extra. The position therefore remains this that we have got to convert this 48 into 17 if we are to get the help from the Reserve Bank.

[12—12-7 p.m.]

There is another difficulty, namely, that the Central Banks together have still got to pay about 15 to 16 lakhs. Now, the Reserve Bank say: "we cannot pay to the Central Banks in advance unless this 15 to 16 lakhs have been paid up". Then, again, the Reserve Bank have informed and recommended to the Government of India to pay up these 16 lakhs because most of the Central Banks who have lost money are banks which were on the partition border. This question is before the Government of India at the present moment. The Reserve Bank people came to see me about 20 days' back and they told me that as soon as these two things are settled, namely, that the Bengal Government pays 48 lakhs and the Central Banks pay these 16 lakhs, they may advance money which they want to by way of help. But the difficulty is about the reduction of 48 banks to 17. As you know, each bank has got its own group of Directors, etc., and nobody is prepared to give up his own control over a particular area. This requires negotiation.

My friend, Sj. Nagendra Kumar Bhattacharyya, while finding out what the faults were, complained that no help was being given to the municipalities. Sir, if he turned two or three pages forward in the Red Book, he would have seen that for dearness allowance alone this Government pays to the municipalities 33 lakhs 45 thousand and to the Calcutta Corporation 89 lakhs for dearness allowance. We also pay to the ex-intermediaries 13 lakhs for compensation. Then, we pay for the roads 10 lakhs 72 thousand, for slum clearance 17 lakhs. We have provided in the budget for the water supply scheme in the urban areas and we have provided for this purpose a sum of 40 lakhs. The West Bengal Government have provided for a little over 2 crores 2 lakhs for meeting the needs of the different municipal areas. I believe, Berhampore Municipality gets something more for other items—about 2 to 3 thousand rupees more.

One friend said about the Bankura Hospital. Sir, it is not the number of beds in a hospital—I have said that so many times—which can alone justify the creation of a college in a particular area. I want the members to realise that the conversion of the Campbell Hospital into Sir Nilratan Sarkar Hospital and College alone has up till now cost us 56 lakhs. Remember the Campbell Hospital is an old institution, it has its own building and yet to make it suitable for college purposes, we have already spent 56 lakhs. Therefore, it is not such a simple thing to say "why not have a college by multiplying a certain number of beds in a particular hospital". That is not the point. The point is if you want to make a hospital big enough and suitable for maintaining the students of the college which will be attached to it, you will require large fund.

With regard to Mayurakshi, it is not that the collections have been less because water supply has been less. That is not so. Three and a half lakh acres of land have been irrigated this year by water from Mayurakshi. It is true that we have tried to assess 9 lakhs for the water supplied. We have collected only half that sum. The reason is that the Development Act,

under which we want to assess, is an Act which depends for its rate upon crop-cutting experiment and that requires four years before we can come to a decision.

Sir, my friend Mr. Halim has spoken about police excesses. I do not know why he has done so. I think he got very excited. Sometimes he thinks that there is police excess and sometimes he thinks that the police are doing good work which is helpful to the people as was evident from a letter written to my friend Sj. Kalipada Mookerjee the other day. I think I have said enough. It is already 12 o'clock. I need not say anything more. I would simply say that there will be a proposal later on when the general discussion of the budget will take place some time in June when the different Ministers will put the demands for their departments before the House and the House can discuss various points, and, I think, criticise them. But when you do criticise, may I request all members to face facts. There are plenty of drawbacks and difficulties; nobody denies that. Because it is not perfect, we are trying to make it better and better. If in doing so you lose the true perspective and sense of reality, you really don't get anything; you simply try to repeat some dogmatic phrases which might sound very nice but, as is usually said, they are all sound and fury signifying nothing.

Mr. Chairman: The Bill has been considered. There will be no recommendations.

The motion of Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Appropriation (Vote on Account) Bill 1958, as passed by the West Bengal Legislative Assembly and transmitted to the West Bengal Legislative Council for its recommendations, be taken into consideration, was then put and agreed to.

Mr. Chairman: I will send it back to the other House.

Adjournment.

The Council was then adjourned at 12-7 p.m. till 9-30 a.m. on Tuesday the 11th March, 1958, at the Legislative Building, Calcutta.

Members absent.

Bandopadhyay, Sj. Upendra,
Chakravarti, Dr. Monindra Mohan,
Chatterjee, Sjta. Abha,
Choudhuri, Sj. Annada Prosad,
Das, Sjta. Santi,
Dutt, Sjta. Labanyaprova,
Ghosh Maulik, Sj. Satyendra Chandra,
Maliah, Sj. Pashupati Nath,
Mohammad Jan, Janab Shaikh,
Mookerjee, Sj. Kamala Charan,
Prosad, Sj. R. S.,
Roy, Sj. Surendra Kumar,
Saraogi, Sj. Pannalal, and
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Tuesday, the 11th March, 1958.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta on Tuesday, the 11th March, 1958, at 9-30 a.m., being the ninth day of the Fourteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

QUESTIONS

(to which oral answers were given)

[9-30—9-40 a.m.]

Recognition of Junior High Schools for Girls

11. Sj. Manoranjan Sen Gupta: Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) what is the final authority for recognition of the Class VIII Junior Girls' School:

(*b*) what are the conditions that are to be fulfilled; and

(*c*) what is the appellate authority for hearing appeals against rejection of recognition and delay of Inspection Report.

The Minister for Education (the Hon'ble Rai Harendra Nath Chaudhuri): (*a*) The Director of Public Instruction, West Bengal.

(*b*) The necessary conditions are indicated in the statement laid on the Table.

(*c*) Education Department, Government of West Bengal.

Statement referred to in reply to clause (b) of question No. 11

CONDITIONS FOR RECOGNITION AS A FOUR-CLASS JUNIOR HIGH SCHOOL FOR GIRLS

(1) A minimum roll strength of 80 in class V to VIII including at least 40 in classes VII and VIII.

(2) Fee rates and free places—As prescribed under revised Grant-in-aid Rules for High Schools.

(3) Accommodation (8 rooms)—

four class-rooms, providing at least 8 square feet of floor space per pupil on the sanctioned roll strength for a class.

one room for the accommodation of the Science and Geography Classes.

one room for office-*cum*-library.

one room for Teachers' Common Room.

one room for Headmistress.

(4) Teaching staff—At least five members as follows:—

(*a*) two should be graduates, including one who should preferably be a B.T. and the other must be a Science Graduate.

(*b*) one Matric Kavyatirtha.

(*c*) two I.A. or I.Sc. or Matric Senior-trained.

(5) Managing Committee constituted according to the rules laid down in the Bengal Education Code.

(6) Sanitary conveniences and drinking water—There must be satisfactory arrangements.

(7) Reserve Fund—Rs.1,000 invested in Postal Savings Bank under a separate account, specifically in the name of the fund. (At the initial stage Rs.800 may do.)

Sj. Manoranjan Sengupta:
বর্তমানে বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনএর সংগে জুনিয়ার গার্লস স্কুলএর কোন সম্পর্ক আছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
হাঁ আছে।

Sj. Manoranjan Sengupta:
কি সম্পর্ক আছে বলবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
যেমন অন্যান্য হাই স্কুলএর সম্পর্ক আছে তেমনি।

Sj. Manoranjan Sengupta:
এখানে ফাইন্যাল অথরিটি তো বলছেন এডুকেশন ডিপার্টমেন্ট, গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙগল।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The question is what is the appellate authority for hearing appeals against rejection of recognition and delay of Inspection Report. The answer is Education Department, Government of West Bengal.

Dr. Monindra Mohon Chakraborty:
আপনি বললেন অন্যান্য স্কুলের সংগে যেমন সম্পর্ক আছে তেমনি মাধ্যমিক পর্ষতের সংগে জুনিয়ার গার্লস স্কুলএর সম্পর্ক। আমি জানতে চাচ্ছি তাহলে এই সমস্ত ব্যাপারে ডিপার্টমেন্ট কি করে দায়ী হয়? শেষ পর্যন্ত তার দায়ীত্ব এদের উপর থাকে কেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
কোয়েশ্চেনটা হচ্ছে—
what is the appellate authority for hearing appeals against rejection of recognition and delay of Inspection Report.
দুটি জিনিষ আছে দেখুন—রিকগনিশন আর একটি হচ্ছে ডিলে অব ইন্সপেকশন রিপোর্ট। যেখানে ডিলে ইন সার্বমিটিং ইন্সপেকশন রিপোর্ট হয়, সেখানে এ কেস শুনবেন ডিপার্টমেন্ট তো বটেই।

Sj. Satya Priya Roy:
জুনিয়ার হাই স্কুলগুলিকে সাহায্য দেবার অধিকার বা কর্তৃত্ব কার আছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
সাহায্য দেবার জন্য যে সকল কন্ডিশনস তা স্যাটিসফাই করলেই পায়।

Sj. Satya Priya Roy:
প্রশ্নটা হচ্ছে, মধ্যশিক্ষা পর্ষৎ না শিক্ষা বিভাগ দেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
গ্র্যান্টস রেকমেন্ড করা হয় শিক্ষা বিভাগ থেকে।

Sj. Satya Priya Roy:
কিন্তু, স্যার, এটা কি ঠিক নয় যে, বোর্ড অব সেকেন্ডারী এডুকেশন, ওয়েস্ট বেঙ্গলএর পক্ষ থেকে গ্র্যান্ট দেওয়া হয়ে থাকে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
গ্র্যান্ট রেকমেন্ড বা পাশ করা হয় ডিপার্টমেন্ট থেকে এবং গ্রান্ট দেওয়া হয় পর্ষতের পক্ষে।

Dr. Monindra Mohon Chakraborty:
শেষ সুপারিশ কে করেন, সিদ্ধান্ত কে করেন?

The Hon'ble Rai Harendra Nath Choudhuri:
জুনিয়ার স্কুলগুলি লাম্প গ্র্যান্ট পেয়ে থাকে, সেগুলি নির্ভর করে ইন্সপেকশন রিপোর্টএর উপর। কন্ডিশন যদি স্যাটিসফাই করে তা হ'লে গ্র্যান্ট দেওয়া হয়, তা না হ'লে দেওয়া হয় না।

Sj. Satya Priya Roy:
প্রশ্ন করছি—সাহায্য দেবার সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত করবার অধিকার শিক্ষা বিভাগের না মধ্যশিক্ষা পর্ষতের?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
গ্র্যান্ট সম্পর্কে ফাইন্যাল ডিসিশন পর্ষৎ দিয়ে থাকে, তবে কোন স্কুল কন্ডিশনস স্যাটিসফাই করল কি না সেটা ইন্সপেকশন রিপোর্টএর উপর নির্ভর করে।

Sj. Satya Priya Roy:
জুনিয়ার স্কুলগুলিকে এই যে লাম্প গ্রান্ট দেওয়া হয় তা দু রকমের, দু ক্লাসের এবং চার ক্লাসের, কোন স্কুলকে কি রকম সাহায্য দেওয়া হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
নোটিস চাই।

Sj. Satya Priya Roy:
মন্ত্রী মহাশয়, এখানে বলেছেন জুনিয়ার হাই স্কুলগুলির রিকগনিশন দেয় ডি-পি-আই বা ডিপার্টমেন্ট। কিন্তু সেকেন্ডারী এডুকেশন অ্যাক্ট বলছে—সেকেন্ডারী এডুকেশন সম্পর্কে গ্র্যান্টএর কর্তৃত্ব মধ্যশিক্ষা পর্ষতের উপর ন্যস্ত থাকবে, এই আইন যতদিন বলবৎ থাকবে। এই আইন এখনও বলবৎ আছে। তা সত্ত্বেও শিক্ষা বিভাগের কাছে এই রিকগনিশন দেবার বা অভিজ্ঞা দেবার ক্ষমতা বর্তাল কি করে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
কথাটা হচ্ছে, জুনিয়র হাই স্কুল সম্বন্ধে। রিকগনিশনের শর্ত পালন করলে রিকগনিশন দেন ডিরেক্টর অব পাবলিক ইন্সট্রাকশন। উচ্চ ইংরাজী বিদ্যালয়ের রিকগনিশন দেন মধ্যশিক্ষা পর্ষৎ।

Sj. Satya Priya Roy:
আমার প্রশ্ন হচ্ছে, মধ্যশিক্ষা যে আইন ১৯৫০ সালের, এখন যেটা বলবৎ আছে, সেই আইনানুযায়ী মধ্যশিক্ষা সম্পূর্ণভাবে মধ্যশিক্ষা পর্ষতের নিয়ন্ত্রণাধীনে আছে। সেই অবস্থাতে জুনিয়র হাই স্কুলগুলি যদি মধ্যশিক্ষা অনুসারে এসে থাকে, তাহলে কোন্ আইনের বলে মধ্যশিক্ষা পর্ষতে এই অভিজ্ঞা দেওয়ার অধিকার না বর্তিয়ে ডিপার্টমেন্ট, শিক্ষা বিভাগের কাছে এই অধিকার বর্তালো মন্ত্রিমহাশয় সেটা বলবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
তার কারণ হচ্ছে, যে আইন ছিল সেই আইন এখন নেই—তাতে ছিল রিকগনিশন কমিটি গ্রান্টস কমিটি, সমস্ত কমিটি ছিল। সেই কমিটিগুলি বর্তমানে নেই, এখন অ্যাডমিনিস্ট্রেটর আছেন.
and there is one man Board:

Sj. Satya Priya Roy:
সেই আইন নেই মানে কি, রিপিলড্ হয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
নিশ্চয়ই রিপিলড হয়েছে বাই দি অ্যাক্ট অব ১৯৫৪।

Sj. Satya Priya Roy:
যে এ্যামেন্ডমেন্ট অ্যাক্ট হয়েছে তাতে মধ্যশিক্ষা পর্ষতের সমস্ত ক্ষমতাগুলি কি মধ্যশিক্ষা পর্ষতের অ্যাডমিনিস্ট্রেটরএর হাতে ন্যস্ত করা হয়েছে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
হ্যাঁ, হয়েছে।

Sj. Satya Priya Roy:
হলে পর মধ্যশিক্ষা পর্ষতের অ্যাডমিনিস্ট্রেটরের হাতে এই জুনিয়র হাই স্কুলগুলির অভিজ্ঞা বা রেকগনিশন দেবার ক্ষমতা ন্যস্ত করা উচিত; কিন্তু শিক্ষা বিভাগ কোন্ আইনানুযায়ী এই জুনিয়ার হাই স্কুলগুলির রেকগনিশন এখন দিচ্ছেন মন্ত্রিমহাশয় সেকথা বলবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
আমি বলেছি তো জুনিয়র হাই স্কুলগুলির রিকগনিশন ডিপার্টমেন্ট দিয়ে থাকেন।

Sj. Satya Priya Roy:
কোন আইনের বলে ডিপার্টমেন্ট দিয়ে থাকেন সেটা বলবেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
আপনারা যে আইনের কল্পনা করছেন সেই ১৯৫০ সালের আইন এখন নেই।

Dr. Monindra Mohan Chakraborty:
মন্ত্রিমহাশয় স্ববিরোধী উক্তি করছেন। আইনের বলে মধ্যশিক্ষা পর্ষতের সমস্ত অধিকার অ্যাডমিনিস্ট্রেটরের হাতে দেওয়া হয়েছে—অর্থাৎ সমস্ত ক্ষমতা পর্ষতের যে অধিকর্তা তাঁর হাতে ন্যস্ত হয়েছে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
বোর্ড যে অধিকার আগে পরিচালনা করতেন সেটা পরে ডেলিগেট করে দিয়েছেন এডুকেশন ডিপার্টমেন্টে।

Sj. Satya Priya Roy:
সেটা করা হয়েছে কোন্ আইন বা সার্কুলারের দ্বারা সেটা মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
বোর্ডের পক্ষ থেকে ডেলিগেট করেছিলেন বাই এ রিজলিউশন।

Dr. Monindra Mohan Chakraborty:
অ্যাডমিনিস্ট্রেটর ডেলিগেট করে দিয়েছেন ডিউ নোটিশে?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
হ্যাঁ, অ্যাডমিনিস্ট্রেটর ডেলিগেট করে দিয়েছেন, কি তার পূর্বে বোর্ড ডেলিগেট করেছিলেন সেটা যদি সঠিক জানতে চান তাহলে নোটিশ দিলে উত্তর দেব।

Sj. Manoranjan Sengupta:
এতে কন্ডিশনে দেওয়া আছে যে টিচিং স্টাফে ৫ জন মেম্বর থাকবে, তার মধ্যে two should be graduates including one who should preferably be a B.T. and the other must be a Science Graduate.

কিন্তু গ্র্যান্টস ইন এড রুলসএ দেখতে পাচ্ছি সেখানে বলা হচ্ছে ফোর-ক্লাস জুনিয়ার হাই স্কুলে ৫ জন শিক্ষক থাকবেন—একজন গ্রাজুয়েট, ২ জন আই-এ, আর দুজনের ওয়ান ম্যাট্রিক অ্যান্ড ওয়ান ক্লাসিক্যাল টীচার—বোর্ডের যা কন্ডিশন রিকগনিশনের আর এই গ্র্যান্টের যা কন্ডিশন এই দুটো পৃথক কেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
রিকগনিশনের যা শর্ত তা দেওয়া হয়েছে। তা ছাড়া জুনিয়র হাই স্কুলের গ্রান্ট সম্বন্ধে বলেছি, গ্র্যান্টের কন্ডিশনসগুলি স্যাটিসফাই করলে রিকগনাইজড স্কুল গ্র্যান্ট পেয়ে থাকে। এবং জুনিয়র হাই স্কুলগুলি নির্দিষ্ট টাকা (লাম্প গ্র্যান্ট) পেয়ে থাকে। আর একটা সংবাদ পেয়েছি এর আগে আপনারা প্রশ্ন করেছিলেন যে কিভাবে ডেলিগেশন হ'ল? আগেকার বোর্ড ১৯৫০ সালের আইনানুসারে কাজ করছিল, বোর্ড রেজলিউশন করে ডেলিগেট করেছিলেন।

[9-40—9-50 a.m.]

Sj. Satya Priya Roy:
মন্ত্রিমহাশয় বলবেন কি, বোর্ডের আইনানুযায়ী তাঁর হাতে যে ক্ষমতা ন্যস্ত করা হয়েছিল সেটা আরেকটা প্রস্তাবের মধ্যে দিয়ে অন্য কোন কর্মীকে হস্তান্তরিত করতে পারেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
নিশ্চয়ই পারেন।

Sj. Satya Priya Roy:
১৯৫০ সালের আইনানুসারে পাওয়ার ডেলিগেট করতে পারেন, কিন্তু রিডেলিগেট করবার ক্ষমতা দেওয়া হয় নি.........

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
আইন না থাকতে পারে, রুল থাকতে পারে।

Sj. Satya Priya Roy:
আমার প্রশ্ন হল, দ্বিতীয় শ্রেণীর জুনিয়র হাই স্কুলকে বাৎসরিক কত লাম্প গ্র্যান্ট দেওয়া হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, does the question arise out of this?
নোটিস দিলে বলতে পারব।

Sj. Satya Priya Roy:
জুনিয়র হাই স্কুলে ডেফিসিট গ্র্যান্ট দেওয়া হয় না কেন সেটা জানেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
লাম্প গ্র্যান্ট দেওয়াই নিয়ম।

Sj. Satya Priya Roy:
ডেফিসিট বেসিসএ যে গ্র্যান্ট দেওয়া হয় সেটা কি শুধু জুনিয়র হাই স্কুলকে দেওয়া হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
হাই স্কুলকে ডেফিসিট বেসিসএ গ্র্যান্ট দেওয়া হয়, জুনিয়র স্কুলকে লাম্প গ্র্যান্ট দেওয়া হয়।

Sj. Satya Priya Roy:
লাম্প গ্র্যান্ট ছাড়া জুনিয়র হাই স্কুলের টিচারদের জন্য পে-স্কেল প্রবর্তন করার সম্ভাবনা আছে কি?

Mr. Chairman: You are bringing in a new question.

Sj. Satya Priya Roy: No, Sir, I am just trying to make the question intelligible to the Minister.

Mr. Chairman: Put a specific question please.

Sj. Satya Priya Roy:
একই বেতনের হার প্রবর্তনের আশ্বাস দিয়েছিলেন—এখন ডেফিসিট গ্র্যান্টএর ব্যবস্থা করবেন বলে ভাবছেন কিনা সেটা জানতে চাই।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
সম্ভব হলে দেখা যাবে।

Sj. Manoranjan Sengupta:
৩ নং প্রশ্নের উত্তরে বলেছেন,

Accommodation (8 rooms)—Four class rooms, one room for accommodation of Science and Geography classes, one room for office-*cum*-library, one room for Teachers' Common Room and one room for Headmistress.

এ সম্বন্ধে কোন সার্কুলার আছে কি যার বলে এই ঘরগুলি নির্দিষ্ট করে রাখবেন?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
আছে।

Sj. Manoranjan Sengupta:
নম্বর এবং ডেট বলতে পারেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
নোটিস দিলে বলতে পারব।

Proposal for recruitment of Sub-Magistrates and Sub-Collectors from practising lawyers

12. Sj. Nagendra Kumar Bhattacharyya: Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state—

(*a*) whether the Government have any scheme to recruit Sub-Magistrates and Sub-Collectors from the practising lawyers; and
(*b*) if so, what is the scheme?

The Chief Minister and Minister for Home (the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, it is very difficult to put a question in the absence of the Judicial Minister because I have got a question which might be addressed to the Judicial Minister. May I know, Sir, what is the position? I have a right to put a supplementary question.

Mr. Chairman: You can put the question and the Chief Minister will take note of that if the Judicial Minister is not present.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Judicial Minister, who is not present......

Mr. Chairman: Dr. Roy has answered.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Judicial Minister, or in the alternative, the Minister concerned......

Mr. Chairman: How does the Judicial Minister come into the picture

Sj. Sasanka Sekhar Sanyal: Because it relates to a question of the Judicial Department.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: What is the question?

Sj. Sasanka Sekhar Sanyal: I am putting the question by and by. In view of the separation of the Judiciary and the Executive as promised and promulgated by the Hon'ble Judicial Minister, I want to put a question, whoever may answer it, whether the policy which was adopted previously in the matter of recruitment of Sub-Magistrates and Sub-Collectors from lawyers, whether that policy has been dropped.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We have answered the question that Government have no such scheme at present; but in future what may happen, I cannot say.

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state whether the Government has found that lawyers are not eligible for recruitment as Sub-Magistrates?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: This is a matter of opinion. You have not asked to give an opinion. Here a question has been asked whether we have any such scheme; I said, "No". It is no use speculating.

Sj. Sasanka Sekhar Sanyal: It is not a question of speculation. We want to know what is the Government's view in the matter. As a matter of fact, lawyers have been recruited in the past. The question is simple, whether the Government want to discontinue that policy, or not.

Mr. Chairman: That has already been answered.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করেন যে, ব্যবহারজীবীদের সাব-ম্যাজিস্ট্রেট এবং সাব-কালেক্টর হিসাবে নিয়োগ করলে কাজ ভাল হবে না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have already said there is no scheme.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
এ সম্বন্ধে কি কোন স্কীমই নাই?

Sj. Manoranjan Sengupta:
সাব-রেজিস্ট্রার থেকে সাব-ম্যাজিস্ট্রেট এবং সাব-কালেক্টর অ্যাপয়েন্ট করবার কোন ব্যবস্থা আছে কি?

Mr. Chairman: That does not arise. Next question.

Starvation deaths in Purulia district

13. (Short Notice.) **Sj. Naren Das:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state whether it is a fact that death took place in the district of Purulia of the following persons due to starvation on the dates mentioned against each of them:—

(1) Chakradhar Manjhi of village Kanapara, police-station Pooncha, on 27th August, 1957;

(2) Banamali Bauri of village Jitboori, police-station Manbazar, on 10th September 1957;

(3) Sarala Sardarin of village Sagen, police-station Manbazar, on 10th September, 1957;

(4) Daughter of Kalla Mahatani, of village Chepua, police-station Manbazar, on 19th September, 1957;

(5) Son of Rupa Garai, of village Sindri, police-station Barabazar, on 3rd October, 1957;

(6) Rupa Garai of village Sindri, police-station Barabazar, on 16th October, 1957;

(7) Phunu Garai of village Sindri, police-station Barabazar, on 25th October, 1957; and

(8) Haribul Bhumij of village Moondali, police-station Arsha, on 30th June, 1957?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps were taken for their relief?

The Minister for Food, Relief and Supplies (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Naren Das:
দয়া করে বলবেন কি, কি পদ্ধতিতে এই অনুসন্ধান করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
পুরুলিয়ার ডেপুটি কমিশনার অনুসন্ধান করেছেন।

Sj. Naren Das:
তিনি কোন মেডিকেল রিপোর্ট পেয়েছেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:
মেডিকেল রিপোর্টএর প্রশ্ন উঠতে পারে না।

Sj. Naren Das:
ডেথ সার্টিফিকেট সরকারের কাছে আছে কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:
বলতে পারি না।

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to state whether Government have ascertained the causes of death of these persons mentioned?

The Hon'ble Prafulla Chandra Sen: Due to illness.

Sj. Sasanka Sekhar Sanyal: Or malnutrition.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: All deaths are due to malnutrition in the last instance.

Sj. Sasanka Sekhar Sanyal: And also, all deaths are due to heart failure.

[9-50—10 a.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya:
মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, এই অনাহার মৃত্যু সম্বন্ধে অনুসন্ধান করেছেন এবং যেসমস্ত রিপোর্ট উনি পেয়েছেন ডেপুটি কমিশনারের কাছ থেকে এই মৃত্যু সম্বন্ধে, সেই বিবরণীগুলি কি এই বিধান পরিষদে উপস্থাপিত করবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমি মনে করি না যে তার কোন প্রয়োজন আছে।

Sj. Sasanka Sekhar Sanyal: Will the Hon'ble Minister be pleased to consider the desirability of having the matter of these cases of death enquired into by the members of the District Board, Purulia?

The Hon'ble Prafulla Chandra Sen: I do not think it necessary.

Sj. Sasanka Sekhar Sanyal: Why does he think so?

The Hon'ble Prafulla Chandra Sen: I do not think it necessary.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, শ্রীযুক্তা লাবণ্যপ্রভা ঘোষ প্রমুখ নেতৃবৃন্দ বলেছেন এইসমস্ত মৃত্যু ঘটেছে অনাহারের দরুন।

The Hon'ble Prafulla Chandra Sen:
আমার জানা নেই।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, যে সময় খাদ্য কমিটির সভা হয়, সেই সভায় শ্রীযুক্তা লাবণ্যপ্রভা ঘোষ মহাশয়া ও অন্যান্য নেতৃবৃন্দ সেই কথা বলেছিলেন এবং আপনিও সেখানে উপস্থিত ছিলেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
সেকথা এখানে উত্থাপন করবার কোন কারণ নেই।

Sj. Naren Das:
এই বিধান মণ্ডলীর সদস্যদের নিয়ে কোন অনুসন্ধান কমিটি করতে রাজী আছেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:
না।

Sj. Naren Das:
এই যে যাদের স্টার্ভেশন ডেথ হয়েছে তাদের পরিবারদের জন্য কোন সাহায্যের বন্দোবস্ত হয়েছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
নোটিস চাই।

Reply by the Governor of West Bengal to the Address presented to her by the Council

Mr. Chairman: Honourable members, I have to read the reply by Her Excellency the Governor of West Bengal to the address presented to her by the Council, which is addressed to the members of this House. It runs thus:—

"RAJ BHAVAN,
CALCUTTA,
The 1st March, 1958

MEMBERS OF THE LEGISLATIVE COUNCIL,

I have received with great satisfaction the respectful expression of your thanks for the speech with which I have opened the present session of the Legislature.

PADMAJA NAIDU,
Governor of West Bengal."

Message

Secretary (Sj. A. R. Mukherjea): The following message has been received from the West Bengal Legislative Assembly, namely:—

"MESSAGE

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly, at its meeting held on the 3rd March, 1958, has been duly signed and certified as a Money Bill by me and is transmitted herewith to the West Bengal Legislative Council under Article 198, clause (2) of the Constitution of India.

S. BANERJI,
Speaker,
West Bengal Legislative Assembly."

Fixing up a non-official day

Sj. Nirmal Chandra Bhattacharyya:
সভাপাল মহাশয়, আমি কয়েকটি গুরুতর প্রশ্ন আপনার কাছে উত্থাপন করছি, আশা করি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় এর সদুত্তর দেবেন।

প্রথমত, আমাদের বিধান পরিষদের বিরোধীপক্ষের যাঁরা সদস্য, তাঁরা অনেকে কতকগুলি প্রস্তাব দিয়েছেন। সেই প্রস্তাবগুলি কবে আলোচনা হবে আমি জানতে চাই।

দ্বিতীয় কথা হ'ল, তাঁদের ভিতর থেকে তিন জনে তিনটা বিলের নোটিস দিয়েছেন। সুতরাং এখান থেকে আমরা দাবী করছি আমাদের একটা বে-সরকারী দিন বা নন-অফিসিয়াল ডে ঠিক করে দেওয়া হোক।

আমার তৃতীয় কথা হচ্ছে অর্থমন্ত্রী ও মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের বলেছিলেন বিধান পরিষদের প্রতিনিধিরা পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে বসবার অধিকার পাবেন। আপনি জানেন রাজ্যসভায় যাঁরা প্রতিনিধি রয়েছেন তাঁদের ভিতর থেকে কিছু সংখ্যক লোক কেন্দ্রীয় পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে রয়েছেন, সেই সূত্রেতে আমরা আগে দাবী করেছিলাম যে আমাদের বিধান সভার পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে থাকা উচিত। এ বিষয়ে মুখ্যমন্ত্রী মহাশয় বিবেচনা করবেন বলে আমাদের আশ্বাস দিয়েছিলেন। তিনি গত তিন বছর ধরে এটা বিবেচনা করছেন, এখন আর কত দিনে এই বিষয়ে স্থির সিদ্ধান্তে উপনীত হতে পারবেন, সেটা আমরা জানতে চাই।

এই তিনটি প্রশ্ন এখন আমি তুলছি। এই প্রশ্নগুলির উত্তর পেলে, আপনার অনুমতিক্রমে আর একটা প্রশ্ন পরে তুলব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have not seen any such resolution but I shall look into it and fix up a date.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
তিনি কি আমাদের আশ্বাস দিচ্ছেন যে আমাদের একটা বে-সরকারী দিন দেওয়া হবে? এটা আমরা জানতে চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
কাজ যদি থাকে তো দেওয়া হবে।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
তা ছাড়া পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে বিধান পরিষদের প্রতিনিধি নিয়োগ করবার যে আশ্বাস দিয়েছিলেন, তার কি হ'ল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
যেদিন থেকে আপনি বলেছেন, তারপর পাবলিক অ্যাকাউন্টস কমিটির কোন ইলেকশন এখনও হয় নি; হলে দেখা যাবে।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
আপনি কি এ বিষয়ে চিন্তা করছেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
এতে চিন্তার কিছু নেই। পরে দেখা যাবে।

Enquiry about resignation of the Judicial Minister

Sj. Nirmal Chandra Bhattacharyya:
আর একটা বিষয়ে জনমত অত্যন্ত বিক্ষুব্ধ হয়েছে। সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, আমাদের জুডিশিয়াল মিনিস্টার, আইন বিভাগের মন্ত্রী শ্রীযুত সিদ্ধার্থ রায় পদত্যাগ করেছেন। এ বিষয়ে জনমত বিক্ষুব্ধ হয়েছে ব'লে আমি মাননীয় প্রধানমন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, তিনি এ সম্বন্ধে একটা বিবৃতি দিন।

Mr. Chairman: The Chief Minister has taken note of it.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আমার কিছু বলবার নেই।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
মন্ত্রিমহাশয় এ বিষয় যদি নীরব থাকেন, তা হ'লে তিনি তাঁর কর্তব্য সম্পাদন করছেন না ব'লেই আমরা মনে করব।

Sj. Sasanka Sekhar Sanyal: Certainly it is open to the Hon'ble Chief Minister either to reply or not to reply to this question. But there is a practical aspect. A legislative measure is going to be discussed today, and in this connection we desire that the Minister for Judiciary should be present.

Sj. Nirmal Chandra Bhattacharyya:
তা হ'লে আমরা কি বুঝব যে, এ বিষয়েতে মন্ত্রিমণ্ডলী কোন বিবরণী দিতে চান না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আপনার যা খুশি তাই বুঝতে পারেন, আমার বলবার কিছু নেই।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
আমার বলবার উদ্দেশ্য হচ্ছে—সভাপাল মহাশয়—আমার আর একটিমাত্র কথা আছে, যাকে ইংরেজীতে বলে, ওনলি ওয়ান সেন্টেন্স। তা হচ্ছে এই.........

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
অনেকগুলো কথা তো বলেছেন।

Sj. Nirmal Chandra Bhattacharyya:
যদি উনি একটা বিবৃতি দিতেন তা হ'লে আমাদের এদিক থেকে একটা অনাস্থাজ্ঞাপক প্রস্তাব উত্থাপিত করবার ইচ্ছা ছিল। সেইজন্য এটা খুব প্রয়োজনীয় ব'লে আমি মনে করি।

Supplementary Estimate for 1957-58

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to present the Supplementary Estimate for the year 1957-58.

Sir, under the provisions of Article 205 of the Constitution a Statement of the Supplementary Estimates of expenditure for the year 1957-58 is placed before the House. The total amount covered by the present supplementary estimate is Rs. 15,21,77,701 of which the voted items account for

Rs. 13,42,42,301 and the charged items for Rs. 1,79,35,400. Of the voted items the largest demand is under the head "80—A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project". The additional demand under this head is for Rs. 4,63,75,000 which is necessary for payment of this Government's share of the expenditure on account of the project. The next highest demand is for Rs. 4,23,17,000 under the head "85A—Capital Outlay on State Schemes of Government Trading". This is necessary for large scale procurement of foodgrains for distribution through fair price shops in Calcutta and modified ration shops in districts. The next demand is for Rs. 1,09,88,000 under the head "37—Education". This is mainly for Centrally sponsored schemes outside the State Plan and also on account of larger provision for certain schemes in the State Plan. The additional demand of Rs. 86,96,000 under "Famine" is necessary for meeting the cost of large-scale relief operations due to natural calamities. The additional demand of Rs. 44,04,000 under "Police" is required mainly on account of payment of dearness allowance at an enhanced rate. This demand also includes charges on account of Village Police in transferred territories and arrear charges on account of arms and ammunition. The additional demand of Rs. 41,00,000 under the head "Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" is on account of enhanced cost of acquisition of land in connection with the Mayurakshi Reservoir Project. The additional demand of Rs. 35,06,000 under the head "Other Revenue Expenditure financed from ordinary revenues" is mainly on account of maintenance and repairs of ex-Zemindary embankments and special repairs to other flood damaged embankments. The reasons for excess demands in respect of other heads have been clearly indicated in the booklet "Supplementary Estimate" presented to the House.

With these words, Sir, I present the Estimates for the Supplementary Budget for the year 1957-58.

Budget Estimates for the Damodar Valley Corporation for the year 1958-59

The Hon'ble Ajoy Kumar Mukherji: Sir, I beg to lay before the Council the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1958-59.

GOVERNMENT BILL

[10—10-10 a.m.]

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly and transmitted to the Council for its recommendations, be taken into consideration.

Sir, this Bill is mainly for the purpose of amending the West Bengal Sales Tax Act of 1954. This Act, as members are probably aware, was for the purpose of introducing a scheme of taxation at the source as far as possible. At the present moment the following items are under the operation of this Act, viz., Vanaspati, soap, biscuits, pepper, tapioca globules, drugs, medicines, surgical dressings, etc. Besides these, there are two items which form the subject-matter of the present Bill. At the meeting of the National Development Council held in December, 1956, an agreement was reached between the Government of India and the State Governments that additional duties of excise would be levied on mill-made textiles, sugar and tobacco (whether manufactured or not) in replacement

of State sales taxes thereon and that the proceeds of the additional duties of excise would be distributed among the States on the basis of consumption subject to the condition that the amount derived by each State from the levy of sales tax on textiles, tobacco and sugar should be guaranteed. The question of distribution of the proceeds of the additional duties of excise, if levied, was subsequently referred by the Government of India to the Finance Commission. The Commission estimated the amount of revenue which was derived by each State and recommended that out of the proceeds of the additional duties of excise each State should get the amount so estimated and the balance, if any, should be distributed amongst the States on a mixed basis of population and consumption. At the last Finance Ministers' Conference it was agreed to accept the recommendations of the Finance Commission. To implement their part of the agreement, the Government of India enacted the Additional Duties of Excise (Goods of Special Importance) Act, 1957, to levy additional excise duties on these commodities with effect from the 14th December, 1957, and to distribute the proceeds thereof among those States which did not levy any sales tax on these commodities after the 31st March, 1958. Therefore, the position is that the Government of India has already passed an Act called the Additional Duties of Excise (Goods of Special Importance) Act, 1957, according to which from the 14th of December, 1957, they have been levying additional excise duties on textiles, sugar and tobacco and the Act further states that if any State levied a sales tax after the 31st March, 1958, it will not get any share of the tax as provided for by the Finance Commission. In this State sales tax on sugar and cigarettes was being levied under the West Bengal Sales Tax Act, 1954, and sales tax on textiles and tobacco, other than cigarettes, was being levied under the Bengal Finance (Sales Tax) Act, 1941. To implement our part of the agreement, textiles and tobacco, other than cigarettes, were exempted from sales tax by framing appropriate rules under the Bengal Finance (Sales Tax) Act, 1941. For exempting cigarettes and sugar from sales tax it was necessary to amend the West Bengal Sales Tax Act, 1954, and this amendment is now before the House. An Ordinance was promulgated to give effect to the agreement arrived at in the Finance Ministers' Conference and according to the direction of the Finance Commission the purpose of the present Bill is to continue the provisions of the Ordinance. The provision is that according to the West Bengal Sales Tax Act of 1954, we levy duties at the rate of 3 per cent. at source instead of 4.6 per cent. which we ordinarily levy for all other goods according to the Sales Tax Act of 1941.

Now, if this particular scheme is not accepted, what will happen? The dealers in sugar, in cigarettes will have to pay sales tax here and 3 per cent. excise duty to the Government of India according to their own Act. The consumers will thus have to pay twice over on the same goods. Therefore, our duty was to place before the House this amendment to the Bengal Sales Tax which is an amendment to the Act of 1954.

Mr. Chairman: Mr. Sanyal, there has been a printing mistake in your second amendment. It should be, I think, "referred to a Committee of the whole House with instructions to submit their report" or something like that, by the 31st March, 1958. The necessary correction may be made.

Sj. Sasanka Sekhar Sanyal: Sir, I move my first amendment. I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion by the 31st March, 1958.

Mr. Chairman, Sir, I have heard the Hon'ble Finance Minister, and I also read in the papers the speech that he made in defence of this measure on the floor of the other House. Sir, it seems that in discussing this measure, we are sandwitched between very clever and crooked revenue grabbing on the part of the Union Government and unavoidable helplessness on the part of the State Government. I feel sympathy with the Hon'ble Finance Minister when he says that if this Bill is not passed there will be surplus taxation on the consumer, and therefore we have got to pass it in the interest of the large number of consumers. But do you accept this position that we must convert ourselves into an agreed rubber stamp upon whatever is done by the muscular force of the Government of India. We have to assess the situation in an objective manner. After all, Sir, the Constitution of India has been conceived and formulated on the principle of federal ideas, and as a sort of live and let live principle of co-existence in it. The Union Government have got the Central list; we cannot make any encroachment upon that domain. The State Governments also have got their exclusive State lists. It is expected and desirable that the Government of India will not make inroads into that obviously morally forbidden territory. Otherwise, what will be the position? Government of India have got their own area of taxation, but there is an imperialist tendency on the part of Government of India for extending their domain of taxation, and they make steady inroads. It is only the thin end of the wedge into the provincial sphere. If these things continue and if they are not resisted in the proper time then our State Government will be converted into a sort of ward under the court. This court of ward position must be stopped. Sir, it is well known that we cannot tax our industries and commerce in the State. It is well known, Sir, that our principal source of revenue is more or less exclusively agricultural. It is well known, Sir, that our income tax is swallowed up entirely by the Government of India. It is well known, Sir, that jute is taken out completely, jute duty and the revenue arising therefrom is gorged by the Government of India.

[10-10—10-20 a.m.]

And you know, Sir, what things are coming to in the matter of jute and tea. It is a sort of a cow's tail—the longer it grows the lower it goes. The larger revenue we are paying to the Government of India the lower our receipts from the Central Pool are becoming and a prediction is made by the authorities on the top from the facts and figures from which we find that in course of one or two years from now our receipt on the score of jute and tea will practically be reduced into nil. So we are practically beasts of burden. Jute is produced by us and jute is transhipped to the manufacturing station and there it becomes Government of India property. Tea is also on similar footing. So, the position is this that we are practically being reduced into beasts of burden and unless the beast is fed by the Centre the beast will starve. This is a position which must be discountenanced on the floor of the House.

Sir, the Statement of Objects and Reasons is both educative and illustrative. In the Statement of Objects and Reasons of this Bill it is said "and to distribute proceeds thereof among those States which did not levy any sales tax on these commodities after 31st March, 1958." Sir, a misleading impression may be caused upon the mind of the casual tax-payer that probably we shall get back what we are paying, but that is not so. If you kindly go over to Act LIX, the relevant Act, or rather Act LVIII, it is stated "an Act to provide for the levy and collection of additional duties of excise on certain goods and for the distribution of a part of the

net proceeds thereof among the States in pursuance of the principles of distribution formula." So you find, Sir, that so long we have taxed our goods on the basis of a legislation which is practically going to be repealed for these practical purposes and the result is that the revenue which we were in a position to utilise for our benefit will have to be handed over to the Government of India and the Government of India will in its supremely miserly attitude give us only a part thereof. Is there any natural justice? Is there any legal justice? Is it not, Sir, flagrantly, and I should say, illegally, invading territory of our exclusive taxation for the benefit of the Central coffer? That is a matter which this House has got to consider.

If you go back a little, this legislation to which I have referred was passed on the 24th December, 1957. Before that Act LV was passed on the same date in the Parliament and there the definition of distable pool has been given. In this Act the expression "distributable Union duties of excise" means 25 per cent. of the net proceeds of duties levied and collected under the Central Excises and Salt Act, 1944. How the distribution will be made? Bihar will get 10.57—I will not say, Sir, that is a benighted province, it is known to everybody, it is a favoured province; Bombay 12.17—Bombay is going to contribute Finance Minister in the gap; then Uttar Pradesh 15.94; and do you know, Sir, what you are getting? West Bengal is getting 7.59 out of this total pool of 25 per cent. You see by passing this legislation we are being made parties to an arrangement which seeks to augment the Central revenue by leaps and bounds and the effect of that augmentation will be the depletion of the State revenue so far as West Bengal is concerned. Is there rational justice or legality in it? The other day on the floor of the Legislative Assembly the Hon'ble Finance Minister who is also the Chief Minister of the State enlisted the sympathy of all sections of the House and he was praised for the fighting attitude which was taken before the Finance Commission. I wish, Sir, I could join in the chorus of approbation, but a big interrogation is troubling my mind. I find from the Statement of Objects and Reasons that by an arrangement this sort of a thing was introduced and initiated, by an agreement this sort of a thing was introduced and initiated. May I ask the Hon'ble Finance Minister who is also the Chief Minister of the State: why did he agree at all? After all, even if he had not agreed, the Centre would have proceeded, but the procedure would be different. The Bill would come and the members of Parliament going from West Bengal would have said that this would amount to double taxation so far as consumers are concerned and this taxation they would have resisted and opposed. But instead of that a sly manouevre was introduced and our big guns were out-manouevred. They were first made a party to an agreement and they did not know, they did not realise that that agreement was at their own cost. After all submitting to a thing which is a proposition of coercion is different from submitting to a thing which is a matter of agreement, because coercion does not create that moral consent which is ultimately the real soul of legislation.

Then, Sir, I invite your attention and the attention of the House to the pernicious possibilities of this additional levy on the all-India basis. After all, if there is a taxation on territorial basis, evasion is watched if the territory is small. Any evasion in West Bengal can be watched successfully although we know, Sir, at our cost that so many evasions by big guns have been effected. And I have a shrewd suspicion in my mind that our valient Finance Minister who is also the Chief Minister was overpowered through this agreement, because of the fact that the main point of the big guns of the Central Government was to save certain persons whose evasion of sales tax in Bengal was detected and discovered

and the matter is still pending investigation. May I say what the Income-tax Investigation Committee found? The findings of the Commission were that the following dealers concerns had evaded tax to the extent given below:—

Cotton Agents Ltd.—Rs. 1 crore 10 lakhs.
Birla Brothers Ltd.—Rs. 90 lakhs.
Model Knitting Ltd.—Rs. 15 lakhs.
R. K. Kejriual Groups—Rs. 24 lakhs.
Layalka Groups—Rs. 40 lakhs.
Birla Cotton Mills Ltd.—Rs. 2 crores.
Oriental Paper Mills Ltd.—Rs. 2 crores.

These evasions are there. The Government of West Bengal had at least the theoretical jurisdiction to go into the matter and pursue the matter, but today by virtue of this very beautiful and bona fide agreement to which our good friend the Chief Minister has been made a party, these people will escape the jurisdiction of the Government of West Bengal, and while they should spit at us with jeer, they will spit at us from a distance with scorn and disdain. This will actually be the result of this measure which is going to be passed.

[10-20—10-30 a.m.]

Sir, on one side there is this risk of evasion; on the other side there is risk of double taxation. You know what has become the lot of the Basanti Cotton Mills and other mills of West Bengal which were struggling for bare profits for existence. They purchased the tax-free goods but now they will have to purchase goods which are already taxed and then they will have to pay additional levy and ultimately the impact of all these double and treble taxation will be visited upon poor consumers like you and me. Is it natural justice? Is this consistent with the principles of law of equity? Certainly not. You know, Sir, that all the big guns are escaping and these petty dealers are suffering, and in West Bengal, which is an industrially advanced State—theoretically at least—and which expects to go up in advancement further, there will be a set back in our husbanding our own resources in our own way. Sir, the other day, while Sj. Sunil Das of the P.S.P. pointed out certain lacunae and dangers in the Lower House the Hon'ble the Chief Minister, who is the Finance Minister, assured that the 6 millions which was already lying outstanding out of the 38 or 39 millions would be made available from the Centre in the near future. But while replying to the non-official resolution of Sj. Deben Sen on the floor of the other House on Friday last, the Hon'ble the Chief Minister, who is also the Finance Minister, took a spirited stand and really disclosed his mind when he said that even those 6 millions would probably not be available. So, Sir, if things go on like this, what are things coming to? Why this tightening of the belt? Sir, the other day, I expressed my misgiving and I repeat it today that probably the Government of India wants to reduce the State into such a position that whatever Government comes into existence, it will have to behave like good boys. So long as the Government and the Treasury Benches are occupied by a particular party, the experiment is well with it. But in case of change-over, that experiment will be applied with brute force. So unless you behave properly you won't get back the money even in fractions that has been taken from you. This must be resisted. Sir, the quest'on was discussed the other day and certain suggestions were made. Some sections of the House wanted to revise the recommendations of the Finance Commission.

The Hon'ble the Chief Minister gave a suggestion that he would take up the matter with the National Development Council. May I offer a third suggestion, Sir, which I claim is morally more tenable? The Hon'ble the Chief Minister should take courage in both hands. He ought to place before this House the actual facts and figures of our revenue position in relation to the Centre. This requires statistics and facts. It is unfortunate that our Government officials have not been able to give helpful figures to the Finance Commission and to the Central Government. Bombay gave inflated figures and so did Uttar Pradesh and Bihar in the matter of textiles and other things and they got back larger shares of their revenues. As a matter of fact, they got more than they were entitled to. But our Government personnel here gave deflated figures—I do not know why—and that is why even from the grudging hand you are getting things on a lower basis. Therefore, it is no longer possible for us merely to be satisfied with the Government Officials dealing with the facts and figures. The whole matter should be placed before the entire Legislature. The other House and this House have to deal with the matter separately and in both Houses the entire position should be discussed thoroughly. After all, this should be taken as a matter which affects the entire West Bengal people as a nation, and the position should be taken stock of in that spirit. Sir, we have our difference with the Government; in certain points we differ from them; in certain points they differ from us. Sometimes we are distrustful of one another, probably rightly, probably wrongly; probably rightly in part and wrongly in part. But we are prepared to leave all those things for the time being. Let us forget our differences for the time being and we in West Bengal must rise as one man in order to put up to the Central Government our just cause and our just grievances. We must refuse to be further depleted in revenue. It is a question of life, and a question of existence. The feeble voice which I am expressing should be made mighty by the unanimous support of all sections of the House, and an ambassador from West Bengal ought to go out to the gates of Delhi and point out to the authorities of the Centre that they can bluff some people for all time or all people for some time, but never all people for all time. With these words, Sir, I move the amendment.

Dr. Monindra Mohan Chakraborty:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় বন্ধু শ্রীযুত শশাঙ্কশেখর সান্যাল মহাশয় এই বিল জনসাধারণের কাছে প্রচার করবার জন্য যে প্রস্তাব এনেছেন আমি তা সমর্থন করছি এবং বিশেষ ক'রে যেরকম যুক্তিপূর্ণভাবে শ্রীযুত সান্যাল তাঁর প্রস্তাবের সমর্থনে তাঁর বক্তব্য উপস্থিত করেছেন, সেজন্য তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাই। আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই নিয়ে পশ্চিমবঙ্গের বিক্রয়কর আইন অনেকবার সংশোধন করিয়ে নিলেন। আমরা অতীতে বহুবার তাঁর কাছে আবেদন জানিয়েছি যে, বিক্রয়কর আইন সম্পর্কে ভাল ক'রে বিবেচনা ক'রে সমস্ত দিক দিয়ে এই সম্পর্কে যতকিছু তদন্ত করা দরকার সেটা ক'রে সামগ্রিকভাবে আইন প্রণয়ন করুন এবং এ কথাও বলা হয়েছে যে, আমাদের বিক্রয়কর আইনে কতকগুলি ত্রুটি থাকার জন্য বোম্বেতে যে পরিমাণ বিক্রয়কর আদায় করা হয় এখানে সে পরিমাণ আদায় করা হয় না— যদিও এখানে যে পরিমাণ ব্যবসা-বাণিজ্য হয় এবং টাকা লেনদেন হয় তার পরিমাণ অনেক বেশি। এখন বর্তমানে আইনটা যেভাবে এসেছে তাতে এখনকার মত তামাক, কাপড়চোপড়ের এবং চিনির উপর থেকে আমাদের অধিকারের পরিবর্তে ভারত-সরকারের উপর অধিকার দেওয়া হচ্ছে। আবগারি আইন চালু করার জন্য কিছুক্ষণ আগে মাননীয় বন্ধু শ্রীযুত শশাঙ্কশেখর সান্যাল মহাশয় দেখিয়েছেন, এই ব্যাপারে আমরা বর্তমানে কিরূপ ক্ষতিগ্রস্ত হচ্ছি। তার কারণ, জনসংখ্যা এবং বর্তমান সূত্রানুসারে এই টাকার পরিমাণ নির্ধারিত হবে, যার ফলে এখন আমরা ক্ষতিগ্রস্ত হয়েছি। আমরা যেখানে শতকরা ৭ ভাগের মত পাব সেখানে বিহার ১০ ভাগের চেয়ে কিছু বেশি এবং বোম্বে, উত্তরপ্রদেশ আরও বেশি পাবে। কিন্তু আমার বক্তব্য, এই সঙ্গে আরও আছে যে এখানকার সূত্রের টাকা নির্ধারণ করার সময় বর্তমানে যে টাকা আদায় করা হয় অর্থাৎ যে হারে এইসমস্ত জিনিসের, এইসমস্ত পণ্যদ্রব্যের ব্যবহার হয়, তাতে ভবিষ্যতে

এইসমস্ত পণ্যদ্রব্যের উৎপাদন আমাদের এখানে বাড়তে পারে। উনি যে বর্তমানে কিছু কেন্দ্রীয় সরকারের হাতে স'পে দিলেন তা নয়, আমাদের ভবিষ্যতে কিছু উপায় থাকত, তার কারণ এই যে সূত্র, এই সূত্রে এমনকিছু নেই যে ভবিষ্যতে আমাদের এখানে যেসমস্ত উৎপাদন হয় সেগুলি বেড়ে গেলেও সেই অনুপাতে আমাদের টাকার পরিমাণ বৃদ্ধি পাবে এবং অর্থ কমিশনের কথা উনি উল্লেখ করেছেন। অত্যন্ত তিক্ত অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি যে, অর্থ কমিশন আমাদের প্রতি অতীতে সুবিচার করেন নি এবং সম্প্রতি যে প্রস্তাব পশ্চিমবঙ্গ বিধানসভায় গৃহীত হয়েছে, তাতেও উনি নিজে এই মত প্রকাশ করেছেন।

[10-30—10-40 a.m.]

বারেবারে আমরা দেখে আসছি, কেন্দ্রীয় সরকার নিযুক্ত অর্থ কমিশনের উদাসীনতা পশ্চিমবঙ্গের প্রতি প্রকট হয়েছে এবং প্রতিবারেই আমাদের ন্যায্য দাবিগুলি গ্রহণ করা হচ্ছে না। এই যে আইন এখন প্রণয়ন করা হচ্ছে তার ২নং ধারার ৪নং উপধারায় এবং ১১নং উপধারায় বলা হচ্ছে, তিনটি জিনিসের উপর এই আইনের প্রয়োগ হবে এবং এ ছাড়াও আরও অন্যান্য অনেক জিনিস এই আইনের আওতায় নিয়ে আসা যাবে এবং এই আইন পাস হবার পরও অনেক জিনিস এই আইনে নিয়ে আসা চলবে। আমার মনে হয়, সমগ্র বিক্রয়কর আইন এমনভাবে পরিচালিত হওয়া উচিত যে, যেখানে উৎপাদন হয় সেখানেই কর ধার্য করা উচিত এবং বিশেষ ক'রে বিলাস-দ্রব্যের উপর বেশি হারে কর ধার্য হওয়া উচিত। এই ব্যবস্থাগুলি যদি না করা হয় তা হ'লে আমি মনে করি, এই আইন পাস করতে দেওয়া উচিত নয়। আমরা জানি পশ্চিমবঙ্গের প্রতি এই আইনের দ্বারা অবিচার করা হয়েছে এবং এই আইনের দ্বারা ভবিষ্যতেও জনসাধারণের ক্ষতি হবে। আমরা আশা করব, অর্থমন্ত্রী মহাশয় বিশেষভাবে ভবিষ্যতের কথা চিন্তা ক'রে এই আইন এভাবে উপস্থিত না ক'রে একটা সামগ্রিক বিক্রয়কর আইন আনবেন যাতে সাধারণ মানুষ উপকৃত হবে এবং পশ্চিমবঙ্গের যে দাবি সেই দাবিও আদায় হবে।

Sj. Naren Das:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে আমার সন্দেহ হচ্ছে যে, আমাদের তরফ থেকে আমাদের বক্তব্য খুব পরিষ্কারভাবে বা যোগ্যতার সহিত বলা হয় নি। কারণ ফাইন্যান্স কমিশন এক জায়গায় বলেছেন যে, কতগুলি স্টেটএর পক্ষ থেকে তাঁরা কোন ফিগার পান নি। আমার সন্দেহ হচ্ছে যে আমাদের রাজ্যসরকার, যারা ফিগার দেন নি, তার মধ্যে একটি সরকার। তার কারণ, আমরা দেখছি যে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন জনসংখ্যা ও অন্যান্য নীতির উপর কর ধার্য করা হয়েছে এবং তার ফলে যেখানে বোম্বাই সরকার—আমি এখানে টেক্সটাইল সম্বন্ধে বলছি—৬০০ কোটি টাকা পেয়েছে সেক্ষেত্রে আমরা ২০৪ কোটি টাকা পেয়েছি। এখানকার বিক্রয় বোম্বের বিক্রয়ের চেয়ে খুব কম নয়। প্রসঙ্গত আমি আভ্যন্তরীণ বিক্রয়কর সম্বন্ধে বলব। আমার বন্ধু ডাঃ মণীন্দ্রচন্দ্র চক্রবর্তী বলেছেন যে, একটা পূর্ণাঙ্গ বিল আনা উচিত ছিল। লীগ মন্ত্রিসভার আমলের যে অ্যাক্ট ছিল, সেই অ্যাক্টই এখন চলছে। তার কিছু সংশোধন করা হয়েছে বটে, কিন্তু তা পূর্ণাঙ্গ করা হয় নি। তারপর ট্যাক্সেশনএর মূলনীতি বাংলাদেশে প্রতিপালিত হচ্ছে না। ট্যাক্সেশনএর মূলনীতির প্রথম কথা হচ্ছে, যথাসম্ভব বেশি আদায়ের দিকে দৃষ্টি দেওয়া উচিত। আবার এও দেখতে হবে, যে পদ্ধতিতে আদায় করা হবে তা নষ্ট হয়ে যাচ্ছে কিনা এবং ঠিক ঠিকভাবে সার্থক হচ্ছে কিনা। সেলস ট্যাক্স অ্যাট দি সোর্সেস যদি আমরা আরোপ করতে পারতাম তা হ'লে আমাদের অনেক সাহায্য হ'ত এবং কর আদায়ের খরচও কম হ'ত। যদি এক কোটি টাকা আদায় করতে গিয়ে ৮০ লক্ষ টাকা খরচ করা হয় তা হ'লে সেই ট্যাক্সেশন পলিসির কোন সার্থকতা নাই। তারপর আমার বক্তব্য হচ্ছে, আমাদের দেশে সেলস ট্যাক্স আদায়ের নীতির মধ্যেও গলদ রয়েছে। এই নীতি পরিবর্তন করা দরকার। সাধারণ মানুষ যে মোটা কাপড় কিনবে তার সেলস ট্যাক্স এবং যে মোটর গাড়ি কিনছে তার সেলস ট্যাক্স এক হবে কেন? বিলাস সামগ্রী যে কিনছে তার ক্ষমতা নিশ্চয়ই বেশি, সুতরাং এখানে ডিফারেনশিয়াল ট্রিটমেন্ট করতে হবে। যার দেবার ক্ষমতা বেশি তাকে বেশি দিতে হবে। নিত্য-ব্যবহার্য জিনিস যেখানে কিনতে হয় সেখানে সেলস ট্যাক্স কম হবে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যে, এখানে ডিফারেনশিয়াল আচরণ করতে হবে। তারপর আমরা দেখছি, একাধিক জায়গায়

ট্যাক্স আদায় করতে বাংলা সরকার অসুবিধায় পড়ছে। বাংলাদেশে হোসিয়ারী ইন্ডাস্ট্রির উৎপাদন বেশি। কিন্তু এখানে সেলস ট্যাক্স বিজ্ঞানসম্মত না হওয়ায় হোসিয়ারির কাপড় বাইরে চ'লে যাচ্ছে এবং অন্যান্য রাজ্যে গিয়ে গেঞ্জী হোক, মোজা হোক তৈরি হয়।

10-40—10-50 a.m.]

তারপর হোসিয়ারিতে ডাবল ট্যাক্সেশন হচ্ছে। এই ইন্ডাস্ট্রিতে মোটামুটি দেখতে পাই তৈরি-করা জামা—এই তৈরি-করা জামা আজকাল কলকাতা শহরে বা বিভিন্ন মফঃস্বল অঞ্চলে খুব চলছে, সেখানে ডাবল ট্যাক্সেশন হচ্ছে। কটন ফেব্রিক্সএর উপর একবার হচ্ছে, আবার তা দিয়ে যে জামা তৈরি হবে তার উপর আর একবার হবে। এইভাবে ডাবল ট্যাক্সেশন হচ্ছে। অর্থমন্ত্রীর কাছে নিবেদন করব, এ থেকে তিনি যেন বাংলাদেশকে মুক্তি দেন।

তারপর হচ্ছে, অত্যন্ত দুঃখের বিষয় আমাদের দেশ শিক্ষাতে খুব উন্নত নয়। কিন্তু সেখানে এই বাংলাদেশে বইএর উপর বিক্রয়কর নেওয়া হচ্ছে। এটা অত্যন্ত আপত্তিকর। সেই বইএর উপর থেকে বিক্রয়কর তুলে দেবার জন্য আমি অর্থমন্ত্রীর কাছে নিবেদন করব। তার কারণ বাংলাদেশে শিক্ষিতের সংখ্যা যখন কম, আরও শিক্ষা যেখানে প্রসারিত হওয়া উচিত, সেখানে তার বইএর উপর ট্যাক্স চাপিয়ে শিক্ষাকে আরও ভারাক্রান্ত করা উচিত নয়। তাঁরা যদি কাগজের উপর ট্যাক্স করেন তা হ'লে সুবিধা হয়। কাগজের উপর যে ট্যাক্স তা গোড়াতে তাঁরা পাবেন এবং বই যখন অবিক্রীত থাকে তখন যে কাগজে বই ছাপা হ'ল, আবার সেখানে ট্যাক্স দিতে হবে না। আমার সনির্বন্ধ অনুরোধ, সরকার স্কুলের পাঠ্য বইএর উপর থেকে বিক্রয়কর তুলে দিন।

এখন প্রশ্ন হচ্ছে, আমরা যে ট্যাক্স আদায় করি, সেই ট্যাক্স আদায় করতে গিয়ে জনসাধারণের সঙ্গে কি ব্যবহার করি। সেই ব্যবহার যদি অত্যন্ত পীড়াদায়ক হয় তা হ'লে সমস্ত কিছু ব্যর্থ হয়ে যাবে। আমরা দেখেছি, সেলস ট্যাক্স যারা দিতে অনিচ্ছুক তাদের তরফ থেকে কর ফাঁকি দেবার জন্য নানারকম রন্ধ্র সৃষ্টি করা হয়েছে। আমরা জানি, সেলস ট্যাক্স অফিসে এক রকম উকিল তৈরি হয়েছে। তাঁরা সেল ট্যাক্সএর মোকদ্দমা করেন, সাধারণ বিচারালয়ে যান না। এই সেলস ট্যাক্স বিভাগের বড়কর্তাদের সঙ্গে তাঁদের একটা যোগসাজস থাকে, যাঁরা ট্যাক্স আদায় করেন তাঁদের সঙ্গে একটা ঘরোয়া ব্যবস্থা থাকে, উৎকোচ দিয়ে ট্যাক্স ফাঁকি দেওয়া হয়। এইভাবে সমাজজীবন এমনভাবে কলুষিত হচ্ছে যাতে ক'রে যে ট্যাক্স আমরা আদায় করতে চাচ্ছি, তা আমরা পারছি না। তার জন্য আমার সনির্বন্ধ অনুরোধ—ট্যাক্স অ্যাট দি ফার্স্ট পয়েন্ট করুন। তা হ'লে এ জিনিসের হাত থেকে বাংলাদেশ অব্যাহতি পেতে পারে। মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, ট্যাক্সেশন সম্বন্ধে ১৯৪১ সালের বিল আর না রেখে ট্যাক্সেশনএর মূল নীতি অনুযায়ী একটি পূর্ণাঙ্গ বিল আনুন, তাতে ক'রে আমরা যতটুকু সহযোগিতা প্রয়োজন তা আমরা করব।

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিল আমাদের এখানে উপস্থাপিত করা হয়েছে, তার সম্পর্কে প্রধানত দু'টো কথা। একটা হচ্ছে, রাজ্যের সঙ্গে কেন্দ্রের রাজস্ববণ্টন ব্যবস্থা সম্পর্কে সর্ববাদি-সম্মত এবং ন্যায়ের দিক থেকে প্রতিষ্ঠিত একটা নীতি গ্রহণ করতে হবে। পশ্চিমবাংলার অধিবাসী হিসাবে আমরা পরিষ্কার দেখতে পাচ্ছি যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে তার ন্যায্য পাওনা থেকে সর্বক্ষেত্রে বঞ্চিত করছে। যেমন আয়কর বা পাটকর। তেমন ক'রে দেখতে পাচ্ছি, এক্সাইজ বা আবগারি করের ক্ষেত্রেও উত্তরপ্রদেশের শতকরা হার হচ্ছে সবচেয়ে বেশি। এতে ক'রে সাধারণভাবে আমাদের রাজনৈতিক অভিসন্ধির কথা পশ্চিমবাংলার অধিবাসীদের মনে উঠতে পারে। দিল্লীর লোকসভায় উত্তরপ্রদেশের ৮৬ জন সদস্য রয়েছেন। এই ৮৬ জন সদস্য প্রায় সকলেই কংগ্রেস গভর্নমেন্টএর সমর্থক ব'লে উত্তরপ্রদেশ কংগ্রেসই সারা ভারতবর্ষকে শাসন করবার কাজে ব্রতী হয়েছে, সাধারণভাবে পশ্চিমবাংলার অধিবাসীদের মনে এই ধারণাই বদ্ধমূল হয়ে পড়েছে। এইভাবে যদি চলতে থাকে তা হ'লে ভারতবর্ষকে ঐক্যবদ্ধ করবার যে সাধনা ভারতবাসী এতদিন ক'রে এসেছে সেই ঐক্যে ফাটল ধরবে এবং ভারতবর্ষ একদিন হয়তো

ক্ষতিগ্রস্ত ও বিপন্ন হয়ে পড়বে। কাজেই আজকেও সময় আছে। এই সম্পর্কে যেন আমাদের অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বেশ একটা নীতির উপর দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকারের সংগে আলোচনা করেন।

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, মিউনিসিপ্যাল ট্যাক্স। এটা সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তা নরেন দাস মহাশয় বলেছেন। আমি শুধু বই সম্বন্ধে বলছি। বইএর উপর নানা দিক থেকে ট্যাক্স দিতে হচ্ছে। প্রথম কাগজের উপর ট্যাক্স, বাইন্ডিং মেটিরিয়ালসএর উপর ট্যাক্স, কভারের জন্য যেসমস্ত মেটিরিয়ালস আনতে হয় তার উপরও ট্যাক্স হয়। তারপর বই আকারে যেটা এল তার উপরও ট্যাক্স বসছে। অন্তত স্কুলপাঠ্য সেইসমস্ত পুস্তক ছাড়া আর যা স্কুলপাঠ্য নয় তার উপর ট্যাক্স চালু থাকলে বিশেষ আপত্তি নাই। স্কুলপাঠ্য পুস্তকের উপর যেন ডাবল ট্যাক্সেশন না হয়। মাল্টিপল ট্যাক্সেশন যেটা হচ্ছে সেটা অবিলম্বে বন্ধ ক'রে দেওয়া উচিত। বিশেষ ক'রে এ দেশে শিক্ষাকে প্রসারিত করতে হবে এবং যেখানে দরিদ্র অভিভাবক পয়সার অভাবে ছেলেমেয়েদের শিক্ষিত ক'রে তুলতে পারছে না সেখানে বইএর উপর এক দিক থেকে নয়, বহু দিক থেকে আজ যে ট্যাক্স করা হচ্ছে সেটা অবিলম্বে বন্ধ ক'রে যদি সেই ট্যাক্সকে একমুখী করতে পারেন, তা হ'লে মুখ্যমন্ত্রী মহাশয় কিছুটা শিক্ষার উন্নয়নমূলক কাজ করবেন ব'লে তাঁর কাছে আবেদন করতে চাই। বহুবার এই বিধান পরিষদে দাঁড়িয়ে পুস্তককে বিক্রয়কর থেকে রেহাই দেবার জন্য আবেদন জানিয়েছি, আজ পর্যন্ত তার কিছু হয় নাই। আজকে এই বিল সম্পর্কে বলতে গিয়ে আবার তাঁকে অনুরোধ করব, অন্তত সম্পূর্ণভাবে রেহাই না দিতে পারেন, কিছুটা রেহাই দেন। কারণ আজ বহু দিক থেকে যে মাল্টিপল ট্যাক্সেশন করা হচ্ছে সেদিক থেকে অন্ততঃ স্কুলপাঠ্য পুস্তককে ট্যাক্সএর আওতা থেকে রেহাই দেওয়া হোক এবং একমুখী ট্যাক্সএর ব্যবস্থা করা হোক।

Mr. Chairman: I find that all the members are speaking on the principle of taxation. I think the only commodities involved are sugar, cigarette...

Sj. Sasanka Sekhar Sanyal: There are other commodities also.

Dr. Monindra Mohan Chakravarti: Under the sections of the Act, you can bring in any commodity.

Sj. Satya Priya Roy:
শুধু ঐ দু'টো নয়, আরও অনেক জিনিস এর মধ্যে আসছে।

[10-50—11 a.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya:
মাননীয় সভাপাল মহাশয়, বিরোধী পক্ষ থেকে এই বিল সম্বন্ধে নানা দিক আলোচনা করা হয়েছে এবং নূতন কথা বলবার খুব কমই রয়েছে। আমি এই জিনিসটা একটা নূতন দৃষ্টিভংগি দিয়ে বিচার করতে চেষ্টা করব। আজকে আমাদের সামনে যে বিল উপস্থাপিত হয়েছে, এই বিল সম্বন্ধে ফেডারেল ফাইন্যান্স বা যুক্তরাষ্ট্র অর্থের উৎস বণ্টনের নীতিটা চ'লে আসছে। ফেডারেল ফাইন্যান্সএর যে ব্যবস্থা আমাদের সংবিধানে রয়েছে সেই সংবিধান থেকে দেখতে পাচ্ছি যে ক্রমবর্ধমান রাজস্বের উৎস, যেগুলি এক্সপান্ডিং সোর্সেস অব রেভেনিউ—সমস্তগুলি কেন্দ্রের হাতে রয়েছে। আমাদের হাতে একটিমাত্র ছিল, সেটা হচ্ছে সেলস ট্যাক্স। কিন্তু এর উপর একটা হামলা চলেছে এই বিল থেকে তা স্পষ্ট দেখতে পাচ্ছি।

কেন্দ্র কি কি উৎস থেকে অর্থ সংগ্রহ করছে সেটা আমাদের জানা প্রয়োজন, কারণ সেই বৃহত্তর পরিপ্রেক্ষিতে আমাদের এই বিলটা বিচার করতে হবে। সংবিধানে যেসমস্ত শব্দ ব্যবহৃত হয়েছে আমি সেগুলো উল্লেখ করছি। কেন্দ্রীয় সরকার যেসব উৎস থেকে রাজস্ব সংগ্রহ করেন সেগুলো হচ্ছে—
customs duties; excises levied by the Union Government; Corporation tax, income-tax excluding taxes on agricultural income; Estates and the Succession duties on non-agricultural assets and properties; earnings of the

means; railways and posts and telegraphs: land revenue, State Excise duties, stamps, registration, motor vehicle tax, entertainment tax, electricity duty, agricultural income-tax, sales tax.

এখন যদি আপনারা বিচার ক'রে দেখেন তা হ'লে দেখবেন যে, প্রতিটি উৎস ক্রমবর্ধমান—অর্থাৎ রাজস্ব ক্রমে বেড়ে যাবে। কিন্তু এর সঙ্গে যদি আমাদের রাজ্যের রাজস্বের উৎসগুলি তুলনা করা যায় তা হ'লে দেখতে পাওয়া যায় যে সেগুলি ক্রমবর্ধমান নয়। অর্থাৎ সেলস ট্যাক্স বাদে অন্য সমস্তগুলিই হচ্ছে ইনইলাস্টিক সোর্সেস অব রেভেনিউ। এজন্য আমাদের সেলস ট্যাক্সএর উপর যথেষ্ট পরিমাণ নির্ভর করতে হচ্ছে। অন্য দিকে যদি আমরা তাকাই তা হ'লে দেশের লোককে অর্থাৎ পশ্চিমবাংলার লোককে যদি আমরা যথেষ্ট পরিমাণে মদ খাওয়াতে পারি তা হ'লে হয়তো আমাদের কিছু আয় বাড়তে পারে। আমরা জানি যে আমাদের ভূমিরাজস্ব থেকে খুব বেশি আয় হবার সম্ভাবনা নেই। আয় বাড়াবার আর একটা সম্ভাবনা আছে যদি খুব বেশি মামলা-মোকদ্দমা লোকেদের দিয়ে করাতে পারেন, অর্থাৎ তা হ'লে স্ট্যাম্প প্রভৃতির দরুন যথেষ্ট আয় হ'তে পারে। মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী এদিকে হয়তো লক্ষ্য করেছেন। সেজন্য বিক্রয়করের এই যে একটা ক্রমবর্ধমান উৎস ছিল সেটা বিধানসভায় এবং বিধানপরিষদে পূর্বাহ্নে না জানিয়ে উনি এ বিষয়ে রাজী হয়ে গেছেন। এ বিষয়ে কিছুদিন পূর্বে আমাদের মুখ্যমন্ত্রী বাজেটের উপর যে ভাষণ দিয়েছেন তা থেকে প'ড়ে শোনাব। অর্থাৎ তাতে যে একটা নূতন তথ্য আছে সেই নূতন তথ্যটা আপনাদের কাছে উপস্থিত করতে চাই। ইংরাজীতে লিখিত তাঁর ভাষণের ২১ পাতায় তিনি বলেছেনঃ

> "Another important change in State taxation is the abolition of Sales Tax on textiles, sugar and tobacco. In lieu thereof additional duties of excise on these commodities have been levied by the Central Government. The net proceeds of these additional duties of excise will be distributed to the State Governments to compensate them for the loss of revenue consequent on the abolition of Sales Tax and the balance of the net proceeds, if any, left after making the compensatory payments to the States, will also be distributed among the States but on a combined basis of population and consumption, instead of on consumption as originally contemplated. In estimating the loss of revenue to the State Government by the abolition of the Sales Tax on these commodities, the revenue from inter-State Sales Tax which is a sizeable amount in this State has not been taken into account and to this extent the compensatory payment to this State falls short of the actual loss of revenue. Thus the distribution has been unfavourable to this State both in regard to the compensatory payments and also in regard to the apportionment of the balance."

(শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ বাংলা বই থেকে পড়লেন না কেন?) বাংলাটা বিশ্বনাথবাবু বাড়িতে গিয়ে দেখে নেবেন, উনি ইংরাজীনবীশ ব'লে ইংরাজীতে পড়লাম। অর্থমন্ত্রী মহাশয়ের বক্তৃতাংশে দু'টো বিষয় লক্ষণীয় আছে। তিনি এখানে বলেছেন—

instead of consumption as originally contemplated

অর্থাৎ টেক্সটাইল, সুগার, টোব্যাকো ইত্যাদি যাই হোক না কেন, সেটা যতটা বিক্রি হয়েছে আমাদের রাজ্যে তার উপর কোন হাত নেই। এখানে দু'টো জিনিস ধরা হবেঃ পপুলেশন অ্যান্ড কনজামশন, এবং এর দরুন আমাদের যে ক্ষতি এসে পেঁচেছে, সেটা তথ্য দিয়ে বন্ধুবর শ্রীশশাঙ্কশেখর সান্যাল আপনাদের কাছে নিবেদন করেছেন।

আর একটা কথা হচ্ছে এই যে, ইন্টার-স্টেট সেলস ট্যাক্সএর দরুন আমাদের যে আয় ছিল সেটা কেন্দ্রীয় সরকার ধরেন নি। অর্থাৎ ইন্টার-স্টেট সেলস ট্যাক্সএর হিসাবটা কেন্দ্রীয় সরকার তার ভেতরে ধরেন নি। এই ইন্টার-স্টেট সেলস ট্যাক্সটা আমাদের অর্থমন্ত্রীর মতে—

sizeable amount in this State has not been taken into account.

তারপর তিনি মন্তব্য করে বলেছেন—

"Thus the distribution has been unfavourable to this State both in regard to the compensatory payment and also in regard to the apportionment of the balance."

কিন্তু তিনি যে মন্তব্য এখানে করেছেন সেই মন্তব্য অনুযায়ী কাজ করেন নি। অতএব যে কোন দায়িত্বশীল অর্থমন্ত্রীর পূর্বাহ্ণেই বিধানসভা এবং বিধানপরিষদের কাছে এসে তাঁর বলা উচিত ছিল যে, এই রকমের অসুবিধায় আমরা পড়েছি এবং এর দ্বারা পশ্চিমবাংলার আর্থিক দিক থেকে সমূহ ক্ষতি হ'তে পারে। অর্থাৎ এজন্য যে উপযুক্ত কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা উচিত ছিল সেটা তিনি করেন নি। এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা কি হওয়া উচিত সে সম্বন্ধে ভোট অন অ্যাকাউন্টএর সময় আমি প্রস্তাব উপস্থাপিত ক'রে বিশেষ ক'রে ফাইন্যান্স কমিশন সম্বন্ধে বলেছিলাম যে, আমরা দাবি করব যে ফাইন্যান্স কমিশনএর যেসমস্ত সুপারিশ আছে তার সঙ্গে সেলস ট্যাক্সএর এই নূতন ব্যবস্থাটাও জুড়ে দেওয়া হোক। আমি এখনও প্রস্তাব করছি, দুটি সভায় এই বিষয়ে আলোচনা ক'রে প্রস্তাব গ্রহণ করা হোক, সমস্ত আলোচনা কেন্দ্রে পাঠানো হোক এবং দুটি সভার একটা যুক্ত ডেপুটেশন অর্থমন্ত্রী ও প্রধানমন্ত্রীর কাছে গিয়ে বলা হোক যে, পশ্চিমবাংলার উপর তোমরা আর্থিক দিক থেকে একটা অবিচার করেছ। এবং এর দ্বারা আমাদের সমস্ত উন্নয়ন পরিকল্পনা বিপন্ন হয়ে পড়ছে। এটা আমার সুখের বিষয় যে, বিধানসভায় বিরোধী দলের নেতা জ্যোতিবাবুও ঠিক এই রকমের একটা প্রস্তাব সেখানে উত্থাপন করেছেন। আমি পুনরায় অর্থমন্ত্রী এবং মন্ত্রিমণ্ডলীর বিবেচনার জন্য আমার এই প্রস্তাব রাখছিঃ বিধানসভা ও বিধানমণ্ডলীতে অর্থ কমিশনের সুপারিশ আলোচনা করা হোক; তার সমস্ত আলোচনা কেন্দ্রে পাঠানো হোক; এবং তারপর উভয় সভার একটা যুক্ত ডেপুটেশন দিল্লীতে অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর কাছে গিয়ে বলুন যে, এতে আমাদের উপর ভয়নাক অত্যাচার হয়েছে। এ বিষয়ে অগ্রসর হওয়ার আহ্বান আমরা অনেককাল আগেই বলেছি। প্রথম অর্থ কমিশন সম্বন্ধে আমার যে প্রস্তাব গৃহীত হয়েছিল সে বিষয়ে তিনি কিছুই করেন নি। এবার আমি মনে করি যে, তিনি দায়িত্বশীল, আত্মমর্যাদাশীলভাবে অগ্রসর হবেন এবং বিধানসভায় ও বিধানপরিষদকে সমস্ত জিনিস জানিয়ে একযোগেই অগ্রসর হবেন। অর্থাৎ যাতে বাংলার স্বার্থ রক্ষিত হয় এবং বাংলার ভবিষ্যত উন্নয়ন বিপন্ন না হয় সেইমত তাঁরা করতে অগ্রসর হবেন।

[11—11-10 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I have listened carefully to the speeches made in the House with regard to the proposal that I have made before the House. I would like to assure Sj. Sanyal that so far as the taxes on cigarettes, sugar and textiles are concerned, no part of the revenue derived therefrom goes to the Central Government excepting one per cent. collection charges. The second point that I want to draw his attention to is that probably he has missed the point. He has been rather worried about two Acts being passed on the same date, i.e., 24th December, 1957—the Act LVIII and the Act LV. Sir, the two Acts are entirely different. Act LV is Union Excise Duties Distribution Act. The history of this Act is this. Prior to April 1st, 1952, no duty of excise was shared between the Union and the States. The First Finance Commission brought new grants when they recommended that with effect from 1952-53 40 per cent. of the net proceeds of the excise duties on matches, tobacco, other vegetable products, etc., etc., would be distributed amongst the States in proportion to their population. The Second Finance Commission thought that the total amount of yield under this excise duty which was levied in 1952-53 has increased from 83 crores to 259 crores in the whole of India. Therefore, they suggested that 25 per cent.—not 40 per cent.—of the total excise duty be distributed amongst the various States in a certain proportion. This Act of 1957 refers to the method of distribution of this additional duty which has been there since 1952-53. Sir, in this matter there

was a conflict of opinion between the different States. States like ours insisted that the distribution should be on the basis of consumption and not on the basis of population because here consumption was more in relation to population. But unfortunately, there are 13 or 14 States and practically there was a difference of opinion between one State and the others as to the method of distribution and eventually the majority won. Sir, the other Act—Act LVIII—is a different Act altogether. It provides for additional duty of excise on three articles, viz., textiles, sugar and cigaretters. These three items were picked out because there was a great deal of evasion of tax in these three articles and it was felt that it would be better if we could levy duty which will be equal to the sales tax that we receive and then the evasion will be less. In fact, if I remember rightly, in this House and particularly in the Lower House, it has been pointed out to us year after year that we should levy at the source and this is one method of levying at the source. I repeat again. This is an additional duty of excise on three articles, whereas the Act LV is for Union duties of excise on matches, sugar, tobacco, coffee, tea, pepper, etc., etc., which have been taxed since 1952-53. But this Act has been introduced because a new method of distribution has been given by the Finance Commission. After all, the Finance Commission can only indicate what things are to be done and it is for the Government to indicate how those things are to be done through an Act. As regards jute duty the members probably are aware that the Constitution does not provide for the sharing of any duty on custom between the Union and the States; but in order to enable the States to fill the gap in their revenue caused by the elimination of these receipts provision was made under article 273 for the payment of grant-in-aid to them for a limited period in lieu of any share of these duties. Then the Finance Commission goes on to say that this period will expire with the financial year 1959-60. These grants-in-aid are fixed sums. This one crore and twenty-five lakhs, so far as we are concerned, is unrelated to the actual yield from the export duty. I may inform my friend that at the present moment there is no export duty on jute; even so, they have paid us. Not only that. The Finance Commission has said that if and when the extra allotment in lieu of export duty due to jute is suspended in 1959-60, from that year up till five years for which the Commission's recommendations are in force, an additional Rs. 1.25 crores will be given to West Bengal in addition to 3.75 crores which we have been given as additional grant under article 275. Therefore, so far as jute excise is concerned, there is no question of our yielding or not yielding. It is a question of the Constitution. An allotment in lieu of jute excise duty is being made although the duty has been stopped. It is not a question of handing over to the Government of India our right to levy tax. As a matter of fact, there is one region where taxes are not yet levied, viz., inter-State tax, and we insisted that we should have the right to levy inter-State tax. There are several different methods of taxation between various States, and eventually an Act has been passed in the Central legislature enacting how States can levy inter-State Sale Tax.

Sir, my friend Mr. Sanyal says, is it natural justice, is it legal justice. I say, the question does not arise at all. The question is—take for instance, the question of income tax. We have repeatedly put before the different Finance Commissions; a memorandum was compiled in this connection which, I believe, was circulated to the members of the legislature. If they have not got it, I have asked another copy to be sent; because I have nothing to hide. We have made strong representation.

Sj. Sasanka Sekhar Sanyal: We are infant members; we have not got it.

[11-10—11-15 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have already asked to send another copy. The whole point is that so far as income tax is concerned and so far also as the excise duty is concerned, we have always tried to impress upon the Finance Commission that consumption should be the criterion for determining the percentage of distribution of these two taxes. But as I said, there was difference of opinion and a very huge difference of opinion and eventually the Finance Commission had made its own suggestion according to the provisions of the Constitution and the Government of India has accepted that. Sir, as I tried to explain, it is not a question of cleverness or crookedness. It is a question of straight deal. Finance Commission has specified certain things and you may say that we do not want these, we shall go on with our sales tax. As a matter of fact Government of India cannot prevent us from operating on State subjects. Similarly we cannot prevent the Government of India from levying tax or taking action under the Union List and if under the Union List power they have levied certain amount of tax it is a question of discussion and agreement. We felt, I admit, that it is not possible for us to tax textile at the source—most of our textile come from outside Bengal—from Bombay, Ahmedabad, Madras and so on and therefore we cannot tax at the source. Similarly with regard to cigarettes and sugar we have been levying more or less at the source in the way that we have taxed at the point as they come in. The actual amount of receipts under these three heads in 1956-57, namely, 2 crores 80 lakhs have been shared under this Act and in addition if there is a divisible pool after paying each State the amount of tax that they have already levied in 1956-57 a certain proportion is to come to us. It may happen that the sale of these goods in 1956-57 was less and the sale may have increased in 1957-58 or 1958-59, and therefore, the Finance Commission had suggested that it will be possible for the State to get an additional share according to a certain ratio. Here again there was a difference and a vast difference of opinion. We suggested consumption as one of the main basis of distribution but other States did not agree, at least some of them did not agree.

Sir, I hope I have been able to make the position clear so far as this Sales Tax (Amendment) Bill is concerned and I hope there will be no difficulty in the Council in passing it.

The motion of Sj. Sasanka Sekhar Sanyal that the Bill be circulated for the purpose of eliciting opinion by the 31st March, 1958, was then put and lost.

সভাপতি মহোদয়, ১৯৫৭-৫৮ সালের জন্য যে অতিরিক্ত ব্যয় বরাদ্দ উপস্থিত করা হয়েছে তার ভেতর দেখতে পাচ্ছি যে পুলিশ খাতে ৪৪ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দ করা হয়েছে। ইংরেজ আমলে পুলিশের উপর আমাদের খুব রাগ ছিল, সেই রাগটা এখনও কমে নি। ইংরেজ আমলে পুলিশ জনগণের সংগে যেরকম দুর্ব্যবহার করত সেটারও বেশী কিছু কমেনি এবং এর ফলে এই দুই দলের ভেতর একটা অবিশ্বাস গড়ে উঠেছে। বর্তমানে এটা সুখের কথা যে পুলিশ দলের ভেতরে অনেক শিক্ষিত লোক ভর্তি হয়ে যাচ্ছেন এবং সেই কারণেই আশা করা যায় যে, অল্প দিনের ভেতরে তাদের ব্যবহারের পরিবর্তন হবে। কিন্তু পুলিশের ভেতরে একটা আতঙ্কের ফলে তাদের মধ্যে একটা নিষ্ক্রিয়তা দেখা দিচ্ছে। এই বিষয়ে একটা উদাহরণ দিচ্ছি। অল্প দিন আগে একটা জেলার শহরে দেখলাম যে একদল গুণ্ডা মারামারি, লুঠতরাজ করে বেড়াচ্ছে এবং রাস্তায় ছোরা হাতে করে ঘুরে বেড়াচ্ছে। এই দেখে আমি পুলিশদের যখন বললাম যে এদের গ্রেপ্তার করে হাজতে বন্ধ করে ফেলুন তখন তাঁদের একজন বললেন যে এদের পেছনে কে আছে সেটা না জেনে আমি কাউকে ধরছি না, ফ্যাসাদে পড়ে যাবো। কিন্তু আর একজন যার বুদ্ধি একটু বেশী সে বললে যে গ্রেপ্তার করতে পারি, কিন্তু সাক্ষী পাওয়া যাবে না। এখন এদের পেছনে কে প্রবল দল আছে সেটা আমি অবশ্য জানি না। এটা সম্পূর্ণ আতঙ্ক হতে পারে; কিংবা খানিকটা সত্য হতে পারে। কিন্তু এর ফলে যে নিষ্ক্রিয়তা দেখা দিচ্ছে সেটাই হচ্ছে মারাত্মক। ডাঃ সত্যব্রত চক্রবর্তী ভাটপাড়ায় জগদ্দল ইউনিয়ন জুট মিলের প্রধান চিকিৎসক ছিলেন। ১৯৫৩ সনের ২৯এ এপ্রিল তাঁর ঘরে তাঁকে খুন করে ফেলা হল, কিন্তু আজ পর্যন্ত তার কোন কিনারা হয় নি। এটা একটা নিষ্ক্রিয়তার পরিচয়। অল্পদিন আগে জলপাইগুড়ি রেল স্টেশনে দিলীপ ভট্টাচার্য বলে একজন যাত্রী ঐ স্টেশনে একদল গুণ্ডার হাতে মার খেয়ে তাঁর নাক মুখ দিয়ে রক্ত পড়তে সুরু হল। স্টেশন মাস্টার এবং ঐ ভদ্রলোক স্টেশান থেকে পুলিশকে ফোন করাতে জবাব এল আসছি, কিন্তু এক ঘণ্টার ভেতর ২ ফার্লং দূর থেকে পুলিশ এসে পৌঁছাতে পারল না—অথচ ৩ খানা লরী ঐ পুলিশ স্টেশানের কাছে সর্বদা মজুত থাকে। তারপর কয়েকজন ভদ্রলোক তাঁকে ট্রেনে তুলে দিলেন, ট্রেনটা চলে গেল এবং জিনিষটা ঐখানেই শেষ হয়ে গেল, কিন্তু পুলিশ আর এল না। এই হচ্ছে নিষ্ক্রিয়তার আর একটা উদাহরণ। আর একটা হচ্ছে যে রাস্তা দিয়ে যে মোটর ট্রাক চলে সে সম্বন্ধে বলছি। সংবাদপত্রে আমরা রোজই দেখতে পাচ্ছি যে, মোটর ট্রাকের সংগে ধাক্কা লেগে অমুক আহত হলেন, অমুক নিহত হলেন। এদের অনেকের হয়ত কোন লাইসেন্স নেই, এবং এরা বলে যে পুলিশকে যখন ২ টাকা দিলেই হয়ে যায় তখন আমাদের আর ও বিষয়ে মাথা ব্যাথা নেই। সেজন্য এই ট্রাকগুলোর নাম দিয়েছি রোড-মাস্টার- ইচ্ছামত চলে, কোন পরোয়া নেই। আমার মনে হয় ২।১ জন মন্ত্রীর কাছেও শুনেছি যে, ট্রাকের জন্য রাস্তা দিয়ে চলতে ভয় করে। কিন্তু এইসব ব্যাপারে পুলিশ নিষ্ক্রিয়। অর্থাৎ হয়ত তারা মনে করে যে ট্রাকের মালিকের সংগে কার কি সম্পর্ক আছে সেটা না জানলে কিছু করা যায় না। এইরকম আতঙ্ক, নিষ্ক্রিয়তা থেকে পুলিশকে মুক্তি দেওয়া দরকার। ট্রেনের মধ্যে চুরি-ডাকাতি একটা রোজকার ব্যাপার, এতে নূতনত্ব কিছু নেই। আপনারা হয়ত বলবেন এগুলো রেল পুলিশের কাজ, কিন্তু এখানেও আপনাদের পুলিশ বিভাগের একটা কর্তব্য আছে।

[10-30—10-40 a.m.]

এ ব্যাপারটায় স্বরাজের পর সত্যই কিছুদিন বেশ নিরাপদ ছিল পশ্চিমবাংলা। কিন্তু কিছুদিন হল এটা আতঙ্কজনক হয়ে উঠেছে। ১৯৪৭ থেকে ১৯৫৪ সন পর্যন্ত চুরি ডাকাতি মারামারি কম হয়েছে; ১৯৫৪ সনের পর থেকে যেন মনে হচ্ছে সমস্ত রকম শাসন ব্যবস্থা ভেংগে পড়েছে। কারো মনে সোয়াস্তি নেই। পুলিশের আতঙ্কজনক নিষ্ক্রিয়তার একটা উদাহরণ দিচ্ছি। এখানে মন্ত্রীমহাশয় বলতে পারেন জনগণ যদি সাহায্য না করেন তাহলে পুলিশ কি করবে? গোটা কয়েক পুলিশ সব কাজ করতে পারে না। আমি দুটী উদাহরণ দিচ্ছি। জলপাইগুড়ি জেলার ডুয়ার্সে একটা ভয়ানক কাণ্ড হয় যেটা সেটা আমি এখানে বিবৃত করতে চাই না; জিনিষটা সাংঘাতিক। আজো পর্যন্ত সেই মোকর্দমার কোন কিনারা হয় নাই।

যারা সাক্ষ্য দিতে গিয়েছিল তারা দিনের পর দিন হাজির হতে থাকায় হয়রাণ হয়ে আমাকে বলেছে—মহাশয়, আর জীবনে একাজ করছি না। পুলিশের পক্ষে সাক্ষী আর দেব না। আর একটা ঘটনা পুলিশমন্ত্রী মহাশয়কে দেখিয়েছি। একটা লোকের মাথা কাটা হল। কাটা মাথা সমেৎ আততায়ীকে ধরে নিয়ে পুলিশের হাতে দেওয়া হয়। সে মোকর্দমায় যারা সাক্ষী তারা বলেছে, আর কখনো মহাশয়, পুলিশের পক্ষে সাক্ষী দিতে যাচ্ছি না। দিনের পর দিন আদালতে হাজির হয়ে হয়রাণ হওয়া সাংঘাতিক ব্যাপার। যে দোষ করল তার শাস্তি হোক না হোক যারা সাহায্য করতে যায় সুবিচারের জন্য তাদের শাস্তি সব চেয়ে বেশী হয়ে থাকে। এই অবস্থা! জনগণকে যদি সাহায্য দিতে হয় তাহলে জনগণকেও সাহায্য করতে হবে। তাদেরও কাজ আছে। তারা যাতে অল্প সময়ে সাহায্য করে উদ্ধার পেতে পারে সে ব্যবস্থা হওয়া দরকার। আমি একটা ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলছি। দুবৎসর আগে দার্জিলিংএ আমার কাপড়চোপড় চুরি হয়ে গিয়েছিল, যথারীতি পুলিশকে খবর দিয়েছিলাম। তারপর থেকে পুলিশের তদন্ত সুরু হল। ৩।৪ দিন তদন্তের নমুনা দেখে হাতজোড় করে বল্লাম —হুজুর তদন্তের যে নমুনা দেখালেন তাতে আর তদন্ত করে বিরক্ত করবেন না।

আর একটা উদাহরণ দিচ্ছি। ৫ বছর আগে শিলিগুড়িতে একটা ঘটনা হয়, আমি প্রধান মন্ত্রী মহাশয়কে চিঠি লিখে জানাই, তিনি তদন্তের জন্য দার্জিলিং-এর এস -পি-র উপর ভার দেন। একদিন দেখি হঠাৎ সদলবলে এস পি এসে আমার বাড়ীতে হাজির! এবং তদন্তে এসে প্রথম কথাই হল আপনাকে খবর কে দিয়েছে? আমি বল্লাম সেইটে কি তদন্তের বিষয়-বস্তু না যে ঘটনা ঘটেছে সেইটে তদন্তের বিষয়বস্তু? তিনি ছাড়বেন না, তিনি ক্রমাগত আমাকে জিজ্ঞাসা করতে লাগলেন, খবরটা কে দিয়েছে বলতে হবে। এই যদি তদন্তের নমুনা হয় তাহলে বাস্তবিকই বলতে হবে পুলিশের খাতে যে টাকা ধরা হয়েছে, এগুলি অপব্যয় ছাড়া আর কিছুই নয়। আমি আশা করি, পুলিশমন্ত্রী মহাশয় কিছুটা অবহিত হবেন।

[At this stage the blue light was lit.]

আমাকে একটু সময় দিতে হবে। আর একটা ব্যাপার আছে সেচ খাতে। সেচ খাতে ৪১ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ ধরা হয়েছে। সস্তায় খাদ্য সরবরাহ বাবদ ৪২নং আইটেম-এ ২৮ লক্ষ টাকা ধরা হয়েছে, আর দুর্ভিক্ষের সাহায্যের জন্য ৩১নং আইটেম-এ ৮৭ লক্ষ টাকা, প্রায় দেড় কোটি টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। কিন্তু আমি সেচমন্ত্রীর কাছ থেকে যে সংবাদ সংগ্রহ করেছি তাতে দেখছি ৭ লক্ষ একর জমিতে বড় বড় নদীর সেচ আছে, ২৩ লক্ষ একর জমিতে ছোট সেচ আছে। এই ৩০ লক্ষ একর জমিতে সেচের জল দেবার ব্যবস্থা হয়েছে। কাজেই যেটা লেখা আছে সত্যই যদি সেই সেচের ব্যবস্থা হয়ে থাকে, সত্যই যদি জল নালা দিয়ে চলে যায়, তাহলে আমাদের খাদ্যের যে অভাব সেটা সামাল দেবার একটা উপায় আছে। "স্টেটসম্যানের" প্রত্যক্ষদর্শী সেদিন বলেছেন—যে জমিতে সেচ দেবার ব্যবস্থা হয়েছে, সে জমিতে বিঘা প্রতি ১২ মণ ধান হয়েছে। অর্থাৎ ৬ মণ করে বাড়তি চাল হয়েছে। আমি অতখানি বেশী পেতে চাই না, আমি ৩ মণ করে, পেলেই খুশী। তাতে দেখি ৭ লক্ষ একরে ৬৩ লক্ষ মণ বাড়তি চাল। আর ২৩ লক্ষ একরে মোট ৩ মণ করে, বিঘা প্রতি ১ মণ করে ৬৯ লক্ষ মণ বাড়তি চাল হয়। অর্থাৎ ১৩৮ লক্ষ মণ বা ৫ লক্ষ টন বাড়তি চাল পেতে পারি, এবং এটা ৬ মাসের ভিতর, যদি এই চেষ্টা সত্যই করা হয়, যদি খালে জল থাকে, যদি শুধু বক্তৃতায় না থাকে তাহলে বুঝতে হবে ৫ লক্ষ টন বাড়তি চাল পেতে পারি ৬ মাসের ভিতর। তার ফলে যে ১॥ কোটি টাকা ব্যয় করতে হচ্ছে সেটা বেঁচে যাবে, আর খাদ্য কম থাকার দরুণ এর বাড়ী, ওর বাড়ীতে বা এর গুদামে, ওর গুদামে হানা দিয়ে বেড়াতে বা কর্ডন প্রভৃতি বহু রকমের কাণ্ড কারখানা যে করতে হচ্ছে সে সব করতে হবে না। কাজেই চাল বেশী করার দিকে আমাদের নজর বেশী করে দিতে হবে। দেশে যদি চাল বেশী হয় চুরি করেও কেউ তেমন কমাতে পারবে না। এবং বেশী করে চোর ধরবার পেছনে ঘোরবারও দরকার হবে না। এবং আরো একটা কথা বলব। এই কাজ যদি করা হয়, তাহলে ৮৭ লক্ষ টাকা যে ধরা রয়েছে দুর্ভিক্ষের সাহায্যের বাবদ সেটারও দরকার হবে না। আমরা শুনতে পাই যখন বিশেষ

নির্বাচন সাম্নে আসে তখন কোন কোন স্থানে হঠাৎ দুর্ভিক্ষ দেখা দেয়, আর ঝুড়ি ঝুড়ি টাকা এখাত থেকে সেখাতে হাজির হয়। বর্তমানে সেরকম নির্বাচনের কোন আশঙ্কা যখন নাই, তখন এই টাকা রক্ষা করবার, ব্যবস্থা করবেন এটা আশা করতে পারি।

[At this stage the red light was lit.]

Mr. Chairman: I have got to ration the time, and the time at my disposal is up to 12 o'clock.

Sj. Sasanka Sekhar Sanyal: We shall adjust ourselves, Sir, and try to be within the time.

Mr. Chairman: Dr. Sanyal, you should finish in five minutes.

Dr. Charu Chandra Sanyal:

আর দু' মিনিট সময় পেলেই আমি শেষ করতে পারি। পুনর্বাসন খাতে ১৩ লক্ষ টাকা দেখছি। মোটর গাড়ী কেনার জন্য অতিরিক্ত যে টাকা ব্যয় হয়েছে গ্রান্ট ৪৬নং-এ এখানে একটু মজা হয়েছে, পুনর্বাসনের জন্য চাওয়া হয়েছে। পুনর্বাসন যা হচ্ছে তা নিয়ে বলবার অনেক কিছু আছে। পুনর্বাসনের জমি সংগ্রহের দু'টী উদাহরণ দিই, যার ফলে পুনর্বাসনের ব্যবস্থা বানচাল হবার উপক্রম হয়েছে। আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি—কাগজপত্র আমার সংগে আছে, বর্ধমানের ভাতার পুলিশ স্টেশনের এক ভদ্রলোক ২৭৫ একর জমি দিতে চান পুনর্বাসনের জন্য ১৯৫০ সনে। ২৭৫ একর জমির জন্য তিনি চান বিঘা প্রতি ৪০ টাকা আর এক টাকা খাজনা। পরে, তিন বৎসর বোঝাপড়ার পর ঠিক হল—মোটামুটি ৬০ টাকা করে নিয়ে তিনি জমি দেবেন। সেটা ঠিক হল '৫৩ সনে, তার আংশিক জমি নেওয়া হল '৫৫ সনে, আর বাকি জমি নেওয়া হবে বলা হয়েছে—সেটা আজও পর্যন্ত নেওয়া হয় নাই! এবং ৮ বৎসরের ভিতর যে জমি নেওয়া হয়েছে তার দামটা তিনি পান নি। কাল একজন এম-এল-এ আমাকে বলেছেন ৬ বৎসর আগে তাঁর একটা জমি পুনর্বাসনের জন্য নেওয়া হয়েছে। ৬ বৎসরের ভিতর তিনি তার দামটা পান নি। যদি এইভাবে জমির দাম দেওয়া হয় তাহলে যাদের হাতে জমি আছে তারা সে জমি পুনর্বাসনের জন্য ছেড়ে দিতে রাজি হবে না; ফলে পশ্চিম বাংলায় পুনর্বাসনের জমি নাই এই রব উঠেছে। অতএব আমি আশা করি জমি নেওয়া সম্বন্ধে পুনর্বাসন বিভাগ একটু তৎপর হবেন যাতে বাড়তি জমি লোকে দিতে পারে পুনর্বাসনের জন্য। আমার সময় শেষ হয়েছে, আমি এইটুকু শুধু বলব, কাজের হিসাবই প্রদর্শন করুন টাকার হিসাব করবার দরকার নাই,—
audit the achievements and not the money spent.

[10-40—10-50 a.m.]

Sj. Bijoy Bihary Basu:

মাননীয় সভাপতি মহাশয়, এর আগের পরিষদে আমি আশ্বাস পেয়েছিলাম, খাদ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, পল্লী অঞ্চলে রেশনিং ব্যবস্থা করবেন, কিন্তু আজ পর্যন্ত পল্লী অঞ্চলে আমরা কিছু দেখতে পাই না এবং আমি এটা সরকারের গোচরে আনতে চাই যে, পল্লী অঞ্চলে বহু লোক এখন একবেলা খাচ্ছে, বাজারে চাল কম আছে—রেশনিং সেখানে কবে থেকে চালু হবে আমি সেটা জানতে চাই।

এর পর আমাদের কৃষি বিভাগের কথা বলছি—পাঁচই মার্চ "যুগান্তর"-এ একটা সংবাদ বেরিয়েছে প্রায় ১॥ কোটি টাকা কৃষিঋণের জন্য খরচ করা হয় নি। এই সরকারের অব্যবস্থা কেন হয় যার জন্য এই দেড় কোটি টাকা কৃষিঋণ দেবার ব্যবস্থা করতে পারা যায় নি—এটা আমি পরিষদে জিজ্ঞাসা করতে চাই। এখন এখানে দেখছি আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বা কৃষিমন্ত্রী মহাশয় নাই। রবিবারের "স্টেটস্‌মেন"-এ প্রকাশিত হয়েছে যে আমাদের ভারতবর্ষের অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে, এর পরে শিক্ষার জন্য রাজ্য সরকারকে যে টাকা দেওয়া হবে সে টাকা সমস্ত শিক্ষা এবং শিক্ষার্থীদের কল্যাণে ব্যয়িত হবে। আমি সরকারের নীতি কি জানতে চাই।

Sj. Satya Priya Roy: Mr. Chairman, Sir, I draw your attention to the fact that the treasury bench is practically empty, though the Education Department is being criticised.

Mr. Chairman: The Chief Minister is here

Sj. Bijoy Bihary Basu:
আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় এখানে নেই, তাঁর কাছেই বলি যে, এর পরে শিক্ষার জন্য যে টাকা কেন্দ্রীয় সরকারের খরচ হবে সেটা আমাদের শিক্ষক এবং শিক্ষার্থীদের কল্যাণে ব্যয়িত হবে কি না? বড় বড় বিল্ডিং এবং অন্যান্য সাজ সরঞ্জামেই সমস্ত টাকা খরচ হয়ে যাচ্ছে আর শিক্ষার্থীদের খরচ দেওয়া হয় না এবং শিক্ষকদের বেতন এবং অন্যান্য জিনিষ দেওয়া হয় না, অবসর গ্রহণের পর শিক্ষকদের জন্য কোন ব্যবস্থা নাই—একথা বার বার আমরা জানিয়ে দিচ্ছি এবং শেষে আবার একথা স্মরণ করিয়ে দিতে চাই যে, অবিলম্বে পল্লীগ্রামে রেশনিং ব্যবস্থা চালু করুন। আর কৃষিঋণের যে দেড় কোটি টাকা খরচ হয় নি তার একটা ব্যবস্থা করুন একথা বলে আমি বসছি।

Sj. Tripurari Chakravarti:
মাননীয় সভাপতি মহাশয়, সরকারের অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবী মঞ্জুরীর সুযোগ নিয়ে আজ শিক্ষা সম্বন্ধে বিশেষ করে জনশিক্ষা বা লোকশিক্ষা সম্বন্ধে কয়েকটি কথা বলছি। বাংলার আকাশে দুর্দিন ঘনঘোর হয়ে আসছে। গত কয়েকদিন থেকে যে দৃশ্য দেখছি কোলকাতার সদর রাস্তায়, গত কয়েকদিন থেকে যে ভুখা অভিযান, খাদ্য অভিযান, বাস্তুহারাদের আর্তনাদ এবং সরকারের বিরুদ্ধে তীব্র বিক্ষোভ প্রদর্শন দেখছি, সেই দৃশ্য দেখে শঙ্কিত হই। ভাবি, এর প্রতিকার কোথায়, কেন এই অশান্তি, কেন এই বিক্ষোভ, কেন এই বিদ্বেষবহ্নি ধুমায়িত না থেমে ধীরে ধীরে প্রজ্জ্বলিত হয়ে উঠছে? এর অনেক কারণ আছে। বাংলার মুখ্যমন্ত্রী একজন বিশেষজ্ঞ চিকিৎসক, তাঁর মত চিকিৎসক ভারতবর্ষে নেই, অদ্বিতীয় তিনি। তাঁকে বিবেচনা করতে অনুরোধ করি কেন এই প্রকোপ, কেন এই বিদ্বেষ, কেন এই অশান্তি কেমন করে এগুলি দূর করা যায়। অনেক সময় ভেবেছি, ভাবতে চেষ্টা করি, ইতিহাস বিধাতাকে স্মরণ করি, ধ্যান করি ইতিহাসের ছাত্র হিসাবে। এগুলি যেমন দূর করা দরকার তেমনি সেই সঙ্গে সঙ্গে শিক্ষার সুব্যবস্থাও প্রয়োজন। আমি আজ প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা বা উচ্চশিক্ষার কথা বলছি না, আমি বলছি জনশিক্ষা বা লোকশিক্ষার কথা, এ্যাডাল্ট এডুকেশন। এতবড় দেশ ভারতবর্ষ, বাংলায় এত কোটী লোকের বাস, সেখানে সমস্ত প্রাপ্ত বয়স্ক পুরুষ এবং নারীকে আমরা ভোটাধিকার দিয়েছি, সমস্ত মানুষ তাঁদের অধিকার সম্বন্ধে সচেতন, কিন্তু সেই সঙ্গে এ ব্যবস্থা আমরা এখনও করি নি যে, আমাদের যাঁরা প্রভু, আমাদের যাঁরা ভাগ্যবিধাতা তাঁদের শিক্ষিত করতে হবে যেকথা বিলাতে একজন বিশিষ্ট মনীষী একদিন বলেছিলেন ১৮৬৭ সালে রিফর্ম আইন প্রবর্তিত হবার পর
we must now educate our masters
আমাদের যারা প্রভু যাদের হাতে এত ক্ষমতা অর্পিত হোল, এত দায়িত্ব ন্যস্ত হোল তাঁদের সুশিক্ষিত করতে হবে। এদিক থেকে লোকশিক্ষা বা জনশিক্ষার বিশেষ প্রয়োজন। ৩ বছর আগে ইংলন্ডে শিক্ষা আইন প্রবর্তিত হোল-১৬৩৬ সালের বিখ্যাত শিক্ষা আইন, কিন্তু অল্প কয়েকদিনের মধ্যে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের বিখ্যাত দর্শনের অধ্যাপক মহামতি থমাস হিল গ্রীন ঘোষণা করেন,—
primary education, elementary education is no remedy,
এতে হবে না, আক্ষরিক শিক্ষা বা প্রাথমিক শিক্ষা এ-রোগের নিরাকরণ করতে পারবে না, সেটা প্রতিকার নয়, প্রতিকার হচ্ছে সুচিন্তিত সুকল্পিত জনশিক্ষা, লোকশিক্ষা। গ্রীন বলেছিলেন অপূর্ব কথা এবং থমাস গ্রীন তাঁর জীবনের শেষ ১২ বছর ১৮৭০ থেকে ১৮৮২ সাল পর্যন্ত এই সাধনা, তপস্যা করেছিলেন ইংলন্ডে; বলেছিলেন আমরা দেখতে চাই—
I see a vision of the ladder of learning reaching from the gutter to the Universities.

Mr. Chairman: I would like to draw the attention of the honourable members that in the discussion of the supplementary estimate you have got to speak on particular items and not on policy in general.

Sj. Tripurari Chakravarti:
স্যার, শিক্ষা সম্বন্ধে বলছি--১ কোটি ৪৪ লক্ষ টাকা শিক্ষার খাতে দাবী রয়েছে।

Mr. Chairman: Please confine yourself to the point.

Sj. Tripurari Chakravarti:
সুতরাং শিক্ষার বিভিন্ন ধারা সম্বন্ধে আলোচনা করা বোধহয় প্রাসঙ্গিক, সেদিক থেকেই আমি লোকশিক্ষা ও প্রাথমিক শিক্ষার কথা বলছিলাম। প্রাথমিক শিক্ষা বা মাধ্যমিক শিক্ষা বা জনশিক্ষাকে লোকশিক্ষায় আলোচনার ক্ষেত্র থেকে দূর করা যায় না। লোকশিক্ষার একটা বিশেষ প্রয়োজন আছে। আজ আমার মনে হয় এই যে দেশে বিক্ষুব্ধ ও উত্তেজিত জনতা এই হাজার হাজার কলকারখানার মজদুর পশুর মত জীবন যাপন করে যাদের ব্যবহারে অনেক সময়ই কোন শৃংখলা দেখি না রবীন্দ্রনাথ তাঁর মৃত্যুর কয়েকদিন আগে রোগশয্যায় লিখেছেন, "শিল্পের নৈপুণ্যে উদ্যমেরে শৃংখলিত করা" এই উদামতা শৃংখলিত করা যায় কেবলমাত্র জনশিক্ষা বা লোকশিক্ষার বিধির মধ্যে দিয়ে এবং তার জন্যই আমি বলতে চেয়েছিলাম সুচিন্তিত ও সুপরিকল্পিত একটা প্রণালী থাকা প্রয়োজন, যাতে দেশের বিদ্যা দেশের দর্শন, দেশের সংস্কৃতি কেবলমাত্র বিদ্বানের সম্পত্তি না হয়ে থাকে একথাটাই বিশেষ করে বলতে চেয়েছিলাম। এখন যে অবস্থা দেখছি তাতে আমাদের দেশে বিদ্যা বিদ্বানেরই সম্পত্তি, সেটা সমাজের সর্বত্র পেঁছাচ্ছে না। প্রাথমিক শিক্ষা সম্বন্ধে আমি আরো দুয়েকটা কথা বলতে চাই। এখন আমাদের দেশে প্রাথমিক শিক্ষা আরম্ভ হয়েছে। সেদিন শিক্ষামন্ত্রী বল্লেন, প্রাথমিক স্কুলের সংখ্যা যথেষ্ট বেড়েছে, প্রাথমিক শিক্ষকদের বেতনের হার দ্বিগুণ হয়ে গিছেয়ে। আমি বিশেষজ্ঞ নই। তাঁদের বেতনের হার দ্বিগুণ হলেও তো চলছে না, দেশের যা অবস্থা, চালের যা দাম, জীবনের অন্যান্য সামগ্রীর যা দাম, জিনিসপত্র যেমন মহার্ঘ্য তাতে শিক্ষকদের বেতন দ্বিগুণ হলেও যথেষ্ট নয়। প্রয়োজন হচ্ছে, যাতে তাঁরা জীবনযাত্রা নির্বাহ করতে পারেন এমন একটা বেতনের হার নির্ধারণ করা। দুঃখের বিষয়, আজ পর্যন্ত আমরা তা করতে পারি নি। কেমন করে তা করা হবে সেকথা আমি বলছি না এখন সেকথা অনেকেই বলেছেন, দেশের মনীষীবৃন্দ চিরকাল সেই কথা বলে আসছেন। রবীন্দ্রনাথ বলেছিলেন "ভোজের ভুক্তাবশেষের উচ্ছিষ্ট কণা", সে পড়ে এ'দের ভাগ্যে। দেশে শিক্ষা এখনো হল না জনসাধারণের মনের সংগে শিক্ষার সহজ মিলন ঘটানো এখনো সম্ভব হল না—এই বেদনার কথা তিনি বলেছিলেন। এখন কিছু কিছু স্কুল হচ্ছে, আক্ষরিক বিদ্যা কিছু কিছু হচ্ছে, কিন্তু প্রকৃত শিক্ষা কোথায়? আরেকটা কথা বলে শেষ করতে চাই। আমি নতুন এসেছি এই কাউন্সিলে, আমি দেখতে এসেছি, বুঝতে এসেছি। সমস্ত জিনিষের সুস্পষ্ট ধারণা করে আমি কথা বলতে চাই। অনেক প্রাথমিক শিক্ষক ও শিক্ষিকার সংগে আমার আলোচনা ও কথাবার্তা হয়। একটা উদাহরণ দিচ্ছি—প্রাথমিক স্কুলের একজন শিক্ষক, তিনি অত্যন্ত দরিদ্র, অত্যন্ত দুঃস্থ, তিনি এসে সেদিন বল্লেন, জানুয়ারী মাসের বেতন এখনো পান নি। প্রাথমিক স্কুলের শিক্ষকেরা দরিদ্র, তাঁদের দিন চলে না। তাঁরা যদি সময় মত বেতন পেয়ে তাঁদের গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা না করতে পারেন তাহলে সেই ব্যবস্থার নিন্দা আমরা নিশ্চয়ই করব। সর্বোপরি, যেকথা বলতে চেয়েছিলাম—জনশিক্ষা বা লোকশিক্ষাই দেশের উত্তেজিত জনতা, বিক্ষুব্ধ জনতা, দেশের কোটি কোটি জনতা যারা ভোটাধিকার পেয়েছে এবং ভোটাধিকার সম্বন্ধে সচেতন হয়েছে, এদেরকে ভালোকরে সংযত করবার একমাত্র উপায় হচ্ছে শিক্ষা। চিরকাল ভারতবর্ষ বলে এসেছে শিক্ষার ভিতর দিয়েই মানুষ দায়িত্বজ্ঞানসম্পন্ন হয়, আক্ষরিক শিক্ষা নয় প্রকৃতশিক্ষা। দর্শন, বিজ্ঞান, সমাজনীতি ও রাষ্ট্রনীতির পাইপ লাইন যেন জনসাধারণের কাছে পেঁছায়, সেখানে যেন জলসেচনের কোন বাধা না থাকে, সেই ব্যবস্থা করবার জন্যই আমি মন্ত্রীমণ্ডলীকে অনুরোধ করছি।

[10-50—11 a.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want to tell you that discussion on the supplementary estimate has got a very limited scope, namely, these particular items for which extra grants are being asked for and not any general policy of any particular department.

Sj. Tripurari Chakravarti:
আমি জনশিক্ষা বা লোকশিক্ষার কথাই বলছি।

Mr. Chairman: For your guidance I shall read from May's Parliamentary Practice. It is stated there: "Debate on supplementary and excess grants is restricted to the particulars contained in the estimates on which those grants are sought and to the application of the items which compose those grants; and the Debate cannot touch the policy or the expenditure sanctioned, etc., etc.".

Sj. Nirmal Chandra Bhattacharyya:
সভাপাল মহাশয়, অধ্যাপক চক্রবর্তী প্রাথমিক শিক্ষা সম্বন্ধেই বলছেন, আমাদের এখানে যে কাগজ দেওয়া হয়েছে তার ২০ পাতায় রয়েছে বেসিক ট্রেনিং ইনস্টিটিউশনএর কথা, সুতরাং তিনি প্রাথমিক শিক্ষা, বুনিয়াদী শিক্ষা সম্বন্ধে বলতে পারেন।

Sj. Sasanka Sekhar Sanyal: If the specific items which come in the supplementary estimate are discussed, then those discussions are invariably bound to bring certain general and fundamental questions. How to eliminate one from the other?

Mr. Chairman: On other occasions you will be able to speak. Now the discussion is restricted to the items of the supplementary estimates.

Sj. Nirmal Chandra Bhattacharyya: At page 19-K.
এতে লেখা আছে -
Grants to Local Bodies for Primary Education for Boys and Girls--
সুতরাং তিনি অবান্তর কিছুই বলেন নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If there are any comments to be made with regard to grants to local bodies for Primary Education, recurring so much, non-recurring so much, that is quite consistent. But if the discussion is on the basis of the primary education in general, that is not permissible.

[11—11-10 a.m.]

Sj. Satish Chandra Pakrashi:
মাননীয় সভাপতি মহাশয়, দেশের দিকে দিকে সংকট, অথচ আমরা ব্যয় বৃদ্ধির জন্য, খরচ বাড়াবার জন্য অনুমতি দিচ্ছি বা অনুমতি আমাদের কাছ থেকে চাওয়া হচ্ছে।

এখানে একটা কথা, এই সাপ্লিমেন্টারী বাজেটে আছে যে, ন্যায্য মূল্যের দোকানে বেশী পরিমাণ চাল বা খাদ্যশস্য বিতরণের জন্য, খাদ্য-সংগ্রহের টাকা আরও বেশী দিতে হবে, অথচ এখানে ন্যায্যমূল্যের দোকান অতি কম আছে, এবং জেলায় জেলায় মডিফাইড রেশন-এর দোকানও খুব কম আছে এবং যার জন্য চারিদিকে আন্দোলন সুরু হয়েছে। চারিদিকে দাবী-দাওয়া উপস্থিত হচ্ছে যে রেশন সপ থেকে চাল দিচ্ছে না, অথচ সেদিকে আপনারা খরচ বাড়াবার জন্য টাকা চাচ্ছেন। অবশ্য খরচের আইটেম বাড়লে পর দেখতে বেশ ভাল হয়, বেশ রুচিকর হয়, কিন্তু তাতে জনসাধারণের পেট ভরে না। সুতরাং খাদ্যশস্য বিতরণের জন্য

রেশন সপ-এ আরও বেশী করে চাল দিতে হবে। জেলায় জেলায় আরও মডিফাইড রেশন-এর দোকান খুলে সেখান থেকে কম মূল্যে চাল দেবার বন্দোবস্ত করতে হবে। জেলায় জেলায় মডিফাইড রেশন-এর সপ থেকে চাল দিতে হবে বলে চাল সংগ্রহের জন্য টাকা চাওয়া হচ্ছে। কিন্তু মডিফাইড রেশন সপ থেকে ন্যায্যমূল্যে চাল কেনবার জন্য পাওয়া যাচ্ছে না। লোকে চারিদিকে হাহাকার করছে কোথা থেকে চাল পাবো বলে। তার কোন ব্যবস্থা নেই, অথচ খরচ বাড়াবার ব্যবস্থা হচ্ছে। এই ধরনের ব্যবস্থা আমরা আরও অনেক জায়গায় দেখেছি। এই যে খাদ্যের সংকট উপস্থিত হয়েছে, তার পরিচয় আমরা পাচ্ছি। হাজার হাজার লোক তারা আজ মফঃস্বলের বহু দূরবর্তী স্থান থেকে গিয়ে কলকাতায় এসে পৌঁচেছে, ন্যায্য মূল্যে খাদ্য পাবার জন্য। তারা খাদ্যের জন্য আন্দোলন করছে। আপনারা এর জন্য অতিরিক্ত টাকা চাচ্ছেন, অথচ জনসাধারণের খাদ্যের জন্য সুষ্ঠু কোন ব্যবস্থাই করতে পারছেন না।

তারপর আপনারা স্টেট ট্রান্সপোর্ট সারভিস কলকাতা এবং বাইরে করেছেন, এবং তার জন্য অতিরিক্ত ব্যয় চাওয়া হয়েছে। কিন্তু লোকে ভেবেছিল, যখন ট্রান্সপোর্ট সারভিসটা গভর্নমেন্ট নিজের হাতে নিলেন তখন অবস্থাটা পরিবর্তন হবে, ভাল হবে। কিন্তু অবস্থার পরিবর্তন তো কিছুই হয় নি, বরং ট্রান্সপোর্টএ দেখা যাচ্ছে বাসগুলি আগে যাও একটু তাড়াতাড়ি আসত, এখন তার চেয়ে দুগুণ, তিনগুণ, চারগুণ দেরীতে পর পর আসছে। স্টেট ট্রান্সপোর্ট বাস একটা যদি মিস্ হয়, তা হলে আর একটা বাস পেতে অনেক অসুবিধা হয়। কিন্তু সরকারের তার প্রতি কোন লক্ষ্য নেই, তার উন্নতির কোন ব্যবস্থা নেই অথচ তার জন্য অতিরিক্ত ব্যয়ের এষ্টিমেট ক্রমশঃ বেড়েই চলেছে। লোকের সুবিধা কোথায়? সুতরাং এ'র জন্য যে অতিরিক্ত ব্যয় হচ্ছে তার কোন সুযোগ সুবিধা লোকে পাচ্ছে না।

তারপর জেলখানার কয়েদীদের জন্য তাদের ব্যবস্থা ভাল করবার জন্য অতিরিক্ত টাকা চাওয়া হয়েছে। তাছাড়া হাসপাতালের বেশী খরচের জন্য অতিরিক্ত টাকা চাওয়া হয়েছে। এগুলির প্রয়োজন আছে সত্য। কিন্তু দেখা যায় টাকাই মঞ্জুর করা হয় এখানে সংখ্যাধিক্যের জোরে; তাতে জনসাধারণের বিশেষ সুবিধা হয় না। সরকার পক্ষের লোক যাঁরা, তাঁরা একটার পর একটা করে সাপ্লিমেন্টারী, অতিরিক্ত বাজেট আনেন, এবং তাঁদের ভোটের জোরে পাশ করিয়ে নেন। কিন্তু এতে জনসাধারণের সুবিধা কোথায়? আমি জেল সম্বন্ধে জানি জেলের ভিতর কয়েদীদের জন্য কোন অবস্থার পরিবর্তন হয় নি। ঠিক সেই রকম হাসপাতাল সম্বন্ধেও তার প্রকৃত উন্নতির জন্য কোন ব্যবস্থা হয় নি। ওদিকে প্রচুর অর্থ ব্যয় করা হচ্ছে, অথচ রোগীদের দুধ, মাংস, ফল প্রভৃতি খেতে দেওয়ার কোন ব্যবস্থা নেই।

পুলিশের খাতে ব্যয়ও ঐ রকম ভাবে বাড়ান হয়েছে। প্রায় সব খাতেই ব্যয় বাড়ান হয়েছে। যা মূল বাজেটে ধরা হয়েছিল, তাতে কুলায় নি, তার জন্য আরও বেশী খরচ চাওয়ার দাবী উঠেছে। পুলিশের জন্য যে টাকা বাজেটে ধরা হয়েছে তার চেয়ে আরও বেশী চাওয়া হচ্ছে অথচ পুলিশের দুর্নীতি চতুর্দিকে চলছে। আজ জনসাধারণ জানে যে পুলিশকে দু'টাকা ঘুষ দিলেই সব ঠিক হয়ে যায়।

যেমন পুলিশের ব্যাপারে ঠিক তেমনি খাদ্যের ব্যাপারেও ঘটছে। জেলে বন্দীদের রসদ দেওয়ার ব্যাপারে এবং হাসপাতালে রসদ দেওয়ার ব্যাপারেও ঐরকম ব্যবস্থা চলেছে। ট্রান্সপোর্টএর ব্যবস্থায়ও ঠিক সেই রকম টাকা যাচ্ছে, অথচ লোকের কষ্টের একশেষ। যাতে প্যাসেঞ্জারগুলির যাতায়াতের সুবিধা হয়, তাদের উপকারের জন্য বাস বাড়িয়ে দেওয়া যায় তার প্রতিকারের কোন ব্যবস্থা হচ্ছে না। এতে সংকট দিকে দিকে বেড়ে চলেছে। কাউন্সিলের কাছ থেকে টাকা চাওয়া হয়, টাকা মঞ্জুরও হয়। কিন্তু সেই টাকা দিয়ে সুফল হয় না। মানুষ সেই টাকার সুফল চায়, খাদ্যের সুবিধা চায়, দুর্নীতির হাত থেকে রক্ষা পেতে চায়। আজ জনসাধারণ অনুভব করছে কোন কিছু কাজ আদায় করতে হলে পুলিশকে ঘুষ দেওয়ার প্রয়োজন হয়। পুলিশকে হাতে না রাখলে কিছুই হয় না। সৎমানুষকেও বাধ্য হয়ে সময় সময় ঘুষ দিয়ে কাজ আদায় করতে হয়, না দিলে সর্বনাশ হয়। সেইজন্য তারা পুলিশকে ঘুষ দেন।

বাজেট এ্যাষ্টিমেটে যে অতিরিক্ত ব্যয়ের জন্য টাকা চাওয়া হয়েছে, তা দিতে আমরা কুণ্ঠিত ই, যদি আমরা সেই ব্যয়ের পরিবর্তে কিছু সুযোগ সুবিধা পাই। যদি দুর্নীতিগুলি দূর য় এবং সংকটও দূর করবার ব্যবস্থা হয়, তা' হলে টাকা খরচ করাটা ন্যায্যভাবে করা হয়। কন্তু আসল যে সুফল আশা করা যায়, তা পাওয়া যায় না, বরঞ্চ লোকের ক্ষতি হয় বেশী এবং দুর্নীতি বাড়ে, লোকের অসুবিধা বেড়ে চলে। আমরা খরচ করছি, ট্যাক্স দিচ্ছি, রেভিনিউ দিচ্ছি, তা নিয়ে বিভিন্ন খাতে অতিরিক্ত টাকা ব্যয় হচ্ছে, কিন্তু তার পরিণাম কি? আমরা ক সুফল পেয়েছি? সেই জিজ্ঞাসার কোন উত্তর সরকার পক্ষ থেকে পাওয়া যায় না।

Sj. K. P. Chattopadhyay: Mr. Chairman, Sir, my friends have spoken about the more important topics. I shall speak only about one single topic. I find that in Grant No. 18 a sum of rupees two hundred is being paid as extra grant to the Asiatic Society. The Supplementary Estimates run to several crores. Compared to that this amount may be described only by the english expression "measly and moth-eaten". The Asiatic Society is the oldest learned society in the whole of Asia. It has done extremely valuable works but for some time past it has been suffering from lack of funds. You are well aware, Sir, that this particular State does not get proper help in matters in general from the Centre. It is an unfortunate fact that this most ancient learned society which has been doing valuable work —and Sir, you have been connected with it as its Chairman and member at various times—and everybody is aware of the valuable contribution it has made to the culture of the country and the world in the field of science, arts and humanity, this society has not received that amount of support from the Centre. Whenever their Secretary asks "how much increase has been effected in the State Grant?", we have to state with regret "nothing".

I would, therefore, like to draw the attention of the Hon'ble Chief Minister and Finance Minister that an adequate grant should be made much over and above the usual grant to the Asiatic Society. At least an additional sum of Rs. 10,000 is essential this year.

That is all that I wish to say, Sir.

[11-10—11-20 a.m.]

Dr. Monindra Mohan Chakraborty:
মাননীয় অধ্যক্ষ মহোদয়, অতিরিক্ত বাজেট বরাদ্দ সম্পর্কে আলোচনা করতে গিয়ে একটা বরাদ্দ গ্রান্ট নাম্বার থ্রি দেখেই আজকে পরিষদ এবং বিশেষ করে ট্রেজারী বেঞ্চ-এর অবস্থা যে কেমন হয়েছে সেটা বুঝতে পারা যাচ্ছে। গ্রান্ট নাম্বার থ্রিতে আছে
Opium supplied to the State Excise Department.
এবং তার জন্য ৫৭ হাজার ২০০ টাকা বরাদ্দ করা হয়েছে। আবার এজন্য ব্যাখ্যা করে বলা হয়েছে যে

The additional provision under "Cost price of opium supplied to State Excise Department" is based on the increased quantity of opium quota allotted by the Government of India.
অর্থাৎ কিনা আমাদের মন্ত্রীমণ্ডলীর আফিমের বরাদ্দের বেশী প্রয়োজনীয়তা মনে করছেন এবং তার ফল আমরা প্রত্যক্ষভাবে দেখতে পাচ্ছি। আমার মনে হয় মন্ত্রীমণ্ডলীর ভাগ্যে এটা পড়েছে, কারণ প্রায় সকলেই নিদ্রামগ্ন। আমাদের আবগারী মন্ত্রী এখানে উপস্থিত আছেন এবং মনে হচ্ছে যে তিনি ঐ আফিমের প্রভাব থেকে মুক্ত। গ্রান্ট নাম্বার ফাইভ-এ ৬-এর পাতায় যে ৪৭ হাজার টাকা আছে সেটা হচ্ছে যে ঐ ৪৭ হাজার টাকার স্লীপার কেনা হয়েছে। এর ব্যাখ্যায় বলা আছে যে,
The additional demand is due to larger purchase of sleepers from trade for supply to the Railways.

রেলওয়েকে এই যে সাপ্লাই করা হল তাতে স্টেট গভর্নমেন্ট যে কি ভাবে লিপ্ত ছিলেন এবং তার জন্য অতিরিক্ত বরাদ্দ কেন আমরা করব তার কোন ব্যাখ্যা আমি বুঝতে পারছি না। রেলওয়ের যখন সেন্ট্রাল সাবজেক্ট তখন আমাদের এখানে ব্যাখ্যা আরও ভাল করে দেওয়া উচিত ছিল যে এর দ্বারা আমাদের স্টেটের কি লাভ হয়েছে। তারপর গ্রান্ট নাম্বার এইট আদার টেক্সেস অ্যান্ড ডিউটিস, এই খাতে অতিরিক্ত আদায়ের জন্য অ্যাডিশনাল গ্রান্ট চাওয়া হয়েছে, কেন না এতে কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। কিন্তু এই বৃদ্ধি করে কর্মচারীতে কি তাদের এ্যাফিসিয়েন্সি বৃদ্ধি হয়েছে? সেলস ট্যাক্স কি আরও আদায় হয়েছে? এইসব কোন কথার উল্লেখ বর্তমান বছরের বাজেটে পাওয়া যায় নি। গ্রান্ট নাম্বার টেন-এ লেখা আছে যে অনেক টাকা বরাদ্দ করা দরকার, কেন না

The extra provision is required for taking over the outfall system of the Calcutta Corporation...

ক্যালকাটা করপোরেশন-এর আউটফল সিস্টেম সম্পর্কে অনেক পরিকল্পনা হয়েছিল। বিশেষ করে কোলকাতায় সিওয়েজ ডিস্‌পোশাল-এর পরিকল্পনা হয়েছিল। কোলকাতায় সিওয়েজ ডিসপোশাল পরিকল্পনা সম্পর্কে আমাদের মুখ্যমন্ত্রী জার্মানী গিয়ে সেখানকার একজন বিশেষজ্ঞকে বগলদাবা করে নিয়ে এসেছিলেন এবং তারপর এরজন্য একটা সংক্ষিপ্ত বিবরণ আমরা শুনলাম। আজও পর্যন্ত এরজন্য টাকা গ্রান্ট হচ্ছে কিন্তু সেই সিওয়েজ ডিসপোশাল প্ল্যান্ট-এর কি হল তা আমরা জানতে পারি নি। গ্রান্ট নাম্বার থারটিন-এ কয়েকটা টাকা বরাদ্দের কথা আছে। গভর্নরের যিনি সার্জন তাঁর টাকা বাকী পড়ে গিয়েছিল বলে এখানে আছে

The additional grant is required to meet arrear charges.

গভর্নরের যিনি ডাক্তার তার টাকা কেন বাকী পড়ে থাকে এবং তার জন্য অতিরিক্ত বরাদ্দের যে কেন দরকার হয় তার ব্যাখ্যা আমরা খুঁজে পাই না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইরকম ধরনের অনেক বরাদ্দ আছে যেগুলো আমার মনে হয় না করলেই চলত।

আমার অনেক বন্ধু শিক্ষা খাত সম্পর্কে আলোচনা করেছেন। আমি কেবল প্রাথমিক শিক্ষা খাত সম্পর্কে আমার সামান্য বক্তব্য আপনার কাছে নিবেদন করতে চাই। আমি গ্রান্ট নাম্বার নাইনটিন-এর অ্যাট পেজ নাইনটিন কে-এর যেখানে

Grants to Local Bodies for primary education for boys and girls

আছে সেই সম্বন্ধে বলব। এটা সুখের কথাই যে আমাদের শিক্ষামন্ত্রী এখানে এখনও উপস্থিত আছেন। আগে রাজ্যপাল মহোদয়ার ভাষণ সম্পর্কে যখন বিতর্ক হয় তখন আমাদের শিক্ষা-মন্ত্রীকে আমি বলি যে পৌর এলাকার শিক্ষা ব্যবস্থা সম্পর্কে সরকারের দায়িত্ব নেওয়া প্রয়োজন। কারণ কোন পৌর প্রতিষ্ঠান এমন কি কোলকাতা, হাওড়া ইত্যাদির মতন বড় বড় প্রতিষ্ঠানের আজকাল কোন উপায় নেই যার দ্বারা তারা সেখানকার শিক্ষাব্যবস্থার সম্পূর্ণ ভার গ্রহণ করতে পারেন। এ বিষয়ে সরকার যা বরাদ্দ দেন সেটা অত্যন্ত কম। আমি এই প্রসঙ্গে উল্লেখ করেছিলাম যে, বিগত ৫০ বৎসরের মধ্যে বাংলাদেশে যেসমস্ত পৌর এলাকা আছে সেখানে আজ শতকরা ২০০ ভাগের বেশী জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং সমগ্র ছাত্রছাত্রীর ১/৩ অংশ এই শহর এলাকায় বাস করে, কিন্তু মিউনিসিপ্যালিটিগুলোর নিজেদের অবস্থা ভাল না হবার জন্য তারা কিছুই ব্যবস্থা করতে পারে না। এর উপর তিনি বলেছিলেন যে ১৯১৯ সালের আইন অনুযায়ী একটা এডুকেশন সেস ধার্য করলেই হয়। কিন্তু মিউনিসিপ্যালিটিগুলোর যে কি অবস্থা সেবিষয়ে আমি কোলকাতা এবং হাওড়ার দৃষ্টান্ত দেব। আমার বন্ধুরা জে এল সাহা এবং হাওড়ার পৌরসভার চেয়ারম্যান শ্রীরবীন্দ্রলাল সিংহের কাছ থেকেই এবিষয়ে সমস্ত সত্য নিরূপণ করতে পারবেন। কোলকাতা কর্পোরেশন ১৯২৪ সালের কাছাকাছি ৫ লক্ষ টাকার মতন শিক্ষার জন্য খরচ করেছেন এবং ১৯৫৮ সালে তাদের বাজেটের যে খবর বেরিয়েছে তাতে প্রাথমিক শিক্ষার জন্য তাঁরা ৩০ লাখ ১৭ হাজার টাকা খরচ করছেন। কিন্তু সরকার পক্ষ থেকে এই তুলনায় কোন সাহায্য পাওয়া যায় নি। হাওড়ার অবস্থাও এই রকম। হাওড়ায় ১৯২১ সাল থেকে ১৯২৪ সালের মধ্যে সরকার একবার বরাদ্দ করেছিলেন ১২ হাজার টাকা এবং মিউনিসিপ্যালিটি তখন ১২ হাজার টাকার মতন খরচ করতেন। কিন্তু হাওড়া মিউনি-সিপ্যালিটি এখন ২ লক্ষ ৯৪ হাজার টাকা প্রাথমিক শিক্ষার জন্য খরচ করেন; অথচ গভর্নমেন্ট

সেই ১২ হাজার আর ৮ হাজার টাকা মিলিয়ে ২০ হাজার টাকা বেসিক স্কীমের জন্য দেন। এখানে আমার বন্ধু মহীতোষ বাবু এডুকেশন সেস-এর কথা জিজ্ঞেস করছেন। হাওড়াতে এডুকেশন সেস-এর ব্যবস্থা কেন নেই সেটা আমার বন্ধু রবীন্দ্রবাবুকে জিজ্ঞাসা করলেই বুঝতে পারবেন। সম্প্রতি হাওড়া ইমপ্রুভমেন্ট বিল-এ আরও ৩।০ ট্যাক্স বৃদ্ধি পেয়েছে। সুতরাং এইরকম যেখানে অবস্থা সেখানে আর বৃদ্ধির কোন উপায় নেই। সেজন্য মন্ত্রী মহাশয় কি একথা এখানে বলবেন যে যেহেতু ঐ ছেলেমেয়েরা দুর্ভাগ্যবশত শহরে এসে পড়েছে সেহেতু তাদের জন্য শিক্ষাব্যবস্থা করবার দরকার নেই এবং দায়িত্বও নেই। আমার বক্তব্য মন্ত্রীমহাশয়ের কাছে যে এই অবস্থা করলে দায়িত্ব এড়ান যায়, কিন্তু তাতে সমস্যার সমাধান হয় না। আপনি যদি কেবল বলেন যে ওরা ১৯ সালের আইন অনুযায়ী ট্যাক্স করবে তারপর আমি করব। কিন্তু তাতেও সমস্যার সমাধান হয় না। আপনার দ্বারাই এটা সমাধান হয়। আপনি সমস্ত পৌরসভার প্রতিনিধিদের ডেকে কি উপায় নির্ধারণ করা যায়, তা ঠিক করুন এবং কেবলমাত্র তাদের উপর এই দায়িত্ব ফেলে রেখে দিলে আপনার কর্তব্য পালন হবে না। প্রাথমিক শিক্ষকদের প্রতি মাসের বেতন সম্পর্কে আমরা অনেকবার অনেক অভিযোগ করেছি। আমি কাল খবর পেলাম যে মেদিনীপুর জেলায় এইরকমভাবে প্রাথমিক শিক্ষকরা ৩ মাস বেতন পান নি। এখনও পর্যন্ত প্রাথমিক শিক্ষকরা যে সেই ৫২॥৭, ৬২॥০, ৬৭॥০ টাকা বেতন যে পান না তার কোন প্রতিকার হল না। আমি মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে বলি যে এই সামান্য বেতন কেন তাদের রেখে দেওয়া হয়। উনি হয়তো বলবেন যে, পে অ্যান্ড য়্যাকাউন্টস সেকশন-এ এটা আছে, কিন্তু আমি বলি যে এর প্রতিকার হওয়া বাঞ্ছনীয়। তারপর এদের বদলীর ব্যাপারে কিছু বলব। এই সামান্য বেতনের প্রাথমিক শিক্ষকদের তাদের গ্রাম থেকে দূর দূর কোন জায়গায় বদলী করার কোন প্রয়োজনীয়তা আছে কি না সেটা আমি ওঁকে একবার ভেবে দেখতে বলি। আমরা বলি নিশ্চয় কোন ক্ষেত্রে কাউকে শাস্তিমূলক ব্যবস্থার জন্য বা কোন প্রয়োজনের জন্য বদলী করা যেতে পারে, কিন্তু আমার মনে হয় যে. এই বেতনে যাদের আপনি নিযুক্ত করছেন তাদের যতদূর সম্ভব তাদের সেই গ্রামের কাছাকাছি নিযুক্ত করা উচিত এবং সংগত।

তারপর এই যে জেলা স্কুল বোর্ড আছে সেই স্কুল বোর্ডে যে শিক্ষক প্রতিনিধি নির্বাচিত হন সে সম্পর্কে কোন বিধিবন্ধ নিয়ম সব সময় চালু রাখা যায় না। আমাদের আগেকার মন্ত্রীর শ্রীপান্নালাল বসুর কাছে আমরা রিপোর্ট করেছিলাম যে কতকগুলি জেলায় সেখানকার প্রতিনিধি নির্বাচন করবেন স্কুল বোর্ড। কিন্তু এখন দেখতে পাচ্ছি যে মেদিনীপুর জেলায় আবার সেই আগেকার মতন নমিনেশান দেওয়া হচ্ছে। পাঁচটা জেলায় এর আগে শিক্ষকদের দ্বারা নির্বাচিত হয়েছে এবং বিভিন্ন শিক্ষক নির্বাচিত হয়েছেন, কোন গণ্ডগোল হয় নি।

[11-20—11-30 a.m.]

তারপর এই যে জেলা স্কুলবোর্ডগুলি আছে সেই স্কুলবোর্ডএ যে শিক্ষক প্রতিনিধি নির্বাচন. সে সম্পর্কে কোন বিধিবন্ধ নিয়ম চালু দেখা যায় না। কতকগুলি জেলার সম্বন্ধে ভূতপূর্ব মন্ত্রী পান্নালাল বসু বলেছিলেন যে, শিক্ষকেরা প্রতিনিধি নির্বাচন করবেন তাঁদের নিজেদের স্কীমএ, কিন্তু এখন দেখতে পাচ্ছি মেদিনীপুর জেলায় আবার আগেকার সেই নমিনেশন দেওয়া হয়েছে। অন্তত পাঁচটা জেলায় শিক্ষকেরা নির্বাচন করতেন এবং তখন কোন গণ্ডগোল হয় নি। কিন্তু কেন আবার মেদিনীপুরে বা অন্যান্য জায়গায় এরকম হ'ল, তার কারণ খুঁজে পাওয়া যায় নি। সেইজন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বক্তব্য হচ্ছে যে, এইসমস্ত ব্যাপার যা প্রিসিডেন্ট হয়ে গেছে, খানিকটা নিয়ম হয়ে গেছে এবং যা চালুও আছে তার পরিবর্তন ক'রে এই সামান্য ব্যাপারে গণ্ডগোল সৃষ্টি ক'রে লাভ নেই। তারপর আর একটা চিঠি আছে।

[At this stage blue light was lit.]

I shall finish within 2 minutes.

সম্প্রতি প্রাথমিক শিক্ষকদের সেমিনারএর বন্দোবস্ত করেছেন। কালিম্পং থেকে একজন ভদ্রলোক বেসিক স্কুল সেমিনারএ গিয়েছিলেন। কালিম্পংএ বেসিক ট্রেনিং স্কুলএর ব্যবস্থা হ'ল না এবং যিনি অধ্যক্ষ তাঁর বেসিক ট্রেনিংএর কোন ধারণা নেই। এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাচিং গ্রান্ট এবং কলেজগুলির সম্বন্ধে বলা উচিত ছিল—এটা গ্রান্ট নং ৩১।

কন্ট্রোল অব ভেগ্র্যান্সি, যার জন্য ১১·৬৯ লক্ষ টাকা খরচ করা হচ্ছে, যারা রাস্তায় ঘুরে বেড়ায় তারা অত্যন্ত অসুবিধাজনক ব্যবস্থার সৃষ্টি করে। তাদের জন্য ঐসব ব্যবস্থা করা সত্ত্বেও দেখতে পাচ্ছি ভেগ্র্যান্টএর সংখ্যা বেড়ে যাচ্ছে এবং বাঙ্গালীদের সংখ্যাও বেশি হচ্ছে। তা ছাড়া অন্যান্য প্রদেশের বহু লোক এইরকমভাবের ব্যবস্থার সুযোগ পায়। সেই জায়গায় অন্ততপক্ষে যাতে বাঙ্গালীরা বেশি পায় এবং তাদের যাতে কাজে লাগানো যায়, তাদের যাতে অর্থকরী বিদ্যায় লাগানো যায় সে সম্বন্ধে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে দেখতে বলি। তারপর গ্রান্ট নং ৩৩, ফেমিন সম্বন্ধে সেখানে একটা গ্রান্টএ দেখা যায়
isolated work houses and normal relief operation—
ওখানে নরম্যাল রিলিফ না অ্যাবনরম্যাল রিলিফ, তা বোঝা যায় না। এগুলির এস্টাব্লিশমেন্টএর হিসাবে যা খরচ হয় তাতে রিলিফএ যা দেওয়া হয় তার চেয়ে এস্টাব্লিশমেন্টএর জন্য বেশি খরচ হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর গ্রান্ট নং ৩৮তে যে অ্যাডিশনাল প্রভিশন স্টেট গভর্নমেন্ট করেছেন প্রায় ৬০ লক্ষ টাকা কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনএ প্রতিনিধি পাঠাবেন ব'লে তাতে এত টাকা খরচ করা উচিত কিনা সে সম্বন্ধে আমাদের ঘোর সন্দেহ আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান বাজেট বরাদ্দের সীমিত আলোচনার মধ্যে যে কথার উল্লেখ করলাম, আমি আশা করি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় তার জবাব দেবেন এবং আশা করব যে, অ্যাপ্রোপ্রিয়েশন বিলএ এ সম্পর্কে আরও বলতে পারব।

Janab Abdul Halim:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের সামনে এই বাজেট ১৫ কোটি ৭১ লক্ষ ৭৭ হাজার টাকার ব্যয়বরাদ্দ উপস্থাপিত করা হয়েছে। প্রত্যেক বছর সাধারণ বাজেটএর পর একটা অতিরিক্ত ব্যয়বরাদ্দের বাজেট আসে; তাঁরা বলেন যে অনিশ্চিত ব্যাপারের জন্য। বলতে পারেন না কত টাকা খরচ হবে এবং সেই টাকা কাজে খরচের পর আমাদের এখানে অতিরিক্ত একটা বাজেট দিয়ে সেটা পাস ক'রে নেওয়া হয়। ১৯৫৬-৫৭ সালে ১৫ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ করা হয়। সেবার খুব দুর্বৎসর ছিল; বন্যাবিধ্বস্ত অঞ্চলের জন্য খরচ করার দরকার ছিল। ১৯৫৭-৫৮ সালেও দুর্ভিক্ষ খাতে ১ কোটি ৭৭ লক্ষ ৯২ হাজার টাকার বরাদ্দ ছিল। বর্তমান যে বাজেট তাতে দুর্ভিক্ষ খাতে ১৯৫৭-৫৮ সালে ৮৬ লক্ষ ৯৬ হাজার টাকা হয়েছে। আমি বলতে চাই, পূর্ব বৎসরের চেয়ে বর্তমান বৎসরে খাদ্যশস্যের মূল্য বেড়ে গেছে, দেশের লোকের অভাব বেড়ে গেছে, লোক খেতে পাচ্ছে না, অনশন করছে, গ্রামে গ্রামে মৃত্যু শুরু হয়েছে। কালকে দেখেছি কলিকাতায় ৩০ হাজার লোক বুভুক্ষু হয়ে খাদ্যের দাবীতে, কাজের দাবীতে এখানে এসেছিল। কাজেই সরকারের মতে মানুষের ক্রয়ক্ষমতা বেড়ে যাচ্ছে বললেও দ্রব্যমূল্য যে বৃদ্ধি পাচ্ছে এ অবস্থা লক্ষ্য করা দরকার। এর প্রতিকার করতে হ'লে বাংলাদেশের গ্রামাঞ্চলে দুর্গত মানুষকে বাঁচাতে হ'লে সরকার যে নীতি গ্রহণ করেছেন, সে নীতিতে চলবে না। আরও বেশি টাকা বরাদ্দ করা দরকার। এখন টাকা বরাদ্দ কম করা হচ্ছে এবং টেস্ট রিলিফ চালু করা দরকার। এবং এগ্রিকালচারাল লোন দেওয়া দরকার। যারা খাজনা দিতে পারছে না তাদের খাজনা থেকে এক্সেম্পশন পাওয়া প্রয়োজন এবং অনেক জায়গায় সার্টিফিকেট জারি করে খাজনা আদায় যেন না করা হয় সেটা বন্ধ করা দরকার। কিন্তু বর্তমান সরকারের সেদিকে দৃষ্টি নাই। তাঁরা অবস্থার গুরুত্ব বেশি বিবেচনা করছেন না। তাঁরা মনে করছেন খাদ্যের অভাব আছে বটে, কিন্তু কোনরকমে চ'লে যাবে, সব ব্যবস্থা ঠিক হয়ে যাবে। আমার কিন্তু মনে হয় তা হবে না।

দুর্ভিক্ষ খাতে গ্রান্ট নং ৩৩তে ৮৬ লক্ষ ৯৬ হাজার টাকা খরচ হচ্ছে, কিন্তু তার একটা মোটা অংশ এস্টাব্লিশমেন্ট অ্যান্ড অ্যালাউন্সেসএর জন্য খরচ হচ্ছে, আর কনটিনজেন্সির জন্য ৮ লক্ষ টাকা খরচ হবে। এই সঙ্গে আমি বলতে চাই যে, এই টাকা ঠিকমত ব্যয় হয় না। এই টাকা বরাদ্দ করা এবং ব্যয় করা উচিত যেখানে অভাব, যেখানে লোক খেতে পাচ্ছে না, সেখানে রিলিফ দেওয়া এবং ঋণ দেওয়া দরকার। আমি বীরভূমের বন্যাবিধ্বস্ত অঞ্চলের কথা বলছি। লাভপুর থানায় এই খাত থেকে ঋণ দেওয়ার কথা হয়েছিল। গভর্নমেন্টও বলেছিলেন যে, ঋণ দেওয়া হবে, তারা যদি দলিল সম্পাদন করে তবে ঋণ দেওয়া হবে। সরকারী কর্মচারী দলিল, সংগ্রহ করলেন না, ফলে তারা ঋণ পেল না। তারপরে দলিল ক'রে ছাড়িয়ে আনার জন্য তাদের জরিমানা দিতে হয়েছে।

তারপরে যেসমস্ত বন্যাবিধ্বস্ত অঞ্চলে তারা ঋণ শোধ করতে পারছে না তাদের সম্বন্ধে বলেছিলেন যে, ঋণ মকুব করা হবে, সার্টিফিকেট জারি করা হবে না।

তারপর আপনাদের স্কীমএ যেখানে ঘর ভেঙ্গে গিয়েছে সেখানে ঘর করার ব্যবস্থা করার জন্য কয়লা দেওয়া হবে। কিন্তু এমন কয়লা দেওয়া হয়েছে যে কয়লায় ইট পোড়ে না। লাভপুরের ঠিবা গ্রামে আঠার মাসে একটা ঘর হয়েছে। কেন না সেই কয়লা দিয়ে ইট, হয় না, আর বাকি ইট জলে নষ্ট হয়ে গেছে। তা হ'লে কত টাকা নষ্ট হয়েছে দেখুন। কাজেই দেখা যাচ্ছে, একটা সুস্পষ্ট পরিকল্পনা থেকে এগুলো হচ্ছে না। বর্তমানে যে অবস্থা হয়েছে, এই অবস্থায় কোটি কোটি টাকা আমরা স্যাংশন করছি, কিন্তু সে টাকা কার পকেটে চ'লে যাচ্ছে সেটা চিন্তা ক'রে দেখা দরকার।

আর একটা গ্রান্ট--১০নং। ইরিগেশন খাতে ৪১ লক্ষ টাকা খরচের ব্যবস্থা হয়েছে। সেখানে বীরভূমে ময়ূরাক্ষীর যে পরিকল্পনা করা হয়েছে তার সঙ্গে ছোট পরিকল্পনা কিছু করলে আরও ভাল সেচের ব্যবস্থা হ'তে পারে, কিন্তু তা হয় নি। যেসব খাল কাটা হয়েছে তার সংস্কার করা হয় নি, সেসব চেষ্টা করতে হবে। ব্রীজ তৈরি করাও দরকার, কিন্তু করা হয় নি।

তারপর গ্রান্ট নং ৪৭—
Capital Outlay on State Schemes of Government Trading—
তার মানে রেশন শপ, মডিফায়েড রেশন শপ এবং চা'ল সরবরাহ করার জন্য গভর্নমেন্টএর খরচ হচ্ছে ৪ কোটি ২৩ লক্ষ ৪২ হাজার টাকা; অথচ গ্রামাঞ্চলে লোক খেতে পাচ্ছে না, টেস্ট রিলিফএর দাবি নিয়ে এখানে আসছে। রেশন শপএ চা'ল পায় না,, মডিফায়েড রেশন শপএ অ্যাডিকোয়েট চা'ল সাপ্লাই করা হয় না। এমনকি কলিকাতা শহরেও দেখছি সমস্ত দোকানে রীতিমত চা'ল সাপ্লাই করা হয় না। অনেক দোকানে চা'ল পাওয়া যায় না।

শেষ আর একটা কথা ব'লে সমাপ্ত করছি। গ্রান্ট নং ১৬--পুলিস খাতে ৪৪ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। পুলিসের দুর্নীতি ও নিষ্ক্রিয়তা সম্বন্ধে আলোচনা হয়েছে। পুলিসমন্ত্রী লোককে বিভ্রান্ত করবার জন্য তাদের গুণ গেয়েছেন। কিন্তু আমরা জানি হাওড়ায় কি অবস্থা হয়েছে। কাগজওয়ালারা এবং তাদের স্টাফ রিপোর্টাররা যে কথা বলছেন তা "আনন্দবাজার" ও "যুগান্তর" কাগজে প্রকাশিত হচ্ছে।

হুগলি জেলায় যে দুর্নীতি, ডাকাতি, খুনখারাপি চলছে তাতে মানুষ বাঁচতে পারে না। এর কোন তদন্ত হয় না, কলকাতার পুলিস এসব জানে, জেনেও কিছু করে না। পুলিসের যোগসাজসে—
5th column goonda department
চলছে। এর প্রতিকার হওয়া দরকার। প্রতিকার না হ'লে দুর্নীতি বেড়ে যাবে, বিশৃঙ্খলা আরও বেড়ে যাবে। এই বিশৃঙ্খলা বাড়াবার জন্য পুলিস রাখা হয় নি, পুলিস জনসাধারণের সহযোগিতা নেয় না, পুলিস জনসাধারণকে শত্রু মনে করে, সেজন্য সাধারণ মানুষ সাহায্য করবার জন্য এগোয় না। বৃটিশ আমলের মনোভাব পরিবর্তন করা দরকার, তা না হ'লে বিশৃঙ্খলা যা হয়েছে তা রোধ করতে পারবেন না এবং তার ফল এদের সহ্য করতে হবে।

[11-30—11-40 a.m.]

Sj. Naren Das:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, অতিরিক্ত ব্যয় মঞ্জুরীর যে বিল আমাদের সামনে হাজির করেছেন তা অনেকটা সালানা ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। প্রতি বছর এই ধরনের সাপ্লিমেন্টারি এস্টিমেট আমাদের সামনে আসে ঋতুচক্রের পরিবর্তনের মতই। তার কারণ হচ্ছে, যিনি রচয়িতা তাঁর দূরদৃষ্টির অভাব। রচনায় দুর্বলতা হয়তো থাকে, হয়তো এর ভিতর চাতুরি থাকে; এরই জন্য যখন বাজেট এস্টিমেট হয় তারপরে রিভাইজড এস্টিমেট হয় এবং তারপর সাপ্লিমেন্টারির অতিরিক্ত মঞ্জুরীর আবেদন আসে। এই যে চাতুরি এর কারণ হিসাবে আমরা দেখতে পাই, যদি একসঙ্গে কতকগুলি বেশি ক'রে দেখানো হয় তাতে তিক্ত সমালোচনা হবে; তাই এই তিক্ত সমালোচনা এড়াবার জন্যই দফায় দফায় বরাদ্দ এনে হাজির করেন। তারপর আর একটা জিনিস আমরা দেখতে পাচ্ছি যে, রচয়িতার দূরদৃষ্টির যে অভাব তার প্রমাণ হচ্ছে সাপ্লিমেন্টারি এস্টিমেটএ এমন কতকগুলি জিনিস এনেছেন যা ভালভাবে চিন্তা করলে যখন পূর্ণাঙ্গ বাজেট এসেছিল তখন তার ভিতর থাকত। আমি গ্রান্ট ৪৬এর কথা উল্লেখ করছি। স্টেট ট্রান্সপোর্ট'এর ব্যাপারে রিপেয়ার্স অ্যান্ড মেনটেন্যান্স অব বাসেস—এই যে রিপেয়ার্স'এর ব্যাপার এ সম্বন্ধে বাজেট রচয়িতার এতটুকু চিন্তাশক্তি নাই, এ কথা যখন ভাবি তখন এই রচয়িতার উপর ফাইন্যান্স ডিপার্টমেন্টএর ভার ন্যস্ত করা দুঃখের কথা ব'লে মনে হয়। তারপর টায়ার্স অ্যান্ড টিউবসএর প্রশ্ন তুলি। তাতে ৩৯ হাজার টাকা গ্রান্ট চাইছেন, এ সম্বন্ধে অনুমান থাকা উচিত। আর একটা জায়গা দেখছি গ্রান্ট নং ৩০—লেজিসলেটিভ অ্যাসেম্বলি বাবত ৫০ হাজার টাকা গ্রান্ট চাওয়া হয়েছে। কিসের জন্য? আজ দীর্ঘদিন ধ'রে অ্যাসেম্বলি বসছে, ট্রাভেলিং অ্যালাউন্স বা ভাতার জন্য কি খরচ হবে, এসবের ধারণা থাকা উচিত। তারপর এই কল্যাণমূলক রাষ্ট্রে কাজ করতে গেলে অনেক কাজ বাড়তে পারে। তার জন্য লংগার আওয়ার্স বসতে হ'তে পারে। এসব ভাবা উচিত ছিল। কাজেই আমার মনে হয়, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের একজন এক্‌-পিরিয়েন্সড পার্লামেন্টারিয়ান থাকা উচিত। লেসেজ ফেয়ার যে নীতি সেই নীতি থেকে বিদায় নিয়েছি, কাজেই এমন বিষয়বস্তু আমাদের হাতে আসবে যাতে করে পার্লামেন্ট বেশিদিন বসবে, এ প্রশ্ন থাকা স্বাভাবিক। পনের বছর আগে বাংলা সরকার কল্পনাও কোনদিন করেন নি যে, স্টেট ট্রান্সপোর্ট কন্ট্রোল করবেন সরকার, কল্যাণমূলক রাষ্ট্র হবে—কল্যাণমূলক রাষ্ট্র হচ্ছে কিনা সেটা আলাদা কথা। কিন্তু সেসব নেওয়ার জন্য, বিধানপরিষদ বা বিধানসভায় তার আলোচনা করতে হবে, তাতে আমরা লংগার আওয়ার বসব। এ তো স্বাভাবিক। কাজেই এই যে ৫০ হাজার টাকা চান তার কথা আগে ভাবা উচিত ছিল।

আর একটা গ্রান্ট ভিলেজ পুলিস, ভিলেজ পুলিস খাতে তাঁরা একটা গ্রান্ট চেয়েছেন। আমি জানি না বিহার থেকে যে জায়গাগুলি এসেছে সেগুলির ভিলেজ পুলিসের জন্য কিনা। কিন্তু বিহার থেকে যখন ১৯৫৬ সালের নবেম্বর মাসে পুরুলিয়া এবং পূর্ণিয়া জেলার কতকাংশ আমাদের ভেতরে আসে তার ভিলেজ পুলিসের জন্য যে খরচ হবে তিনি যখন ১৯৫৭ সালের বাজেট করলেন তখন কি তার সম্বন্ধে পরিষ্কার ধারণা ছিল না? অতএব এখানে আমরা বাজেট রচয়িতার দুর্বলতা দেখছি। আর একটা জিনিস দেখছি বাজেটের ভেতর যে তার একটা আভ্যন্তরীণ শালীনতা নেই, ইলাসটিসিটি নেই। আমরা চিন্তামন দেশমুখের কথা শুনেছি। তিনি বলতেন যে যদি পাঁচ পার্সেন্ট অতিরিক্ত খরচ হয় তা হ'লে তাকে মিলিয়ে নেওয়া যায়। তাঁর বাজেট এতটা ইলাস্টিক ছিল যে এক শত কোটি টাকার জায়গায় যদি ১০৫ কোটি টাকা খরচ হ'ত তা হ'লে তাকে মিলিয়ে নিতে পারতেন। ইলাস্টিসিটি অব দি বাজেট যদি না থাকে তা হ'লে সে বাজেট যে দুর্বল বাজেট, সে সম্বন্ধে কোন সন্দেহ নেই।

আমি আমার আলোচনার প্রথমে আনব গ্রান্ট নং ১৪—অ্যাডমিনিস্ট্রেশন অব জাস্টিস। যদিও এটা চার্জড ডিপার্টমেন্টএর মধ্যে পড়ে, তবুও আমাদের দুঃখের কথা আপনাদের শুনতে হবে। অ্যাডমিনিস্ট্রেশন অব জাস্টিসএর প্রথম কথা হচ্ছে যে জাস্টিস সুলভ হবে, সহজ হবে এবং দ্রুত হবে। ইট মাস্ট বি কুইক অ্যান্ড চিপ। বাংলাদেশে ঠিক তার উলটো হচ্ছে. জাস্টিস কোথায়ও কুইক হচ্ছে না, সুলভ হচ্ছে না। কে না জানে যে কোলকাতা হাইকোর্টএ হিমালয় পর্বতের মত বিভিন্ন কেস জমা হয়ে আছে? আমরা অবশ্য জানি যে তাকে কিছু কমাবার

জন্য চারজন অতিরিক্ত জাজ নেওয়া হয়েছে, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে, চারজন অতিরিক্ত জাজ যে নেওয়া হয়েছে সেটা তো হাইকোর্টএর ব্যাপারে। কিন্তু বিভিন্ন জায়গায় যাতে ক'রে জাস্টিস সুলভ এবং দ্রুত হয় তার জন্য কি প্রচেষ্টা হয়েছে? আমার সম্পূর্ণ শ্রদ্ধা আছে চীফ জাস্টিসএর উপর, কিন্তু এইসমস্ত জাজদের কিভাবে নিয়োগ করা হয়? পার্টির মানুষকে, দলবাজ মানুষকে, পার্টির যিনি লীডার তিনি যখন নির্বাচনে পরাজিত হলেন তখন তাঁকে একটা রাস্তা ক'রে দেওয়া হ'ল জাজএর আসনে বসিয়ে। আজ যদি জুডিশিয়ারির এই অবস্থা হয় তা হ'লে আমরা দাঁড়াব কোথায়? ১৯৫২ সালে এমন হয়েছে একজন পরাজিত সভাকে হাইকোর্টএর জাজ করা হয়েছে, এবারেও একজন পরাজিত সভাকে হাইকোর্টএর জাজ ক'রে দেওয়া হয়েছে। আবার যখন একটা বাই-ইলেকশন আসবে তখন হয়তো তাঁকে জাজশিপ থেকে টেনে এনে পার্টির ক্যান্ডিডেট করা হবে। এই যদি অবস্থা হয় তা হ'লে দুঃখের সহিত আমরা শংকিত হচ্ছি যে আমাদের ডেমোক্রেসি অত্যন্ত বিপন্ন হবে। আমার এখানে গান্ধীজীর কথা মনে পড়ে। জানুয়ারি ১৯৪৮ সালে তিনি অনশন করার আগে লেট কোন্ডা বেঙ্কটাপ্পায়াকে একটা চিঠিতে লিখেছিলেন—জাস্টিস ইজ বিয়িং ট্যাম্পার্ড উইথ। আজ আমরা দেখছি তাঁদের দলের মানুষকে জাস্টিস করা হয়েছে। আরও দেখেছি যেদিন ইউ সি ল ব'লে একজন লোকের নাম প্রচারিত হ'ল জাজ ব'লে সেক্ষেত্রে অ্যাডিশনাল সলিসিটার-জেনারেল বা সেন্ট্রাল ল মিনিস্টার কি পার্ট প্লে করেছেন তা অনেকেই জানেন। তাঁর নাম যখন প্রচারিত হ'ল তখন সমস্ত বার লাইব্রেরি লজ্জায় মাথা হেঁট করেছে এইরকম একজন অযোগ্য লোককে জাজ করা হয়েছে দেখে।

Mr. Chairman: Do not bring in any personal case.

Sj. Sasanka Sekhar Sanyal: He is not bringing in the person but the appointment of the person.

[11-40—11-50 a.m.]

Sj. Naren Das:

কোলকাতা হাইকোর্টএর একটা খ্যাতি ছিল যার জন্য সে গর্ব অনুভব করত, কিন্তু সেখানে পার্টির মানুষকে খাড়া করা হচ্ছে। সমস্ত ভারতবর্ষের বিচারসভায় কলিকাতা হাইকোর্ট উন্নত মস্তকে দাঁড়াত। আজ সেখানে পার্টির মানুষকে খাড়া করা হচ্ছে। আমার তাই মনে হ'ল রবীন্দ্রনাথের কথা—"বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে"। আজ যদি হাইকোর্টও এরকমভাবে দলগত রাজনীতির চক্রান্তে প'ড়ে যায় তা হ'লে গণতন্ত্র বিপন্ন হবে।

তারপর আমি স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে বলব। বলবার অনেক কথাই ছিল। যাই হোক, সমস্ত কিছু আলোচনা না করে আমি এখানে মাত্র একটি প্রশ্নই তুলছি। আজকে স্টেট ট্রান্সপোর্ট তো একটা কলঙ্কের বিষয় হয়ে দাঁড়িয়েছে। আমি বলি, গণতন্ত্র যদি চালু করতে হয় তা হ'লে তার যে কতগুলি আচরণ আছে সেগুলি মানতে হবে। যাই হোক রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া একটা কনভারশন টেবল করেছেন নয়া পয়সার ব্যাপারে। রিজার্ভ ব্যাঙ্কএর উপর সাধারণ মানুষের বিশ্বাস আছে। তারা কিভাবে ডেফিসিট ফাইনান্সিং ক'রে সাধারণ মানুষ জানতে চায় না, কারণ তাদের উপর সাধারণ মানুষের আস্থা আছে। কিন্তু সংশ্লিষ্ট মন্ত্রি-মহাশয় কি করলেন? না, ৪ পয়সাকে ৭ পয়সা ক'রে দিলেন, ৬ পয়সাকে ১০ পয়সা ক'রে দিলেন। এর ফলে এমন একটি বিভ্রান্তিকর অবস্থার সৃষ্টি হয়েছে যে রোজ ট্রামে-বাসে ঝগড়া হয়। সাধারণ মানুষের ধারণা হয়েছে যে, রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কনভার্শন টেবল তাকে এখানকার একটা কলমের খোঁচায় একটা সুড়ঙ্গপথে, একটা গোপন রাস্তায় বানচাল করা হচ্ছে। বাজারে ৬ পয়সার জন্য ৯ পয়সা দিলে তা গ্রহণ করা হয় না। এভাবে এখানকার কারেন্সি নষ্ট করা হচ্ছে। অন্নপূর্ণা কাফেটারিয়া, যা নাকি এঁদের সংশ্লিষ্ট অর্গানাইজেশন, সেখানেও

৮ পয়সার জন্য ১৩ পয়সা দিতে হয়। স্টেট ট্রান্সপোর্ট কোন মুনাফা করতে পারে না। কল্যাণ-রাষ্ট্রের আদর্শ তাঁরা নিয়েছেন, কিন্তু মানুষের কোন সুবিধা করতে পারছেন না তাঁরা। তারপর ট্রাম কোম্পানিও আপনাদের থেকে লেসন নিয়েছে, তারাও আপনাদের নীতি অনুসরণ করছে। বসবার আগে আমি আপনার কাছে নিবেদন করব, আপনারা যে নীতিহীনতার কাজ করছেন, রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়াকে অবহেলা করছেন, এর ফলাফল ভাল হবে না। তারপর, ১০ ও ১০এ—এই দুইটি বাস রুট প্রাইভেট সেক্টরএ ছিল। বালিগঞ্জ স্টেশন থেকে হাওড়া স্টেশন পর্যন্ত ৯ পয়সা ছিল। আপনারা তাকে ১৪ পয়সা করেছেন। এইভাবে যদি চুরি ক'রে, চুরি ক'রে পয়সা নেন এবং এভাবে জনসাধারণের পকেট লুণ্ঠন করা হয় তা হ'লে সাধারণ মানুষ কোথায় দাঁড়াবে জানি না।

Sj. Nirmal Chandra Bhattacharyya:

সভাপাল মহাশয়, আমার বক্তব্যের মধ্যে কতগুলি প্রশ্ন থেকে যাবে এবং আমি আশা করব সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় অনুগ্রহ ক'রে সেইসব প্রশ্নের সদুত্তর দেবেন। প্রথম কথা আমি বলতে চাই ১০নং গ্রান্ট সম্বন্ধে, যেটার ৯ পৃষ্ঠায় আছে—

The additional provision is required for maintenance and repairs of ex-zamindary embankments outside Sundarbans and also for special repairs to other flood-damaged embankments.

আমরা যে খবর পেয়েছি তাতে জানতে পেরেছি বন্যার দ্বারা যেসমস্ত এমব্যাংকমেন্টগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে, সেগুলির মেরামতের কাজ অত্যন্ত ধীরে ধীরে অগ্রসর হচ্ছে। বর্ষা চ'লে আসছে। আমরা আশা করব সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয় চেষ্টা করবেন বর্ষার পূর্বেই যাতে এসব বাঁধগুলির মেরামতের কাজ শেষ হয়। এসব বাঁধের মেরামতির অভাবে অনেক জমির ফসল নষ্ট হচ্ছে। এদিকে লক্ষ্য রাখা বিশেষ প্রয়োজন। দ্বিতীয় কথা আমি তুলব ১৫নং গ্রান্ট সম্বন্ধে। এই ১৫নং গ্রান্টএ বেশ একটা মোটা অংশের টাকা রয়েছে। ক্রিমিন্যাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টএর কার্যাবলী সম্বন্ধে জনসাধারণের যথেষ্ট সন্দেহ রয়েছে। আমরা জানি, গত এক বৎসর এমনকি দু' বৎসরের ভিতর যেসমস্ত হত্যাকাণ্ড হয়েছে পশ্চিমবাংলার ভিতর তার অনেকগুলির কোন কিনারা হয় নি। ক্রিমিন্যাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টএর জন্য নিশ্চয়ই টাকা ব্যয় করতে হবে, কিন্তু তারা সুষ্ঠুভাবে তাদের কর্তব্য সম্পাদন করে কিনা সেদিকে লক্ষ্য রাখাও বিশেষ প্রয়োজন। আমরা মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই, কেন গত দু' বৎসরের ভিতর এসব খুনের ও হত্যাকাণ্ডের কোন কিনারা হয় নি। সুতরাং এই যে ক্রিমিন্যাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট, এই ডিপার্টমেন্ট সম্বন্ধে স্বভাবতই আমাদের মনে সন্দেহ থেকে যায়। তারপর আমি ৩১নং গ্রান্ট সম্বন্ধে আমার বক্তব্য নিবেদন করব। এখানে লেখা আছে—

Control of vagrancy............

সভাপাল মহাশয়, আজকের উত্থাপিত এই অনাস্থা প্রস্তাব আমরা সমর্থন করি। এই অনাস্থা প্রস্তাব আমরা সমর্থন করার পূর্বে বাংলাদেশের শিক্ষিত শ্রেণী এবং শিক্ষক শ্রেণী যাঁরা আমাদের নির্বাচিত করেছেন তাঁরা পূর্বেই আমাদের নির্বাচন ক'রে এটা সমর্থন করেছেন। অর্থাৎ বাংলাদেশের শিক্ষিত জনমত এই কংগ্রেসের প্রতি অনাস্থা তখনই ঘোষণা করেছেন এবং আমরা শুধু তাদের মুখপাত্র হিসাবে এখানে সেই কথা জানাচ্ছি। আমি জানি আজ ক'দিন যাবৎ এই সভাগৃহে এবং এর বাহিরে এই মন্ত্রিমণ্ডলী সম্পর্কে যেসব কথা উচ্চারিত হচ্ছে এবং তাঁদের বিরুদ্ধে যেসব অভিযোগ উত্থাপিত হচ্ছে, সেইসব অভিযোগের উত্তর তাঁরা দিতে সমর্থ নন, আজও দিচ্ছেন না। আজ ক'দিন যাবৎ যেসব অভিযোগ উত্থাপিত হচ্ছে, যাঁকে এ'রা বলেন ফ্যাক্টস, সেই ফ্যাক্টসএর হিসাবে তার সংখ্যা ৫০টির উপর। এবং তার সঙ্গে সঙ্গে ও'রা যাকে ব'লেন ফিগারস, তারও অভাব নেই। এই ফ্যাক্টস অ্যান্ড ফিগারসএর অভিযোগ ৫০টির উপর হ'লেও তার সম্পর্কে লোয়ার হাউসএ উত্তরদানের চেষ্টা বিশেষ দেখা যায় নি। তবে সভার বাহিরে সংবাদিকদের কাছে আমাদের মুখ্যমন্ত্রী মাত্র চার-পাঁচটির কথা উল্লেখ করেছেন এবং সে সময়ে মূল অভিযোগ একটিও খণ্ডন করবার চেষ্টা তিনি করেন নি। যাই হোক, এই চেষ্টা অন্য মন্ত্রীরা আর করবেন মনে হয় না, তবে আজকে এই সভায় সেই সুযোগ আছে। অতএব সেই ফ্যাক্টস অ্যান্ড ফিগারসএর অভিযোগের উত্তরদানের সুযোগ যদি তাঁরা গ্রহণ করেন তা হ'লে বুঝব যে তাঁরা কিছুটা দায়িত্ব পালন করার জন্য এই সভায় উপস্থিত আছেন—দেশের সামনে যদিও উপস্থিত হন না। এই এতগুলি গুরুতর অভিযোগের পরে আমরা বুঝি, সেই বিড়লার আয়কর ফাঁকি দেবার ব্যাপার, সুরজমল নাগরমলের চোরাই সোনা ধরা থেকে আরম্ভ ক'রে টেলিফোনের ব্যাপার, ডালোতিয়ার নূতন ব্যাপার, পারমিট, লাইসেন্সএর ব্যাপার থেকে আরম্ভ ক'রে ট্যাক্সি ও অন্যান্য জিনিসের পারমিট প্রভৃতি সম্বন্ধে অভিযোগের সংখ্যা দিন দিন অগণিত হয়ে উঠেছে। আজকেও তার কতকগুলি আবার শুনতে পেলাম। এইসব অভিযোগের পরে আমরা নূতন অভিযোগ উত্থাপন করতেও সঙ্কোচ বোধ করছি। এ'রা কোথায় রেড ক্রসকে নিজেদের স্বার্থে প্রয়োগ করছেন, কোথায় শিক্ষা ও সংস্কৃতিমূলক প্রতিষ্ঠানগুলিকে কবলিত ক'রে দলগত স্বার্থে ও নিজেদের ব্যক্তিগত স্বার্থে প্রয়োগ করছেন, ইত্যাদি সমস্ত কথা বললে,—যেসব অভিযোগ উত্থাপিত হয়েছে তারপরে—তা বড় নিরামিষ শোনাবে। স্বভাবতই এই মন্ত্রিমণ্ডলী আপনাদের নিকট অভিযোগ করতে পারেন এই ব'লে যে, "বিরোধী পক্ষ জুতা তো মারিয়াছেই, অধিকন্তু আমাদিগকে অপমান করিতেও চাহে"। তাঁদের অপমান করা বাংলাদেশের

অসাধ্য, আর সে সাধও বাঙ্গালীর নাই। আর 'জুতার' কথা? বাঙ্গালীর তা নেই, সে ক্ষমতা মাড়োয়ারী ও ইংরাজের হাতেই অনেককাল গিয়েছে। তারা যাই মারুক আপনারা অতি সহজে সেসব হজম করতে পারবেন।

[10-30—10-40 a.m.]

বাংলাদেশের বাতাসে ধিক্কার যতই ধ্বনিত হয়ে উঠুক, এই দেশের কৃষি, কৃষক, শ্রমিক এবং মধ্যবিত্তের যত দুর্দশা ও হতাশা আসুক, আপনারা গদী আঁকড়ে আরও কয়েক বছর বাংলাদেশকে ধ্বংস করতে পারবেন ঐ 'জুতা' মাথায় রেখে। কিন্তু সত্যই বাংলাদেশ আপনাদের কাছে কি চেয়েছিল?

Sj. Jogindra Lal Saha: Sir, he says
জুতা মাথায় ক'রে।
is that Parliamentary?

Mr. Chairman: Mr. Halder, I would request you to restrain yourself.

Sj. Jogindra Lal Saha:
ভদ্রসমাজে কথা বলার একটা রীতি আছে। ভদ্রভাবে যে বলতে হয় সে শিক্ষা থাকা দরকার।

Sj. Satya Priya Roy: We object to it. That is insulting. He must withdraw it.

Mr. Chairman: What did he say?

Sj. Satya Priya Roy:
উনি বলছেন ভদ্রভাবে কথা বলতে শিখতে হবে।

Mr. Chairman: That is not unparliamentary.

Sj. Gopal Halder:
আমি যাঁর চরণতলে ব'সে শিক্ষালাভ করেছি তিনি অধ্যাপক সুনীতিকুমার চট্টোপাধ্যায়। আপনাদের ভদ্রতার বিচারে তিনি ভদ্র কিনা জানি না, কিন্তু তাঁর কাছেই আমার ভদ্রতাও শিক্ষা। এ সভায় তিনি ভদ্র ব'লে উল্লিখিত হন কিনা জানি না, কিন্তু তাঁরই পায়ের তলায় ব'সে আমরা শিক্ষালাভ করেছি। কিন্তু জানতে চাই, বাংলাদেশের লোক আপনাদের কাছে কি চেয়েছিল? তারা চেয়েছিল একটু বাঁচবার অধিকার, একটু আলো, একটু বাতাস, একটু আকাঙ্খা। বাংলাদেশের কৃষক আপনাদের কাছে কি চেয়েছিল? একটু জমি যাতে সে চাষ ক'রে খেয়ে বাঁচতে পারে, অর্থাৎ একটু বাঁচার জন্য সামান্য অধিকার ছাড়া কিছু নয়। বাংলাদেশের সাধারণ মুটে, মজুর আপনাদের কাছে কি চেয়েছিল? একটুমাত্র জীবিকার্জনের মতন সুযোগ। আর বাংলার মধ্যবিত্ত সমাজই বা আপনাদের কাছে কি চেয়েছিল? শুধুমাত্র জীবিকার্জনের মত সামান্য সুযোগ এবং কিছু শিক্ষা। এই শিক্ষার জন্য একশো বছর ধ'রে তাঁরা প্রাণ দিয়েছেন। নিজেরাই স্কুল তৈরি করেছেন এই আশায় যে যখন স্বাধীনতা লাভ হবে তখন আপনারা তাদের শিক্ষার আলোকে কৃতার্থ করবেন। বাংলাদেশের কৃষকদের দিনের পর দিন এই আকাঙ্খা ছিল যে, তারা একটু আলো পাবে, একটু শিক্ষা পাবে, সাধারণভাবে চোখ খুলে পৃথিবীতে দেখতে পাবে, না হ'লে সে চোখ তাদের থাকতেও আজ তারা অন্ধ। আজ থেকে ত্রিশ বছর আগে সাইমন কমিশনএর সদস্য লর্ড লোথিয়ান যখন ফরিদপুরে নিজে অনুসন্ধান করতে গিয়ে পল্লীর কৃষকদের জিজ্ঞাসা করেছিলেন যে তাদের কি চাই, তখন কৃষকেরা বলেছিল চাই শিক্ষা। তাদের এই উত্তরের কারণ জিজ্ঞাসা করতে তারা অনেক কষ্টে দু'টি কথা বুঝিয়ে বলেছিল—চোখ থাকতেও না হ'লে আমরা অন্ধ। সেই চোখ থাকতেও অন্ধ যেন না থাকতে হয়, এই কামনা নিয়ে বাংলাদেশের কৃষক এই কংগ্রেসের কাছে মন্ত্রিত্বের ভার দিয়েছিল। আজ দশ বছর ধ'রে তারা অপেক্ষা করছে, কিন্তু হতাশা ছাড়া তার আর কিছু পায় নি। আর জমিরও কি তারা মালিক হয়েছে? জমিদারি উচ্ছেদ ক'রে যাঁর হাতে জমি বণ্টনের ভার দেওয়া হয়েছে সেই মন্ত্রিমহাশয় কি করেছেন? এ বিষয়ে তেভাগা আন্দোলনেও কৃষকরা জমিদার মন্ত্রীদের কাছ থেকে এতকাল কেবল প্রতিশ্রুতি এবং প্রবঞ্চনাই পেয়েছেন। আমাদের বর্তমান রাজস্বসচিবও জমিদার

হয়ে আজ কৃষকদের প্রতিশ্রুতি দেবেন, না প্রবঞ্চনাও করবেন—সেটা আমরা অচিরকালের মধ্যেই দেখতে পাব। কিন্তু ইতিমধ্যে দেখছি বাংলাদেশের কৃষক জমি না পেলেও জমিদারদের পোষণের ব্যবস্থা সরকার ঢালাওভাবেই করেছেন। রাজস্বসচিব নিজেও জানেন যে, জগদ্দল-কাঁকিনাড়ার বিশিষ্ট এক জমিদারের দু'টি হাট তিন লক্ষ টাকায় বিক্রি হচ্ছিল না; সেই হাট দু'টি তাঁরা কেন তবে ছ' লক্ষ টাকা দিয়ে ল্যান্ড রিকুইজিশন থেকে ক্রয় করেছেন? একমাত্র জমিদার পোষণের উদ্দেশ্যেই তা হয়েছে। কিন্তু এটা কোন্ নীতি ও ব্যবস্থায় করা হ'ল? আপনাদের এস্টেট অ্যাকুইজিশনএর কোন নিয়মেই হাট কেনা চলে না। আইনের কোন ধারাতেই এটা সংগত হয় না। আইনসভায় কোন অধিবেশনে আপনারা এ ব্যাপারের ও এইসব পদ্ধতির কোন উল্লেখও করেন না। কিন্তু জমিদারবর্গের জন্য আপনাদের এই দু'টি হাট কেনা কেন প্রয়োজন হ'ল? এরূপ, কোলকাতায় পড়ন্ত জমিদারদের যেসব পোড়ো পোড়ো বাড়ি ছিল সেগুলোকে শিক্ষার নামে কেনা হচ্ছে। অর্থাৎ ৩২ লক্ষ টাকায় কয়েকটি ডে স্টুডেন্টস হোম হবে ব'লে কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছিল। সে টাকা ইউনিভার্সিটির হাতে না দিয়ে পশ্চিমবঙ্গ সরকার এইসমস্ত পড়ন্ত জমিদারদের পোড়ো বাড়িগুলো কিনে তাঁদের পোষণ করছেন। আমি জানি না সেখানে সেই ডে স্টুডেন্টস হোমএর ঘরে কাজ হ'তে পারে কিনা, কিন্তু সিনেটএর শেষ সভায় যখন আমি উপস্থিত ছিলাম তখন শুনেছি যে সেইসব বাড়ির বাহিরে গোরু চ'রে বেড়ায় এবং ভেতরে দলগত প্রয়োজনে বা আত্মীয়পোষণের জন্য কর্মচারী নিযুক্ত হয়ে বসবাস করছে। এইরকমভাবে শিক্ষার নামে আপনারা কতকগুলি রাজপ্রাসাদ দখল ক'রে অধিক টাকা দিয়ে অর্থের ব্যয় দেখাচ্ছেন। সামান্য আর একটি অপচয়ের ব্যাপার বলিঃ মেদিনীপুরের 'গোপের' প্রাসাদ—মালিকদের নাম আমি উল্লেখ করতে চাই না, সম্মান্বিত পরিবার তাঁরা—কিন্তু মেদিনীপুরে মেয়েদের কলেজ স্থাপন করার জন্য গোপের সেই বাড়িটা কেন ক্রয় করা হ'ল? সে বাড়ি শহর থেকে প্রায় দু' মাইল বাহিরে। যেখানে জল, জঙ্গলমাত্র আছে সেখানে মেয়েরা কি ক'রে পড়তে যাবে? সে বাড়িতে কি অধ্যাপিকারা থাকবেন, না কোন ছাত্রী গাড়ি না পেলে শহর থেকে পড়তে যেতে পারবেন? মেদিনীপুরে শহরের মধ্যেও জায়গা যথেষ্ট খালি প'ড়ে আছে, অধিকন্তু এতে লাভ হবে এই যে মেদিনীপুর কলেজে এখন মেয়েদের পড়বার যে সুযোগ আছে গোপে মেয়েদের কলেজ হওয়ায় তা থেকেও মেয়েরা বঞ্চিত হবে। এইভাবে শুধুমাত্র জমিদারি পোষণের জন্য শিক্ষার নামে আপনারা টাকা নষ্ট করেন। তাই বলছি, জমি কৃষক পাবে কিনা জানি না, কিন্তু জমিদারি পোষণ যে সর্বভাবে চলবে তা আমরা বেশ বুঝতে পারি। ইতিমধ্যে জমিদারি ক্ষতিপূরণের জন্য টাকার অঙ্ক ২০ কোটি থেকে ৭২ কোটি টাকা পর্যন্ত উঠে গেছে। এই ক্ষতিপূরণটা কার দিতে হবে? না, যারা চিরদিন ক্ষতি সহ্য করল সেই কৃষকদেরই প্রধানতঃ কারণ, বাংলাদেশের উৎপাদনকারী শ্রেণীর মধ্যে কৃষকরাই প্রধান। টাটা, বিড়লা উৎপাদনকারী নন, কৃষক ধন উৎপাদন করে। সেজন্য সেই ৭২ কোটির বোঝাও আসলে আবার ঐ কৃষকের কাঁধে এসে পড়বে। আপনাদের বিচারের এই হ'ল নিয়ম। এই ইতিহাসের মূল উৎপাটন করা এভাবে সম্ভব হবে না। আপনারা প্রায়ই বলেন যে শিক্ষার খাতে ব্যয় বেড়েছে। কিন্তু শিক্ষার খাতে এরূপ ব্যয় করাকে আমি বলছি শিক্ষার নামে লুণ্ঠন, অপব্যয়। আপনাদের অঙ্কের উপর বিশেষ আস্থা রাখি না, কিন্তু আপনাদের অঙ্ক থেকেই পাওয়া যায় যে যেখানে শিক্ষার ইনডিরেক্ট এক্সপেন্ডিচার ও পরিদর্শন এবং অন্যান্য কাজের মধ্য দিয়ে বাংলাদেশে শিক্ষার খাতে ব্যয় হ'ত শতকরা ১৯ টাকা সেখানে শিক্ষার সেই ইনডিরেক্ট এক্সপেন্ডিচার খাতে ১৯৫৬-৫৭ সালে গভর্নমেন্ট অব ইন্ডিয়া হিসাবে বলে, ব্যয় হয় শতকরা ২৫ টাকা। এরূপ ব্যয় শিক্ষার নাম ক'রে অপব্যয় ছাড়া কিছু নয়। অর্থাৎ বিলাসিতা, ইটকাঠের খরচ কিংবা কন্ট্রাক্টর তোষণে যে ব্যয় হয়, সেটাই হচ্ছে আপনাদের মতে শিক্ষার জন্য ব্যয়। আপনারা বলেন যে শিক্ষা বেড়েছে, অথচ এ হিসাবে দেখতে পাই যে, যেখানে মধ্যশিক্ষার খাতে সংখ্যা ছিল আগে ৫ লক্ষ ৩০ হাজার, আজ সেখানে ৫ লক্ষ ৫৬ হাজার হয়েছে; অর্থাৎ ১৯৪৭-৪৮ সালে যা ছিল তার তুলনায় ৮-১০ বৎসরে মাত্র এইটুকু উন্নতি হয়েছে। তা হ'লে আপনারা কার শিক্ষার দাবি পূরণ করলেন? দেশের জনসাধারণের নয়, দেশের সাধারণ মানুষের নয়, শিক্ষিতদেরও নয়। কলেজিয়েট এডুকেশনএর কথা আজ বলবার মত হয়তো সময় হবে না। তার ইতিহাস আমরা জানি। দেখছি দেশের লোক যে কলেজগুলো প্রাণের রক্ত দিয়ে সৃষ্টি করেছিল—সরকার স্থাপন করেন নি, বৃটিশ গভর্নমেন্টও করেন নি—সেগুলোকে দলগত উদ্দেশ্য সিদ্ধি করবার জন্য, কবলিত করবার

উদ্দেশ্যে আজ নূতন নূতন ব্যবস্থা প্রণয়ন করছেন। এই সেদিন স্পনসর্ড কলেজ করবার হেতুতে কলিকাতার ভিক্টোরিয়া ইনস্টিটিউশনএর অধ্যাপকদের পরীক্ষা দিতে আহ্বান করেছিলেন। কিন্তু যেমন টিচাররা এরূপ পরীক্ষায় উপস্থিত হন না, সেইরকম অধ্যাপকদের মধ্যে অনেকেই উপস্থিত হতে চান নি। ত্রিশ বছর অধ্যাপনা করার পর শ্রীসমরেন্দ্রপ্রসাদ মিত্র পরীক্ষা দিতে আপনাদের কারও কাছে এসে উপস্থিত হবেন—তিনি এম এ, পি আর এস (ইকনমিক্স)—এমন আশা করা বৃথা। বিশ-পঁচিশ বছর অধ্যাপনা করার পর ডাঃ পরিমল ঘোষ, লন্ডনের পি এইচ-ডি, আপনাদের 'যোগ্য' পরীক্ষকদের কাছে কি পরীক্ষার জন্য হাজির হবেন? তা যে হন নি তাতে পরিমলবাবুর সুবুদ্ধি শুধু নয়, বাংলাদেশের শিক্ষিত লোকের সম্মানও রক্ষিত হয়েছে। আমার বহু বহু অভিযোগ ছিল, কিন্তু আমি জানি সেসব এখন উত্থাপন অসম্ভব ও নিষ্প্রয়োজন। মন্ত্রীদের বিরুদ্ধে সবচেয়ে বড় অভিযোগ এই যে, বাংলাদেশের শিক্ষিত সমাজকে, বালকদের ও যুবকদের সমস্ত রকমে আপনারা দূষিত করবার চেষ্টা করেছেন নিজেদের চুরি, জোচ্চুরি, বাটপারি ইত্যাদির দৃষ্টান্তের দ্বারা। আমি যখন রেলগাড়িতে ছাত্রদের জিজ্ঞাসা করি যে, "কেন তুমি ভাড়া না দিয়ে বিনি পয়সায় যাচ্ছ, সে তখন আমাকে হেসে বলে, 'মন্ত্রী হ'লে বুঝি ভাতা মারলে দোষ হয় না?" আমি যখন কলেজের অধ্যাপকদের বলি যে, "আপনারা তিন বেলা পড়াবার চেষ্টা ছেড়ে দিয়ে এক বেলা পড়ান, নইলে আপনারা নিজেদের প্রতি, পরিবারের প্রতি অবিচার করবেন এবং বাংলাদেশের শিক্ষার মানও উন্নয়ন করতে পারবেন না।" তখন তাঁরা আমাকে হেসে বলেন যে, দু-একটা ট্যাক্সির পারমিট যোগাড় ক'রে দিন, তা হ'লে তিন বেলা ক্লাস ও টিউশনি করতে হবে না।" আমার বন্ধু আজ সকালবেলা ফোন ক'রে বলছিলেন যে, ত্রিশ বছরের কংগ্রেসের কর্মী তিনি এবং নানা রকম বিপ্লবী কাজের মধ্য দিয়ে কতবার জেলেও গেছেন। সখেদে তিনি বললেন, "ব'লে লাভ নেই, আসলে আমরা হয়তো স্বাধীনতার অযোগ্য।" আপনাদের কাজের দ্বারা, দুর্নীতির দ্বারা, অন্যায়-অবিচার দ্বারা, অকর্মণ্যতার দ্বারা সমস্ত দেশের মনোবল আপনারা এইভাবে ভঙ্গ করছেন। শিক্ষিত সমাজকে, যুবকদের, বালকদের প্রতি আপনারা বিশ্বাসঘাতকতা করছেন। ভবিষ্যৎ বংশধরদের আপনারা নিজেদের অসাধুতার দ্বারা এমনভাবে নৈরাশ্যপীড়িত করছেন যে, আজ তারা স্বচ্ছন্দে বলে এর চেয়ে ইংরেজই ভাল ছিল। জাতির পক্ষে এইটাই সর্বাপেক্ষা ভয়ের কথা। এত বড় অপমান যারা জাতিকে করতে পারে, এত বড় অন্যায় যারা দেশের বিরুদ্ধে করতে পারে তাদের দেশের শত্রু ব'লে অভিহিত ক'রে আমি একটা কথা বলবঃ

I accuse you. I accuse you of being enemy of the people.

[10-40—10-50 a.m.]

Sj. Nagendra Kumar Bhattacharyya:

মাননীয় সভাপাল মহাশয়, আমি শ্রীযুত নির্মলচন্দ্র ভট্টাচার্য মহাশয় যে প্রস্তাব উপস্থিত করেছেন সেটা সর্বান্তঃকরণে সমর্থন করছি, এবং পূর্ববর্তী বক্তারা যেসব অভিযোগ মন্ত্রিমণ্ডলীর বিরুদ্ধে এনেছেন সেটাও সমর্থন করছি। আমি আমার দৃষ্টি দু'টি বিষয়ের মধ্যে নিবদ্ধ রাখব। সে দু'টি বিষয় হচ্ছেঃ (১) পশ্চিমবঙ্গ সরকার সমবায় নীতিকে ব্যর্থতায় পরিণত করেছেন, এবং আর একটি বিষয় হচ্ছে (২) পশ্চিমবঙ্গ সরকারের ভূমি এবং ভূমিসংস্কার নীতি ব্যর্থতায় পরিণত হয়েছে। আমাদের মাননীয় রাজ্যপাল মহোদয়ার অভিভাষণে অনেক বড় বড় কথা সমবায় সম্বন্ধে দেখতে পাই এবং যখন সভাসমিতিতে বক্তৃতা হয় তখন সে সম্বন্ধে অনেক বড় বড় কথাও সরকার পক্ষের শুনতে পাই। আর সেসব খবরের কাগজে প্রকাশ করা হয়। কিন্তু প্রকৃত অবস্থায় সমবায় সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার কি করেছেন আমি সেটা ছোট্ট ক'রে তার একটা ইতিহাস দেব। সরকারের যে হিসাবনিকাশের ফর্দ আছে তা থেকে দেখতে পাই, ১৯৫৪-৫৫ সালে সমবায় উন্নতিমূলক কাজে ডেভেলপমেন্টএর যে কার্য তাতে একটি পয়সাও খরচ করা হয় নি। তারপর ১৯৫৫-৫৬ সালের যদি ফর্দ দেখি তাতেও দেখব যে, সমবায় বিভাগের উন্নতিমূলক কাজে একটি পয়সাও খরচ হয় নি, ডেভেলপমেন্ট স্কীমএ একটি পয়সাও খরচা হয় নি। তারপর ১৯৫৬-৫৭ সালের যদি হিসাব আমরা দেখি তা হ'লে দেখতে পাই, মাত্র দেড় লক্ষ টাকা খরচ হয়েছে। এ অবস্থা দেখে কি বুঝা যাচ্ছে না যে, সরকারের সমবায় নীতি ব্যর্থতায় পরিণত হয়েছে। আপনাদের স্মরণ থাকতে পারে যে, প্রায় তিন বছর সমবায়

মন্ত্রী কে ছিলেন, সেটা স্মরণ ক'রে দেখবেন। মাননীয় মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, কেন আজ এমন ক'রে সমবায় নীতি ব্যর্থতায় পরিণত করেছেন? দু বছর ডেভেলপমেন্ট স্কীমএ কিছুই খরচ করেন নি। তৃতীয় বছর মাত্র সামান্য টাকা খরচ করেছেন।

Sj. Satya Priya Roy: Mr. Chairman, Sir, I have to draw your attentio to the sad fact that neither the Chief Minister nor Mr. Prafulla Chandra Se are present in the House. What is the good of discussing this no-confidenc motion if they are absent?

Mr. Chairman: You have just drawn the notice of the House to th matter. That is enough.

Dr. Monindra Mohan Chakrabarty: Sir, please direct them to be presen here.

Sj. Nagendra Kumar Bhattacharyya:
আমি জানি আমরা যতই রোদন করি না কেন সেখানে তাঁদের কানে কিছুই পোঁছে না, সে সম্বন্ধে কিছুই দেখেন না, সে সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করবেন না। সেটা আমরা বিশেষ ক'রেই জানি। প্রশ্ন হ'তে পারে, তবে এ কথা বলছেন কেন আপনারা। এ কথা বলবার কারণ হচ্ছে, শুধু এখানকার সভ্য নয়, ব্যইরে যে জনগণ রয়েছেন, যে জনগণের সমর্থনের উপর সরকার নির্ভর করছে, সেই জনগণ জানবেন সরকারের মধ্যে দুর্নীতি চলেছে, কি অব্যবস্থা চলেছে, এই নীতি কিভাবে ব্যর্থ হ'তে চলেছে। সেজন্যই আমি মনে করি যে শ্রীযুত প্রফুল্লচন্দ্র সেন মহাশয় যে সমবায় নীতি ব্যর্থতায় পরিণত করেছেন, তাঁর ভাষণে সে সম্বন্ধে একটি কথাও বলেন নি, বলতে পারবেন না। আমি এখানে বলব, পশ্চিমবাংলা সরকারের যে নীতি আছে, সেটা হচ্ছে প্রত্যেক বছর অ্যান্যুয়াল রিপোর্ট প্রকাশ করা। ১৯৫৪ সালের পরে সমবায় বিভাগের কোন বার্ষিক বিবরণী প্রকাশিত কি হয়েছে? সে সম্বন্ধে প্রফুল্ল সেন মহাশয় কি বলবেন? কেন প্রকাশিত হয় নি? তার কারণ কি? সে সম্বন্ধে তাঁর বলবার কি কোন কারণ নাই?

(এ ভয়েসঃ তিনি হাউসএই আসেন না, তারপর রিপোর্ট প্রকাশ করবেন কি?)

তারপর ১৯৫৭-৫৮ সালের কথা—চলতি বছরের কথা বলি। এ সম্বন্ধে ডাঃ রায়কে আমি একটু ধন্যবাদ দেব। তিনি সমবায় বিভাগের উন্নতিমূলক কার্যের জন্য, ডেভেলপমেন্ট স্কীমএর জন্য ২২ লক্ষ ৬৩ হাজার টাকা বরাদ্দ করেছিলেন এ বছর। কিন্তু দুঃখের বিষয়, জানি না কার অনুগ্রহে তার মধ্যে ১১ লক্ষ ৬৭ হাজার টাকা খরচ হয় নি, সেই টাকা ল্যাপ্‌স ক'রে গেল। আমি জানতে চাই যে, কেন এরকমভাবে টাকা ল্যাপ্‌সড হয়ে গেল। মাননীয় প্রধানমন্ত্রী মহাশয়, যিনি সমবায় বিভাগের মন্ত্রী, তিনি কি একথার উত্তর দেবেন? না অবজ্ঞাভরে আমাদের কথায় তিনি কান দেবেন না, সেটা জানতে চাই। আসুন, এইবার আমরা উপর স্তর থেকে নিম্নস্তর পর্যন্ত সংক্ষেপে আলোচনা করি। আপনারা সকলেই জানেন যে সর্বোপরি স্তর হচ্ছে গিয়ে ওয়েস্ট বেঙ্গল প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড। সমবায় মানে তো সরকার পক্ষের সঙ্গে পশ্চিমবাংলার সমবায় কর্মীদের সহযোগিতা। কিন্তু দেখুন কতটুকু সহযোগিতা চলেছে এবং কতটুকু নিচে নেমে এসেছেন আমাদের গভর্নমেন্ট, ওয়েস্ট বেঙ্গল প্রভিন্সিয়াল ব্যাঙ্ক সম্বন্ধে তাঁদের আচরণ কি? আপনি শুনলে অবাক হবেন যে সারা ভারতে একটা সভা ডাকা হয়েছিল দিল্লীতে। প্রত্যেক রাষ্ট্র থেকে সেখানে প্রভিন্সিয়াল ব্যাঙ্কস থেকে প্রতিনিধিদের ডাকা হয়েছিল। পশ্চিমবঙ্গ প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে সেখানকার ডিরেক্টরগণ তাঁদের চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যানকে প্রতিনিধিরূপে পাঠিয়েছিলেন। তাঁরা সেখানে প্রতিনিধিত্ব করতে গিয়েছিলেন, এসে যখন টি এ বিল দিলেন—পশ্চিমবঙ্গ সরকার কতদূর নিচে নেমে গিয়েছেন দেখুন—তখন সরকার থেকে হুকুম দেওয়া হ'ল যে তাঁরা টি এ বিল পাবেন না। আমি একথা কোন জায়গায় শুনি নি, কোন সভ্য জগতে শুনি নি। তাঁরা নিজেদের কাজে সেখানে বেড়াতে যান নি, তাঁরা ইউরোপে হাওয়া খেতে যান নি, জাপানে হাওয়া খেতে যান নি, তাঁরা প্রতিনিধিত্ব করতে দিল্লীতে গিয়েছিলেন এবং তারপরে পশ্চিমবঙ্গ সরকার আদেশ দিলেন যে তাঁরা বিল পাবেন না। কত বড় সহযোগিতা চলছে এবং পশ্চিমবঙ্গ সরকার কতদূর নিচে

নেমে গেছেন তা এই একটা দৃষ্টান্ত থেকে আপনি বুঝতে পাচ্ছেন। আমি মাননীয় প্রধানমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের একথা জিজ্ঞাসা করতে চাই যে, তাঁরা যদি কোন জায়গায় সরকারের প্রতিনিধি হয়ে গিয়ে থাকেন তা হ'লে তাঁরা কি কখনও যাতায়াতের খরচ থেকে বঞ্চিত হয়েছেন এই রকম একটা উদাহরণ কি তাঁরা কেউ দিতে পারেন? তারপরে দেখুন, প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাংকএ তাদের দৈনন্দিন কার্যে পশ্চিমবঙ্গ সরকার কিভাবে হস্তক্ষেপ করছেন। আজ প্রায় পাঁচ বছর হ'ল শিলিগুড়িতে পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ ব্যাংক একটা শাখা খুলেছিলেন। দেখা যাচ্ছে যে, প্রত্যেক বছর কমপক্ষে দশ হাজার টাকা ক'রে এতে লোকসান হচ্ছে; আর শেষ লোকসান যেটা হয়েছে ১৯৫৭ সালের ৩০এ জুন পর্যন্ত সেটা হচ্ছে ১৫ হাজার ৪ শো ৪৪ টাকা ৫৭ নয়া পয়সা। এইসব অবস্থা বিবেচনা ক'রে সেই কো-অপারেটিভ ব্যাংকএর ডিরেক্টরমণ্ডলী এই সিদ্ধান্তে উপনীত হলেন যে ১লা জানুয়ারি ১৯৫৮ থেকে ওটা বন্ধ ক'রে দেওয়া হোক। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার সেটা মেনে নিলেন না এবং তাঁরা হুকুম দিলেন, ঐ রিজলিউশন যেন কার্যকরী না হয়; কেন না তাঁদের স্বজনপোষণ নীতি যে তা হ'লে ব্যর্থ হয়ে যায়। আপনি শুনলে অবাক হবেন যে ওয়েস্ট বেঙ্গল প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাংক গত পনের-বিশ বছর ধ'রে একটা পয়সা শেয়ারহোল্ডারদের ডিভিডেন্ড দিতে পারেন নি এবং আগামী পনের বছর কেন, হয়তো পঞ্চাশ বছরের মধ্যেও তাঁরা একটা পয়সা ডিভিডেন্ড দিতে পারবেন না।

[10-50—11 a.m.]

আর প্রত্যেক বছর দশ হাজার উপর টাকা বেরিয়ে যাচ্ছে। এই যে সহযোগিতার অভাব, এর থেকে কি মনে হয় যে পশ্চিমবঙ্গ সরকারের সমবায় নীতি কি সার্থকতায় পূর্ণ হয়েছে, না ব্যর্থতায় পরিণত হয়েছে? আমি আরও আপনাদের কাছে বলব যে, এই প্রথমে অ্যাপেক্স ব্যাংক সম্বন্ধে বললাম। এখন সেন্ট্রাল ব্যাংক সম্বন্ধে বলব। সেন্ট্রাল ব্যাংকএর দুরবস্থার কথা--মাননীয় রাজস্বমন্ত্রীর সভাপতিত্বে একটা কমিটি গঠিত হয়েছিল, কেমন ক'রে সেন্ট্রাল ব্যাংকএর উন্নতি করা যায়। আজ পর্যন্ত সরকার সে কমিটির যে কি রিপোর্ট তা প্রকাশ করেন নি। আশা করি, এখানে ভূমি এবং রাজস্বমন্ত্রী রয়েছেন, তিনি এ সম্বন্ধে আমাদের কিছু রেখাপাত করবেন। এখানে আমরা শুনেছি ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় বলেছেন যে ৪২ থেকে ৪৬টা যে সেন্ট্রাল ব্যাংক আছে তা আর থাকবে না, হবে মাত্র ১৭টা। এবং সব জেলায় একটা ক'রে, কেবল ২৪-পরগনায় আর মেদিনীপুরে দু'টা ক'রে হবে। তথাস্তু। কিন্তু কত বছর পরে হবে? তার কোন কথা আমরা শুনি নি। আপনারা বোধ হয় জানেন, সারা বাংলাদেশে চার-পাঁচটা সেন্ট্রাল ব্যাংক ছাড়া আর কোন সেন্ট্রাল ব্যাংকএর আর্থিক অবস্থা ভাল নয়। সেন্ট্রাল ব্যাংকএর যদি আর্থিক অবস্থা ভাল না হয় তা হ'লে তারা কোন প্রাইমারি সোসাইটিকে আর্থিক সাহায্য করতে পারে না—অন্তত তারা সুচারুরূপে সাহায্য করতে পারে না। তারপরে রুরাল প্রাইমারি ক্রেডিট সোসাইটি সম্বন্ধে আমি কিছু বলব। অনেক রয়েছে, কিন্তু তাদের অবস্থা অত্যন্ত খারাপ। সেই জায়গায় কি করা হচ্ছে?—না, এক-একটা জায়গায় লার্জ-সাইজড রুরাল ক্রেডিট সোসাইটি করা হচ্ছে। তার ফল ভাল হবে কি মন্দ হবে, সে কথা এখন ভবিষ্যতের গর্ভে নিহিত আছে। কিন্তু সবগুলি নিয়ে যদি অ্যামালগামেটেড ক'রে এক-একটা ক'রে করতেন তা হ'লে না হয় বুঝতে পারতাম। কিন্তু এতে হচ্ছে কি? ঐ যে যেসব রুরাল ক্রেডিট সোসাইটি আছে সেগুলি আস্তে আস্তে ধ্বংস হয়ে যাচ্ছে।

তারপরে সমবায় সম্বন্ধে সবচেয়ে বড় কথা হচ্ছে কো-অপারেটিভ ফার্মিং সোসাইটিজ। ল্যান্ড রিফর্মস অ্যাক্ট হয়ে গিয়েছে, একাধিকবার আমি এখানে বলেছি যে ল্যান্ড রিফর্মস অ্যাক্টএর ৪৩ থেকে ৪৮ ধারায় কো-অপারেটিভ ফার্মিং সম্বন্ধে কিছু বিধি প্রণয়ন করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত পুনঃপুনঃ বলা সত্ত্বেও মন্ত্রিমণ্ডলী তাকে চালু করলেন না। চালু করলে কি হবে? না, তাঁদের উপর কিছু ঝুঁকি এসে যাবে, কিছু লায়াবিলিটিজ এসে যাবে, এইসব কো-অপারেটিভ ফার্মিং সোসাইটিকে সাহায্য করতে হবে। আমাদের দেশে যদি খাদ্য সমস্যা দূর করতে হয় তা হ'লে আমি এটা বিশ্বাস করি যে, সেটা আমরা পারব কো-অপারেটিভ ফার্মিং সোসাইটির মাধ্যমে। আপনারা চায়নার দিকে দেখুন। সেখানে গভর্নমেন্ট অব ইন্ডিয়া একটা কমিশন পাঠিয়েছিলেন। তাঁরা এসে কি বলেছিলেন সে তথ্য আপনারা পড়ুন। ১৯৫০ সনে

চীন দেশেতে মাত্র ১৯টা কো-অপারেটিভ ফার্মিং সোসাইটি ছিল, আর ১৯৫৮ সালে সেখানে এক মিলিয়নএর উপর কো-অপারেটিভ ফার্মিং সোসাইটি হয়েছে। সাধে সহজে কি খাদ্য সমস্যার সমাধান হয়? কিন্তু আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কৃতিত্ব আপনারা দেখেন তা হ'লে দেখবেন এত বড় প্রদেশে একশোটার বেশি কো-অপারেটিভ ফার্মিং সোসাইটিজ হয় নি। এবং তার মধ্যে চার-পাঁচটা ছাড়া আর অন্যগুলি তারা এখন লাভ বণ্টন করতে পারছেন না। এই অবস্থায় আমি আপনাদের কাছে নিবেদন করব যে, এইসব তথ্য যা আপনাদের কাছে দিলাম এর থেকে আপনারা বিচার করুন পশ্চিমবঙ্গের সমবায় নীতি সার্থকতায় পরিপূর্ণ হয়েছে না ব্যর্থতায় পরিণত হয়েছে। যে কোন ব্যক্তি যাঁর বিবেক আছে তাঁদের এই রায় দিতে হবে যে পশ্চিমবঙ্গ সরকারের সমবায় নীতি ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। আমার সময় বেশি নাই, আমি আরেকটা বিষয় ব'লেই আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে ভূমি এবং ভূমিসমস্যা সম্বন্ধীয় নীতি পশ্চিমবঙ্গ সরকারের। সেটাও ব্যর্থতায় পরিণত হয়েছে। আপনাদের সকলের স্মরণ আছে ১৯৫৪ সালে ১২ই ফেব্রুয়ারি এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট চালু হয়। কি উদ্দেশ্যে এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট চালু হয়েছিল তা আমরা সকলে জানি। যারা জমিহীন চাষী, যাদের জমি নাই, তাদেরকে জমি বণ্টন করা হবে। আমার সামনে ব'সে আছেন শ্রদ্ধেয় মাননীয় বিমলচন্দ্র সিংহ মহাশয়। তাঁকে আমি এই প্রশ্ন করব যে, তিনি আজ এখানে বলুন যে কত একর জমি তাঁরা খাস করেছেন এবং কত একর জমি তাঁরা ভূমিহীন চাষীদের মধ্যে বণ্টন করেছেন? আমি এই কথা জোর ক'রে বলতে পারি তিনি এমন কিছু বলতে পারবেন না যার থেকে আপনারা দেখতে পাবেন যে প্রকৃত প্রস্তাবে অনেক জমি ভূমিহীন চাষীদের দেওয়া হয়েছে। যার জন্য এই আইন প্রচলিত হ'ল তারা এখন পর্যন্ত তার কোন সুবিধা পায় নাই। এবং কবে সুবিধা পাবে তা আমরা জানি না। শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় তাঁর ভাষণেতে ব'লে গিয়েছেন যে প্রথমে ঠিক করা হয়েছিল যে মাত্র সাড়ে সাতাশ ক্রোর টাকা এই জমিদারদের ক্ষতিপূরণ দিতে হবে কিন্তু এখন দেখা যাচ্ছে যে সত্তর ক্রোর টাকা দিতে হবে। এর আগে কে এস্টিমেট করেছিলেন জানি না, তাঁকে ধন্যবাদ। এবং আমি এ কথা বলব যে, এই যে ভূমি এবং ভূমিসংকার নীতি ব্যর্থতায় পর্যবসিত হয়েছে, কেন না অনভিজ্ঞ কতকগুলি লোককে এই রেকর্ড অব রাইটসএর কাজ করান হয়েছে। তাতে রেকর্ডস অব রাইটস ভুল হয়েছে এবং যাকে বলে নট স্যাটিসফ্যাক্টরি। কেন স্যাটিসফ্যাক্টরি হ'ল না? বেশির ভাগ যাঁরা খাদ্যবিভাগে ছিলেন তাঁদের তখন চাকরি যায়; সে অবস্থায় তাঁদেরকে নেওয়া হয়েছে। কিন্তু তাঁদের সঙ্গে এমন উপযুক্ত কর্মচারী দেওয়া হয় নি যাঁরা তাঁদেরকে উপযুক্ত শিক্ষা দিয়ে সুষ্ঠুভাবে রেকর্ডস অব রাইটস করাতে পারেন। শুধু তাই নয়, এর মধ্যে আবার এতদূর দুর্নীতি চলেছে যার জন্য চাষীরা একেবারে জর্জরিত হয়ে গিয়েছে। এইসব অবস্থা যখন আমি আপনাদের কাছে উপস্থিত করছি, যখন আপনারা দেখতে পাবেন মন্ত্রিমহাশয়ের ভাষণ থেকে যে বাস্তবিকই এখন বিশেষ কিছু জমি তাদেরকে দেওয়া হয় নি, তখনও কি আপনারা বলবেন, বিবেকের উপর নির্ভর ক'রে বলবেন যে, পশ্চিমবঙ্গ সরকারের ভূমি এবং ভূমিসংস্কার নীতি—সেটা সার্থকতায় পর্যবসিত হয়েছে? আমি আপনাদের কাছে বলব, কোন বিবেকবুদ্ধিসম্পন্ন ব্যক্তি এ কথা বলতে পারবেন না। সর্বশেষে আমি একটা কথা বলব বিশেষ ক'রে মাননীয় মন্ত্রী কালীপদ মুখার্জি মহাশয়কে কারণ এর আগে যখন আমি বলেছিলাম তখন মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত ছিলেন না। কালকে বহরমপুরে শান্তিপ্রিয় রিফিউজিরা—তারা সত্যাগ্রহ করতে এসেছিল। তাদের উপরে অমানুষিকভাবে লাঠি চার্জ করা হয়েছে। আমি জানতে চেয়েছিলাম সভার প্রথমে যে, বাস্তবিকই এ কথা সত্য কিনা। তাদের অভিযোগ আছে, সে অভিযোগ আপনারা শুনুন না শুনুন সে ভিন্ন কথা, তারা তাদের অভিযোগকে ভাল ক'রে জানাবার জন্য তারা সত্যাগ্রহ করছে। আমি এই কথা বলব যে, তাদের উপরে অমানুষিকভাবে লাঠি চার্জ করা, এটা কোন সভ্য গভর্নমেন্টএর কাজ নয়। আমি সেজন্য শুনতে চাই মাননীয় শ্রীকালীপদ মুখার্জি মহাশয়ের এ সম্বন্ধে কি বলবার আছে। আমি জানতে চাই, তিনি কি সব জেলায় এই নির্দেশ দিয়ে দেবেন যে তাদের উপরে যেন কোন অত্যাচার করা না হয়। তারা তো কারাবরণ করতেই গিয়েছে। তাদেরকে কারাগারে নিয়ে যান সে সম্বন্ধে আমি কিছু বলব না।

আমরা শুনেছি যে, সেখানে বহু শিশু আহত হয়। আমি সেইজন্য এ সম্বন্ধে বলব শ্রীকালিপদ মুখোপাধ্যায় মহাশয় আমাদের কিছু বলবেন এবং এই আশ্বাস দেবেন যে, ভবিষ্যতে এই ধরনের অন্যায়, অবিচার, অত্যাচার হবে না।

সর্বশেষে আমি এই কথা বলতে চাই যে, সংখ্যাধিক্যের জোরে তাঁরা মন্ত্রিমণ্ডলীর গদীতে থাকবেন, তা আমরা জানি। কিন্তু সংখ্যাধিক্যের দ্বারা সব জিনিসের নিষ্পত্তি হয় না। যেখানে বিজন নেই, ন্যায় নেই, সেখানে এই জিনিস অনেকদিন ধ'রে চলতে পারে না। বর্তমান কংগ্রেস সরকার এই ন্যায়ের উপর প্রতিষ্ঠিত নয়, দুর্নীতির উপর প্রতিষ্ঠিত এবং এই দুর্নীতি পশ্চিমবঙ্গ সরকারকে ধ্বংসের মুখে নিয়ে যাবে। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-- -11-10 a.m.]

Dr. Monindra Mohan Chakrabarty: Mr. Chairman, Sir, I associate myself with the motion of no-confidence against the West Bengal Ministry headed by Dr. Roy not only because the recent revelations made by the late Judicial Minister justify it but also because I very strongly feel that the events of the past few years during which the Congress Party has guided the destiny of West Bengal and the happenings of the recent past have clearly demonstrated that Dr. Roy and his colleagues in the Government have been guilty of acts of commission and omission which have resulted in the weakening of material and moral foundations of Bengal and of Bengalees to such a measure that the State and her people are virtually on the road to extinction. Sir, when levelling his charges against the Ministry, my friend Professor Bhattacharyya, the mover of this motion, remarked that this Government has been responsible for making parliamentary democracy a failure in this State. Sir, do we have to seek the reason for saying this because although we have drawn your attention, we find that the Treasury Benches are empty and out of the 28 Ministers how many of them are present? Sir, that is one of the illustrations that immediately proves the contention of Professor Bhattacharyya for they do not even give you, Sir, and this House the scant attention and they are treating this House with contempt. Sir, during the time this Ministry has been in power, not only have power and privilege been abused for serving narrow personal and political ends but the departmental inefficiency in the different Ministries has been allowed to grow and thrive because of the inaction of the Ministers concerned. Sir, in Congress regime in West Bengal the interest of the State has suffered to an extent that did not even happen for any considerable period during the British regime. Sir, that is the Ministry and the party which is responsible for not getting West Bengal's dues during the States' Reorganisation Commission. That is the Ministry and party which has failed miserably in getting West Bengal's legitimate shares in income tax, excise duties, jute duties, tax on railway fares and other dues from the Central Government. Sir, that is the Ministry and the party which has abetted the removal of important officers, establishments and institutions from West Bengal thereby withholding employment opportunities of the Bengalees of the State. Sir, when we consider the policy instituted by this Government, we have more compelling reasons for their rejection even without consideration of the specific charges of inefficiency and corruption.

Sir, the policy administered by this Government has been a failure. Even if we compare the administration of this province with other Congress administered States we find that even by comparison this State has suffered. Sir, the miserable failure of the Government in preventing the increase in the cost of living, in stabilising the prices of food has been commented. If we compare the general price indices and the cost of living indices from the common consumers' class and if we compare figures for Bombay, Calcutta,

Delhi and Madras, we find that it is only in West Bengal, i.e., in Calcutta, that there is maximum rise of 37 points between January, 1957 and November, 1957. In Madras the increase is 3 points, in Bombay 23 points, and in West Bengal 37 points as I have already mentioned. Sir, if we compare the cost of living index of the middle class, we find the same thing. It is only in West Bengal where such things happen. I am not going into the charges of corruption but even taking things as they are, compared with other States, we see that it is only in this State that there has been miserable failure on the part of the government in stabilising food prices and stabilising the wage structure and the relation between wage and price. On Shri P. C. Sen's own estimate, after partition there has been rise in the production of foodgrains to the extent of 28 per cent., and rise in population 22 per cent. That shows that so far as the original position is concerned the situation was the same as before; but as I have shown you the figures, it is only in West Bengal that there has been phenomenal rise in the cost of living and phenomenal rise in prices in general commodities which has resulted in so much misery of the people and restlessness among the people. It is not difficult to understand this. Why this has been so, Sir, that prices of foodgrains shot up, particularly in Calcutta, but before that manipulations were done so that people known to the Minister could make huge profits. There have been open allegations about the Food Minister giving permits preferentially to a relative of our Deputy Minister Chitta Roy and Shri R. K. Bhuwalka, a member of this House. Complaints have been made that in the surplus districts of Midnapur, Burdwan, Bankura and Birbhum Rs. 16 was fixed to be the price for procuring rice and four lakhs maunds were procured whereas for Marwari businessmen the price was increased to Rs. 18-12-0 per maund. In this way they were allowed to make huge profit. These allegations were made openly. There was no reply from Government. Even in other deals, the minister has preference for non-Bengali businessmen. I will cite one illustration. In Shalimar there are Coal Depot Holders. Formerly, most of these Depot holders were Bengalees. I know a firm which is of sixty year's standing and they have not been given wagons which they were allotted formerly. Do you know where the wagons have been allotted. To Karnanis. In spite of repeated representations, not only by the firm concerned, but even by Congress M.L.As. and by the most important persons of the Congress Party, this is happening because the Food Minister's preference is for non-Bengali businessmen. The Karnani got it.

[11-10—11-20 a.m.]

Sir, I am not surprised at this attitude of the Food Minister. When I went to Arambag during the last general election, I said it before in this House but I did not get any reply and I repeat it that in Arambag within five months after the flood—in the Food Minister's Constituency—cloth and blankets were distributed and that was during the general election. I was not surprised that in an election meeting in the Domjur Constituency it was announced beforehand that doles and other things will be distributed. I made that charge also. So I am not surprised today that these things though late have come out through the revelations of Shri Siddhartha Sankar Ray and by others. Sir, his policies, associations and activities have rightly earned for him the name "Durbhiksha Mantri". The other day Dr. Roy in his press statement said that had it not been for Mr. P. C. Sen that at least famine would have come upon Bengal on two occasions. Sir, if this is the way in which he behaves, if this is the way in which he distributes his patronage then we know what is what.

The case of the Police Minister is no less glaring. If I give you only a few illustrations that took place in Howrah in recent months that will be sufficient. During the period covered by October, 1957 and December, 1957

there were at least 40 cases of murder, robbery, highway robbery and similar incidents in Howrah resulting in death of at least seven persons. There were information of gambling, illicit breweries and other things. Sir, my friend the Chairman of the Howrah Municipality is present here, Shri Rabindra Lal Sinha. Even the Municipal Commissioners of Howrah in their meeting, dated 3rd January, said—Sir I told you just now that the incidents took place between October and December but till about the end of December no action was taken by Police, till it was published in the "Ananda Bazar Patrika"—even in the Municipal Commissioners' meeting, dated 3rd January, 1958, my friend Shri Rabindra Lal Sinha who is the Chairman said "unless Police took sufficient action regarding recovery of illegal arms common man could not feel confident". At that time no man could feel confident about the Police. That proves that till about the end of December the situation was very grave. Even now the attention of the Police Minister has been drawn to the activities of a certain official, the Curator of the Botanical Gardens, Mohiuddin......who it has been alleged by a Congress M.L.A. and by others to be an agent of Pakistan—he is carrying on his activities in the name of combating the activities of smugglers in the Botanical Gardens. His place, Botanical Gardens, has been described as Madhu Chakra where all sorts of nefarious activities with women and so on are going on. As long ago as 1954-55 when I was a member of this House and you were also the Chairman, Sir, I drew your attention to the fact even as early as that, but even now this man is being allowed to go on with his activities as an agent of Pakistan. It is stated that one day in January, Pakistan flag was flown in Botanical Garden. He happens to be the nephew of Mr. Fazlul Huq who was still recently the Governor of Pakistan. He has been dismissed today. Then about Howrah allegations were made to the Police Minister that no action has been taken in Howrah. I should like to say that only one District Magistrate, Sj. Mohini Mohan Kushari who wanted to take action, was transferred. He was transferred to Jalpaiguri. But in this case he is being protected. I do not know what is the connection between Sj. Mahiuddin and Sj. Kali Pada Mookerjee.

The Hon'ble Kali Pada Mookerjee: I have not seen him.

Dr. Monindra Mohan Chakrabarty: Some police officers are in touch with him. You tell me whether an allegation has been made to you by a Congress M.L.A.

The Hon'ble Kali Pada Mookerjee: The whole thing requires investigation.

Dr. Monindra Mohan Chakrabarty: I think the incident at Howrah is sufficient to prove that the Police Minister has been singularly unable to discharge his duties thoroughly.

My friend the Labour Minister is there. During his regime more than 30,000 workers have been retrenched. There have been turmoils in the jute mills. What steps have been taken to stop them. In the application of Industrial Disputes Act there has been always pro-employer policy adopted. What has he done to stop that? Then, Sir, in West Bengal there are 635 factories with 44,000 workers out of which in 192 factories there are canteens and out of those 192 factories cooked food is supplied only in 44 factories. I have sufficient facts and figures to prove my contention. Two hundred and five factories have got arrangements for luncheon, and it is in over 2,000—less than 3,000—factories there are no such arrangements.

I will now draw the attention of one of those Ministers who has brought the maximum confusion in the educational set up of West Bengal. My friend Sj. Satya Priya Roy, no doubt, speaking about secondary school teachers has time and again drawn his attention to the necessity of a comprehensive Primary Education Act. Time and again we have asked him to do something about the primary teachers and we have drawn his attention to the fact that even now the primary teachers are very poorly paid and their condition is very miserable. But all these things go unheeded. This is the way this Ministry is behaving. I want to say about this Ministry what Edmund Burke said, namely that this Ministry and the Party have lost the sensibility of principle and the chastity of honour which were kept alive even in servitude itself.

I will repeat what was voiced by my friend Sj. Nirmal Chandra Bhattacharyya in the words of Cromwell which were said by Winston Churchill against the Chamberlain Government: "You have sat there too long for no use. For God's sake go".

[11-20—11-30 a.m.]

Sja. Anila Debi:

মাননীয় সভাপাল মহাশয়, অনাস্থা প্রস্তাবের স্বপক্ষে পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে আমার প্রথম অভিযোগ যে, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রীর সংজ্ঞা থাকলেও তাঁর সত্তা নেই—শিক্ষা-সচিবের একনায়কত্বের ছায়ায় তাঁর ব্যক্তিত্ব সমাচ্ছন্ন। এর ফলে দেখা যায় যে, শিক্ষাক্ষেত্রে দুর্নীতি, বিশৃঙ্খলতা, অপদার্থতা প্রতিরোধ করবার কোন পন্থাই তিনি গ্রহণ করতে পারছেন না। এর উদাহরণস্বরূপ আমি ২-১টা কথা এখানে বলব। ১০ বছরের পুঞ্জীভূত দুর্নীতির ব্যাখ্যা করা ১০ মিনিটে সম্ভব নয়। কারণ কম ক'রেও এই সরকারকে ১২০টি এমন অভিযোগে অভিযুক্ত করা যায় এবং যা শুনলে সভ্য জগৎ লজ্জা পেতে পারে।

আমার প্রথম বক্তব্য হচ্ছে যে এই শিক্ষা-দপ্তর অত্যন্ত বিকৃতভাবে, অতিরঞ্জিতভাবে শিক্ষা-সংক্রান্ত তথ্য সরবরাহ করে। শিক্ষামন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের কাছে প্রাথমিক শিক্ষার প্রসার প্রসঙ্গে যে তথ্য সরবরাহ করেছিলেন আমি মনে করি তার মধ্যে হাস্যকর অসঙ্গতি রয়েছে। তিনি বলেছেন পশ্চিম বাংলায় ৬ থেকে ১০ বছরের বয়স্ক ছেলেমেয়েরা প্রাথমিক বিদ্যালয়ে যে সংখ্যায় যোগ দিয়েছে সেই সংখ্যা হচ্ছে ২১ লক্ষ এবং গড় হিসাবে শতকরা [illegible] ভাগ। আর ঐ ২১ লক্ষ ছেলেমেয়েদের মধ্যে ৭ লক্ষ মেয়ে এবং ১৪ লক্ষ ছেলে। এটা অস্বীকার না ক'রে বিকৃতির দিকটা আমি দেখাতে চাই। সেন্সাস রিপোর্ট বলে যে, পশ্চিম-বাংলায় সমবয়স্ক ছেলেমেয়েদের সংখ্যা প্রায় সমান। তাই যদি হয়ে থাকে যে, ২১ লক্ষ ছেলেমেয়েরা বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে পঠনপাঠনের সুযোগ পাচ্ছে, তা হ'লে সেন্সাস রিপোর্টের হিসাবমত ৭ লক্ষ ঐ বয়স্ক বালিকারা বাদ পড়ছে। আমাদের শিক্ষামন্ত্রীর তত্ত্বাবধানে ঐ বাকি ৭ লক্ষ ছাত্রীর সংখ্যা যদি শিক্ষার সুযোগ পেত এবং মন্ত্রিমহাশয় যদি গড় হিসেব করতেন তা হ'লে দেখা যেত পশ্চিমবঙ্গে শতকরা ১০৫ জন প্রাথমিক শিক্ষা লাভ করছে। এ'রা এসব ভেবে-চিন্তে দেখেন না। শশাঙ্কশেখর সান্যাল মহাশয় প্রাথমিক শিক্ষকদের পরীক্ষাসূচক একটা প্রশ্নের কথা সেদিন বলেছিলেন যে, পূর্ব হ'তে না ভেবে যিনি বক্তৃতা করেন এই বাক্যকে এক কথায় নাকি প্রকাশ করতে বলা হয়েছিল। পরীক্ষক মাস্টার-মশাইদের উত্তর পেয়েছিলেন কিনা জানি না, কিন্তু আমার উত্তর হচ্ছে "পশ্চিমবাংলার মন্ত্রি-মণ্ডলী"। মুখ্যমন্ত্রীর মারফতেও এই দপ্তরের পরিবেশিত বিকৃত তথ্যের উল্লেখে বলা হয় যে, মাধ্যমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্যদানের যে প্রতিশ্রুতি ছিল তা না কি পি এস সি-এর সাক্ষাৎকারের শর্ত সম্বলিত ছিল। কিন্তু আমরা কেন্দ্রীয় সরকারের একজন প্রধান মুখপাত্রের কাছে শুনি যে মাধ্যমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির ব্যাপারে অর্থ বরাদ্দের জন্য কেন্দ্রীয় সরকার কোন শর্ত আরোপ করেন নি। এই নিয়ে হৈ-চৈ পড়াতে পরে অবশ্য শিক্ষা-দপ্তর থেকে ঘোষণা করা হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের শর্ত না থাকলেও পশ্চিমবঙ্গের শিক্ষাবিভাগ বেতন বৃদ্ধির জন্য যে শর্ত প্রয়োগ করেছেন অর্থাৎ পি এস সি-এর

ইন্টারভিউ তা নাকি কেন্দ্রের আশীর্বাদপুত হয়েছে। এটা আশীর্বাদপুত হ'তে পারে, কিন্তু যখন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন তখন তিনি ভেবে দেখেন নি যে, শিক্ষা-দপ্তরের কোন্ তথ্যের উপর ভিত্তি ক'রে তিনি এই তথ্যকে ব্যক্ত করতে যাচ্ছেন। ১৯৫৪ সালে দে কমিশন বসেছিল। ১৯৫৬ সালের মাঝামাঝি যখন হৈ-চৈ করা হ'ল যে, দে কমিশনের রিপোর্ট থেকে কেন সমস্ত জিজ্ঞাসু মানুষকে বঞ্চিত করা হচ্ছে? তখন শিক্ষাবিভাগ থেকে ঘোষণা করা হ'ল যে, দে কমিশনের রিপোর্ট নাকি মুদ্রিত হয়ে ১৯৫৫ সালেই জনসাধারণের মধ্যে বিক্রীত হয়েছে। কিন্তু সরকারের সেই মুদ্রিত পুস্তকখানি যে মারাত্মক সংবাদ বহন করেছিল সেটা কর্তাদের খেয়াল ছিল না। অর্থাৎ প্রথম মুদ্রণের তারিখ দেওয়া হয়েছিল ১৯৫৬ সাল। আমরা জানি না, যে রিপোর্ট ১৯৫৬ সালে ছাপা হয় তা এক বছর আগে জনসাধারণের মধ্যে কি ক'রে বিলি হ'তে পারে? শুধু বিকৃত বা অসত্য তথ্য বণ্টনই নয়, শিক্ষাবিভাগের সমস্ত দিকে দুর্নীতির একটা দুর্দাম নৃত্য চলছে। এই যে শিক্ষাকে সংস্কার করবার নয়া ব্যবস্থা শুরু হয়েছে, তার যে পরিকল্পনা গ্রহণ করতে সরকার চাচ্ছেন তার মধ্যে কোনরকম দূরদর্শিতা, স্পষ্টতা বা সুষ্ঠু ব্যবস্থাপনার ইঙ্গিত নেই, শুধু রয়েছে কেন্দ্র থেকে প্রাপ্ত কোটি কোটি টাকার আর্থিক অপচয়। উদাহরণস্বরূপ ২-১টি কথা বলতেই হবে। শিক্ষা-দপ্তরে অফিসার নিয়োগ চলে অপূর্বভাবে। মন্ত্রিমহাশয় এখনও তাঁর শিক্ষাসচিবের হাত থেকে শিক্ষাধিকারের পদটি সরিয়ে নিতে পারেন নি। অর্থাৎ একসঙ্গে তিনি দু'টি পদ অধিকার ক'রে রয়েছেন। কিন্তু তাতেও তাঁর তৃপ্তি নেই। তিনি আবার প্ল্যানিং অফিসারও এনেছেন। অবশ্য জানি না সেই প্ল্যানিং অফিসারটির প্ল্যান করবার পূর্বে বা পর কি অভিজ্ঞতা আছে। তবে আমরা শুনেছি যে, শিক্ষাসচিবের নিকটতম আত্মীয় হবার সৌভাগ্য তাঁর হয়েছে। মন্ত্রিমহাশয় বলতে পারেন যে, তিনি পি এস সি-এর থ্রুতে এসেছেন। পি এস সি-এর যে কি চেহারা হচ্ছে তা আমরা ক্রমশই দেখেছি। পি এস সি-এর প্রতি আমাদের অশ্রদ্ধা নেই। বরং বিশ্বাসই রাখতে চাই। কিন্তু এক্ষেত্রে পি এস সি-এর ইন্টিগ্রিটি যদি কেউ নাবিয়ে দিয়ে থাকে তা হ'লে তা নাবিয়ে দিয়েছেন আমাদের পশ্চিমবঙ্গ সরকার। শুনেছি নাকি যে, মানুষ অনুরোধে ঢেঁকি গেলার মতন দুঃসাধ্যকার্য করেন। অনুরোধে যদি এহেন কঠিন কাজ সম্পন্ন হ'তে পারে, তবে যদি বলি, এই কমিশন শিক্ষাদপ্তরের অনুরোধে অনুগৃহীত কোন ব্যক্তিকে মাত্র যোগ্যতার ছাপ দিয়ে চেয়ারে বসিয়ে দেন তা হ'লে সেটা মোটেই কষ্টসাধ্য ব্যাপার অথবা অসম্ভব ব্যাপার হয় ব'লে ধরে নেওয়া যায় না। শিক্ষা-দপ্তরের আশেপাশে পুরাতন বন্ধুজনের মুখগুলোও বারবার এখনও দেখা যাচ্ছে। যেমন আমরা শুনেছি যে, বি ঘোষ নামক এক ব্যক্তি ১৯৫৫ সাল পর্যন্ত এক্সটেনশনের মেয়াদ নিয়ে কাজে বহাল ছিলেন, তারপর ২ বছর এঁকে অবসর নিতে হয়। দীর্ঘ ২ বছর অসাক্ষাৎকারের পর আবার দেখা গেল ১৯৫৭ সালে শিক্ষা-দপ্তরের দায়িত্বশীল পদে তাঁর পুনরাবির্ভাব। আমরা আরও জানি যে, বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের ফাইনান্সিয়াল অ্যাডভাইজার যিনি, তিনি নাকি বয়সের দিক থেকে সরকারী রুলসএর উপরে উঠে গিয়েছেন। অর্থাৎ ৬০ বছর পার হয়ে গেলে দুইবারের অধিক সরকারী চাকরি করা যায় না। কিন্তু পরম বন্ধুর কি ভাগ্যফল, সরকারী সমস্ত আইনকে পদদলিত ক'রে তাঁকেই আবার ফাইনান্সিয়াল অ্যাডভাইজার হিসাবে নিয়োগ করা হয়েছে। পশ্চিমবঙ্গ শিক্ষাদপ্তরের যথেচ্ছ অর্থব্যয় হয় শুধু খামখেয়ালের বশে। এর প্রকৃষ্ট উদাহরণ হচ্ছে যে, মাধ্যমিক বেসরকারী বিদ্যালয়ের স্থায়ী শিক্ষকদের যোগ্যতা পরীক্ষার জন্য হঠাৎ কমিশন নিয়োগ করা। কেন্দ্রীয় সরকারের আশীর্বাদপুত প্ল্যান অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার কমিশনের উপর দিলেন এইসব শিক্ষকদের ইন্টারভিউ-এর ভার। জনৈকা শিক্ষিকা তার লিগ্যালিটির প্রশ্ন হাইকোর্টে তুললেন। আমরা জানি সম্প্রতি হাইকোর্ট রায় দিয়েছেন যে, বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকদের ইন্টারভিউ গ্রহণ করার কোন এক্তিয়ার এই ধরনের কমিশনের নেই। হাইকোর্ট যাকে বেআইনী বলেন আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ের দপ্তর নির্লজ্জ দম্ভের বলে বেআইনীভাবে কমিশন নিয়োগ করে, তাঁদের মাইনে-পত্র দেওয়াতে ও সংশ্লিষ্ট কর্মে অর্থ ব্যয় করে। এই অর্থ ব্যয় করবার অধিকার তাঁদের কে দিয়েছে?

[11-30—11-40 a.m.]

পাবলিক-এর অর্থ নিয়ে এভাবে ছিনিমিনি খেলা চলছে। তারপর মালটিপারপাস আর বেসিক স্কুলএর নামেও অজস্র অর্থ অপব্যয় করা হচ্ছে। আমরা দেখছি শিক্ষার উন্নয়ন সেখানে নেই। কিন্তু বিশেষ বিশেষ জনের ভাগ্য উন্নয়নের পথকে অবাধে খুলে দেওয়া হয়েছে। আমি নাম করতে পারি না, কি জানি বেচারা স্কুলই হয়তো এইড থেকে বঞ্চিত হবে কিংবা কোন রক্তচক্ষুর শাসনে গিয়ে পড়বে। কিন্তু শুনছি কোন কোন স্কুলে মালটিপারপাসএর অনুমতি দেওয়ার সঙ্গে সঙ্গে শিক্ষাদপ্তরের সুপারিশ সহ অনুগৃহীত কন্ট্রাক্টর গিয়ে সেখানে উপস্থিত হচ্ছে বিল্ডিং তৈরির কন্ট্রাক্ট নিতে। দমদমের মতিঝিল স্পনসর্ড কলেজ, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় হয়ত জানেন, সেখানে কন্ট্রাক্টএর ভার পেয়েছেন, হয়ত ডি এম সেনের নিকটতম আত্মীয় বি এম সেন। সেখানে দেখা যাচ্ছে জিনিসপত্রের দামের মূল্যমানের ব্যতিক্রম ঘটিয়ে তারা যথেচ্ছভাবে প্ল্যান ক'রে বিল্ডিং তৈরি করছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্য ছিল ১৪৪টি মালটিপারপাস বিদ্যালয় হবে। আমরা দেখতে পাচ্ছি রাজ্যপাল মহোদয়ার ভাষণের মধ্যে তার সংখ্যা দ্বিতীয় বর্ষেই ২৫২টি হয়েছে। বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে, বলবার কিছু নেই। কিন্তু প্রকৃত বিদ্যাদান কি তার মধ্য দিয়ে হচ্ছে? না, পরিষ্কার ক'রে অট্টালিকাগুলিকে সাজান হচ্ছে? ছেলেদের ভবিষ্যৎ কি হবে তার কোন নির্দিষ্ট সীমারেখা নেই। শিক্ষকরা কে হবেন জানি না। বহরমপুর টাউনের 'পরেই, আমাদের শশাঙ্ক সান্যাল মহাশয় বলতে পারেন, তিনটি মালটি-পারপাস স্কুল একসঙ্গে শেয়ার ক'রে একজন মাত্র সায়েন্স শিক্ষক রেখেছেন। (শ্রীশশাঙ্ক-শেখর সান্যালঃ একথা ঠিক।) কলকাতার বহু মালটিপারপাস স্কুলে শিক্ষক জুটছে না—অধ্যাপকদের পার্ট টাইমার ক'রে কোনরকমে কাজ চালানোর ব্যবস্থা করা হচ্ছে। একে শিক্ষার উন্নয়নের পন্থা বলে না। বড় বড় অট্টালিকা, ইট-কাঠের পিছনে শুধু কতকগুলি টাকা খরচা করা হচ্ছে, কেন্দ্রীয় সরকারের লোকান্তরিত শিক্ষামন্ত্রী মৌলানা আজাদ মৃত্যুর কিছুদিন আগেও একথা বলেছিলেন। সম্প্রতি পণ্ডিত জওহরলাল নেহরু এই ব্যবস্থাপনার প্রতি ধিক্কার দিয়ে জানিয়েছেন যে, অট্টালিকার আমাদের দরকার নেই। শিক্ষার ব্যবস্থার জন্য যোগ্য শিক্ষককে খুঁজে তাদের উন্নততর বেতন দিয়ে নিয়ে আসতে হবে। বেসিক কেন্দ্র সম্বন্ধে দুই একটা কথা বলার আছে। ১৯৫৬ সালের রিপোর্টএ দেখেছি পশ্চিমবঙ্গের ৫টি বেসিক কেন্দ্রের একটা কোথায় হারিয়ে গিয়ে চারটি বর্তমান আছে। তার একটা হচ্ছে কাছাকাছি বিদ্যানগর। সেই বিদ্যানগরে বেসিক সেন্টারএর নামে, মালটি পারপাস স্কুলএর নামে, সিনিয়র, জুনিয়র বেসিকএর নামে যে কার্যকলাপ চলছে—তাতে বিদ্যানগর মহাবিদ্যানগরে পরিণত হয়েছে। এখানকার পরিচালকমণ্ডলীতে স্থানীয় লোক বিশেষ কেউ নেই। কলকাতার নাকি কেউ কেউ বড় লোক সেখানে আছেন শিক্ষা সংসদ রচনা ক'রে। সেখানকার আয়ব্যয়ের হিসাব-পত্র, সেখানকার পরিকল্পনা স্থানীয়ভাবে বাস্তব অবস্থার সঙ্গে মিলিয়ে তৈরি হয় না—কলকাতার কোন পাবলিক হলের কোন নির্জন কক্ষে সেগুলি রচিত হয়ে থাকে। দুর্নীতির লীলাক্ষেত্র বিদ্যানগরী সম্বন্ধে আরও তথ্য দেওয়া যেতে পারত, কিন্তু আমি নিশানা পেয়েছি সভাপতি মহাশয়ের কাছ থেকে, কাজেই আর আমি বেশিদূর অগ্রসর হ'তে চাই না। কলেজীয় এডুকেশনএর ক্ষেত্রেও বিসর্জনের বাজনা বাজছে। সে সম্বন্ধে দুই-একটা কথা বলব। ম্যাচিং গ্র্যান্ট দেবার কন্ডিশন হিসাবে ফেজড প্রোগ্রাম ক'রে বলা হয়েছে এক্সিস্টিং কলেজগুলিতে ছাত্র-সংখ্যাকে কমিয়ে আনতে হবে। ভাল কি মন্দ সে প্রশ্নে আমি যেতে চাই না। কিন্তু সেই ফেজড প্রোগ্রামএর মধ্যে কোথায়ও করেস্পন্ডিং কলেজ খুলবার কথা কি রয়েছে? স্কুল ফাইন্যাল এক্সামিনেশনএ এ বছর লক্ষ ছেলে হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে, ঐ ফেজড প্রোগ্রামএর ফলে এইসব ছাত্রদের মধ্যে যারা পাস করবে তাদের শতকরা ২৫ ভাগেরও কলেজে ঢুকবার সুযোগ হবে না। কাজে কাজেই বৃহত্তর স্বার্থকে বিসর্জনের বাজনা শুনিয়ে দিয়ে ফেজড প্রোগ্রাম আর পরিকল্পনার খেলা চলছে পশ্চিমবাংলায়। কেন? শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন লেখাপড়া শিখে কি হবে? সব তো ইনক্লাব জিন্দাবাদ করবে। হয়তো সত্যি কথা। কিন্তু তার কারণটা কি? সকলে আজ জীবনের পুঞ্জীভূত হতাশার কলঙ্ক হ'তে মুক্ত হ'তে চায়। তরুণ প্রাণ তাদের পক্ষে এই পরমতম অভিশাপকে অপসারিত করতে যদি চায় তবে তার জন্য প্রয়োজন হয়েছে আত্মবাদের দীর্ঘজীবন কামনা। জীবনের অভিযানকে ভয় করেন ব'লেই গোটা দেশকে অজ্ঞ এবং বুদ্ধিহীন ক'রে রাখবার সরকারের এই চেষ্টা।

শিক্ষার উপর পশ্চিমবাংলা সরকারের এমন চরমতম আঘাত! স্কুল বোর্ডএর দুর্নীতির বিশদ আলোচনা করব না, আমি শুধু একটি কথা বলব যে, তাদের যতই যে দোষ দিক না কেন প্রাথমিক শিক্ষকদের নিয়মিত বেতন দেবার অপরাধে কেউ অপরাধী করতে পারে না। ফলে বুভুক্ষু প্রাথমিক শিক্ষকদের কেবল অনশনই নয়, আত্মহত্যাও বরণ করতে হয়, স্বাধীন সরকারের পক্ষে এত বড় কলঙ্কের নজিরও পশ্চিম বাংলায় বিরল নয়। বলতে পারেন যে, অনাস্থা প্রস্তাব নিয়ে চেঁচামেচি ক'রে লাভ কি? এই প্রস্তাবে মন্ত্রিমণ্ডলীর কোথাও তো একচুলও ক্ষতি হবে না। তবুও কি চার দেওয়ালের মধ্যে এই বৃথা ক্রন্দন? তা নয়। মহাকালের সিংহাসনে সমাসীন যে গণদেবতা বিচারক তাঁর কাছে আবেদন, এই পাপচক্র, এই দুর্নীতিচক্র, এই বীভৎস বিশৃঙ্খলতা, এর উপর চরম আঘাত হানবার জন্য প্রস্তুত তুমি হও, আর এখানেও আবেদন সকলের কাছে—

"অন্যায় যে করে,
আর অন্যায় যে সহে,
তব ঘৃণা তারে যেন
তৃণসম দহে।"

Sj. K. P. Chattopadhyay:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে কংগ্রেসের মন্ত্রিসভা সম্পর্কে একটা অনাস্থা প্রস্তাব আনা হয়েছে। কিন্তু ওদের উপর আস্থা তো বহুকাল আগেই গেছে। তা না হ'লে আর পঁচিশ বৎসর কংগ্রেসে থেকে এ পাশে বসলাম, কোন দলে যোগ না দিয়ে কেন? এই অনাস্থা প্রস্তাবটা পাস হ'ল কি না হ'ল তাতে কি যায় আসে? ইংরাজীতে কথা আছে—

"Like a song of little meaning though the words are strong."

আমার বক্তব্য হচ্ছে যে, দেশটা তো আপনাদের এবং আমাদের উভয়েরই। দেশটাতে কারও একার নয়। কাজেই অন্যায় যেটা হচ্ছে সে বিষয়ে একটু ব্যবস্থা অবলম্বন করলেই ভাল হয়। যে-কোন গণতান্ত্রিক সরকারের প্রথম কর্তব্য হচ্ছে দেশের লোকের সংগে সহযোগিতা করা। স্বাধীনতা লাভের পরে এখানে যখন প্রফুল্ল ঘোষ মহাশয় প্রথম মন্ত্রিসভা গঠন করেন তখন আমরা জানিয়েছিলাম যে, অবৈতনিকভাবে আমরা সাহায্য করতে রাজী আছি। আমাদের আসন-টাসনের উপর লোভ নেই। তখন খাদ্যবণ্টন নিয়ে বহু হাংগামা হচ্ছিল। সেজন্য তখন একটা পরামর্শদাতা সমিতি হয় এবং তাতে গিয়ে কিছু কাজ করবার চেষ্টা আমি করেছিলাম। কলকাতা শহর এবং তার আশেপাশে ২৫০টা জায়গা ভাগ ক'রে ২৫০টি সমিতি ঐ দপ্তরের সাহায্য নিয়ে এবং মন্ত্রিমণ্ডলীর সাহায্য নিয়ে গড়ে তোলা গিয়েছিল। যাতে লোকে সহজে খাদ্যবণ্টন ব্যবস্থার সুবিধা নিতে পারে এবং ভূয়া রেশন কার্ড ফিরে আসে। সেটা ভালভাবেই হয়েছিল কিন্তু দেখা গেল যাঁরা ঘোষ মহাশয়ের মন্ত্রিসভা উলটে দিলেন তাঁরা একটু উতলা হয়ে উঠলেন যে, এটা একটা সাংঘাতিক ব্যাপার হয়ে যাচ্ছে; জনসাধারণের সংগে বড্ড বেশি-রকম ঘেঁষাঘেঁষি হয়ে যাচ্ছে। এই ঠিক ক'রে তাঁরা ২৫০টি সমিতি বাতিল ক'রে দিলেন। আসলে ব্যাপারটা আমরা দেখলাম যে, বড় বড় কারখানার মালিকরা অনেক ভূয়া রেশন কার্ড নেন। আপনারা জানেন যে, বহুসংখ্যক লোক বদলি হিসাবে আছে।

[11-40—11-50 a.m.]

আপনারা জানেন যে, শতকরা অনেক লোক বদলি হিসেবে আসে। দেখা গেল, যারা পুরানো মজুর তাদের নামেও রেশন কার্ড আছে আবার বদলিদের নামেও রেশন কার্ড আছে। কাজেই রেশনটা বেশ বেশি পরিমাণে হুড় হুড় ক'রে কারখানায় যাচ্ছে। আবার সেটা অন্য দরজা দিয়ে কালবাজারে বেরিয়ে যাচ্ছে। সেটা জানাবার পর দেখা গেল যে, সভা আর ডাকা হ'ল না; ফাঁক ধরার পথ সব বন্ধ হয়ে গেল। সহযোগিতা তো এইভাবে গেল। খাদ্যবণ্টনের জন্য গ্রামাঞ্চলে খাদ্যসংগ্রহ ও অন্যত্র পাঠানো সম্বন্ধে বলা হয়েছিল যে, গ্রামেতে ছোট ছোট ঐ রকম কমিটি গড়ে দেওয়া যায় এইসব তদারকের জন্য। যেখান থেকে ধান বিক্রি হচ্ছে তারা একটা হিসেব রাখবে, যেখানে যাবে সেখানেও একটা হিসেব থাকবে এবং এখান থেকে ওখানে সেই

হিসাবের একটা কাগজ পাঠিয়ে দেবে। তা হ'লে সমিতি জানতে পারবে যে, ঠিক প্রকৃতপক্ষে কি জিনিস কি দামে কোথায় গেল। কিন্তু সেসব ব্যবস্থাও গৃহীত হয় নি। তার পরেও বহুদিন খাদ্যবণ্টন ব্যবস্থা চলেছে—অনেক চুরি হয়েছে, কালবাজারী হয়েছে। দেখা গেল যে, যে উপায়ে চুরি বন্ধ করা যেতে পারে সেটার রাস্তাটাই বন্ধ হয়ে গেছে। আবার নতুন ক'রে যখন সীমারেখা বা কর্ডনিং হ'ল তখন যে এইভাবে এইসব ব্যবস্থা হবে না সেটা বোঝাই যাচ্ছিল। আগেই যদি না হয়েছে—অতীতই ভবিষ্যতের দিকে দৃষ্টি ইঙ্গিত ক'রে—তা এখন হবে কেন? সেটাই ঘটেছিল। আমার বিভিন্ন বন্ধুগণ এই বিষয়ে অনেক তথ্যপূর্ণ কথা বলেছেন, আজকে আমি আর তাই এ বিষয়ে বিশেষ বলব না।

সরকারের দ্বিতীয় কর্তব্য হচ্ছে নাগরিকদের অধিকার রক্ষা করা। অধিকার হচ্ছে বিভিন্ন রকমের—একটা হচ্ছে ব্যক্তিস্বাধীনতা অন্যটা হচ্ছে চাকরি ও খাদ্যব্যবস্থা যাতে হয়, শিক্ষার ব্যবস্থা এবং যারা আমাদের দেশে ছিন্নমূল হয়ে এসেছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা। নাগরিক অধিকার সম্বন্ধে আমি প্রথমে বলব। ইংরেজ আমলেও যে ব্যক্তিস্বাধীনতা কমিটি ছিল, তার সঙ্গে আমি যুক্ত ছিলাম এবং বর্তমান স্বাধীন দেশেও ব্যক্তিস্বাধীনতা কমিটি ছিল তার সঙ্গেও দীর্ঘদিন যুক্ত ছিলাম। আপাততঃ আর সে কাজ হচ্ছে না। এ সম্পর্কে আমরা দেখলাম যদিও বর্তমানে এখন জমিদারী বিলোপ হয়েছে এবং কৃষকদের কতকগুলি বিষয়ে কিছু কিছু দাবি গৃহীত হয়েছে, সে যুগে যখন এইসকল দাবি উত্থাপিত হয়েছিল—কৃষকদের ভাগ্যে জুটেছিল মারপিট এবং গুলী খাওয়া ও জেলে যাওয়া। শ্রমিকদের আজকের দিনে যে কিছু দাবি গৃহীত হয়েছে—সেদিন যখন শ্রমিক দাবি উত্তোলন করা হয়েছিল তখন তাদেরও জুটেছিল মারপিট। আর এ বিষয়ে সবচেয়ে দুঃখের বিষয় যেটা ছিল—যারা মারপিট করেছিল সরকারী পুলিস সরকারের ইঙ্গিতে তাদেরই সাহায্য করেছিল। আমি বহু স্থানে দর্শক হিসেবে উপস্থিত ছিলাম ও এ বিষয়ে সে যুগের সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম —এটা দশ বছরের হিসেবনিকেশ হচ্ছে, সেই কথাই বলছি। কিন্তু ফল কিছুই হয় নি। পুলিসের সমস্ত কর্মচারী খারাপ একথা বলা যায় না; তাদের অনেকের কর্তব্যজ্ঞান ও সাহস আছে। তাদের উপর থেকে কর্তব্য সম্বন্ধে পরিষ্কার নির্দেশ দিলে তারা ভালভাবে কাজ করতে পারে। আমার একটা বহু পুরানো কথা মনে পড়ছে, যে যুগে পুলিস ইংরেজের হয়ে আমাদের বিরুদ্ধে লড়েছে। সে যুগে আমার বন্ধুবর সুভাষচন্দ্র বসু মহাশয়, বিপ্লবীদের হাতে যেসব পুলিস কর্মচারী মারা গিয়েছিলেন তাদের উল্লেখ ক'রে বলেছিলেন—"এ লোকগুলি অতি সামান্য বেতনে কি অসীম সাহস দেখিয়েছে; তারা যা কর্তব্য ব'লে মনে করেছে কি পরিমাণ নিষ্ঠার সঙ্গে তারা সে কাজ করেছে। এরা যদি সুপথে চালিত হ'ত, দেশ স্বাধীন হ'লে এরা দেশের অলঙ্কাররূপে গণ্য হতে পারত।" আজকের দিনেও দুঃখের বিষয় পুলিসকে ঐ বিপথেই উপর থেকে চালনা করা হচ্ছে। তাদের দিয়ে প্রকৃত দেশের মঙ্গল করাবার যে চেষ্টা, শান্তি-রক্ষার জন্য যে প্রকৃত চেষ্টা তা করান হচ্ছে না। রাজনৈতিক ব্যাপারের বিরোধীদলের উপর উৎপাত হ'লে, এমনকি খুন জখম হ'লেও কোন কিছুই হয় না। এ বিষয়ে বিধান সভাতে জ্যোতিবাবু একটা পুরানো ঘটনা উল্লেখ করেছিলেন—আমি আর পুনরায় তার উল্লেখ করব না। কারা সেই ডিকসন লেনে খুন করেছিল, কিভাবে করেছিল মন্ত্রিমণ্ডলীর মধ্যে একজন ভালভাবে জানেন। আমার সঙ্গে তাঁদের বহুদিনের পরিচয়, কাজেই এর বেশি বিশদ আমি উল্লেখ করবার আবশ্যকতা বোধ করছি না।

চাকরিবাকরি পাওয়া সম্বন্ধে আমার দুই-একজন বন্ধু উল্লেখ করেছেন। শ্রমমন্ত্রীকে এ বিষয়ে একটা কথা বলবার আছে। তিনি সম্প্রতি নতুন এসেছেন, কিন্তু তাঁর পূর্বের শ্রমমন্ত্রীও এখানে উপস্থিত আছেন। আমরা তদন্ত ক'রে দেখলাম যে, বাংলাদেশে যেসব কলকারখানা আছে সেখানেতে বাঙ্গালী শ্রমিকের সংখ্যা আবার কমে যাচ্ছে। মাঝে কিছু বেড়েছিল। একবার একথা এ সভায় উল্লেখ করাতে তাঁরা বলেছিলেন চাকরি দিলে নাকি তারা নেয় না। একজন সভ্য একথা জোর গলায় বলেছিলেন যে, তিনি চাকরি দেবার চেষ্টা করেছিলেন কিন্তু লোক পান নাই। কিন্তু আমি সেই ব্যক্তির কাছে মজুরি চাকরির জন্য ইস্কুলে পড়া মজবুত শরীর লোক পাঠিয়ে দেখেছি, যারা চাকরি করতে চায় তারা চাকরি পায় না। সেটাই হচ্ছে দুঃখের কথা। আর যদি বাজে লোককে পাঠিয়ে দেওয়া হয়—যারা চাকরিতে ঢুকে পালিয়ে

যাবে—তা হ'লে জিনিসটা শুধু একটা লোক দেখানোর ব্যাপার। যেমন বেবি ট্যাক্সির ব্যাপারে এই অভিযোগ করা হ'ল যে, বাঙ্গালীকে ট্যাক্সি দিলে তারা চালায় না। আমি খোঁজ ক'রে দেখলাম যেসব লোকেরা কখনও গাড়ি চালায় নি, যাদের চালাবার লাইসেন্স নেই, সেই রকম লোককেই অনেক লাইসেন্স দেওয়া হয়েছে। তারা কি করবে? তারা পারমিট বেচে দেবে কিম্বা অন্য লোককে ভাড়া দেবে ছাড়া আর কি করবে? জেনেশুনে দুর্ব্যবস্থা ক'রে দেশের লোকের এইরকম দুর্নাম রটনা দিয়ে লোককে শুধু গালাগালি দিলেই সব সময় চলে না। লোকে তাতে ঠকে না। আইনসভায় এখানে সমাজতান্ত্রিক কাঠামোর কথা বারবার উল্লেখ করা হয়। সে সম্বন্ধে আমি দুই-একটি কথা বলতে চাই। আমাদের সরকার অনেকগুলি আধা ব্যবসা-প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। কিন্তু সেসব প্রতিষ্ঠানই সাধারণ লোকের হাতে যখন ছিল তখন তাতে প্রচুর লাভ হ'ত। পরিবহন বিভাগ, স্টেট ট্রান্সপোর্ট তাঁরা হাতে নিয়েছেন-- আমরা দেখি কেবল লোকসানের উপর লোকসান। এই লোকসান যে কেন হয় তার একটা হিসাব ও কারণ হিসাব পরীক্ষক কমিটি দিয়েছেন। যদি দামী জিনিস চড়া দামে কিনে সস্তায় ছেড়ে দেওয়া হয় তা হ'লে নিশ্চয়ই লোকসান হবে, লাভ কখনও হবে না।

তারপরে মাছের ব্যবসা। মাছের ব্যবসা যাঁরা করেন, তাঁরা বহু টাকা উপার্জন করেন। কিন্তু আমাদের সরকার বাহাদুর মাছের ব্যবসা করলে লোকসানই কেবল হয়। তারপর বিদ্যুৎ সরবরাহের কথা। দেশবন্ধু যখন কর্পোরেশনএর ক্ষমতায় আসেন তখন ইংরেজ বিজলী কোম্পানির দাঁত কিঞ্চিৎ ভাঙ্গা হয়েছিল। তখন চার আনা দামের ইউনিট থেকে দুই আনায় নামিয়ে দেওয়া হয়েছিল। এরপরেও কেন তাদের সঙ্গে আবার কন্ট্রাক্ট বার বার করা হচ্ছে তা জানি না। ১৯৩৭-৩৮ সালেতে যখন লীগ মন্ত্রিসভা পুনরায় কন্ট্রাক্ট করে তখন কংগ্রেসের পক্ষ থেকে খুবই সমালোচনা হয়েছিল, কেন আবার এদের কন্ট্রাক্ট দেওয়া হ'ল। বর্তমানে দেখা যাচ্ছে আমাদের সরকার পক্ষ হ'তে তাদের সঙ্গে প্রায় চিরস্থায়ী বন্দোবস্ত হয়ে গেছে। আমাদের বহু কোটি টাকা খরচ ক'রে দামোদর ভ্যালি এবং অন্যান্য জায়গাতে, বোখারো প্রভৃতিতে বিদ্যুৎ উৎপাদনের অনেক ব্যবস্থা করা হয়েছে--সেখান থেকে বিদ্যুৎ নিয়ে ইংরেজ বিজলী কোম্পানি আমাদের দেবে কিন্তু মাঝখান থেকে মুনাফা তারা মেরে নেবে। কি জন্যে এটা সস্তায় দেশের লোককে সোজাসুজি দেওয়া হবে না তা বুঝতে পারা যায় না।

সভাপতি মহাশয় জানাচ্ছেন আমার আর বলবার সময় নেই। সুতরাং সংক্ষেপ করছি বক্তব্য। ব্যাপারটা হচ্ছে অন্যান্য স্বাধীন দেশেও অনেক ভুলত্রুটি থাকে কিন্তু স্বাধীন হয়েই যদি অন্য দেশের মন্দটা নেওয়া যায়--যেমন ইংরেজ এদেশে যখন এসেছিল তার প্রধানত হ্যাট, কোট আর গলায় যেটা ফাঁস পরে সেটা নেওয়া হয়েছিল—তাই যদি শুধু অন্যায়টাই নেওয়া যায় তা হ'লে স্বাধীন দেশের কণ্ঠরোধ হয়ে যায়। স্বাধীন দেশের প্রাণরোধ হয়ে আসে। যারা সমাজের সম্মানিত স্থানে থাকে তাদের নিজেদের ব্যবহার সম্বন্ধে খুব বেশি ক'রে সমঝে চলতে হয়, তেমনি রাষ্ট্রের যারা ক্ষমতায় আসীন থাকেন তাদের দেশের সামনে একটা বড় আদর্শ ধরার দরকার হয়। সেটা যদি তারা না পারে সেখানে যদি গভীর ত্রুটি-বিচ্যুতি দেখা দেয়, অসততার উদাহরণ যদি তাদের ক্ষেত্রে দেখা যায় তা হ'লে দেশের সর্বনাশ হয়ে যায়। আগেই আমি বলেছি যে, দেশটা আপনাদের একচেটিয়া নয়, দেশটা আমাদের ও আপনাদের। সুতরাং সেই হিসেবে আমাদের দৃষ্টি দেওয়া দরকার। এই হিসেবেই আমি আজকে যা কিছু বলার তাই বললাম। আজ আমার যখন সময় নেই তখন আমি এর বেশি আর কিছু বলব না।

[11-50—12 noon.]

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ত' আলোচনার প্রায় শেষ মুহূর্তে এসে পেঁৗছেছি, সেইজন্য আমাকে সংক্ষেপ করতে হচ্ছে, এবং যতদূর সম্ভব আমি সংক্ষেপ ক'রে বলব। তবে, আমি আশা করি আমার যে বক্তব্য বলা দরকার, সেটার জন্য যেটুকু সময় প্রয়োজন, সেটা আপনি দেবেন।

এই যে কংগ্রেসের শিক্ষামন্ত্রী, যাঁর অস্তিত্ব নাই, সংজ্ঞা আছে, সেটা কোন মন্ত্রীর পক্ষে বলা যায় না, সমগ্র মন্ত্রিমণ্ডলীর বিরুদ্ধে বলা চলে।

বর্তমান মন্ত্রিমণ্ডলী পরিচালিত হচ্ছে দুইজন লোক দ্বারা এবং যে দুইজন লোক কংগ্রেসের নেতৃত্ব করছেন এই আইন সভায়, সেই দুইজন মন্ত্রীর নাম হচ্ছে—একজন খাদ্যমন্ত্রী বা যাঁকে দুর্ভিক্ষমন্ত্রী ব'লে লোকে বেশি জানে, তিনি শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, আর একজন পুলিস-মন্ত্রী, যাকে আমরা গুণ্ডার মন্ত্রী বলে জানি, সেই কালীপদ মুখার্জি। এ'রা কোন সং মন্ত্রীকে মন্ত্রিমণ্ডলীর ভিতর থাকতে দেবেন না। আমরা জানি যেসমস্ত সংবুদ্ধিসম্পন্ন ব্যক্তি ঐ মন্ত্রিমণ্ডলীর ভিতর আছেন, তাঁদেরও দু'দিন পরে শ্রীসিদ্ধার্থ রায়ের মত কংগ্রেসের মন্ত্রিমণ্ডল থেকে বেরিয়ে আসতে হবে। আমি জানি শ্রীবিমলচন্দ্র সিংহ মহাশয় বিধান সভায় দাঁড়িয়ে বলেছিলেন, আমরা অন্তত জমি জমিদারদের হাত থেকে কেড়ে নেবার জন্য চেষ্টা করব, এবং জমি কৃষককে বণ্টন করবার চেষ্টা করব। আমি তাঁকে এই কথা ব'লে দিচ্ছি, তাঁরও হতাশ হবার আর বেশি দেরি নেই। যদি হতাশ হয়ে তাঁর শুভবুদ্ধি বাস্তবিক জাগ্রত হয়, তা হ'লে ও'কেও ওখান থেকে বেরিয়ে আসতে হবে, এবং ঘোষণা করতে হবে ঐ মন্ত্রিমণ্ডলী যতদিন উপদলীয় নেতৃত্বে পরিচালিত হচ্ছে, ততদিন কোন শুভবুদ্ধিসম্পন্ন লোক সেখানে কখনও কোন কাজ করবার সুযোগ পাবেন না।

খাদ্যমন্ত্রীর কথা বলতে গিয়ে সেখানে মুখ্যমন্ত্রীর কথা আসছে। তিনি এই কয়দিনের মধ্যে বলেছিলেন যে, বাংলাদেশে ১৯৫০ সালের মন্বন্তরের মত দুটা মন্বন্তর হয়ে যেত যদি খাদ্যমন্ত্রী মহাশয়ের মত কোন লোক সেখানে হাল ধরে না থাকতেন। বাস্তবিক তাঁর যদি এই অবস্থা হয়ে থাকে কংগ্রেসের আইন সভায়, ১০ বছরের মধ্যে দু'-দু'টি মন্বন্তর এসে বাংলাদেশের লোককে মেরে ধুয়ে মুছে ফেলতে পারে, তা হ'লে আমি প্রার্থনা করব, হে ভগবান, ও'দের হাত থেকে পশ্চিমবাংলাকে বাঁচাও। যে শাসনে ১০ বছরের মধ্যে দু'-দুটা মন্বন্তর ঘটতে পারে, সেখানে মুখ্যমন্ত্রী মহাশয়ের একথা বলা ঠিক হয় নি। তাঁর উল্টা বলা উচিত ছিল, কি সুপরিকল্পিতভাবে খাদ্যমন্ত্রীমহাশয় পশ্চিমবাংলায় দুর্ভিক্ষ সৃষ্টি করছেন। সেটা আমরা পরিষ্কার দেখতে পাচ্ছি, উনি যেসমস্ত তথ্য সরবরাহ করেছেন তা থেকে। কাজেই এই তথ্য আমি কখনও গোপনে সংগ্রহ করি নি। তিনি প্রথম বলেছেন—প্রথমে খাদ্যশস্য নিয়ন্ত্রণ আদেশ দেওয়া হয় ৩০এ অগাস্ট ১৯৫৭ সালে। এই যে খাদ্যশস্য নিয়ন্ত্রণ আদেশ দেওয়া হল ৩০এ অগাস্ট, আর সেটাকে কার্যকরী করা হচ্ছে ১২ই সেপ্টেম্বর ১৯৫৭ সালে। এবং সেটা কিভাবে কার্যকরী করা হচ্ছে—বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, কুচবিহার, ওয়েস্ট দিনাজপুর, বর্ধমানের আসানসোল মহকুমা এবং চব্বিশ-পরগনার সুন্দরবনে—এই অঞ্চলগুলি কেবল কর্ডন ক'রে রেখে দেওয়া হয়েছিল। কেন কর্ডন করা হ'ল? সাধারণত আমরা জানি কর্ডন করার উদ্দেশ্য হ'ল সেখানে যাতে ধান-চা'ল রপ্তানি বন্ধ করা যায়, তার ব্যবস্থা করতে হবে। কিন্তু তা হ'ল না। খাদ্যমন্ত্রী মহাশয় বললেন সেই সময়, আমরা অবাধ সুযোগ দিচ্ছি লাইসেন্স, পারমিটের ভিতর দিয়ে যাতে পশ্চিমবাংলার অন্যান্য অঞ্চলে এবং পশ্চিমবাংলার বাইরেও খাদ্যশস্য চলাচল হ'তে পারে, সেই ব্যবস্থা আমরা ক'রে রেখেছিলাম। এই কথা তিনি বলেন যে, যা করবার তা আমরা সৎপথে থেকেই করেছি। কিন্তু কর্ডন ক'রে কেন এই অবাধ খাদ্য রপ্তানির ব্যবস্থা খাদ্যমন্ত্রী রেখেছিলেন, সেটার কৈফিয়ত তিনি দেবেন কি? বাস্তবিক যাঁরা খাদ্য উৎপাদন করেছিলেন এবং যাঁরা লাইসেন্স, পারমিট পেল সাধারণ ব্যবসা-বাণিজ্য বন্ধ হয়ে যাবার জন্য, তাদের যে একচেটিয়া অধিকার আছে, সেই তাদের স্বার্থে বদলে দেওয়া হ'ল। শুধু প্রডিউসারের স্বার্থে বদলে দেওয়া হ'ল তা নয়, তাঁরা কনজিউমারের স্বার্থেও চা'লের কর্ডনপ্রথা চালু রাখলেন। যারা মেজরিটি মুনাফাখোর, মজুতদার, যাঁরা লাইসেন্স, পারমিট খাদ্যমন্ত্রীর কাছ থেকে অনুগ্রহভাজন হয়ে পেয়েছিলেন, তাঁরা এই সমস্ত খাদ্য সংগ্রহ ক'রে নিয়ে বাইরে চালান দিতে আরম্ভ করলেন। কর্ডন রাখার ফলে কনজিউমারদের কোন সুবিধা হ'ল না। মাননীয় মন্ত্রিমহাশয় বলতে পারবেন, কর্ডন এরিয়ার বাইরে যারা রইল, যেখানে চা'ল রপ্তানি হ'ল, সেখানে কেন তাদের সুবিধা হ'ল না? যদি সেখানে সাধারণ বাণিজ্যের মধ্য দিয়ে ধান-চা'ল রপ্তানি হ'ত, তা হ'লে ঐ কর্ডন এরিয়ার বাইরে যে দামে ধান-চাল বিক্রয় হ'ত, তার চেয়ে অনেক বেশি দামে ধান-চাল বিক্রয় হ'তে আরম্ভ হ'ল, তা হ'ত না এবং এতে লাভ হ'ল কাদের? যাঁরা লাইসেন্স, পারমিট পেলেন। এইসমস্ত লাইসেন্স, পারমিট হোল্ডারদের হাতে জনসাধারণের স্বার্থ তুলে দেবার কি উদ্দেশ্য

খাদ্যমন্ত্রী মহাশয়ের ছিল? যেকথা শ্রীশশাঙ্কশেখর সান্যাল মহাশয় বলেছেন, একথা পরিষ্কার যে সাধারণ রপ্তানীর পথ বন্ধ করে দিয়ে, ঐ লাইসেন্স, পারমিটের রন্ধ্রপথ চালু করে দিয়ে, খাদ্যমন্ত্রী যাঁদের অনুগ্রহ করতে চান, তাঁদের অনুগ্রহ করছেন এবং আর এক দিকে সেখান থেকে লক্ষ লক্ষ টাকা তিনি নিজে আত্মসাৎ করছেন, এই হচ্ছে পশ্চিমবঙ্গ জনসাধারণের অভিমত।

আমরা শুনেছিলাম পঞ্চাশের মন্বন্তরের সময় এক-একটি লোকের প্রাণ সেদিন মুনাফাখোররা পাঁচ হাজার টাকা নির্ধারণ করেছিলেন। সেদিন এই পাঁচ হাজার টাকা লাভ করতে গিয়ে, এক-একজন মানুষকে না খাইয়ে মারা হয়েছিল। আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, তিনি কত মূল্য দিয়েছেন পশ্চিম বাংলার প্রত্যেকটি মানুষের জন্য? সেটা পাঁচ হাজার টাকা নয়, তিনি বোধ হয় সেটা কমিয়ে দিয়ে এক হাজার টাকা করেছেন। এই এক হাজার টাকার জন্য তিনি এক-একটি করে প্রত্যেক মানুষকে হত্যা করতে চান। এই হচ্ছে কর্ডন নীতির পরিষ্কার পরিচয় ও উদ্দেশ্য। তারপর দু'মাস পর্যন্ত এই অবাধ রপ্তানী চলতে লাগল। তারপর ১৫ই নভেম্বর এই নীতির পরিবর্তন হ'ল, তখন অন্যান্য জেলাগুলিকে কর্ডন ক'রে দেওয়া হ'ল, কিন্তু তখনও বাইরে চালের রপ্তানী বন্ধ করা হ'ল না। এইরকম অদ্ভুত ব্যবস্থা কেন করা হল? মন্ত্রিমহাশয় নিশ্চয়ই এর কৈফিয়ত দেবেন। সবচেয়ে অদ্ভুত যা দেখছি ১৯৫৭ সালের ডিসেম্বর মাসে এটা পরিষ্কার সিদ্ধান্ত হয়ে গেল যে, প্রত্যেক চালকলে যে পরিমাণ চাল তাঁরা উৎপাদন করবেন তার শতকরা ৭৫ ভাগ পশ্চিম বাংলা সরকারের কাছে বিক্রয় করতে তাঁরা বাধ্য হবেন এবং বাকি শতকরা ২৫ ভাগ যা থাকবে, তা তাঁরা সাধারণভাবে তাঁদের খুশিমত যেখানে, সেখানে নিয়ে যেতে পারবেন না; কেবল সেখানেই নিয়ে যেতে পারবেন, যেখানে ঘাটতি অঞ্চল বলে সরকার নির্দিষ্ট করে দেবেন। এই রকম একটা চূড়ান্ত সিদ্ধান্ত গত ডিসেম্বর মাসে করা হ'ল, কিন্তু এই সিদ্ধান্তকে কখনও কার্যকরী করা হ'ল না। এই সিদ্ধান্তকে চালু করবার জন্য কোনপ্রকার প্রচেষ্টা খাদ্যমন্ত্রী করলেন না। কারণ, তা হ'লে ঐ যে মুনাফার অংশ তাঁর অনুগ্রহভাজন লাইসেন্স-পারমিট হোল্ডাররা পাচ্ছেন না এবং এই দুর্নীতির ভিতর দিয়ে তিনি লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করতে পারছেন না। আমি জানি সময়ের অভাব। কিন্তু, তা হ'লেও যেখানে লক্ষ লক্ষ মানুষ প্রাণ হারিয়েছে, যেখানে এক হাজার টাকা মুনাফার বদলে একটি ক'রে লোকের প্রাণ দিতে হচ্ছে, সেখানে আমাদের কিছু না ব'লে উপায় নেই।

[12—12-10 p.m.]

তারপর দেখা যাচ্ছে যে, ২২এ জানুয়ারি আবার ঐ নীতির পরিবর্তন হ'ল। ২২এ জানুয়ারি এই নীতির পরিবর্তন হয়ে হ'ল যে, বর্ধমান, বীরভুম, বাঁকুড়া, মেদিনীপুর, ওয়েস্ট দিনাজপুর, চব্বিশপরগনা, হুগলি এবং হাওড়া জেলার উলুবেড়িয়া সাব-ডিভিসনে কর্ডন করা হবে। শুধু যে কর্ডন হবে তা নয়, সেখানে যে চালকলগুলো আছে তারা তাদের উৎপন্ন শতকরা ২৫ ভাগ চাল সরকারের কাছে বিক্রি করবে এবং বাকি ৭৫ ভাগ চাল তারা যেখানে খুশি যেমনভাবে ইচ্ছা বিক্রি করতে পারবে। সরকারপক্ষ থেকে অবশ্য একটা পাইকারী দাম বেঁধে দেওয়া হ'ল। কিন্তু সেই দরে মিলগুলো চাল বিক্রি করছে কিনা সেকথা সরকার বিবেচনা করে দেখলেন না। আজ পর্যন্ত নাকি সেই দ'রে মিলগুলো চাল বিক্রি করছে কিনা সে সম্পর্কে কোন অভিযোগ সরকারের কাছে এসে পৌঁছায় নি। আমরা জানি যে, এই সরকার ২৬ হাজার টন খাদ্য সংগ্রহ করেছেন এবং এইটুকু আমরা জানতে পেরেছি যে, আমাদের এখানে নাকি ৭ লক্ষ টন খাদ্য ঘাটতি আছে। এই যে ২৬ হাজার টন তাঁরা মিলের কাছ থেকে সংগ্রহ করেছেন তার জন্য তাদের কি দাম দিয়েছেন আজ পর্যন্ত প্রকাশ্যে তা ঘোষণা করলেন না। এই মিলগুলো যে ১৬৷৷০ দরে চাল বিক্রি করেছে একথা পরিষ্কার। কিন্তু কলওয়ালারা ঐ দামে বিক্রি করতে বাধ্য ছিল। যাই হোক এদিক থেকে তাঁরা কোন চেষ্টা করেন নি। আমার সময় সংক্ষেপ, তা না হ'লে আমার অনেক বলার ছিল। আমরা এইটুকু বুঝতে পারি, খাদ্যমন্ত্রী মহাশয় পশ্চিম বাংলার প্রতিটি মানুষকে দুর্ভিক্ষের পথে, মৃত্যুর পথে ঠেলে যে দিয়েছেন সে বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নেই।

তারপর আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় এক রকম দুর্নীতির প্রশ্রয় দিচ্ছেন। বিদ্যানগর সম্পর্কে যেসমস্ত গুরুতর অভিযোগ আমরা এই বিধান পরিষদে করেছিলাম সে সম্পর্কে বহু তথ্য দিয়ে আমরা একখানি পত্র শিক্ষামন্ত্রী মহাশয়কে দিয়েছি, কিন্তু তার উত্তর দেওয়া দূরে থাকুক সেই পত্রের প্রাপ্তিস্বীকারও তিনি করেছেন কিনা জানান নি। ঐ বিষয়ে কোন তদন্ত তিনি করবেন কিনা সে সম্পর্কে কোন আশ্বাস তিনি আজ পর্যন্ত আমাদের দেন নি। এজন্য আমাদের মনে হচ্ছে যে, মন্ত্রিমহাশয়দের একমাত্র কাজই হচ্ছে দুর্নীতিগুলোকে কি ক'রে প্রশ্রয় দেওয়া যায়। কিন্তু আমরা জানি যে, এই বিদ্যালয়ে কি একটা ভয়ানক অরাজকতা চলছে। আমরা জানি সেখান থেকে সিমেন্ট, জয়েস্ট ইত্যাদি জিনিস লরী বোঝাই হয়ে কলকাতায় কোন একটা বিশিষ্ট বাড়িতে আসছে। আমরা জানি সেখানে সিনিয়র বেসিক স্কুল ব'লে কোন স্কুল নেই। আমরা জানি সেখানে অন্য একটি স্তরের যিনি হেডমিস্ট্রেস আছেন তাঁকেই সিনিয়র বেসিক স্কুলে হেডমিস্ট্রেস হিসাবে দেখান হচ্ছে। আমরা জানি যে সেখানে সিনিয়র বেসিকের শুধু একটা টেকনিক্যাল কোর্স আছে। সেখানে মালটি-পারপাস স্কুলের জন্য টেকনিক্যাল ক্লাসের যে ব্যবস্থা আছে সেইটেই সিনিয়র বেসিক ক্লাস হিসাবে ইনস্পেক্টরকে দেখিয়ে দেওয়া হয়। আমরা জানি যে, এখানে গিয়ে কোন শিক্ষক কাজ করতে পারেন না। আমাদের এখানে লিস্ট আছে তা থেকেই বলছি যে, গত ২ বছরের মধ্যে ১৭ জন শিক্ষককে সেখান থেকে বিতাড়িত হতে হয়েছে কিম্বা তাঁদের পদত্যাগ করতে হয়েছে।

Sj. Harendra Nath Mazumder:
অন এ পয়েন্ট অব পার্সোন্যাল এক্সপ্লানেশন—এটা সম্পূর্ণ অসত্য কথা। এইরকম কোন ঘটনাই সেখানে হয় নি।

Sj. Satya Priya Roy:
আমার কাছে প্রমাণ আছে। কংগ্রেসকে ভোট দেয় নি ব'লে বিদ্যানগরে একজনকে বলা হয়েছে যে, বিদ্যানগরে চাকরি করতে হ'লে কংগ্রেসকে ভোট দিতে হবে। এই কথার প্রতিবাদে তিনি পদত্যাগ করেছেন। এই অভিযোগ আমি সেদিন এই বিধান পরিষদে এনেছিলাম এবং হরেনবাবু সেদিন একে অসত্য বলেছিলেন। কিন্তু তাঁর নিজের স্বাক্ষরিত পত্র আমি শিক্ষামন্ত্রীকে পাঠিয়ে তাঁকে তদন্ত করবার জন্য অনুরোধ জানিয়েছি। কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের সেই পত্রের স্বীকৃতি পর্যন্ত দেন নি এবং দুর্নীতি সম্পর্কে কোন রকম তদন্ত তিনি করেছেন কিনা তাও জানান নি।

I am surprised. I am in possession of the House. Is he entitled to make a statement.

Mr. Chairman: No, no, he will speak later.

Sj. Satya Priya Roy:
উনি সেদিন অসত্য বলেছেন ব'লে আমার দায়িত্ব পড়েছে সব বলার। আমি নামগুলো ব'লে দিচ্ছি—হারাণচন্দ্র মুখার্জি, সমরেন্দ্রনাথ মিত্র, সুধাংশু ব্যানার্জি, চন্দ্রশেখর মিত্র, জগদীশ সাহা, শিশিরচন্দ্র রায়চৌধুরী, প্রাণেশ্বর দেবনাথ, রেবতী সরকার, অমরনাথ মুখার্জি, চিত্তরঞ্জন লাহিড়ী, সরোজকুমার ঘোষ, রামেন্দ্রলাল চৌধুরী, ক্ষিতীশ চক্রবর্তী, রমেন্দ্র ধর, রামচন্দ্র মৈত্র, নরেন্দ্রনাথ গাঙ্গুলী এবং শৈলেন্দ্রনাথ চ্যাটার্জি। অর্থাৎ এই শিক্ষকদিগকে গত কয়েক বছরের মধ্যে তাঁদের হয় সেখান থেকে বাধ্য হয়ে চলে আসতে হয়েছে, আর তা না হ'লে চাকরি থেকে তাঁদের বরখাস্ত করেছেন। অতএব যেখানে দুর্নীতি, চুরি, জোচ্চুরির একটা মিল বেঁধেছে সেখানে ৬ লক্ষ টাকা এই সরকার মালটি-পারপাস ও সিনিয়র বেসিকের নামে খরচ করেছেন। কিন্তু এইসবের বিরুদ্ধে যখন আমরা তদন্ত চাচ্ছি শিক্ষামন্ত্রীর কাছে, তখন সেই তদন্ত সম্পর্কে শিক্ষামন্ত্রী বিন্দুমাত্র উল্লেখও পর্যন্ত করছেন না। কাজেই আমরা জানি যে, এই মন্ত্রিত্ব হচ্ছে শুধু গদিতে বসে থেকে ঐ যে একটা উপদল গ'ড়ে উঠছে সেই উপদলের আশ্রয় যাঁরা পাচ্ছেন তাঁরাই মন্ত্রিত্বের পদে বসে থেকে এই সমস্ত দুর্নীতিকে বাঁচিয়ে চলেছেন এবং তার মধ্যে দিয়ে তাঁরা নিজেরা লাভবান হচ্ছেন। এটা শুধু আমার অভিমত নয়, আমাদের পশ্চিম বাংলার জনসাধারণের এটাই স্পষ্ট অভিমত। সুতরাং এই অভিমতের জন্য আমি এই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের পূর্ণ সমর্থন জানাচ্ছি।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

সভাপাল মহাশয়, শিক্ষাবিভাগ সম্বন্ধে যেসমস্ত সমালোচনা হয়েছে তার অধিকাংশই বাংলাভাষায় হয়েছে ব'লে আমি আমার মাতৃভাষায় তার জবাব দেব। প্রথম কথা হচ্ছে যে, ছেলেবেলায় পাঠ্যাবস্থায় গোল্ডস্মিথএর কবিতায় ভিলেজ স্কুল টিচারএর সম্বন্ধে একটা লাইন পড়েছিলাম—

"Even though vanquished he could argue still"

সেটাই আজ মনে পড়ছে। এটা আমার কথা নয়, গোল্ডস্মিথএর কথা। আমাদের এখানে আজকে যেসমস্ত বিতর্ক উপস্থিত করা হয়েছে তার প্রত্যেকটিই ইতিপূর্বেই এখানে আলোচনা করা হয়েছে এবং প্রত্যেকটিই এই সভা অগ্রাহ্য করেছেন। কিন্তু সেসব আবার এখানে আলোচনা ক'রে সাধারণের সময় এবং অর্থ নষ্ট করবার অধিকার কারও আছে কিনা আমি অন্তত জানি না। আমার বন্ধু নির্মল ভট্টাচার্য মহাশয় বলেছেন যে, ডেমোক্রেসিকে নাকি এখানে সাবভার্ট করা হয়েছে। কিন্তু যাঁদের পার্লামেন্টারি গভর্নমেন্টের ধারণা হচ্ছে opposition not by discussion in the legislature but by demonstration and procession outside তাঁরাই একমাত্র বলতে পারেন যে, এখানে ডেমোক্রেসিকে সাবভার্ট করা হচ্ছে। আমার পুরাতন বন্ধু শশাঙ্কশেখর সান্যাল মহাশয়ের সঙ্গে আমি কোন বাদানুবাদ করতে চাই না। আমার এখনও স্মরণ আছে সেই পুরানো দিনের একান্ত সহযোগিতার কথা।

Sj. Nirmal Chandra Bhattacharyya: He knows your ins and outs.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I do admit that he knows, me and probably he will admit that I also know him intimately.
যেসময় বৃটিশ গভর্নমেন্টের বিরুদ্ধে প্রতিবাদ করতে হ'ত সেসময় আপনাদের কাউকে দেখা যায় নি। বৃটিশ গভর্নমেন্টের বিরুদ্ধে, মুসলিম লীগের বিরুদ্ধে যখন অপোজিশন দিতে হ'ত তখন আপনাদের শ্রীমুখ কোনদিন দেখি নি। কাজেই শশাঙ্কবাবু আপনার কতদিনের বন্ধু তা জানেন সবাই।

[12-10—12-20 p.m.]

তার পরে গোপাল হালদার মহাশয় যে সমালোচনা করেছেন তার জবাব দেওয়া দরকার। এখানে আলোচনায় ভাষার মায়াজাল বিস্তার করা চলে না, উপন্যাসে চলে। এখানে বাস্তব ফ্যাক্টস অ্যান্ড ফিগার্স নিয়ে আলোচনা করা প্রয়োজন। তিনি প্রথমে বলেছেন, আমাদের শিক্ষাবিভাগে যে খরচ বেড়েছে এটা আর কিছুই নয় এটা কেবল বাজে খরচ করা হচ্ছে; ডিরেক্টরেটেই ওভারহেডএ খরচ করা হচ্ছে। কিছুদিন আগে, আমরা পূর্ব কার্যকালে শুনতাম যে, শিক্ষা ব্যাপারে বেশি খরচ করা হচ্ছে না। যা খরচ হচ্ছে তা অতি কম, পর্যাপ্ত খরচ হচ্ছে না। কিন্তু এখন তা বলবার উপায় নেই। শিক্ষাবিভাগের বাজেটে ২।৩ কোটির জায়গায় ১২ কোটি টাকা এখন খরচ হচ্ছে। কাজেই এখন অপর্যাপ্ত খরচ হচ্ছে না ব'লে বলবার অসুবিধা যে, সব অপব্যয় হচ্ছে। অপব্যয় হচ্ছে কিনা ফ্যাক্টস অ্যান্ড ফিগার্স নিয়ে দেখুন। (শ্রীযুক্ত সত্যপ্রিয় রায়ঃ অপব্যয় নয়, চুরি হচ্ছে।) ওকথা বলা মানে ফ্যাক্টস অ্যান্ড ফিগার্স আলোচনা করার দরকার নেই, গালিগালাজ করলেই হ'ল। শ্রীযুত হালদার বলেছেন যে, ডাইরেকশনে আমরা অত্যধিক ব্যয় করি। ১৯৫৫-৫৬ সালে "এডুকেশন ইন ইন্ডিয়া" সম্বন্ধে যে রিপোর্ট আছে তাতে

Percentage of total expenditure on Education spent on Direction and Inspection in the States

এই রকম দেখা যায়ঃ—

		Per cent.
Andhra	...	2.2
Assam	...	3.8
Bihar	...	2.2

Bombay	...	1.5
Madhya Pradesh	...	2.2
Madras	...	1.9
Orissa	...	2.9
Punjab	...	2.5
Uttar Pradesh	...	2.2
West Bengal	...	1

এসব পড়বেন না, শুনবেন না, দেখবেন না, কেবল কল্পনামূলক সমালোচনা করবেন অথব এখানে এসে ঔপন্যাসিকের ভাষায় আলোচনা করবেন, এটা ঠিক নয়। আর একজনের কথ হচ্ছে—শিক্ষকদের জন্য ব্যয় করা হচ্ছে না। তা হ'লে দেখা যাক অবস্থাটা কি—
Total amount of expenditure on Primary Schools—
৪ কোটি ৯৭ লক্ষ ৭৯ হাজার ১২৪ টাকা অর্থাৎ প্রায় ৫ কোটি। আর
Amount spent on teachers of Primary Schools in the Education Budget in 1954-55—

৩ কোটি ৬৩ লক্ষ।

অর্থাৎ প্রায় ৫ কোটি টাকার মধ্যে ৩৷৷ কোটি টাকার উপর প্রাথমিক শিক্ষকদের বেতনের জন ব্যয় করা হচ্ছে। অথচ বলা হচ্ছে আমরা তাঁদের প্রতি উদাসীন। তাঁদের অবস্থার উন্নতি করবার জন্য চেষ্টা করছি না। শিক্ষা খাতে টাকা ব্যয় হচ্ছে না বা শিক্ষা খাতে যা টাকা ব্যয় হচ্ছে তা বাজে খরচ হচ্ছে, শ্রীযুক্ত মণীন্দ্র চক্রবর্তী মহাশয়ের কথার পুনরাবৃত্তি করতে চাই না আমরা ১৯৩০ সালের প্রাইমারী অ্যাক্ট ধরেই বসে আছি। ১৯৩০ সালে আইন যে দুবার সংশোধন করা হয়েছে তিনি তার খবর রাখেন কি? ঐ সংশোধন করতে পেরেছি বলেই আজকে বাংলাদেশে প্রাইমারী এডুকেশন সর্বজনীন ও কম্পালসারী করার চেষ্টা সম্ভব হচ্ছে প্রাইমারী এডুকেশনে ভারতবর্ষের সমস্ত রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি অগ্রসর হয়েছে বাংলাদেশ (শ্রীযুক্ত সত্যপ্রিয় রায়ঃ মিথ্যা তথ্য।) কাজেই প্রাইমারী এডুকেশন অ্যাক্ট অব ১৯৩০এ পরিবর্তন করার কোন প্রয়োজন নাই।

দ্বিতীয়তঃ বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯১৯। আমি একাধিকবার বলেছি যে এর সংশোধন করবার প্রয়োজন হতে পারে শহরে প্রাথমিক শিক্ষা প্রসারের জন্য। তাতে আছে, মিউনিসিপ্যালিটি বাধ্যতামূলক প্রাইমারি শিক্ষা প্রবর্তন করতে চান সেই মিউনিসিপ্যালি স্কীম করে গভর্নমেন্টকে দেবেন। গভর্নমেন্টকে জানাতে হবে কত টাকা মিউনিসিপ্যাল ফান্ড থেকে ব্যয় করতে পারবেন, কত টাকা ট্যাক্স ক'রে তুলতে পারবেন, আর গভর্নমেন্টকে কত টাক দিতে হবে। সেই স্কীমগুলো যদি পৌরসভাগুলিদেন তা হ'লে গভর্নমেন্ট প্রত্যেকটি স্কীম আলোচনা ক'রে মঞ্জুর করবেন। বাংলা দেশের দুটো মিউনিসিপ্যালিটি ছাড়া অন্য কোন মিউনিসিপ্যালিটি এপর্যন্ত তা করে নি। এসব তো লোকাল বডিজই করবেন, আর তাঁরাই তো শহর অঞ্চলের পৌরজনের প্রতিনিধি 'রিপ্রেজেনটেটিভ'। (শ্রীযুক্ত মণীন্দ্রমোহন চক্রবর্তীঃ পারে না ব'লেই করেন নি। প্রাথমিক দায়িত্ব আপনাদের।) মোটেই না। তা হ'লে আপনাদের ম ব্যক্তিদের কমিশনার ইলেকটেড হওয়ার অসুবিধা হবে। কারণ সেস ইমপোজ করতে হবে; আ সেস এবং ট্যাক্স ইমপোজ করলে পুনরায় নির্বাচিত হওয়ার সম্ভাবনা খুব কম হয়ে দাঁড়াতে পারে। কাজেই সমস্ত টাকা সরকারী তহবিল 'স্টেট এক্সচেকার' থেকে দেওয়া হ'ক বলাই নিরাপদ বটে। যাহোক, বর্তমানে যেসমস্ত আইন আছে তার পরিবর্তন করার প্রয়োজন নেই

তারপর পাইকারী সমালোচনা হয়েছে এখানে শিক্ষার প্রসার হয় নি। আমি ইতিপূর্বে একাধিকবার বলেছি যে বাংলাদেশ প্রাথমিক শিক্ষার ব্যাপারে সর্বাপেক্ষা অগ্রসর। এটা কর সম্ভব হয়েছে, কারণ অন্যান্য প্রদেশে বাধ্যতাসম্পাদক আইন বোধ হয় এখনও পাশ হয় নি কিন্তু বাংলাদেশে আমরা তা করেছিলাম ১৯৫০-৫১ সালে। তার ফলে বাংলাদেশে আজ প্রাইমারি শিক্ষার বিস্তার সবচেয়ে বেশি হয়েছে। কতটা হয়েছে? না, প্রায় ৭১ পারসেন্ট

আর যদি ফ্রী প্রাইমারি এডুকেশনের কথা বলেন তার পার্সেন্টেজ হচ্ছে শতকরা ৬৬। ন্যাশন্যাল প্ল্যানিং কমিশন বলেছেন যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে ১৯৬০-৬১ সালে ৬ থেকে ১১ বৎসর বয়স্ক ছাত্রদের মধ্যে অন্তত শতকরা ৬৬ জনকে প্রাথমিক শিক্ষা দিতে হবে। কিন্তু আমাদের ইতিমধ্যেই শতকরা ৬৬ হয়েছে (শ্রীযুক্ত মণীন্দ্রমোহন চক্রবর্তী: তা হ'লে আর দরকার নেই।) দরকার নেই তা নয়। আরও বিস্তার করব, কনস্টিটিউশনের ডাইরেক্টিভ এক্ষেত্রে পালন করব। মণীন্দ্রবাবুর হাস্যপরিহাস সত্ত্বেও আমরা সব আগে করব।

তারপর সেকেন্ডারী এডুকেশন সম্বন্ধে—

Dr. Monindra Mohan Chakraborty:
শিক্ষকেরা সময়ে মাহিনা পায় না কেন সেকথা বলুন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
এরকম অনবরত ইন্টারাপশন হ'লে ভাল ক'রে কিছু বলা চলে না।

Mr. Chairman: No interruption, please.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:
সেকেন্ডারী এডুকেশনএ ন্যাশন্যাল প্ল্যানিং টারগেট হচ্ছে ২৭ পারসেন্টএ পৌঁছতে হবে ১৯৬৩ সালে; আমাদের এখন পর্যন্ত হয়েছে ১৯ পারসেন্ট। উপস্থিত এই পর্যন্ত হয়েছে। আমি আশা করি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদ শেষে আমরা ঐ টারগেটএ পৌঁছতে পারব। কাজেই বাংলাদেশ শিক্ষায় সবচেয়ে অগ্রসর হয়েছে—পিছিয়ে আছে একথা ঠিক নয়।

[12-20—12-30 p.m.]

প্রাইমারী ষ্টেজে আমাদের ছাত্রসংখ্যা ১৯৫৫-৫৬ সালের রিপোর্ট অনুসারে হচ্ছে ২,১৯৪,০০০ অর্থাৎ প্রায় ২২ লক্ষ। আর উত্তর প্রদেশে লোকসংখ্যা ৬ কোটির উপর আর আমাদের ৩ কোটিও নয়। ইউ, পি-তে ছাত্রসংখ্যা ২৮ লক্ষ। এগুলো গভর্নমেন্ট অব ইন্ডিয়ার ফিগার্স, প্রত্যেক প্রদেশ থেকে নিয়ে হিসাব করে সংখ্যাগুলি দেওয়া হয়েছে।

তারপর সেকেন্ডারী স্টেজ অর্থাৎ মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে ছাত্রদের সংখ্যা হচ্ছে ৬ লক্ষ ৭৮ হাজার, প্রায় ৭ লক্ষ। উত্তরপ্রদেশে হচ্ছে প্রায় ৯ লক্ষ। উত্তরপ্রদেশের ছাত্রসংখ্যা আমাদের দ্বিগুণের বেশী হওয়া উচিত, কিন্তু অনেক কম। কাজেই এটা বলা খুব সহজ যে, যদি কোন খবর না রাখি, এখানে শিক্ষার প্রসার কিছুই হচ্ছে না।

তারপর দুর্নীতির কথা উঠেছে। আমি বলি যে অপজিশনএর পক্ষে এই দুর্নীতি কথাটা একটা কমপ্লেক্স হয়ে দাঁড়িয়েছে। সর্বত্রই তারা দুর্নীতির বিভীষিকা দেখছেন। দে আর সাফারিং ফ্রম সামথিং লাইক দুর্নীতি কমপ্লেক্স। প্রথম কথা হচ্ছে যে শিক্ষাবিভাগে দুর্নীতি কোথায় কিভাবে চলতে পারে আমি তো বুঝতে পারি না। শিক্ষাবিভাগে দুর্নীতি যদি কোথাও থেকে থাকে—তাহলে যেটা আমি বলতে অত্যন্ত লজ্জিত হচ্ছি—কারণ এটা এ প্রদেশের বাইরে যাওয়া বাঞ্ছনীয় নয়, সেটা হচ্ছে এখানকার কতকগুলি তথাকথিত স্কুলকলেজে। যারা ৮ বছর ছেলে পড়িয়ে ৫৫ পারসেন্ট পাশ করাতে পারেন আর শতকরা ৪৫টি ছাত্রের মাথা খান তাঁরা অপরের দুর্নীতির কথা বলেন কি করে?

Sj. Satya Priya Roy:
শিক্ষকদের ঘাড়ে সমস্ত দোষ চাপিয়ে দিলেই চলবে? আমরা; স্যার, শিক্ষা মন্ত্রীমহাশয়ের কাছ থেকে অন্ততঃ এরকম একটা অযৌক্তিক বিবৃতি আশা করি নি।

Mr. Chairman: He is entitled to his views.

Sj. Satya Priya Roy:
এটা অত্যন্ত লজ্জার বিষয়, স্যার। এজন্যই তাঁর পদত্যাগ করা উচিত। শিক্ষক সমাজের পক্ষ থেকে একথা আমি বলবো যে তার বেরিয়ে যাওয়া উচিত, তাঁর পদত্যাগ করা উচিত।

[Noise and uproar.]

আজকে শিক্ষা মন্ত্রিমহাশয় পয়সা খাওয়ার জন্য শিক্ষক সমাজকে নিন্দা করতে পারেন, তাঁকে বলছি তিনি এখনি বেরিয়ে যান। সমস্ত শিক্ষক সমাজের পক্ষ থেকে এর আমি তীব্র প্রতিবাদ করছি। যদি উনি না বসে পড়েন তাহলে আমি বসব না, স্যার। শিক্ষক সমাজের বিরুদ্ধে যে অপবাদ তিনি এনেছেন, তার জন্য ও'র লজ্জিত হওয়া উচিত।

[Noise and uproar.]

Mr. Chairman: You are giving expression to an opinion.

Sj. Satya Priya Roy:

আমাদের পশ্চিমবাংলায় এরকম যে একজন শিক্ষামন্ত্রী আছেন সেটা খুবই দুঃখের বিষয়। নিজের জমিদারী হারিয়ে এখানে জনসাধারণের পয়সা লুটে নেবার জন্য মন্ত্রিত্ব করছেন।

Mr. Chairman: But he is entitled to his views. I remember there has been a lot of criticism about teachers and I do not know why you should be so sensitive about that. You have also your views.

Sj. Satya Priya Roy:

আমরা এরকম করে মন্তব্য করি নি, স্যার। ও'র ডিপার্টমেন্টএ যে চুরি হয়েছে, সেই চুরির কথা উনি বলছেন না কেন? সেই চুরির ভাগ উনি নিয়েছেন কিনা জানতে চাই।

Mr. Chairman: As a teacher, I appeal to you, do not get so much excited.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

স্কুল ফাইনাল পরীক্ষায় গত বছর যখন রেজাল্ট পাবলিশড হল তখন একাধিক সংবাদপত্রে এজিনিস বেরিয়েছিল। শতকরা ৫০ জন যে ফেল হয় কিসের জন্য ফেল হয়? তাদের কাছ থেকে ৭।৮ বছর মাইনে নেওয়া হয়েছে। তাদের গার্ডিয়ান যদি জিজ্ঞাসা করেন যে, মশায় ৭।৮ বছর বেতন দিয়ে আমার ছেলেকে যে আপনার স্কুলে পড়ালাম কি অপরাধে ছেলেটা স্কুল ফাইনাল-এ ফেল হল, বা টেস্ট এক্সামিনেশনএ ফেল করলো, তার কি উত্তর থাকতে পারে। কাজেই এটা সাধারণের পক্ষে অসহ্য হয়ে পড়ে।
50 per cent. failure in school final is a fact, hard fact.
তারপর আমার বিভাগ সম্বন্ধে বলা হয়েছে একজন প্ল্যানিং অফিসার নেওয়া হয়েছে, তিনি নাকি শিক্ষা সচিবের আত্মীয়। হতে পারেন, অসম্ভব কিছু নয়। বহু প্রার্থী তো পাবলিক সার্ভিস কমিশনএ এ্যাপিয়ার হয়েছিল প্ল্যানিং অফিসার পদের জন্য, কিন্তু তিনি পি, এস, সি-র রিকমেন্ডেশন অনুসারে এসেছেন। তাঁর কি করা যাবে? আত্মীয় হয়ত হতে পারেন, অনেক স্কুলকলেজে, বিশ্ববিদ্যালয়েও তো মাস্টার বা অধ্যাপক মশায়ের আত্মীয় থাকতে পারেন, থাকা অসম্ভব নয়। যদি এক পরিবারের দুই ভাই যোগ্য হয় তাহলে কি তারা এক জায়গায় চাকুরি পেতে পারেন না? একে তো আর শিক্ষাসচিব মহাশয় বেছে নেন নি। পি, এস, সি-র রিকমেন্ডেশন অনুসারেই তিনি এসেছেন। কাজেই বিরুদ্ধ সমালোচনা করে লাভ কি? একটা তথ্যের উপর যদি ভিত্তি করে ও'রা বক্তৃতা করেন তাহলে সভাপতি মশাই আমরা বেঁচে যাই। ইংরাজীতে একটা কথা আছে "ইয়ু ক্যাননট ওভারটেক লাইজ"। আমাদের পক্ষে সকল মিথ্যা অভিযোগের উত্তর দেওয়া অসম্ভব।

শেষে আরেকটা কথা মনে হল। আমার কাছে অভিযোগ করা হয়েছিল বিদ্যানগরের শিক্ষা সংস্থার সম্বন্ধে। আমি সেটা তাঁদের কাছে পাঠিয়েছি এবং সে বিষয়ে রিপোর্ট বোধ হয় আমার কাছে তাঁরা পাঠিয়ে দেবেন, হয়ত তাঁদের যে প্রতিনিধি এখানে আছেন তিনি তার উত্তর জানিয়ে দেবেন। ওটা একটা বেসরকারী প্রতিষ্ঠান, কাজেই তাঁদের প্রতিনিধির কাছ থেকে উত্তর শুনতে পাওয়া যাবে।

আমি আর বেশী সময় নেব না। আমি যতদূর সম্ভব অসত্য অভিযোগগুলির উত্তর দিলাম। আশা করি এরকম অসত্য কথা আর ও'রা আলোচনা করবেন না।

Sj. Gopal Halder: On a point of personal explanation, Sir.....

Mr. Chairman: What is your point?

Sj. Gopal Halder: Some of the facts I have mentioned has been challenged. I want to show, Sir,......

The Hon'ble Harendra Nath Chaudhuri: If he is allowed to seak, I must have another opportunity to speak.

Sj. Gopal Halder: I have been accused of speaking something which I have not done.

Mr. Chairman: Nothing has been said against you. Personal explanation is allowed when somebody is mentioned by name. You may show him the book, if you like.

[12-30—12-45 p.m.]

Janab Abdul Halim:

মিস্টার চেয়ারম্যান, স্যার, শ্রীনির্মলচন্দ্র ভট্টাচার্য মহাশয় মন্ত্রিমণ্ডলীর বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি সর্বান্তঃকরণে তা সমর্থন করছি। সময় সংক্ষেপ মন্ত্রিমণ্ডলীর বিরুদ্ধে যে শত শত অভিযোগ আজ পুঞ্জীভূত হয়ে আছে সে সমস্ত বিশদভাবে বলার আমি সুযোগ পাব না, আমি কেবল কয়েকটি কথা এখানে বলব। এই মন্ত্রিমণ্ডলী বর্তমান দেশের যে অবস্থা করেছেন—দেশের অগণিত মানুষকে আজ চরম দুরবস্থার মধ্যে নিয়ে এসেছেন, আমাদের খাদ্য-মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন তিনি খাদ্য নিয়ে যে রাজনৈতিক জুয়াখেলা খেলছেন, পশ্চিমবঙ্গের শহরে, গ্রামে তার জন্য আজকে ধিক্কার উক্তি উঠছে তার বিরুদ্ধে। তিনি কি জানেন না এখানে তিনি যাই জবাব দিন না কেন, বাইরে চলুন, গ্রামে চলুন দেখবেন লোকে আপনাকে কি বলে! খাদ্যমন্ত্রীর সাফাই দিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন যে তিনি দু' দু'বার দেশকে দুর্ভিক্ষের হাত থেকে বাঁচিয়েছেন। আজ ১০ বছরে আমরা জানি দেশের লোক চালের কাঁকর খেয়ে চক্ষের জল ফেলেছে, অনাহারে কাটিয়েছে, রেশন দোকানে কিউ লাগিয়ে দাঁড়িয়ে চালের জন্য তারা ঘুরেছে দেশের যে কি অবস্থা তিনি করেছেন তা সকলেই আমরা জানি। তাকে আজকে দেশের লোকে দুর্ভিক্ষ মন্ত্রী বা অখাদ্য মন্ত্রী বলেন। তিনি যদি আরও কিছুকাল গদী দখল কোরে বসে থাকেন তাহলে দেশকে রসাতলে নিয়ে যাবেন। আগেই তার গদী ছেড়ে দেওয়া উচিত ছিল তাহলে এখানে আজ অনাস্থা প্রস্তাব আসত না। কিন্তু দুঃখের বিষয় আমাদের দেশের জনসাধারণের দুর্ভাগ্যের বিষয় যে আজও তিনি নির্লজ্জের মত গদী দখল করে আছেন। তাঁর বিরুদ্ধে যে অভিযোগ তার জন্য তাঁর আজকে কারাগারে যাওয়া উচিত ছিল—ভারতের প্রধান মন্ত্রী বলেছিলেন যে, দেশের চাল নিয়ে, যারা দেশের খাদ্য নিয়ে চোরা কারবারী, জালিয়াতী করে তাদের ল্যাম্পপোস্টএ ঝুলান উচিত। আজকে খাদ্য মন্ত্রীকে ল্যাম্পপোস্টএ ঝুলান উচিত ছিল। আমি এই অভিযোগ করব যে, খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন মানুষের খাদ্যের সুরাহা করতে পারেন নাই, কংগ্রেস রাজত্বের দশ বছরে সাধারণ মানুষ, নারীপুরুষ, শিশুশ্রমিক, মধ্যবিত্ত সাধারণ মানুষ আজকে অনাহারে অর্দ্ধাহারে নিজ্জীব পঙ্গু হয়ে পড়েছে। আজকে বাংলাদেশটা নিজ্জীব পঙ্গু হয়ে পড়েছে। আজকে মানুষের স্বাভাবিক জীবন বিপন্ন। বাঙ্গালী ধ্বংসের পথে চলেছে। কর্ডন মিলকে পারমিট দেওয়া এবং কন্ট্রোলএর ব্যবস্থা করা এবং ফেয়ার প্রাইস ইত্যাদিতে কোটি কোটি টাকা খরচ করছেন, সেই সমস্ত টাকা কোথায় যাচ্ছে—ঐ সমস্ত প্রফিটিয়ার্সদের বটমলেস পকেটে যাচ্ছে। আমি একটা উদাহরণ এখানে দিচ্ছি—মেদিনীপুর জেলায় দাশপুর থানার ৬ নম্বর ইউনিয়নএর প্রেসিডেন্ট এবং আরও ৪ জন কংগ্রেসের লোক সেখানে টেস্ট রিলিফএর ১০ হাজার টাকা চুরী করে—তারা গ্রেপ্তার হয়, কোর্টএ প্রসিডিং চলে প্রায় দুই বছর নয় মাস ধরে, তারপরে এই প্রফুল্ল সেনের নির্দেশে সেখানে তাদের বিরুদ্ধে কেস তুলে নেওয়া হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় প্রায় বলে থাকেন যে দেশকে আমরা সোস্যালিজমএর পথে নিয়ে যাচ্ছি, গণতন্ত্রের পথে নিয়ে যাচ্ছি। আমি তাঁকে জিজ্ঞাসা করি সোস্যালিজম বলতে কি বুঝায়? বড় লোক আরও বড় লোক হবে আর গরীব আরও গরীব হবে? তারা বলছেন

ডিসপ্যারিটি কমিয়ে দেবো, মানুষের যে ইনকামএর পার্থক্য যা আছে তা কমিয়ে দেবো। কমাবেন কি করে, যদি টাটা বিড়লা লক্ষ লক্ষ টাকা মুনাফা ক'রে তারা যে মানুষকে শোষণ করে, মানুষকে অনাহারে বস্ত্রহীন বেকার করে তাহলে ডিসপ্যারিটি কমে না বাড়ে? আজকে দেশের লোক যদি বড় লোক হতে বড় লোক হয় আর গরীব যদি আরও গরীব হয় তাহলে কি হবে- ট্রামওয়ে কোম্পানী, ইলেকট্রিক সাপ্লাই, বড় বড় কারখানা, টী গার্ডেনগুলি ন্যাশানালাইজ করা কি যায় না? এরা বলেন সংবিধানগত দোষ আছে। যদি তাই হয় তাহলে ক্যাপিট্যালিস্ট ডেমোক্রেসিতে যতটুকু মানুষের খাওয়াদাওয়ার ব্যবস্থা করা যায় ততটুকু তো ব্যবস্থা করা উচিত। আজকে সোস্যালিজম করতে হলে এক্সপ্লইটেশন অব ম্যান বাই ম্যান এটা বন্ধ করতে হবে, যারা গরীব, যারা বেকার, যারা দুঃস্থ তাদের খাওয়াপরার ব্যবস্থা করতে হবে। তবেই তো সোস্যালিজম হবে। তা না করে এরা কেবল বড় লোক একধার থেকে সৃষ্টি করে যাবেন চোরাকারবারীদের প্রশ্রয় দিয়ে যাবেন, কোটি কোটি টাকা তাদের পকেটে তুলে দেবেন আর মুখে বলবেন যে দেশকে সোস্যালিজমএর পথে নিয়ে যাচ্ছি। আমি রাশিয়ার দোহাই দিচ্ছি না, চীনের দোহাই দিচ্ছি না কিন্তু আপনারা যে পদ্ধতিতে চলেছেন তাতে কি সোস্যালিজম হবে? এটাই আমি জিজ্ঞাসা করছি। আপনারা ভূমি সংস্কার আইন পাশ করলেন, জমিদারী প্রথা তুলে দিলেন, বললেন বিপ্লব আনলেন। কি আইন করেছেন—জমিদারকে কোটি কোটি টাকা দিয়ে তাদের জমিদারী ক্রয় করছেন, ভূমি সংস্কার করেছেন—কত বিঘা জমি আপনারা পেয়েছেন। রাজস্বমন্ত্রী সেদিন বলছিলেন ৩০ হাজার একর জমি পাওয়া যাবে প্রথমে বলেছিলেন ৬ লক্ষ একর জমি পাবেন। এই জমি কাদের মধ্যে বিতরণ করেছেন? অথচ জমিদারদের কমপেন্সেশনএর জন্য আরও বেশী টাকা দিতে হবে।

আজকে গ্রামে কি অবস্থা হয়েছে, রিলিফ ছাড়া মানুষ বাঁচতে পারে না, তাদের যে স্বাভাবিক জীবন কাজকর্ম করা তা তারা করতে পারছে না। এই সরকার চায় যে দেশে যদি দুর্ভিক্ষ থাকে তবে তারা তাই নিয়ে রাজনীতি করতে পারবেন। এই রিলিফএর জন্য কোটি কোটি টাকা যে খরচা করলেন সেখানে কি উন্নতি হয়েছে, সেখানে ঘর বাড়ি উঠেছে কিনা আমি জানতে চাই। আমার সঙ্গে চলুন দেখবেন কত ঘর তৈরী হয়েছে। আমি চ্যালেঞ্জ করে বলছি রিলিফএর কোটি কোটি টাকা সব চোরা কারবারীদের বটমলেস পকেটে চলে গেছে।

আর ইরিগেশনে বলছেন কোটি কোটি টাকা খরচ হয়েছে—কি উৎপাদন বেড়েছে- কত উৎপাদন বেড়েছে। আপনারা ম্যান-মেড ফ্লাড করছেন প্রতি বছর।

তারপর শ্রমমন্ত্রীর কথা বলছি। তিনি গদীতে বসে মিল-মালিকদের ওখানে গিয়ে লেকচার দিতে আরম্ভ করেছেন। তিনি শ্রমিকের এবং মালিকের মধ্যে একটা মিলনের সেতু বন্ধন তৈরী করবেন। এতে শ্রমিকদের অবস্থা একেবারে ভাল করে দেবেন। তিনি কি শ্রমিকদের অবস্থার কোন উন্নতি করতে পেরেছেন এই কয় বছরে? কত মজুর ছাঁটাই হয়েছে চটকলে? সরকারের শ্রমনীতি হচ্ছে শ্রমিক ছাঁটাই নীতি এবং মিল-মালিকদের পদলেহন নীতি। শ্রমিকদের পক্ষে মালিকদের উপর যে এওয়ার্ড হয় তা তারা কার্যে পরিণত করে না। বড় বড় জুট কোম্পানীগুলি যা রয়েছে তারা কি এই মন্ত্রীকে পরোয়া করে? আমি স্টেটসম্যান থেকে একটা হিসাব বলছি। যেখানে ৩ লক্ষ ২৫ হাজার চটকল মজুর ছিল ১৯৫৬-৫৭ সালে এখন তা থেকে কমে এসে ১ লক্ষ ৬৪ হাজারে এসে দাঁড়িয়েছে। তাহলে বোঝা যাবে কি পরিমাণ মজুর ছাঁটাই হয়েছে। তারা কাজ করতে করতে পরে তারা বদলীতে পরিণত হয়। এইসব জুয়াচুরী চলে মিলে। তারা ২০।২৫ বছর কাজ করার পর তারা বদলীতে পরিণত হবে যায়। তারপরে তারা বেকার হয়ে রাস্তায় ঘুরে বেড়ায়। এর কি ব্যবস্থা তিনি করেছেন? আমি তাঁকে বলতে চাই যে সত্যিকারের লেবার মিনিষ্টারএর কাজ হবে তাঁর যে সমস্ত ক্ষমতা আছে তা কার্যকরী করা মিল-ওনার্সদের, যে সমস্ত শ্রম আইন আছে, তা কার্যকরী করতে বাধ্য করা। আপীলের সময় শ্রমিকরা যখন ট্রাইবুনালএ থাকে তখন তারা কোন ভাতা পায় না—মালিক যারা তাদের টাকা আছে, তারা হাই কোর্ট, সুপ্রীম কোর্ট লডতে পারে—শ্রমিকরা তা পারে না, সেখানে শ্রমিকদের খাওবার কি ব্যবস্থা আছে? শ্রমিকরা যখন ছাঁটাই হয়ে যায় যখন তাদের কেস ৮।৯ মাস ধরে ঝুলতে থাকে, তখন তারা স্ত্রীপুত্র নিয়ে অনাহারে থাকে। এই হচ্ছে এখন লেবার ডিপার্টমেন্টএর

কাজ। আমি সেজন্য সাত্তার সাহেবকে বলব এগুলির উপর নজর দিতে। তারপর আনএমপ্লয়মেন্টএর সংখ্যা অনেক বেড়ে গিয়েছে। প্রায় ১০ লক্ষ লোক আমাদের আন-এমপ্লয়েড হয়ে আছে।

তারপর আমি শেষ কথা বলব যে, এখানে অসংখ্য গরীব লোক, যাঁরা ঘর বাড়ী পায় না বাস করবার জন্য, অথচ লো ইনকাম গ্রুপএর ঘর করার জন্য কেন্দ্রীয় সরকার ২ কোটি টাকা দিয়েছিলেন ১৯৫৫-৫৬ সালে স্টেট গভর্নমেন্টকে, তার থেকে ১ লক্ষ ২২ হাজার টাকা খরচ হয়েছে আর টাকা ব্যয় করতে পারে নি। এইভাবে তাঁরা কাজ করছে। সেইজন্য আমি বলছি এদের এক্ষনি গদী ছেড়ে চলে যাওয়া উচিত। আমি চ্যালেঞ্জ করছি তাদের ইলেকশনএ দাঁড়াবার জন্য।

Mr. Chairman: There are two speakers on this side and there are members on the other side also who want to speak. I suggest that we finish the consideration of this motion today. It is already getting late and we are feeling it from our physical reaction. I suggest that members of both sides would be so kind as to go upstairs and have box lunch with me. I have done what could be done within such a short notice. So, after Sj. Bibhuti Ghosh finishes his speech, which he will do in ten minutes, we might adjourn and come back again at 1-45 and have today's sitting finished in about an hour and a half. Sj. Bibhuti Ghosh may now speak.

Sj. Bibhuti Bhushan Ghosh: Sir, I will speak after lunch.

Mr. Chairman: So the House stands adjourned till 1-45 p.m.

[At this stage the House was accordingly adjourned till 1-45 p.m.]

(*After adjournment.*)

[1-45—1-55 p.m.]

Sj. Bibhuti Bhusan Ghosh:

মাননীয় সভাপাল মহাশয়, অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয় বিধান পরিষদে পশ্চিমবঙ্গের মন্ত্রীসভার বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন, আমি তার সম্পূর্ণ সমর্থন করছি। অবশ্য এটা আমরা আশা করি নাই যে এই অনাস্থা প্রস্তাবের মধ্য দিয়ে বর্তমান মন্ত্রীসভার পতন ঘটাতে পারা যাবে। তবে একথা সত্য যে বিরোধী পক্ষের তরফ থেকে বার বার বিধান সভায় কিংবা বিধান পরিষদে আজকের পশ্চিমবঙ্গের সমাজজীবন, তার রাজনৈতিক জীবন এবং তার শাসনযন্ত্র কোন খাদে বইছে, পশ্চিমবঙ্গ কিভাবে দিনের পর দিন ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে, বাংলা এবং বাঙ্গালীকে মুছে ফেলবার জন্য কিভাবে চক্রান্ত করা হয়েছে, ইত্যাদি সমস্ত কথা প্রতিধ্বনিত হয়েছে। কিন্তু সমস্তটাই ব্যর্থ হয়েছে। যে গণতন্ত্রের কথা বারবার কংগ্রেস তরফ থেকে তাদের বিঘোষিত নীতি বলে প্রচার করা হয়, আমি সেই গণতান্ত্রিক মর্যাদা রক্ষা করবার জন্য যে আজ মন্ত্রীমণ্ডলীকে আহ্বান করেছি, বা কোন ব্যক্তিবিশেষের বিরুদ্ধে কোন মন্ত্রীবিশেষের বিরুদ্ধে আমার অভিযোগ নয়, অভিযোগ হচ্ছে সমগ্র মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে। আমি মনে করি এই মন্ত্রীসভা পরিচালিত হয় যে নির্ধারিত নীতি দ্বারা সেই নীতিও নির্ধারিত হয় ঐ ক্যাবিনেট দ্বারা। অতএব সে মন্ত্রিসভার যেকোন বিভাগ যদি আত্মীয়পোষণের দায়ে অভিযুক্ত হয়, তাহলে তারজন্য দায়ী সমগ্র ক্যাবিনেট, এবং বিশেষ করে তার প্রধানমন্ত্রী। অতএব ব্যক্তিগতভাবে এই বিচার করা, বিশ্লেষণ করার পক্ষপাতী আমি নই। এইজন্য আমি জানি এই সরকার যে নীতির দ্বারা পরিচালিত হচ্ছে, সেই নীতিকে বিশ্লেষণ করতে গেলে আজকে পশ্চিমবঙ্গের সমগ্র অর্থনৈতিক কাঠামোর দিকে একটুখানি যেতে হয়। আজ এই দেউলীয়া শাসনযন্ত্র পশ্চিমবঙ্গের বুকে তিনশো কোটি টাকার উপর ঋণভার চাপিয়ে দিয়েছে। অথচ গত দশ বছরে ওঁরা বুকে হাত দিয়ে বলুন যে মানুষের জীবন, মানুষের সামাজিকজীবন বিকাশের পথে, মানুষের সামগ্রিক-জীবন বিকাশের পথে ওঁরা কতটুকু সুযোগ দিতে পেরেছেন? কোন্

নীতিতে, ও'দের এমন কোন্ পরিষ্কার পরিচ্ছন্ন নীতির দ্বারা পশ্চিমবঙ্গের মানুষ উপকৃত হয়েছে? শ্রমনীতি, অর্থনীতি, খাদ্যনীতি, বিচার বিভাগীয় নীতি, শিক্ষানীতি যে কোন নীতিই বলুন, কোন নীতিটার দ্বারা পশ্চিমবাংলার মানুষ উল্লেখযোগ্য উন্নতি করতে পেরেছে? সামান্যতম উন্নতির কথা ও'রা প্রকাশ করুন, পারবেন না। পারবেন না এইজন্য, যে নীতির দ্বারা এই সরকার পরিচালিত হচ্ছে, তার দ্বারা তাঁরা সাধারণ মানুষের জীবনে সর্বাঙ্গীন মঙ্গল আনতে পারেন নাই। এই সরকার ধনিক-বণিকের সরকার, বড়লোকের সরকার, জোতদার জমিদারদের সরকার। এই সরকার কোন দিন কোন উন্নতি সাধারণ মানুষের জীবনে আনতে পারবে না। সেইজন্য আজকে এই সরকারের সমস্ত নীতির মধ্যে এমন গলদ ঢুকেছে তার প্রতি রন্ধ্রে রন্ধ্রে এমন অশুভ লক্ষণ দেখা দিয়েছে, আজ না হয় কাল, কাল না হয় পরশু, অনিবার্যভাবে এই সরকারের পতন অবশ্যম্ভাবী। আজকে বিরোধী পক্ষ হয়ত ভোটের দ্বারা এই অনাস্থা প্রস্তাব পাস করাতে পারবে না—এটা ঠিক কথা। কিন্তু আগামী কিছুদিনের মধ্যে জনসাধারণ নিশ্চয়ই তাদের রায় এদের বিরুদ্ধে দেবেন। যদি তাঁদের নীতি ভাল হয়, তাহলে আবার তাঁরা এখানে ফিরে আসবেন। আর তা নাহলে আমি মনে করি, এই সরকার পুনরায় আর গদীতে আসতে পারবে না।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজ আমাদের দেশে খাদ্যের অভাব আছে। এটা একটা নিত্য-নৈমিত্তিক ব্যাপার। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় যতদিন ঐ গদীতে থাকবেন, ততদিন এটা নিত্যনৈমিত্তিক ব্যাপারই থাকবে, এর সমাধান হবে না। হবে কোথা থেকে? হবে না এইজন্য যে আজকে আমরা পরিষ্কারভাবে জানতে পেরেছি, বিদায়ী মন্ত্রীর বক্তৃতার মধ্যে জনসাধারণও জানত পেরেছেন কি কারণে, কোন্ অদৃশ্য হস্তের দ্বারা যে পশ্চিমবাংলা বরাবর দুর্ভিক্ষ করালগ্রস্ত। যারজন্য আজ পশ্চিমবাংলার কংগ্রেসের পক্ষ থেকে দেওয়ালে মাথা খোড়া হয়। খাদ্য চাইলে তার পরিবর্তে পাওয়া যায় বুলেট আর লাঠীর চোট্। প্রধানমন্ত্রী মহাশয় বলেছেন দুটো দুর্ভিক্ষের হাত থেকে খাদ্যমন্ত্রী মহাশয় আমাদের বাঁচিয়েছেন।

[At the stage the blue light was lit.]

আমাকে আরো বলতে দিতে হবে। এইতো কেবল আরম্ভ করেছি।

কিন্তু আমার মনে হয় প্রধানমন্ত্রী মহাশয়ের বার্ধক্যের দরুন, স্মৃতিশক্তি বিভ্রান্ত। তা না হলে তিনি কি জানেন না—দু-দুটো দুর্ভিক্ষ প্রতিরোধের জন্য যে বিরাট আন্দোলন হয়ে গেছে, যার ফলে এই সরকারকে গুলি করে লতিকাকে খুন করতে হয়েছে? সে কথা কি তাঁরা ভুলে গেছেন? মানুষের বিরাট প্রতিরোধের চাপে তাঁদের খাদ্যনীতিও পরিবর্তন করতে হয়েছে। এটা তাঁরা দয়া করে করেন নাই। মানুষের চাপে পড়ে এটা করতে হয়েছে। মানুষের চাপ দিয়ে এটা আদায় করে নিয়েছেন। এই সরকারের নীতি হচ্ছে অচলায়তনের নীতি, স্তব্ধ হয়ে এক জায়গায় দাঁড়িয়ে রয়েছে। যদি কাকুতি কর, মিনতি কর, ভাল কথা বল, আবেদন নিবেদন কর—এ'রা কিছুই শুনবে না—যতক্ষণ পর্যন্ত না এ'দের উপর সেই ধাক্কা আনা যায়, যে ধাক্কায় তাঁরা বে-সামাল হয়ে পড়েন।

[1-55—2-5 p.m.]

আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি যে, গতবারে বন্যা দেশকে একটা বিরাট সমস্যার সামনে নিয়ে গিয়েছিল। খাদ্যমন্ত্রী মহাশয়কে বলছি যে তিনি যদি আমার সংগে যান তাহলে আমি প্রমাণ করবার দায়িত্ব নিচ্ছি যে, কিভাবে বন্যা তৈরী করা হয়েছিল, সেটা দেখাব। সাতদিন আগে এলার্মিং নোটিস এসেছে যে, আধ ইঞ্চি করে জল বাড়ছে, দামোদরের বন্যার কথা বলছি। আমার কথা যদি বিশ্বাস না করেন তাহলে মিথ্যা অভিযোগে আমাকে অভিযুক্ত করতে পারেন। তারপর আটদিন আগে এলার্মিং নোটিস এল যে এক ইঞ্চি করে জল বাড়ছে। একথা আমি এস, ডি, ও-কে বারবার করে জানাচ্ছি, কিন্তু বললেন যে ঠিক আছে আমি টেলিগ্রাম করেছি। সেখানকার জনসাধারণ তাদের সমস্ত শক্তি নিয়ে এগিয়ে এল সেই বন্যাকে প্রতিরোধ করবার জন্য। এখানে ডেপুটী চীফ হুইপ বসে বসে পান খাচ্ছেন, প্রফুল্লবাবু তখন কোথায় টুরে গিয়েছিলেন বলে তাঁর কাছে এসে ব্যক্তিগতভাবে ধর্না দিয়ে বলেছিলাম যে দুই-তিন হাজার থলে দিতে পা-

নেপালবাবুর সিমেন্টের কারবার আছে তাঁর কাছেও কিছু সিমেন্টের থলে চেয়েছিলাম, এই কারণে যে তাহলে আমরা বন্যাকে রুখে দেব, কিন্তু পাই নি। সেখানকার সরকারী কর্মচারী যাদের উপর দায়িত্ব আছে তাঁরা কোন ব্যবস্থাই করেন নি। সেখানে কোন ইঞ্জিনিয়ার যান নি। অর্থাৎ ইরিগেশন ডিপার্টমেন্টএর কোন ইঞ্জিনিয়ার কোন ব্যবস্থা অবলম্বন করবার জন্য সেখানে যান নি। এই সব না করার যে একটা কারণ রয়েছে সেটা আমি বলতে চাই না, কারণ নিজে ব্যক্তিগতভাবে তার সঙ্গে জড়িত। অর্থাৎ সেই কারণটা হচ্ছে নির্বাচন এবং কিভাবে সরকারী অর্থ নির্বাচনের প্রার্থীর দ্বারা অপচয় করান হয়েছিল সে কথা এই হাউসে আমি বর্ণনা করব না। কিন্তু আপনাদের যদি সামান্যতম সততা থাকে, সাধুতা থাকে তাহলে আমার কথা স্বীকার করে নিয়ে অবসরপ্রাপ্ত সৎ মানুষ দিয়ে ট্রাইবুন্যাল বসান—১,৭০০ টাকা মাইনের মনিলাল মুখার্জির ট্রাইবুন্যাল নয়—এবং সেই ট্রাইবুন্যালের কাছে আমি যদি আসামী হই তাহলে আমাকে যে কোন সাজা দেবেন। যাই হোক, আমি একথা বলতে চাচ্ছি যে সেখানে বাণ তৈরী করা হয়েছিল এবং সেই বান হয়েছিল নভেম্বর মাসে। (এ ভয়েসঃ হেরে গিয়ে বলছেন।) ফরোয়ার্ড ব্লক হাজার ভোট বেশী পেয়েছিল। কিন্তু ম্যাজিক্যালি বিজয় মোড়ল নানু ঘোষের চেয়ে তিন হাজার ভোট বেশী পেয়ে গেল—

Don't forget this my dear friends. It is the magic.

প্রফুল্লবাবু আসার পর আমি তার কাছে দৌড়ে যাওয়াতে তিনি বললেন যে, তোমার যত ব্যাগ দরকার নাওগে। কিন্তু ম্যাজিস্ট্রেট যেই শুনলেন যে আমি প্রফুল্লবাবুর কাছে এসেছি, অমনি উনি কল থেকে এক ঘণ্টার মধ্যে আট হাজার ব্যাগ যোগাড় করে ফেললেন, অথচ ঐ আট দিনের মধ্যে ২০০ বাগও যোগাড় হয় নি। এই হচ্ছে বন্যাকে তৈরীর করার ইতিহাস। রিলিফ, টেস্ট রিলিফ, লোন, খয়রাতি সাহায্য ইত্যাদির কথা বলব না, সেসব আপনাদের কাছে বস্তা বোঝাই করে দেওয়া হয়েছে। আবার মনিলাল মুখার্জিকে নাকি স্পেশ্যাল অফিসার এ্যাপয়েন্ট করা হয়েছে। সেদিন ডাক্তার রায় বলেছিলেন যে তার তিন-চারটা কেস জেনুয়িন—অর্থাৎ যেমন ডাক্তার রায় তেমনি তাঁর সৎ কর্মচারী। আমি আবার এই হাউসে বলছি যে ট্রাইবুন্যালের কাছে দাঁড়াতে রাজী আছি এবং যদি আমাদের কথা মিথ্যা হয় তাহলে আমরা যেকোন সাজা নিতে প্রস্তুত আছি।

Then, I am amazed that the leftist parties have been accusing the Congress Party of trying to tamper with the loyalty of Government servants. It is better not to discuss that here. Everyone has eyes to see and ears to hear. It is one of their prime businesses to tamper with the loyalty of the Government servants. These leftist parties try to increase their strength; they try to collect information from different sources and they make it a point to contact important Government servants, high or low, whoever could be of some help to them. They enter Government offices and collect funds for their political meetings, for political purposes and almost all the walls of Government buildings have such a nice display of all the posters which come out from these leftist parties demanding this and demanding that, giving a call for this, giving a call for that, taking the Government servants into processions and indulging in such other things. And yet, they are accusing Government of trying to tamper with the loyalty of Government servants. I should have liked to ask Professor Bhattacharyya, had he been present, what he means by loyalty? Quite recently, we have seen

what scant regard is given even by topmost people to oaths of secrecy. Things have been leaking out to certain other quarters and now of course it is quite clear where this source of leakage was.

Well, Sir, violation of Fundamental Rights was perhaps the eighth charge of Professor Bhattacharyya. He mentioned about Mr. S. P. Sen's appointment. Somebody wanted to give appointment to Mr. S. P. Sen of the Alipore Bar but probably the party hierarchy intervened, he alleged. As somebody did not see eye to eye with Mr. Sen the job was not given to him. I asked Professor Bhattacharyya to give me the date but he remained silent and he did not give me further details. How are we to deal with such an allegation?

Now, Sir, Sj. Naren Das is not here. The only point that he made was regarding refugee rehabilitation and he criticised the Dandakaranya Scheme very much. Sir, I am told and I have heard Dr. P. C. Ghosh saying—if you would allow me to read some of his statements in Bengali—

"আমি সবসময়ই পূর্ববঙ্গের উদ্বাস্তুদের বাংলার বাইরে যাওয়া সমর্থন করিয়াছি। ভারতের প্রধান মন্ত্রী যদি উদ্বাস্তুদের কানাডা বা অস্ট্রেলিয়া পাঠাতে চান তবে আমি তাহাও সমর্থন করিব। আমার বন্ধু শ্রীজ্যোতি বসু মহাশয়ের রাশিয়ান কম্যুনিস্ট পার্টির উপর কতটা প্রভাব আছে জানি না, তিনি যদি এক লক্ষ লোককে রাশিয়ায় পাঠাবার ব্যবস্থা করতে পারেন সাইবেরিয়ায়, কেননা আপনি জানেন, সাইবেরিয়া এখন কত উন্নত হইয়াছে, সাইবেরিয়ায় পাঠালেও আমি খুশি হব। আমি বলতে চাই, আমরা কোন সময়ই বাংলার বাইরে পাঠাতে আপত্তি করি নাই। উদ্বাস্তু, অনুদ্বাস্তু যাই হোক না কেন, বাঙগালীমাত্রই যদি বাইরে যেতে চান তবে আমি তা সমর্থন করি। সুতরাং যদি কেউ বলেন নীতিগতভাবে পূর্ববঙ্গের উদ্বাস্তুদের পশ্চিমবঙ্গে রাখতে হবে তবে আমি নিশ্চয়ই আপত্তি করব। উদ্বাস্তুদের সভায়ও আমি ইহা বলিয়াছি, দণ্ডকারণ্য স্কীমের কথা আমরা যে মুহূর্তে জানিতে পারিব সেই মুহূর্তে আমরা তা সমর্থন করব, আমি জনসভায় ইহা বলিয়াছি, এখানেও পরিষ্কার করে বলিতেছি।"

[3-25—3-35 p.m.]

Dr. P. C. Ghosh is the President of the West Bengal Committee of the Praja Socialist Party. He is also the leader of this party in the West Bengal Legislative Assembly. Some of his colleagues and friends are instigating refugees on this very point saying "We are not going to cross the borders of the State of West Bengal". We are being condemned; there is a motion of no-confidence against our party's government. I do not know what will be the fate of Bengal if the Bengalees have to repose their confidence in such leaders who say something publicly and do just the opposite in reality.

Sir, there are a few other points that I would like to mention here. I would draw the notice of our Ministers, especially the Chief Minister, to certain irregularities which have come to my notice and these relate to the Judicial Department. I have been told, I have come to know, that there was an Administrator-General for the State of West Bengal, regarding whom plenty of anonymous letters were being received by the late Mr. S. K. Basu, who was then the Judicial Minister. But certain definite documents or proper evidence was lacking so that during Mr. Basu's time it was not possible for him to fix him up and draw up proceedings or to charge-sheet him. In the meantime, when Shri S P. Mitra succeeded Mr. S. K Basu, a watch was kept on the Administrator-General and just before or a little before Shri S. P Mitra vacated Writers' Buildings, after the last general elections, instructions were issued that proceedings should be drawn up against the Administrator-General or rather the Administrator-General

should be asked to resign; otherwise departmental action would be taken against him. I am surprised that even after Shri Siddhartha Sankar Roy's predecessor had given such instructions it took three months to put through that order. On the contrary, I am told that certain people have been claiming big things for certain things which they did not actually do, which was achieved and brought to a final conclusion by some other people. I would like the Chief Minister to find out why it actually took so much time to implement the decision of the predecessor of Shri Siddhartha Sankar Roy.

Then, Sir, the Judicial Department previously was very active. It achieved certain measures in our State a few of which I shall mention here. Take for instance, during Mr. S. K. Basu's Ministership he was responsible for such measures as the State's policy of land reforms, tenancy legislation, City Civil and Session Court legislation. His successor, who had only eight or nine months before the general elections, was also running that department very efficiently and certain other legislations were also made by him. But above all this, the tradition of the Judicial Department was enhanced by the active interest taken by Shri Sankarprosad Mitra, who used to go to the courts or to the Registration Offices, give surprise visits incognito and catch the people taking bribes, Government servants taking bribes, redhanded. He used to run about from court to court and his name struck terror in the minds of corrupt officials. Unfortunately I have to request the Chief Minister to find out why this tradition was given up all of a sudden after the new Cabinet was sworn in. Why was not at least *status quo* maintained? Why people rested in air-conditioned rooms, poking their nose in other people's business rather than doing their own work? Far from improving matters, why was not the tradition which was set up by Shri Sankarprosad Mitra maintained by his successor?

There is an important matter which is still hanging fire. This Council was also taken into confidence by the late Judicial Minister. Probably on the 30th of November, 1956, we saw in the papers that the Cabinet had decided to separate the Judiciary from the Executive. Shri Nagendra Kumar Bhattacharyya was very much interested in the matter and he was pursuing it. On the 30th of November, 1956, Government decided to separate Judiciary from the Executive. After that, general election was held and the new Cabinet was sworn in. I do not have the exact date. Probably Shri Siddhartha Sankar Ray reversed the whole process. The decision was that Judiciary and Executive would be separated on the basis of every district, every subdivision. There would be Judicial Magistrates and Executive Magistrates and that the Judicial Magistrates would be controlled entirely by the High Court and not by the Home Department and so any trace of Executive influence on the judiciary would be remote. I think it was stated in the newspapers that necessary legislation or measures were being taken in the matter. After the newspaper reports announcing the Cabinet's decision to separate the Judiciary from the Executive, we heard from Shri Siddhartha Sankar Ray that an Expert Committee consisting of distinguished lawyers would be constituted by him to submit a report to the Government on the basis of which action would be taken. After that credit goes to Shri Nagendra Kumar Bhattacharyya, in reply to one of his questions Shri Siddhartha Ray informed us that separation of the Judiciary from the Executive would be achieved by executive orders. Sir, the Cabinet decided this on 30th November, 1956 and it is strange that such an important measure which has already been achieved in such States like Madras, U.P. and Bombay and is very much demanded by the people, eagerly awaited by them, should have been delayed like this. I would like to draw the attention of the Chief Minister and the Minister of the Judicial Department at

the moment that they take immediate steps to see that Judiciary is separated from the Executive as decided by the Cabinet some time in the last week of November, 1956.

[3-35—3-45 p.m.]

Sir, some of our tribal friends have been telling us that the Tribal Advisory Council, which is constituted under the Constitution of India, used to meet regularly when Shri S. K. Basu was in charge of that Department, when Sj. Niharendu Dutt-Mazumdar was there, when Sj. Sankar Prosad Mitra was in charge of that Department. But Sj. Siddhartha Sankar Ray who was lately in charge of that Department never cared to call a single meeting of the Tribal Advisory Council. It is being felt by the tribal leaders that the whole purpose and intent as detailed in the Constitution of India is being frustrated. We have the Tribal Advisory Council and yet the Minister does not care to call its meeting. I am told by those tribal friends of mine that not a single meeting was called during the tenure of office of Sj. Siddhartha Sankar Ray for the last ten months.

Sir, I shall now refer to a very important matter for which I take the fullest responsibility. Sir, I shall crave your indulgence to read out something—

সম্প্রতি গুটিকতককে সেখানে এ্যাপয়েন্ট করা হয়েছে যার প্রয়োজন ছিল না। এ্যাসিস্টেন্ট লিগ্যাল রিমেমব্রান্সার প্রভৃতিকে অনেক মাইনে দিয়ে নিয়োগ করা হয়েছে। যাই হোক সেসমস্ত সত্ত্বেও আমি একটা কথা জিজ্ঞাসা করি যে, স্ট্যান্ডিং কাউন্সেল শ্রীঅনিল মিত্রকে এ্যাপয়েন্ট করা হ'ল সেটা কি ক্রাইটেরিয়ানএ করা হ'ল? একটা ক্রাইটেরিয়ান তো থাকা দরকার। দেশে তাঁর চেয়ে যোগ্যতর ব্যক্তি ছিল না ব'লে কি আমরা মনে করব? তিনি যদি সুযোগ্য হন তাহলেও আমরা জানি যে এর সংগে আমাদের আইন সচিব মহাশয়ের বন্ধুত্ব এত বেশি যে, যেদিন আইনমন্ত্রী মহাশয়ের অভিষেক হয় সেদিন সেই ভদ্রলোক সদ্য পুরী থেকে নেবেছেন এবং তিনি হন্তদন্ত হয়ে দমদম এয়ার পোর্টে সম্বর্ধনা অভিষেকে যোগদান করবার জন্য যান। তাঁকে প্রায় এক সংগে সস্ত্রীক ক্যালকাটা সুইমিং পুলএ দেখা যায়—গত রবিবারেও দেখা গেছে। এই কথা আমরা শুনেছি।

Sir, so far as my knowledge goes the Judicial Department makes important appointments through Selection Committees. Well, the D.L.R., Deputy Legal Remembrancer, after the new Cabinet was formed, was given the appointment through a Selection Committee. I feel that I should draw the attention of the House, especially of the Chief Minister, so that something could be done to redress these grievances, some ways and means should be found out.....

Mr. Chairman: Mr. Bose, I think it will be irrelevant to read this.

Sj. Aurobindo Bose: I shall certainly skip it over.
এই ভদ্রলোককে স্ট্যান্ডিং কাউন্সেল করায় তাঁর প্রথম পদক্ষেপেই বড় ভুল হয়ে গেছে। এই কেবিনেটের বিরুদ্ধে চার্জ অব নেপোটিজম অ্যান্ড করাপশন। তিনি নবাগত বলে আমি মনে করি যে, তাঁর ভেতর থেকে তা হবে না। কিন্তু তাঁর প্রথম পদক্ষেপেই যদি এইরকম ভুল হয় তাহলে তাঁর কাছ থেকে ভবিষ্যতে কি আশা করতে পারি?

- Sir, a few more appointments were made in the Judicial Department.

The Hon'ble Bimal Chandra Sinha: May I interrupt for a moment, Mr. Bose? I believe—and so far as I remember—the words that are being quoted in Bengali now are words from the speech delivered by Mr. Bankim Mukherjee in the Lower House. That incident was thoroughly discussed and so far as I remember, Mr. Bankim Mukherjee withdrew that remark. That being the case, I think the matter need not be re-opened here.

Sj. Aurobindo Bose: So I was mentioning that the normal procedure is to make these appointments through some selection committees. If I am not wrong, Shri Sankardas Banerji's appointment as Standing Counsel and Shri Ashok Sen's appointment as Junior Standing Counsel were also made through such committees. Anyway, these things should not be repeated here.

Sir, I feel that our Government has been wronged by the Opposition. They have levelled charges against the Government and yet they are not prepared and they are reluctant to give us an opportunity to answer those charges. Sir, we should take advantage of this opportunity, as Sj. Sasanka Sanyal has said that his attitude was, to shake the bottle. Certainly we do not mind if there is a bit of shaking of bottle. Nobody is going to claim that everything is all right with the Government or with the administration. So, if we take advantage of this occasion and check up our achievements and try to fill the gaps, I think we would earn the gratitude of our countrymen. There are things which ought to be done but due to shortage of funds—we have not got that much fund—we could not do those things. The Opposition have pointed out certain gross irregularities. May I appeal to the Ministers concerned to investigate into them and let us know what are the facts because if certain allegations are made and no steps are taken to investigate into them, naturally people are led to believe that probably the charges brought against individuals or departments are true and that the administration has nothing to tell them. It is very unfortunate that the Anti-Corruption Sub-Committee did not do a lot of work; the Deputy Ministers and Parliamentary Secretaries and State Ministers should have tried to do something about it and probably that is the reason why these things have been so much publicised. But that is not the correct position. The impression has been that nothing has been done to eradicate corruption.

With these words, Sir, I oppose the motion of no-confidence moved by Professor Nirmal Chandra Bhattacharyya.

Sj. Harendra Nath Mozumder:
সভাপাল মহাশয়, শিক্ষা বিভাগ সম্পর্কে সত্যপ্রিয় বাবু অনেক কথা বলেছেন—দুর্ভাগ্যের বিষয় তিনি এখানে উপস্থিত নেই—এবং কতকগুলি কথা তিনি অন্য একটি বেসরকারী প্রতিষ্ঠান সম্পর্কে বলেছেন বলে তার উত্তর দেওয়া প্রয়োজন। কালকে কলকাতা শহরে স্কুল ফাইন্যাল এগজামিনেশনএর ছাত্র-ছাত্রীদের উচ্ছৃংখলতা আমরা দেখেছি এবং আজকে খবরের কাগজেও সেসব পড়েছি। কিন্তু স্কুলের ১৬-১৭ বছরের কম বয়সের ছেলেদের যে কি করে এই সাহস হতে পারে সেটা ভাববার কথা। তারা নিজেরা পরীক্ষা দেয় নি এবং অন্য ছাত্রছাত্রী যারা পরীক্ষা দেবার জন্য প্রস্তুত তাদেরও খাতা কেড়ে নিয়েছে। এ ছাড়া অন্য বিদ্যালয়ে গিয়ে—আমি জানি—কোন মেয়েদের স্কুলে গিয়ে সেখানকার অধ্যক্ষের গালে এমনভাবে চড় মেরেছে যে, ৫টা আঙুলের দাগ বসে গেছে এবং ছাত্ররা টিফিনের সময় ডাব খেয়েছিল সেগুলো তুলে নিয়ে শিক্ষক ও ছাত্রদের উপর ছুঁড়ে মেরেছে। এইসব উচ্ছৃংখলতা যে কোথা থেকে এল সেটা আজ আমাদের ভেবে দেখবার বিষয়। শিক্ষামন্ত্রী মহাশয় এর একটা উত্তর দিয়েছেন, কিন্তু সব কথার উত্তর তিনি দিতে পারেন নি।

Mr. Chairman: These are not relevant to the matter. Please bring relevant points.

[3-45—3-55 p.m.]

Sj. Harendra Nath Mazumder:
শিক্ষামন্ত্রী মহাশয় যে কথা বলতে পারেন নি তা হচ্ছে এই উচ্ছৃংখলতা কোথা থেকে আসে, কেন আসে। ছাত্রেরা বিদ্যালয়ে গিয়ে কি শেখে সেই কথার অবতারণা করে তার প্রমাণ দেব।

বিদ্যানগর সম্বন্ধে অনেক কথা সত্যপ্রিয় বাবু বলেছেন। আমি একথা জোরের সংগেই বলব যে, তাঁর সমস্ত অভিযোগ ভিত্তিহীন ও ভুয়ো। তাঁর সমস্ত অভিযোগ বিদ্বেষপ্রসূত। সেখানে এক শিক্ষককে ডিসচার্জ করা হয়েছে, আর একজন শিক্ষক নিজে থেকে রেজিগনেশন দিয়েছেন—এইসব কথার সত্যপ্রিয় বাবু অবতারণা করেছেন। আমি একটা রিপোর্ট পড়ি, দেখুন তার সংগে রেজিগনেশন আছে কিনা—সেখানকার শিক্ষকেরা ছাত্রদের কিভাবে শৃংখলা শিক্ষা দিচ্ছেন—

"To The President, Vidyanagar Siksha Sansad.

Dear Sir,

An ugly thing took place at Bidyanagar some ten or twelve days back. Shri Barendra Nath Ganguli and Shri Sudhansu Kumar Banerjee (two Assistant teachers of our school) with Shri Jagadish Chandra Saha (who is not a teacher of our school at present) went to Amtala by rickshaw. On their way back there was some altercation over fares and it is reported that the rickshaw puller gave them some threatening. They came back to the hostel and soon afterwards a big batch of students, all boarders, left hostel, went to the house of the rickshaw puller and severely assaulted him. The news spread into the neighbouring villages and a serious tension was created. It was with great difficulty that we could appease their wounded feelings. I had to pay heavy compensation from my own pocket to the rickshaw puller who had been confined to bed for more than a week. The boys who took part in it had to apologise. But there is no evidence to the fact that the teachers had instigated them to rowdism and the Superinendent Sailendra Nath Chatterjee had his own share in it."

এই শ্রীশৈলেন্দ্রনাথ চাটার্জি'র রেজিগনেশন এবং এই শ্রীবরেন্দ্রনাথ গাঙ্গুলীর ডিসচার্জ, এই নিয়ে আজকে বিদ্যানগরের বিরুদ্ধে একটা এপিসোড আরম্ভ হয়েছে। তার উপরে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট সংসদের প্রেসিডেন্টের কাছে অভিযোগ করেছেন সেটিও পড়ছি—

"Dear Sir,

The other day a very unpleasant incident happened in our school hostel. Two of our teachers, Shri Barendra Nath Ganguli and Shri Sailendra Nath Chatterjee had accepted a tin of powdered milk which was smuggled in from outside. The man who carried it was followed by a search party. They came to the hostel and seized the tin of powdered milk which was then restored to its proper owner. As it may affect the good name of the school no further steps could be taken at the time. It is a matter for shame and regret that our teachers should be mixed up with such nasty things."

স্যার, এ বাদে গত টিচার্স স্ট্রাইকএর পর এবং গত কাউন্সিল ইলেকশনএর পর থেকেই, আমি জানি না সত্যপ্রিয় বাবুর 'এ-বি-টি-এ' সেখানে ভোট পেয়েছেন কিনা, কিন্তু তার পর থেকেই এই এপিসোড আরম্ভ হয়েছে। এবং এ্যানুয়াল পরীক্ষা যাতে ছাত্রেরা না দিতে পারে তার জন্য তাদের ইনস্টিগেট করা হয়েছে। সে সম্পর্কে গ্রামের লোকের চিঠি আছে। তা আমি এখানে পড়ব না, এই ইনস্টিগেশনএর বিপক্ষে গ্রামের জনসাধারণ উত্তেজিত হয়েছে, এবং তারা নিজেদের অফিস কামাই করে, কাজ কামাই করে, প্রতি ছাত্রকে সংগে করে এনে পরীক্ষা দিইয়েছে। ঐ শিক্ষকদের তথা 'এ-বি-টি-এ'র যে মুভ, যে এ্যানুয়াল পরীক্ষা বয়কট করা তা ফ্রাস্টেটেড হয়েছে। বিদ্যানগর শিক্ষা সংসদ ১৯৫৩ সালে রেজিস্ট্রেশন অব সোসাইটিস এ্যাক্ট অনুসারে রেজিস্ট্রীকৃত হয়েছে এবং চড়াসন্দাশ গ্রাম বিষ্ণুপুর থানার মধ্যে একটা অনুন্নত জায়গা, সেখানে বেশির ভাগ অনুন্নত শ্রেণীর লোক বাস করে, যেখানে কোন বিদ্যালয় ছিল না, এক-আধটা থাকলেও ছাত্র কম ছিল, আজ সেখানে এবং আশেপাশে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে, সেখানে নার্সারী স্কুল হয়েছে এবং মাল্টিপার্পাস স্কুলও ফাংশন করছে। এবং শিক্ষক-শিক্ষিকারা গ্রামে গ্রামে প্রতি বাড়ীতে গিয়ে ছাত্র এবং ছাত্রী সংগ্রহ করে এনে সেই স্কুলে পড়াচ্ছেন। যেখানে ছেলেরা স্কুলেও পড়ত না এবং যেখানে দু'টি ছেলেও ম্যাট্রিকুলেশন পাস ছিল না সেখানে একটা গার্লস

হাই স্কুল গ'ড়ে উঠেছে। মেয়েদের বিদ্যালয়ে আনা হয়েছে। সংসদ ১৯৫৩ সাল থেকে ১৯৫৭ সাল পর্যন্ত ফ্রী গার্লস স্কুল রান করেছে, গভর্নমেন্টের এইড না নিয়ে, এবং আমি আজও বলছি এই গার্লস স্কুল ডেফিসিট বেসিসএ গ্র্যান্ট-ইন-এইড পায় নি। সংসদের একটা দোষ সত্যপ্রিয় বাবু বলেছেন যে, সিনিয়র বেসিক টিচার্স গার্লস স্কুলে গিয়ে পড়াচ্ছেন। সে দোষে সংসদ দোষী আমি স্বীকার করছি। যেখানে বিনা মাইনেয় গ্রামে গ্রামে ছাত্র-ছাত্রী সংগ্রহ করে বিদ্যালয় চালানো হয় সেখানে এক বিদ্যালয়ের শিক্ষককে পার্ট-টাইম অন্য এক বিদ্যালয়ে ডাইভার্ট করা যদি অপরাধ হয়, সংসদ সে অপরাধে অপরাধী এ আমি স্বীকার করছি। সংসদের এফোর্টসএর জন্য আজকে ঐ অঞ্চলের অধিকাংশ ছেলেমেয়ে বিদ্যানগর শিক্ষা সংসদে শিক্ষালাভ করছে। ছাত্র-ছাত্রীরা ৮০-৮৫ পার্সেন্ট পাস করছে স্কুল ফাইনালএ। সেখানে নিয়ম হচ্ছে প্রত্যেক শিক্ষককে বিদ্যালয়ের কম্পাউন্ডএ থাকতে হবে। বিদ্যালয়ের কম্পাউন্ডএর বাইরে কেউ থাকতে পারবেন না। সত্যপ্রিয় বাবু যদি বলেন কোন শিক্ষক, শিক্ষিকা সেখানে নাই, যে কথা আগের দিন তিনি বলেছেন, আমি সেদিন পরিষদে উপস্থিত ছিলাম না, আমি বলব প্রত্যেক শিক্ষক ঐ সংসদের কম্পাউন্ডএর মধ্যেই বাস করেন, গিয়ে দেখে আসুন। আজ বিরোধী পক্ষের সদস্যরা নাই, তবু আমি তাঁদের বলছি, তাঁরা আসুন, এ পক্ষের সদস্যদেরও বলছি তাঁরা আসুন বিদ্যানগর পরিদর্শন করুন, দেখুন কিরকম সোস্যাল এ্যান্ড এডুকেশনাল ওয়ার্ক সেখানে হচ্ছে। Bidyanagar is now a seat of learning.

The Hon'ble Abdus Sattar:

মাননীয় সভাপতি মহাশয়, আমি পশ্চিমবঙ্গ-সরকারকে এবং পশ্চিমবঙ্গ-সরকারের শ্রমনীতিকে সমর্থন করতে দাঁড়িয়েছি। বিরোধীপক্ষ থেকে যে মন্ত্রীমণ্ডলের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দেওয়া হয়েছে এক বৎসরও হয় নি সেই মন্ত্রীমণ্ডল গঠিত হয়েছে। বিরোধী পক্ষের যেসব কথা জানার হয়ত অসুবিধা আছে সেই রকম কয়েকটি কথার উল্লেখ করে আমি দেখিয়ে দেব যে, পশ্চিম বাংলার শ্রমনীতি অত্যন্ত সার্থকভাবে এবং দেশের কল্যাণের দিকে লক্ষ্য রেখে চালানো হচ্ছে। এ কথা কে না জানে যে, পশ্চিম বাংলার অন্যতম প্রধান শিল্প পাট। এই পাটের সংগে আমাদের ফরেন এক্সচেঞ্জএর সম্পর্ক আছে। সেই পাটের সংগে আড়াই লক্ষ শ্রমিকের স্বার্থ জড়িত রয়েছে, এবং সেই সংগে সংগে পশ্চিম বাংলার দশ লক্ষ একর জমিতে যে চাষীরা পাট জন্মায় তাদের স্বার্থ সংশ্লিষ্ট আছে। সেই পাটের প্রতি সরকার কোন প্রকারেই ঔদাসীন্য প্রকাশ করতে পারেন না একথা সভাপতি মহাশয়ের জানা আছে নিশ্চয়ই। কিছুদিন পূর্বে জুট এনকোয়ারী কমিশন নিযুক্ত হয়েছিল। সেই কমিশনের সুপারিশ ছিল পাট শিল্পকে রক্ষা করতে হ'লে রেশনালাইজেশনএর প্রয়োজন আছে। পশ্চিমবঙ্গ-সরকার সে নীতি সমর্থন করেছেন। আজকে যদি পাট শিল্পকে আমরা আন্তর্জাতিক প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে উত্তীর্ণ করতে না পারি তাহলে পাট শিল্পের সংগে যাদের সম্পর্ক রয়েছে ব'লে একটু আগেই উল্লেখ করেছি তাদের সকলের স্বার্থ বিপন্ন হবে। কাজেই এই রেশনালাইজেশনকে আমরা সমর্থন করেছি, এবং সংগে সংগে একথা আমরা বলছি পারতপক্ষে দেখতে হবে যেন সে কলগুলিতে ছাঁটাই না হয়। এবং যদি কোন ক্ষেত্রে ছাঁটাই করতেই হয় তাহলে শ্রমিকদের যেন বিকল্প কাজ দেওয়া হয়।

আমি এখানে দীর্ঘ বিবৃতি দিতে চাই না এবং আজকে বোধহয় তার প্রয়োজনও হবে না, শুধু এই কথা বলতে পারি—পশ্চিম বাংলায় আমরা তীক্ষ্ম দৃষ্টি রেখেছি যাতে ছাঁটাই বন্ধ হয়। যেখানে ছাঁটাই করা হয়েছে, সেখানে বিকল্প কর্মের সন্ধান দেওয়া হয়েছে। সভাপতি মহাশয় জানেন এই সমস্যা সমাধানের জন্য তিন পক্ষকে নিয়ে একটা অনুসন্ধান কমিটি গঠন করা হয়েছে। এবং সেই কমিটি সন্তোষজনকভাবে কাজ চালিয়ে যাচ্ছেন। আজকে যদি আমাদের পাট শিল্পকে বাঁচাতে হয় তাহলে কিছুটা যদি ছাঁটাই করেও সামগ্রিকভাবে পাট শিল্পকে বাঁচাতে পারি তাহলে আমাদের সাহসের সংগে তা করতে হবে, এটা অস্বীকার করলে চলবে না। আমাদের প্রতিবেশী পাকিস্তানে নূতন করে পাটের কলের পত্তন হচ্ছে। এবং সেখানে এই ৫৭ সালের কল এনে কাজ আরম্ভ হয়েছে। আমরা যদি ১০০ বছর আগেকার সমস্ত কল নিয়ে চলি তাহলে পাট শিল্প বিপন্ন হবে। কাজে কাজেই আজকে পাট শিল্পকে বাঁচাবার এবং শ্রমিক ও চাষীদের বাঁচাবার জন্য যা করণীয় তা সাহসের সংগে করতে হবে।

মাননীয় সভাপতি মহাশয়, একটা কথা আছে, অসত্য ভাষণ খারাপ, তার চেয়ে অর্ধসত্য ভাষণ রও খারাপ। এখানে অধ্যাপক মণীন্দ্র চক্রবর্তী মহাশয় বলে গেলেন যে, তিন হাজারের বেশি রখানা, আর মাত্র ৯২টা কারখানায় ক্যান্টিন আছে।

.55—4-5 p.m.]

বোধহয় আপনারা অনেকে জানেন না যে, ১০ জন লোক কাজ করলে সেখানে যদি শক্তি াওয়ার) ব্যবহার করা হয় তাহলে তাকে কারখানা বলা হয়। ২০ জন লোক কাজ করলেও কে কারখানা বলা হয়। কিন্তু আইনে আছে যে, ২৫০ জন লোক না থাকলে পর ক্যান্টিন ার আবশ্যক হয় না—এরকম কারখানার সংখ্যা হাজার। আমাদের এখানে ২৪০টি ক্যান্টিন মধ্যে করা হয়েছে। ১৯২টি কারখানায় এরকম ক্যান্টিন ছিল। এর থেকে প্রমাণিত হচ্ছে পশ্চিম বাংলার শ্রমদপ্তর বসে নেই। ১৯২ থেকে ২৪০টি ক্যান্টিন করার মত বন্দোবস্ত তারা রছে। এবং তাদের তীক্ষ্ম দৃষ্টি আছে যত শীঘ্র পারা যায় সকল কারখানায় যাতে ক্যান্টিন । কিন্তু ক্যান্টিন করবার অনেক বাধা আছে। কলকাতা ঘনবসতিপূর্ণ জায়গা, এখানে কল-রখানা অনেক আছে, সেখানে জায়গা না পেলে ক্যান্টিন করা যায় না। এমন অনেক কারখানার মক আছে যারা ক্যান্টিনএর পরিবর্তে বাইরে গিয়ে বাজারের খাবার, বাড়ির খাবার খাওয়া পছন্দ র। সেজন্য অনেক জায়গায় এটা হয়ে উঠে নি।

মাননীয় সভাপতি মহাশয়, ২৩এ মার্চ আসানসোলে সকাল ৯-৩০টার সময় সেই অঞ্চলের প্লয়ারদের সভায় আমি বলেছি যে, পশ্চিমবঙ্গ-সরকার কনটেমপ্লেট করছেন একটা আইন নার, যে আইনের মাধ্যমে আমরা সকল নিয়োগকর্তাকে বলতে পারি যে, তোমাকে বাধ্যতামূলক-বে জানাতে হবে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে যে তোমার কারখানায় কত লোকের এবং রকম লোকের প্রয়োজন আছে। এটা করতে পারলে পর আমরা সহজে বাঙ্গালীকে অধিক খ্যায় চাকুরি পাবার সুযোগ দিতে পারব। সেখানে দ্ব্যর্থহীন ভাষায় আমি বলেছি যে, আমাদের তি হ'ল কোন প্রকার সংকীর্ণতাকে প্রশ্রয় না দেওয়া। আজকে আমাদের পশ্চিমবঙ্গ-সরকার নসীন হয়ে দেখতে পারে না এ রাজ্যের অধিবাসীদের প্রতি কোন বৈষম্যমূলক আচরণ; আজকে কারের কণ্ঠ কাঁপবে না, হাত কাঁপবে না এই সভার অবগতির জন্য বলতে পারি আমরা কেন্দ্রীয় কারের সঙ্গে কিছুটা আলোচনা করেছি এবং এ সম্পর্কে কিছুটা এগিয়েও গিয়েছি। কাজেই জকে যাঁরা বলেন যে শ্রমদপ্তর ব্যর্থ হয়েছে আমি বলব তাঁরা সত্য ভাষণ করেন না। আমি নি যে বিরোধী পক্ষের পক্ষে শ্রমদপ্তরের সার্থকতাকে স্বীকার করা মানে তাঁদের আত্মলুপ্তির থা বলা। আমি এখানে উল্লেখ করতে চাই। যে গত কয়েক মাস ধরে এখানে ট্রেড ইউনিয়ন ভমেন্ট বলতে কিছু নেই। যাঁরা বাঙ্গালীর স্বার্থের কথা বলেন, বেকারীর কথা বলেন এবং দের জন্য চোখের জল ফেলেন তাঁদের সম্বন্ধে আমরা দেখেছি যে, যেখানে একজনকে নিয়ে লমাল, যে গোলমালকে শ্রমদপ্তরে এনে অনায়াসে সহজে মেটান যায়, তাকেই অবলম্বন করে োল করা হয়েছে এবং ফলে তিন হাজার লোক এক মাস ধরে বেকার থেকেছে। শেষ পর্যন্ত দপ্তরের হস্তক্ষেপের ফলেই সেই বিরোধের মীমাংসা করা সম্ভবপর হয়েছে। বেঙ্গল মিকেলের নাম আমি এই প্রসঙ্গে করতে চাই। বাঙ্গালীর প্রতিষ্ঠান, সেখানে পাঁচজনকে নিয়ে রোধের উৎপত্তি হয়েছিল। আমি জোর করে বলতে পারি, শ্রমদপ্তর সে ভরসা রাখে, আমি সে রসা রাখি যে, আমরা এই বিরোধ মিটিয়ে দিতে পারতাম কিন্তু সেখানে এমন অবস্থার সৃষ্টি া হয়েছিল যার ফলে সেখানে লক আউট হয়েছিল এবং আমাদের উপদেশ গ্রহণ করেই র্তৃপক্ষ আজ থেকে লক আউট তুলে দেবার ব্যবস্থা করেছেন—এটা আমরা সংবাদপত্রে দেখেছি। মরা এও দেখেছি যে, বিরোধীপক্ষের যাঁরা নেতৃস্থানীয় ব্যক্তি, যাঁরা বেকারির বিরুদ্ধে বলছেন, রা মধ্যবিত্ত বাঙ্গালীর দুঃখে চোখের জল ফেলছেন তাঁরা তাদের বলছেন—তোমরা কাজে ও না, তোমরা দুঃখ-দৈন্যের মধ্যে থাক, আমাদের অ্যাজিটেশনকে স্বীকার ক'রে নিয়ে আমাদের বৃদ্ধি কর। আজকে যাঁরা বলেন যে, পশ্চিমবঙ্গ সরকার অথবা শ্রমদপ্তরের উপর কারও ন আস্থা নেই, আমি তাঁদের প্রতিবাদ ক'রে প্রশ্ন করছি তাঁরা কি জানেন না যে, একটা নয় টো নয় শ্রমদপ্তরের হস্তক্ষেপের ফলে বহুসংখ্যক বিরোধের মীমাংসা হয়েছে। আজকে রা অনাস্থা প্রস্তাব এনেছেন তাঁদের কাছে জানতে চাই যে, এগুলি কি আস্থা প্রকাশ করা,

না অনাস্থা প্রকাশ করা? প্রতিদিন শুধু আমাদের পক্ষ থেকে নয়, বামপন্থী চরমপন্থীদে পক্ষ থেকে আমি গোছা গোছা আবেদনপত্র পাই। তাঁরা এই কংগ্রেস সরকারের শ্রমমন্ত্রী বলেন যে, আপনি হস্তক্ষেপ ক'রে এ বিরোধ মিটিয়ে দিন। আমি শুধু বলতে চাই, যাঁ আজকে এই অনাস্থা প্রস্তাব এনেছেন তাঁরা সত্যের অপলাপ করেছেন। মাননীয় সভাপ মহাশয়, শুনেছি আশা কুহকিনী, শুনেছি মিথ্যা মোহিনী, মিথ্যার নাকি এমন শক্তি আ যে, দশবার বললে অনেক সময় তা মোহজাল সৃষ্টি করতে পারে। কিন্তু আমি জানি, আপ জানেন "সত্যমেব জয়তে"। আগুনকে ছাই দিয়ে চেপে রাখা যায় না। দ্বিপ্রহরে মধ্যা সূর্যকে ক্ষণিকের জন্য মেঘ ঢেকে রাখতে পারে, সব সময়ের জন্য পারে না। আমাদের বছরের কাজের হিসাব-নিকাশ আমরা কি এক বছর পূর্বে দিই নাই? জনমতের বিচা আমরা কি উত্তীর্ণ হয়ে আসি নি? আমি আবার বলছি এখনও চার বছর বাকি আছে, চার বছর সময়ের মধ্যে আমরা ত্যাগ এবং সেবার দ্বারা এবং নিজেদের আদর্শে অনুপ্রাণি হয়ে পশ্চিম বাংলার জনসাধারণের আস্থা ফিরিয়ে আনব। এই কথা ব'লে আমি আপনা ধন্যবাদ দিয়ে এবং এই অনাস্থা প্রস্তাবের তীব্র বিরোধিতা ক'রে আমার বক্তব্য শেষ করি

Sj. Chittaranjan Roy: Mr. Chairman, Sir, I beg to submit certain fac and figures in reply to Professor Nirmal Chandra Bhattacharyya's complain about crop loans and Sj. Nagendra Kumar Bhattacharyya's complaints abo the co-operative movement of this Government. No doubt Sj. Nagend Bhattacharyya is associated with the West Bengal Provincial Co-operati Banks and the Central Banks and the different co-operative societies. I is more acquainted with the internal financial and administrative conditio of these West Bengal Provincial Co-operative Banks as well as of t Central Banks. Regarding crop loans about which Professor Nirm Chandra Bhattacharyya has raised a complaint that out of an allotment Rs. 2.5 crores we could only spend 1.3 crores; it is unfortunate that he not acquainted with the fact that the terms and conditions which a imposed by the Reserve Bank of India in allotting this crop loan and spending it, are so stringent that we could not spend more than 1.3 crore There was doubt that people could not pay more than 75 per cent. Ther fore according to the conditions imposed by the Reserve Bank of Indi we could not spend more than Rs. 1.3 crores. We had to go through vario difficulties in spending this crop loan and other loans. Regardi Sj. Nagendra Bhattacharyya's allegations that there has been no develo ment in the years 1954-55 and 1955-56, no doubt there was no appare allotment in the budget because there was no particular scheme of develo ment. Notwithstanding this, we paid in 1954-55, Rs. 4 lakhs as grant co-operative sale depots for marketing production of industrial co-operati units specially handloom products and paid one lakh as grant to vario co-operative societies and Rs. 25 thousand as interest—bearing loan only

[4-5—4-15 p.m.]

Similarly, in 1955-56, there was no specific scheme of development; the was no special allotment; notwithstanding that, the State having got mon from the Central Government spent Rs. 18 lakhs in helping production handloom organisation. They gave Rs. 11 lakhs to the Co-operati Societies, Rs. 1 lakh and 78 thousand to different Co-operative Sale Depo within the State, Rs. 34 thousand for Silk handloom development, Rs. thousand for improved dyeing, Rs. 1 lakh and 50 thousand for Co-operati Societies Working Capital, Rs. 98 thousand as interest-free loan and Rs. thousand as loan to augment share capital.

In 1956-57, for development, there was, no doubt, allotted Rs. 16 lak and 38 thousand, and we could spend only Rs. 3 lakhs 7 thousand, n Rs. 1 lakh 50 thousand, as Shri Nagendra Kumar Bhattacharyya had sai This allotment and expenditure is due not to any administrative deficien

or inefficiency, but the fact was that we got sanction of allotment from the Central Government in the month of February and we could not squander away money; we had to take into account the activities of all Societies, and we could spend only Rs. 3 lakhs 7 thousand in course of six weeks. But besides this, from the State Government fund, we also spent Rs. 1 lakh as loan free of interest and Rs. 95 thousand as interest—bearing loan.

In 1957-58, the account is not still closed, but as yet we have spent on account of loan Rs. 4 lakhs 56 thousand and on account of development Rs. 22 lakhs 43 thousand.

Notwithstanding this, if Sj. Nagendra Kumar Bhattacharyya thinks that there has been no step taken for the development of co-operatives we should only thank our stars and ask him to thank his stars.

Regarding Appex Bank, I think he is the proper person to say what the position is with regard to the Appex Bank, the Provincial Co-operative Bank. They sent delegates to attend the All-India Co-operative Conference at Delhi. I would refer him to the bye-laws of the bank; in view of the stringent provision there not a single farthing was to be spent on any other account except for the business of the bank. There was no provision that money could be spent on travelling allowances of delegates for attending a conference. The result was that the Managing Director of the Bank did not agree, and Government also could not agree to allow this travelling.

Regarding Siliguri, no doubt there has been loss in the Siliguri Branch and the Directors wanted to abolish it. But Government is corresponding and negotiating with the tea gardens of North Bengal if they would like to have the advantage of the bank as it would be of help to them and also to the Provincial Bank. So, negotiation is going on and we would take a decision accordingly.

I may only remind my friends, I wish Shri Nagendra Kumar Bhattacharyya were here, it is he who opposed in the general meeting of the shareholders that no dividend should be paid because the bank has not still been able to make up the capital loss after Partition, and on his motion the shareholders accepted that no dividend should be given; and today for supporting the no-confidence motion he says that the Appex Bank cannot pay dividend and he was Director for several years.

Regarding Central Banks his allegation is that why there is delay in reorganisation. He has perhaps forgotten that there were 43 Central Banks within the State. The Central Bank Enquiry Committee said that in each subdivision there should be one. The Reserve Bank said that there should be only one in each district. This State insisted upon having at least one in each subdivision. This negotiation was going on and ultimately the Reserve Bank agreed to 18 Central Banks within the State. We tried to get finances from other sources and when we could not get we had to agree to 18 Central Banks and accordingly steps are being taken.

Regarding Primary Societies he said that small societies are being destroyed. He has probably forgotten that Bengal Co-operative Societies Act does not permit any compulsory liquidation of small societies. We are persuading small societies to unite together, to go to a large-scale society.

There is one more allegation regarding co-operative farming society. In 1950 we had 40 societies. We have got 133 such societies now.

With these words I claim that there has been no inefficiency in the co-operative movement but credit should be given to Government.

The Hon'ble Bimal Chandra Sinha: Mr. Chairman, Sir, I quite confe that from the very beginning I had no great desire to participate in th debate for the simple reason that my department did not come in for mu criticism. Whatever was mentioned was mentioned almost casually and thought that I would explain all the matter in great detail when the budg for my department comes up during the Budget Session next June. S after what has happened in this House my disinclination to take part in th debate has increased hundred-fold because while during the earlier hou of this day we were discussing charges and counter-charges, after the wal out of the Opposition those charges and counter-charges have, if I may s so, melted into insignificance and we have been confronted with a ve fundamental question as to whether we want Government by discussio whether Government through legislative organs should go on or nc because as I was witnessing some of the scenes enacted in this augu chamber for the last few days, this question has been constantly in my min "what after all our future would be? Are we agreed to carry on ou Government by discussion or are we not?"

[4-15—4-25 p.m.]

That is the fundamental question that we have to answer. Sir, for m self and on behalf of my party I can say that we firmly believe that the is one way to carry on the Government, that is the true parliamentary wa —Government by discussion, Government by mutual adjustments, Gover ment by logic and reason, Government by appealing to the free will of t people. That is why, Sir, even though the Opposition members ha thought it fit to walk out of the House, I feel Sir, that while I am addressin this House, I am certainly addressing the honourable members who a present here, but I am also addressing the whole nation of Bengal throu the medium of this august chamber. That is why, Sir, in spite of m disinclination to take part in this debate—because I have nothing much say about my Department, about the remarks that have been casually ma in course of discussion—I have still to get up and say just one or two thing that have been mentioned earlier in this House. So far as I rememb Sj. Bhupal Panda mentioned one case about acquisition. The charge wa that the Land Acquisition Collector mentioned a lower figure and th Government paid a higher figure. This incident occurred before I too charge of this department. That is why I had no knowledge of the affa During the recess I had looked through the file and from the file I find tha the Land Acquisition Collector mentioned the price at Rs. 7 lakhs and th owner was made to agree to transfer two hats in their entirety at Rs. 6 lakh So that is a questionable remark made by Sj. Bhupal Panda.

Secondly, Sir, there was also a point raised by Sj. Nagendra Kuma Bhattacharyya when he said that the land reforms policy has done nothing Sir, if I like to answer this question at length, it will take probably an hou and, as I said before, I need to explain the whole situation, and I shoul like to do so and put some policies before the House when I will take up th budget for my department in June, 1958. But, Sir, briefly I can say tha I am feeling for some time that a clever move is on foot to excite on the on hand the landless labourers and to ask the Government whether they ar going to distribute lands to the landless labourers, and on the other hand to incite the ex-intermediaries and say that when the amount of compensa tion has leaped up from Rs. 24 crores to Rs. 70 crores, they are not perhap going to get anything by way of compensation. This is a double game, i I may say so. I may also assure this House that there is no need for fear there is no need for scare, because with full sense of responsibility I wil say that the Government are bent upon redistributing the lands to the land less labourers and, as I stated in the House earlier, an option should be

exercised by the ex-intermediaries for indicating their final choice of retaining lands by the 30th of April when all surplus lands will be vesting finally in the Government. Still before that date we have got 40,000 acres of agricultural land besides 8 and a half lakh acres of forest land. So, Sir, the assumption that Government will not get any surplus land to distribute is not true.

Sir, I might say just one or two things about the figure of compensation. True, the figure calculated under the scheme was Rs. 24 crores. But it is also true that at that time it was pointed out specifically and clearly to my department what the assets would be—not the assets from hats, not the assets from sairati interests, not the assets from forests, and so on and so forth. Sir, if I may take you to the proceedings of this House when the debate on the Estates Acquisition Bill was going on, I may point out that very fundamental changes were made during the passage of the Bill and many new interests were acquired when the Bill emerged in the shape of an Act. Is it any wonder that if you want to acquire more and more interests, you would have to pay more and more compensation? But, Sir, I still say that there is no need for scare for the simple reason that at that time the assets were calculated to be something and the liability was also calculated to be something. The liability was six to seven times of the asset. I say that under the present calculation the assets will come to more than Rs. 8 or 9 crores. If liabilities go to Rs. 58 or 60 crores, the proportion will remain almost the same, namely, six or seven times. There is not much difference. So if you get more assets, naturally the compensation would go up. Therefore I am confident that there should not be any scare on this account and I may announce to this House that when land re-distribution would be taken up, the arguments, the propaganda and the ideas that have been spread amongst landless labourers that they would perhaps get no land would not come to be true. It is well known that in Bengal there are so many landless people, there are so many people who live below the margin. Small holders, tenants may not be landless but they own a very small fraction of land. It is well known that everybody cannot be rehabilitated successfully on land alone. There must be subsidiary industry, there must be an integrated policy of land development and economic development for the rural sector as a whole. That is a very big question into which I do not propose to enter. Therefore, Sir, I say the apprehensions expressed by the honourable members opposite will, I hope, be proved to be untrue in course of time.

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সভাপাল মহাশয়, আজকে বিরোধী পক্ষের তরফ থেকে অনাস্থা প্রস্তাব যখন আসে তখন আমরা ভেবেছিলাম যে তাঁরা আমাদের বিরুদ্ধে মন্ত্রীসভার বিরুদ্ধে অনেক স্পেসিফিক চার্জ নিয়ে আসবেন এবং তাঁরা যে রকম ভাব দেখিয়েছিলেন, যে ভঙ্গীমায় বক্তৃতা আরম্ভ করেছিলেন তাতে আমাদের মনে হয়েছিল যে বোধহয় এমন সব স্পেসিফিক চার্জ আমাদের বিরুদ্ধে আনবেন যা আমাদের পক্ষে জবাব দেওয়া সম্ভব হবে না। খাদ্য বিভাগ সম্বন্ধে, সরবরাহ বিভাগ সম্বন্ধে এবং রিলিফ বিভাগ সম্বন্ধে তাঁরা সাধারণভাবে অনেক কথা বলেছেন। কিন্তু বিশেষ করে কোন স্পেসিফিক চার্জ আনতে পারেন নি। তাঁরা বলেছেন যে আমাদের কর্ডন প্রথা বা নীতি, তা ঠিক হয় নি। এবং কর্ডন প্রথা যা আমরা করেছি, তা কোন এক অসৎ উদ্দেশ্য নিয়ে করেছি। কিন্তু কি অসৎ উদ্দেশ্য নিয়ে আমরা করেছি, তা তাঁরা পরিষ্কার করে বোঝাতে পারেন নি।

মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে এ বছর বিভিন্ন জায়গায় ভ্রুটের জন্য, শুকোর জন্য আমাদের কৃষি বিভাগ প্রাথমিক যে আভাস পেয়েছিল ফসলের, তাতে তাঁরা বলেছিলেন এ বছর আমাদের ১২ লক্ষ টন ঘাটতি হবে। এবং আমরা যখন শুনলাম আগস্ট মাসে ১৯৫৭ সালে আমাদের ঘাটতির পরিমাণ ১২ লক্ষ টন হবে, আমরা সত্যিই তখন আতঙ্কিত হয়েছিলাম। এবং

আতঙ্কিত হয়েছিলাম বলেই আমরা জেলাগুলিকে, একে একে কর্ডন করলাম। অর্থাৎ আমরা তখন ভেবেছিলাম অবাধে যদি চাল কলকাতা সহরে চলে আসে, অবাধে যদি চাল সেই সমস্ত অঞ্চলে চলে আসে, যেখানে লোকের ক্রয় ক্ষমতা বেশী, তাহলে শেষ পর্যন্ত গরীব, যারা গ্রামে গ্রামে বাস করছে, তাদের অনেক বেশী মূল্য দিয়ে চাল কিনে খেতে হবে। এই কর্ডন প্রথা আমরা জারী করলাম আগস্ট মাসে। একজন বিরোধী দলের সদস্য বলেছিলেন—আপনারা আগস্ট মাসে কর্ডন প্রথা জারী করলেন, কিন্তু চাল সংগ্রহ করলেন নাত? আমি তাঁকে বলতে চাই আমরা আগস্ট মাসে কর্ডন প্রথা জারী করেছিলাম সংগ্রহ করবার জন্য নয়। কারণ তখন নতুন আমন ধান পোতে, ওঠে না। আমরা সতর্কতা অবলম্বন করবার জন্যই ঐ কর্ডন প্রথা জারী করেছিলাম, যাতে সমস্ত চাল অবাধে বিভিন্ন জেলা থেকে কলকাতায় এবং অন্যান্য শিল্প অঞ্চলে, যেসমস্ত জায়গায় লোকের ক্রয় ক্ষমতা বেশী, সেখানে চলে আসতে না পারে।

তারপর আমাদের স্টেট স্ট্যাটিসটিক্যাল ব্যুরো যে ফাইন্যাল ফোরকাষ্ট দিলেন, তাতে আমরা জানতে পারলাম আমাদের ঘাটতির পরিমাণ ১২ লক্ষ টন হবে না, ঘাটতির পরিমাণ প্রায় ৭ লক্ষ টন হবে। কাজেকাজেই, তখন আমাদের নীতির পরিপ্রেক্ষিতে বললাম, হ্যাঁ, আমরা সংগ্রহ করবো, এবং সংগ্রহ করবার জন্য ঐ কর্ডন প্রথা রাখলাম। এবং আমরা তখন, এ কথা বললাম যে, আপনারা যারা বিভিন্ন জেলা থেকে, বিভিন্ন জেলার ধানকল থেকে চাল নিয়ে কলকাতা সহরে এবং অন্যান্য ঘাটতি জেলাতে চালান দেবেন, আমাদের অনুমতি নিয়ে চালান দিতে হবে।

[4-25—4-35 p.m.]

আমরা আরও বলেছিলাম যে, অনুমতি নিয়ে চালান দেবার সময় শতকরা ৭৫ ভাগ চাল সরকারী মূল্যে দিতে হবে। সরকার তখন একটা মূল্য নির্ধারণ করেছিলেন এবং সেই মূল্য আমরা জানুয়ারি মাসে নির্ধারণ করি। তখন আমরা প্রায় ১৪ হাজার টন সংগ্রহ করি। কেন্দ্রীয় সরকার মনে করেন যে যখন ১২ লক্ষ টন ঘাটতি হয় নি এবং আমাদের এই ঘাটতি যখন তাঁরা বহুলাংশে চাল ও গম দিয়ে পূরণ করতে পারবেন তখন তাঁরা বললেন যে তোমরা লেভি প্রথা অবলম্বন কর। এই কারণেই আমরা লেভি প্রথা অবলম্বন করেছি এবং এই প্রথা অবলম্বন করে আমরা ধানকল থেকে শতকরা ২৫ ভাগ চাল সংগ্রহ করেছি। আমরা আগেই বলেছি যে প্রথমে যে প্রথা অবলম্বন করেছিলাম তাতে প্রায় ১৪ হাজার টন আমরা সংগ্রহ করেছিলাম আর এই লেভি প্রথায় আমরা প্রায় ২৪ হাজার টন এই এক মাসের মধ্যে সংগ্রহ করেছি—অর্থাৎ মোট ৩৮ হাজার টন আমরা সংগ্রহ করেছি। অনেকে ইঙ্গিত করেছেন যে, আমরা যে পারমিট দিয়েছিলাম সেই পারমিট আমরা বাছাই বাছাই কয়েকজন লোককে দিয়েছিলাম। কিন্তু তাঁরা পরিষ্কার করে বলতে পারেন নি যে কাকে আমরা পারমিট দিয়েছিলাম। এমনও কথা হয়েছিল যে যাকে তোমরা পারমিট দিয়েছ সেই পারমিট তোমরা গোপনে দিয়েছ এবং সেই পারমিট ঘুষ নিয়ে দিয়েছে। কোন কনসিডারেশনে কাকে কাকে আমরা পারমিট দিয়েছি খাদ্যবিভাগ থেকে তার একটা লিস্ট আমরা দিয়েছি। আমরা সেই তালিকাতে দেখিয়েছি চার হাজারের উপরের লোককে আমরা পারমিট দিয়েছি। সেই তালিকাতে আমরা বলেছি কে কনসাইনি—অর্থাৎ কে পারমিট পেয়েছে। আমাদের বাংলাদেশের যত ধানকল আছে তার শতকরা ৯০টা বোধহয় যারা আমাদের কাছে পারমিট চেয়েছিল তাদের আমরা পারমিট দিয়েছি। আমরা সেই কনসাইনিএর নাম দিয়েছি, ডেসপাসিং স্টেশনএর নাম দিয়েছি, কে কনসাইনি, কে সেই মাল পাচ্ছে, তার ডেস্টিনেশন কোথায়, যে মাল আসছে ইত্যাদি সব নাম আমরা দিয়েছি এবং কত পরিমাণ কোয়ান্টিটি তাও আমরা উল্লেখ করেছি। এইসব দেখে কেউ বলতে পারবেন না যে তাদের মধ্যে একজন আছেন যিনি কংগ্রেসের অফিস বিয়ারার বা আমাদের কেউ। কাজেকাজেই আমি নিজে জানি যে আমাদের এই যে খাদ্যনীতি এটা সমগ্র ভারতীয় নীতি এবং আমরা যখন যে পলিসি গ্রহণ করেছি সে ৫টা জেলাতেই কর্ডন হোক আর সমস্ত জেলায় কর্ডন হোক সেসমস্তই আইন অনুসারে ভারত সরকারের অনুমোদন সাপেক্ষ। অর্থাৎ ভারত সরকারের অনুমোদন ব্যতীত আমরা কোন কাজ করি নি। আমরা এখানে প্রাইস কন্ট্রোল অর্ডার জারী করেছি। সভাপাল মহাশয়, আপনি জানেন যে এই প্রাইস কন্ট্রোল অর্ডার জারী করবার ক্ষমতা আমাদের নেই—অর্থাৎ ভারত সরকার আমাদের সেই ক্ষমতা ডেলিগেট করেন নি। ভারত সরকার যখন জানুয়ারি মাসে প্রথমে

প্রাইস কন্ট্রোল অর্ডার জারী করেছিলেন তখন তাঁরা ইন্ডিয়া গেজেটএ সেটা জারী করেছিলেন। এবং আমরা পরে সেটা আমাদের বাংলাদেশের এক্সট্রাঅর্ডিনারী গেজেটএ জারী করেছিলাম। দ্বিতীয়বার যখন আবার প্রাইস কন্ট্রোল অর্ডার জারী হয় তখন আগে তাঁরা ইন্ডিয়া গভর্নমেন্ট-এর ইন্ডিয়া গেজেটএ জারী করেন এবং পরে বাংলা সরকার বাংলাদেশের এক্সট্রাঅর্ডিনারী গেজেটএ সেটা জারী করেন। সুতরাং এর মধ্যে কোন গোপনীয়তা নেই। বিরোধীপক্ষের কেউ যদি ভেগ চার্জ না দিয়ে বা জেনারালাইজেশন না করে বলতে পারতেন যে তোমরা নিজের লোককে বা কংগ্রেস প্রতিষ্ঠানের লোককে পারমিট দিয়েছে তাহলে আমরা নিশ্চয় অভিযুক্ত হতাম। যাইহোক সে সমস্ত অসত্য চার্জের বেশী উত্তম আমি দিতে চাই না, কারণ আমাদের নেতা মাননীয় মুখ্যমন্ত্রী এ সম্বন্ধে বিশদভাবে বলেছেন। আমার একজন বিরোধী বন্ধু শ্রীশশাঙ্কশেখর সান্যাল মহাশয় আমার বিরুদ্ধে একটা স্পেসিফিক চার্জ করেছেন। এইরকম স্পেসিফিক চার্জ যদি কেউ করেন তাহলে তার উত্তর দেওয়া যায় এবং তার উত্তর দিতে না পারি তাহলে আমরা নিশ্চয় অনাস্থার পাত্র। তিনি বলেছেন যে বহরমপুরে মনীন্দ্র মিলসএর প্রোপ্রাইটাররা বেঙ্গল টেক্সটাইল মিলএর নামে লাইসেন্স পেয়েছিলেন এবং সেই লাইসেন্স প্রাপ্তির ব্যাপারে নাকি আমি সাহায্য করেছিলাম। আমি নাকি সেসময় রিফ্যুজি দপ্তরের ভারপ্রাপ্ত ছিলাম এবং তিনি এই হাউসে এমন ইঙ্গিত করেছেন যে, এতে আমার নাকি একটা অংশ আছে। এ ছাড়া তিনি আমাদের মুর্শিদাবাদ জেলার কংগ্রেস সম্পাদকেরও নাম করেছেন। অর্থাৎ তিনি লোয়ার হাউসের একজন মাননীয় সদস্য শ্রীদুর্গাপদ সিংহকেও আমার সঙ্গে জড়িয়েছেন। তাঁর বক্তব্যের মধ্যে এমন ইঙ্গিত ছিল যে তিনি মধ্যস্থতা করে আমার কাছ থেকে লাইসেন্স প্রাপ্তির ব্যাপারে ওদের সাহায্য করেছেন এবং এ থেকে তিনি যে কিছু টাকা সংগ্রহ করেছেন তা দিয়ে তিনি বাড়ী করেছেন। মাননীয় সভাপাল মহাশয়, এই বেঙ্গল টেক্সটাইল মিলস সম্বন্ধে আমার কিছু জানা ছিল না। সেজন্য উনি বলার পর আমি আমাদের রিফিউজি রিলিফ এ্যান্ড রিহ্যাবিলিটেশন দপ্তরে খোঁজ নিয়ে যা জানলাম তাতে বুঝতে পারলাম যে তিনি সর্বৈব অসত্য কথা বলেছেন। এই বেঙ্গল ট্যাক্সটাইল মিলস লাইসেন্সের জন্য সর্বপ্রথম দরখাস্ত করেন ১লা জুন ১৯৫৫ সালে অর্থাৎ প্রায় তিন বছর আগে। আর আমি রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএর ভার নিয়েছি দার্জিলিংএ ২৬এ এপ্রিল, ১৯৫৭ সাল এবং ৩০এ এপ্রিল কোলকাতায় ফিরে এসে এই দপ্তরের ভার নিয়েছি। অতএব এই মিলটি রিফিউজিদের কর্ম সংস্থানের ব্যবস্থা করবেন বলে ৭ লক্ষ ৩৩ হাজার টাকার ঋণের জন্য দরখাস্ত করেন, ১৯৫৫ সালে ১লা জুন তারিখে এবং তখন আমি বাংলা গভর্নমেন্টের রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএর মন্ত্রী ছিলাম না। তবে একথা ঠিক যে যিনি আগে ছিলেন তিনি এটা দিয়ে ভালই করেছেন। তাঁরা তখন ১৯৫৬ সালের ৩রা মার্চ রিকমেন্ড করেন যে এদের ৭ লক্ষ ৩৩ হাজার টাকা দেওয়া হোক এবং ভারত গভর্নমেন্টও সেইটা স্যাংশন করেন ২৫এ মে, ১৯৫৬ সাল। সেই ৭ লক্ষ ৩৩ হাজার টাকার মধ্যে তাঁরা ১৯৫৭ সালের ২রা এপ্রিল ৫ লাখ ৫০ হাজার টাকা প্রথমে পান। কাজেকাজেই আমি কি করে যে এই বিষয়ে দালালী করতে পারি সেটা সহজেই অনুমেয়। কিন্তু দুর্গাপদ সিংহ মহাশয় সম্বন্ধে আমাদের মুর্শিদাবাদ জেলার ৭-৮ জন লোয়ার হাউসের সদস্য যাঁরা সকালবেলায় এখানে উপস্থিত ছিলেন তাঁদের কাছ থেকে খোঁজ করে জানলাম যে সেই বাড়ী ১৪ হাজার টাকার বেশী হতে পারে না। এই বাড়ীতে ছোট ছোট দুইখানা ঘর, একটা রান্নাঘর, একটা ইঁদারা এবং একটা স্যানিটারী পায়খানা আছে। আমি আরও জানলাম যে তাঁকে এই বাড়ী করবার জন্য সাহায্য করেছেন এই এই লোক—শ্রীগোলবরণ ত্রিবেদী, এম, এল এ, বালী দিয়েছেন, আমাদের ডেপুটি মিনিস্টার কাজেম আলি মির্জা সাহেব তাঁদের প্যালেসের পুরাণো রেলিং দিয়েছেন, কিছু টাকা দিয়েছেন কাজী হাফিজুর রহমান, শিশুগাছ দিয়েছেন শ্রীমণি সাহা, লোহার বিম, কয়লার ঘেস, তক্তা ইত্যাদি বিভিন্ন ভদ্রলোক দিয়েছেন ইত্যাদি। শ্রীদুর্গাপদ সিংহ মহাশয় লোয়ার হাউসের একজন সদস্য তাঁর ঘরবাড়ী ছিল না সত্য কথা।

[4-35—4-45 p.m.]

মাননীয় সভাপাল মহাশয়! আপনি জানেন যে দুর্গাপদবাবু একজন সদস্য যাঁর ঘর নেই, বাড়ী নেই, সারাজীবন কংগ্রেসের সেবা করেছেন, স্বাধীনতা লাভ করবার জন্য বীরের মত সংগ্রাম করে এসেছেন, এবং তিনি গত ৬ বছর ধরে আমাদের লোয়ার হাউসের একজন সদস্য আছেন। তিনি

এখনও নিজের বাড়ীতে রেঁধে খান না, যার তার বাড়ীতেই খান। কাজেই মাননীয় শশাঙ্কশেখর সান্যাল মহাশয় অসত্য কথা প্রচার করে, ভুল ধারণা দিয়ে গিয়েছেন। আমরা জানি যে আমাদের এপক্ষে যখন কথা বলতে আরম্ভ করব তখন সভা ছেড়ে চলে যাবেন, এবং মাননীয় সভাপাল মহাশয়, আপনিও বোধ হয় জানেন আমাদের তরফ থেকে দুজন মাননীয় সদস্য একথা আজকের কাজ আরম্ভ হওয়ার আগে আপনার গোচরে এনেছিলেন যে যেমন লোয়ার হাউসে যে জিনিস ঘটেছে এখানে সে জিনিস না ঘটে, হয়ত তখন মনে করেছিলেন যে 'হাউস অব এল্ডার্স'এ সেরকম ঘটনা ঘটবে না। নিশ্চয়ই ভদ্রভাবে, সৌজন্যের সঙ্গে এখানকার হাউসের কাজ চলতে দেবেন। কিন্তু আজও তা অসত্যে পরিণত হয়েছে। তাঁরা তা দেন নি। এখানে আরও অনেক কথা বলেছিলেন মাননীয় শশাঙ্কশেখর সান্যাল মহাশয় যার উত্তর দেওয়া দরকার।

তিনি বলেছেন যে আমি 'ফুড মিনিস্টার' ত আছি, তার উপর আবার রিহ্যাবিলিটেশন মিনিস্টারও আছি এবং অনেক অন্যায় কাজ করেছি। কি অন্যায় কাজ করেছি আপনি ভাল বুঝতে পারবেন। তার উপর তিনি বলেছেন আমি আবার রেড ক্রসের চেয়ারম্যানও আছি। রেড ক্রসের চেয়ারম্যান থাকাকালে মুর্শিদাবাদ জেলায় ভাল লোককে আমি নমিনেশন দিই নাই। আমি নমিনেশন একা দিই না ; এজন্য রেড ক্রসের ম্যানেজিং কমিটি আছে—সেটা 'গভর্নিং বডি', তারাই নমিনেশন দেন। আর প্রত্যেক জেলায় ডিস্ট্রিক্ট রেডক্রস সোসাইটির সভাপতি হচ্ছেন যেখানকার জেলা ম্যাজিস্ট্রেট। সেজন্য স্ট্যাটুটারী প্রভিশন আছে যে, জেলা ম্যাজিস্ট্রেটকেই সভাপতি করতে হবে। মাননীয় শশাঙ্কশেখর সান্যাল মহাশয় বলেছেন যে শ্রীযুক্ত শ্যামাপদ ভট্টাচার্যের নাম কেটে আমি অন্য লোকের নাম বসিয়ে দিয়েছি। এটা সর্বৈব অসত্য। মাননীয় শ্যামাপদ ভট্টাচার্যকে আমি নমিনেশন দিই, শ্রীযুক্ত বিজয় ঘোষ এম এল একেও নমিনেশন দিই এবং তা অন্যায় হয় নি। আর একটা কথায় উল্লেখ করেছেন যে রেডক্রসে পাতলা, ছেঁড়া জামা দেওয়া হয়েছিল। এটা অসত্য। একটা ঘটনা ঘটেছিল এবং আমি সেটা জেলা ম্যাজিস্ট্রেটকে অনুসন্ধান করতে দিই। এ ক্ষেত্রেও মামলা করবার মত এমন কিছু ঘটে নি। কাজেকাজেই আজকে বিরোধী দলের সদস্যেরা যেসমস্ত প্রশ্ন খাদ্যবিভাগ সম্বন্ধে রিফিউজি বিভাগ সম্বন্ধে, এবং রেডক্রস সম্বন্ধে দিয়েছেন তার মধ্যে সত্য কিছুই নেই। আমি আর বেশী সময় নেব না। আমি শুধু এইটুকু বলব যে এখানে যে মন্ত্রীমণ্ডলী গঠিত হয়েছে তা আমাদের দলের অধিক সংখ্যায় আসার ফলেই হয়েছে, এবং আমরা আজ এখানে কারও দয়ায় নাই, এবং কারও মিথ্যা আলোচনায় চলে যাব না ; প্রসেশনএর ভয়ে চলে যাব না, এজিটেশনএর ভয়ে চলে যাব না। ১৯৫২ সালে কংগ্রেস যে পরিমাণ ভোট পেয়েছিল ১৯৫৭ সালের সাধারণ নির্বাচনে কংগ্রেস তারচেয়ে বেশী ভোট পেয়েছে। কাজেকাজেই যতদিন পর্যন্ত জনসাধারণের আস্থা আমাদের উপর থাকবে ততদিন পর্যন্ত আমরা থাকব, এবং যেদিন আমরা দেখব যে জনসাধারণের আস্থা আমাদের থেকে চলে গেছে সে দিন আমাদের উপর অনাস্থা প্রস্তাব আনতে হবে না, জনসাধারণের ভোটের দ্বারা নিশ্চয় আমাদের অপসারিত করবেন। মাননীয় সভাপাল মহাশয়। আমি আপনার বেশী সময় নিতে চাই না। আজ প্রায় আট-নয়দিন ধরে পশ্চিম বাংলার বাতাস বিষিয়ে উঠেছে। অনেক মিথ্যা কথা বলা হয়েছে। আমি কত লোককে পারমিট দিয়েছি, কোটি কোটি টাকা ব্যাংকে রেখেছি, আজ ক বছর ধরে, ৯-১০ বছর ধরে মিথ্যা অপবাদ করা হয়েছে, আজকে আমাদের যে অপবাদ রচনা করা হয়েছে নয় বছর পূর্বে সে যে অপবাদ ছিল তার তুলনায় কিছুই নয়। কাজেকাজেই আমরা ভীত নই, আমরা জানি জনসাধারণের আস্থা আমাদের উপর আছে এবং সেজন্যই যতদিন সুযোগ পাব জনসাধারণের সেবা করব।

The Hon'ble Kali Pada Mookerjee:

মাননীয় অধ্যক্ষ মহোদয়! আজ যে অনাস্থা প্রস্তাব বিরোধী দলের সভ্যেরা এনেছেন, যে অভিযোগ করেছেন, আস্ফালন করেছেন, সত্যের অপলাপ করেছেন, সত্যের অপঘাত মৃত্যু ঘটিয়েছেন, সহিষ্ণুতা যে এমন নির্লজ্জভাবে বর্জন করবেন তা আমরা ভাবি নি। শিষ্টাচার, শালীনতার সীমা উল্লঙ্ঘন করে এতদূর পরম অসহিষ্ণু হয়ে উঠবেন এটা ধারণা করি নি। আমাদের সম্বন্ধে নানা অভিযোগ এনেছেন, অনেক অলীক অভিযোগ, কল্পনাপ্রসূত অভিযোগ। বিরোধী দলের বন্ধুদের মধ্যে অনেকে আছেন যাঁরা নিজেদের মার্ক্সবাদী বা সাম্যবাদী বলেন, কিন্তু তাঁদের কার্যকলাপ দেখে মনে হয় যে, না, তাঁরা ফ্যাসিবাদী, গোয়েরিং, গোয়েবলসএর মন্ত্রশিষ্য। তাঁর

চেষ্টা করেছিলেন যে বার বার মিথ্যা পরিবেশন করে জনচিত্তে বিভ্রান্তির সৃষ্টি করতে। সেই বিভ্রান্তি সৃষ্টি করার সুচিন্তিত পরিকল্পনা যখন ব্যর্থ হতে চলেছে তখন বিধানসভায় বলুন বা এই পরিষদ ভবনেই বলুন, ধৈর্যের সঙ্গে, সহিষ্ণুতার সঙ্গে—তাঁদের সেই অভিযোগ খন্ডন বা লঙ্ঘন করবার আমাদের দিকে যে সুযোগ আছে সেই সুযোগ থেকে আমাদের বঞ্চিত করে, আত্মপ্রসাদ লাভ করে পরিষদ ভবনের মধ্যকার শিষ্টাচারকে জলাঞ্জলি দিয়ে তাঁরা চলে গেছেন এই পরিষদ ভবন থেকে। কাজেই আজকে তাঁরা যেখানে অনুপস্থিত সেখানে সকল কথা বলা সম্ভবপর নয়। কিন্তু অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয় কতকগুলি স্পেসিফিক এ্যালিগেশনস করেছিলেন—তার উত্তর দেওয়া প্রয়োজন মনে করি। তিনি বলেছিলেন প্রসঙ্গক্রমে যে নদীয়ার জেলা ম্যাজিস্ট্রেটকে সেখান থেকে জলপাইগুড়িতে সরিয়ে দেওয়া হয়েছিল সামান্য কারণ তাঁর কার্যে সরকার সন্তুষ্ট হন নি, তিনি এক ডেপুটি মিনিস্টারকে কি করেছিলেন তারজন্য তাঁকে সরিয়ে দেওয়া হয়েছিল। এ সম্বন্ধে বিশদভাবে বিবেচনা করে দেখেছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং সে কথার পুনরুল্লেখ করার প্রয়োজন নাই, তবে এই কথা বলতে চাই যে নদীয়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তিন-চার বৎসর নদীয়ায় ছিলেন, তারপরে সাধারণভাবে যে নিয়োগ বদলীর ব্যবস্থা আছে তাঁরা সেই নিয়োগ এবং বদলীর ব্যবস্থা রদ করতে যান তাঁদের দলগত স্বার্থ চরিতার্থ করবার জন্য। আমি এই কথা বলব যে তাঁরা যে অভিযোগ এনেছেন, যে অনাস্থা প্রস্তাব এনেছেন, এই অনাস্থা প্রস্তাবের পিছনে রয়েছে তাদের এক দলগত উদ্দেশ্য এবং সেই উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য শুধু যে কংগ্রেসী সরকারের বিরুদ্ধে অনাস্থা এনেছেন তা নয়।

[4-45—4-55 p.m.]

ভারতের সর্বশ্রেষ্ঠ সর্বভারতীয় যে রাজনৈতিক প্রতিষ্ঠান, তা জনমতের সমর্থনে দেশের অন্তর্নিহিত বৈপ্লবিক শক্তিকে সংহত করে বিদেশী সাম্রাজ্যবাদকে অপসারণ করেছে, আজকে তাঁরা কি মনে করেন যে অলীক কল্পনাপ্রসূত কতকগুলি অভিযোগ সৃষ্টি করে বাংলার বা ভারতবর্ষের কংগ্রেস সরকারকে, যে সরকার জনতার অকুণ্ঠ সমর্থনের উপর প্রতিষ্ঠিত রয়েছে, সেই সরকারকে এবং সেই প্রতিষ্ঠানকে আজ তাঁরা জনতার কাছ থেকে বিচ্ছিন্ন করবেন বা এইরকম একটা অনাস্থা প্রস্তাব নিয়ে এসে তাঁরা কি মনে করেছেন যে তাঁদের দলগত উদ্দেশ্যকে তাঁরা চরিতার্থ করবেন। আর একটা কথা শ্রদ্ধেয় নির্মলবাবু বলেন যে ক্যাবিনেট মিনিস্টারদের মধ্যে সব সময় সংগতি নাই। যখন কোন প্রস্তাব বা প্রশ্ন ক্যাবিনেটএর মধ্যে আসে তখন সকলে আলাপ-আলোচনা না করে কয়েকজন লোক শুধু প্রভাবান্বিত করেন—এটা সম্পূর্ণ কল্পনা-প্রসূত, সম্পূর্ণ অলীক, সম্পূর্ণ মিথ্যা এবং উদ্দেশ্যপ্রণোদিত। একটা বিভ্রান্তির কুহেলিকা সৃষ্টি করে তাঁরা জনচিত্তকে বিভ্রান্ত করতে চান। কাজেই তাঁদের আজ স্পষ্টাক্ষরে জানিয়ে দেবার প্রয়োজন হয়েছে যে তাঁদের এই চেষ্টা ব্যর্থ হবে। তিনি আবার বললেন যে ডেমোক্রেসি এ্যাট স্টেক। যাঁরা দলতন্ত্রবাদে বিশ্বাসী, দলতন্ত্রবাদের বেদীমূলে লক্ষ লক্ষ নরনারী নিজেদের রক্ত দিয়ে যে দলতন্ত্রবাদকে প্রতিষ্ঠিত করেছেন, সেই দলতন্ত্রের যাঁরা প্রবর্তক তাঁরা বলেন ভারতবর্ষে গণতন্ত্র অচল। গণতন্ত্রের যাত্রাপথকে যদি কেউ বিঘ্নিত করে থাকেন তাহলে তাঁরা হচ্ছেন আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা, পদে পদে তাঁরা সেই গণতন্ত্রকে বিঘ্নিত করছেন। অধ্যক্ষ মহোদয়, আজ যেভাবে তাঁরা এই পরিষদ কক্ষ ত্যাগ করে গেলেন—এটা কি গণতন্ত্রসম্মত, গণতন্ত্রপ্রসূত? এ ছাড়া বন্ধুবর শশাঙ্ক সান্যাল মহাশয় কয়েকটি অভিযোগ করেছিলেন, তিনি প্রসঙ্গক্রমে কয়েকটি স্টুডিবেকর বাসএর কথা বলেছিলেন। তিনি মনে করেছিলেন আমিই বোধ হয় সেই সংশ্লিষ্ট দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী। কিন্তু আমি সেই দপ্তরের মন্ত্রী না হলেও আমাদের দায়িত্ব যৌথ দায়িত্ব জয়েন্ট রেস্পন্সিবিলিটি। পরে আমি অনুসন্ধান করে যা জানলাম এবং অনুসন্ধানের যে বিবৃতি আমি পেয়েছি তা আপনার সম্মুখে উপস্থিত করছি—

Seventeen Studebaker vehicles of which two vehicles had only a few parts left on account of having been destroyed and burnt, and the remaining 15, those standing on wheels, were old, uneconomic and lying out of commission, and were advertised for sale. Six offers were received by the due date, and two offers were received after the prescribed date was over. Therefore they could not be considered. The highest offer was Rs. 45,000 for 15

vehicles only, that is, those which were standing on wheels. This was accepted. The party was thereafter induced to offer Rs. 2,000 more for those two not covered by their offer. The condition of sale was that the vehicles are to be delivered in running condition as it was originally thought that by small expenditure on spare parts they could be restored to workable state and if that could be done we would get better offer. Accordingly, a few of these vehicles were made just roadworthy by additional expenditure of about Rs. 7,000; but it was noticed that large expenditure on spare parts would be necessary to put the remaining vehicles in running condition. An estimate of Rs. 31,000 was received from the Works Manager, as cost on spare parts alone. Therefore this was not considered economic. Therefore it was not considered economical to proceed to the repair of the remaining vehicles and by negotiation the party was induced to pay further Rs. 36,000 for taking the vehicles in their existing conditions without insisting on their being made road-worthy.

The net gain of the Government was about Rs. 29,000 and not Rs. 5,000 as reported by the Auditor. This was practically the book value of these vehicles which had become uneconomical for further use. The Auditor made a wrong estimate without being able to understand the real facts of the case because he thought that Rs. 36,000 actually has been spent away. It was only an estimate but the work was never undertaken and the sale was made without spending that amount.

এ ছাড়া বিরোধীপক্ষের বন্ধুরা হাওড়ার ঘটনাকে ফলাও করে এখানে উদ্ধৃত করেছেন। অধ্যক্ষ মহোদয়, আপনি বোধ হয় অবগত আছেন যে গত বছরের শেষ দিকে হাওড়ায় কতকটা বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছিল। হাওড়া ঘনবসতিপূর্ণ শিল্পাঞ্চল, সেখানে শিল্পাঞ্চলের যে পরিস্থিতি তাতে অপরাধপ্রবণতা মানুষের বেড়ে থাকে। সেজন্য সেই অপরাধপ্রবণতাকে কঠোর হস্তে দমন করবার জন্য ব্যাপক আয়োজন হয়েছিল। যখন ব্যাপক আয়োজন হল তখন হাওড়ার প্রায় সাড়ে তিন হাজার লোককে ধরা হল। এবং তখন আবার বিরোধীপক্ষের বন্ধুরা জিগীর তুললেন, এই ব্যাপক ধরপাকড়ের মধ্যে আবার শান্তিশৃঙ্খলা বিঘ্নিত হবে। কিন্তু আমি তাঁদের বলি যে তাঁদের এই দুমুখো নীতি চলবে না। তাঁরা চোরকে বলবেন চুরি কর এবং গৃহস্থকে বলবেন সাবধান হও। এই নীতি সমাজকল্যাণ বিরোধী। এই নীতি তাঁদের পরিবর্তন করতে হবে। শুধু তাই নয় আমি হাওড়ার সম্বন্ধে কয়েকটা পরিসংখ্যান আপনার মাধ্যমে উপস্থাপিত করবো। বিধানসভায় এ নিয়ে একাধিকবার বিতর্ক হয়েছিল। তখন আমি বলেছি যে হাওড়ায় কতকগুলি গুণ্ডাদল ছিল সেই গুণ্ডাদলকে কঠোর হস্তে শাস্তি দেওয়া হয়েছে। ১৯৫৭ সালের সেপ্টেম্বর মাস থেকে মার্চ মাস পর্যন্ত প্রায় ২২টি কুখ্যাত গুণ্ডাকে দায়রার সোপর্দ করা হয়েছিল। এবং তাদের ২২ জনের দুই বছর থেকে ৮ বছর পর্যন্ত কারাদণ্ড হয়েছে। শুধু তাই নয়, আরও, ৯ জন গুণ্ডার বিরুদ্ধে কোন সাক্ষী প্রমাণ পাওয়া যায় নি। কিন্তু তাদের হিস্টরী-সীট থেকে জানা যায় যে তাদের অপরাধপ্রবণতা অত্যন্ত বেশী। কাজেই পি. ডি. এ্যাক্টএ তাদের আটক রাখা হয়েছে। শুধু তাই নয়, হাওড়ায় ব্যাপক দুর্নীতির বিরুদ্ধে যে কর্মপ্রচেষ্টা চলেছিল তার ফলে আমরা দেখতে পাই যে হাওড়ার অনেক জায়গায় চোলাই মদের কারবার ছিল, সেই চোলাই মদের কারবার ধরা হয়েছে। সংগে সংগে সেখানে মদ তৈরী করবার যে সরঞ্জাম ছিল তা ধরা হয়েছে এবং অনেক অস্ত্রসস্ত্রও পাওয়া গেছল। আমি ছোট্ট একটি বিবৃতি আপনার সামনে উপস্থিত করতে চাই।

"The Police in addition to their anti-crime work had already taken a prominent part in stopping illicit distillaton. Sometmes in co-operation with the Excise Department in course of their 153 raids they were successful in arresting 330 persons and seized 911 gallons of illicit liquor, 1372 maunds of fermented water, and one seer and two and a half tolas of ganja. During the last two months in 42 raids they arrested 341 persons, seized 314 gallons of illicit liquor, 306 maunds of fermented water, and nearly 8 seers of ganja and some quantity of bhang and opium. In addition to excise raids, they recovered two pistols, one revolver and one pipe-gun."

[4-55—5-6 p.m.]

এইভাবে হাওড়ায় দুর্নীতি নিরোধের যে প্রচেষ্টা চলছিল আজ সেটা অনেকাংশে সার্থক হয়েছে। শান্তিপ্রিয় জনসাধারণ আজ শান্তির আশ্বাস ফিরে পেয়েছে। যদি আমরা হাওড়ার পরিসংখ্যান নেই তাহলে দেখতে পাবো যে বর্তমানে অবস্থার অনেক উন্নতি হয়েছে। শুধু হাওড়ার কথা নয়, যদি সামগ্রিক দৃষ্টিকোণ থেকে বাংলাদেশের ক্রাইম পজিসন বিচার করে দেখি তাহলে দেখবো যে বর্তমানে অবস্থার অনেক উন্নতি হয়েছে। শুধু হাওড়ায় নয়, আমি সারা বাংলাদেশের পরিসংখ্যান উদ্ধৃত করে আপনার কাছে আমার বক্তৃতার সত্যতা নির্ণয় করতে পারবো। ১৯৫০ সাল থেকে যদি আমরা ধরি তাহলে দেখবো যে ১৯৫০ সালে বাংলাদেশে ১৬শত ৯টা ডাকাতি সংগঠিত হয়েছিল, আর ১৯৫০-৫১ সালে হয়েছিল ১৩শো ৫৯টা। এমনি করে কমতে কমতে ১৯৫৭ সালে ৪৯৩টা হয়েছে। রবারীর দিকে যদি আমরা তাকাই তাহলে দেখবো যে ১৯৫১ সালে ছিল ১ হাজার ৬৯টা, সেটা কমতে কমতে গত বছর এসে দাঁড়িয়েছে ৭৬৭টা। বারগ্লারী সেখানে ছিল ১১ হাজার ৮৮৮ সেখানে সেটা কমতে কমতে এসে দাঁড়িয়েছে ১০ হাজার ৮৬৫টা। মার্ডার অনুষ্ঠিত হয়েছিল ১৯৫০ সালে ৬১৬টা, সেটা কমতে কমতে এসে দাঁড়িয়েছে ৪৬৫টা। এর সংগে যদি আমরা দেখি যে অসাধু পুলিশ কর্মচারীদের সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কিনা তাহলে দেখবো যে গত বছর পুলিস বিভাগে সাবইন্সপেক্টর, ইন্সপেক্টর, নিয়ে প্রায় ১২ জনকে বরখাস্ত করা হয়েছে, কনস্টেবল, হেড কনস্টেবল, ১২৬ জনকে বরখাস্ত করা হয়েছে। তা ছাড়া মেজর পানিসমেন্ট দেওয়া হয়েছিল ৩৮০টা এবং মাইনর পানিসমেন্ট দেওয়া হয়েছে ৪ হাজার ৮২৭টা। এই ত গেল বাংলা পুলিসের অবস্থা। কোলকাতা পুলিসের দিকে যদি আমরা তাকাই তাহলে দেখবো যে ১৯৫৩ সালে ৫৯টা মার্ডার হয়েছিল এবং ১৯৫৭ সালে ৪৬টা মার্ডার হয়েছে, ডাকাতি যেখানে হয়েছিল ৫টা, গত বছরে সেখানে হয়েছে ২টা, রবারী যেখানে হয়েছিল ৫৪টা, সেখানে গত বছর হয়েছে ২৪টা। দুর্নীতিপরায়ণ পুলিস কর্মচারীদের বিরুদ্ধে কি শাস্তির ব্যবস্থা হয়েছে তা যদি আমরা দেখি তাহলে দেখবো যে ৪৬ জন লোককে ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর, সার্জেন্ট, কনস্টেবল প্রভৃতি ৪৬ জন লোককে গত বছর বরখাস্ত করা হয়েছে এবং ৪৭ জন লোককে ডিগ্রেড করা হয়েছে, এবং ডিসচার্জ করা হয়েছে ৪১ জন লোককে। কাজেই সমগ্রভাবে আমরা দেখতে পাই যে শান্তি এবং শৃঙ্খলার দায়িত্ব যাদের উপর ন্যস্ত রয়েছে তাদের অবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে। কিন্তু আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা এমন সামাজিক পরিবেশের সৃষ্টি করেন—তাঁরা রেফিউজীদের নিয়ে, টীচারদের নিয়ে, স্টুডেন্টদের নিয়ে সব জায়গায় প্রসেসন মিছিল বের করে, বিক্ষোভ সৃষ্টি করে এমন এক পরিবেশের সৃষ্টি করেন যাতে দেশের শান্তি এবং শৃঙ্খলা বিঘ্নিত হয়। আমার মনে হয় তাঁদের আদর্শ হচ্ছে ‘এলোমেলো করে দে মা লুটেপুটে খাই’। আজকে কংগ্রেস সরকার দেশের শান্তি এবং শৃঙ্খলা যাতে অব্যাহত থাকে সেদিকে আপ্রাণ চেষ্টা করছেন, কারণ তা না হলে দেশের উন্নয়নমূলক পরিকল্পনা রূপ পরিগ্রহ করতে পারে না, তাদের রূপায়ণ সার্থক হতে পারে না। কিন্তু আমাদের বিরোধীদলের বন্ধুরা নানাভাবে জনতার মধ্যে চাঞ্চল্য সৃষ্টি করবার চেষ্টা করেন। আজ শান্তি ও শৃঙ্খলা রক্ষার দায়িত্ব যাদের উপর ন্যস্ত রয়েছে তারা এক অগ্নি পরীক্ষার সম্মুখীন হয়েছেন। উপসংহারে আমি একথা আপনাদের কাছে বলবো যে পথ যতই বন্ধুর হোক না কেন, আমরা যে যাত্রা সুরু করেছি সেই যাত্রা একদিন জয়যাত্রায় পরিণত হবে। কংগ্রেস কল্যাণরাষ্ট্র প্রবর্তনের পরিকল্পনা গ্রহণ করেছেন, সেই পরিকল্পনাকে সার্থক রূপ দেবার জন্য জনতার কাছে আমার আহ্বান জানাচ্ছি। আমি আজ কোনরকম অন্যায় প্রনোদিত হয়ে বিরোধী দলের বন্ধুদের প্রতি কোন বিশ্লেষণমূলক উক্তি করতে চাই না। তাঁরা অনেক সময় কটূক্তি করেন, কারণ তাঁরা মনে করেন যে কটূক্তিই তাঁদের সুযুক্তি, কিন্তু কটূক্তি সুযুক্তি নয়। আমি তাঁদের সহযোগিতা প্রার্থনা করবো। দেশ আমাদের যেমন, তাঁদেরও তেমন। দেশকে আমাদের গড়ে তুলতে হবে, সমস্যাসঙ্কুল বাংলাদেশ সমস্যা কন্টকিত। সেই সমস্ত সমস্যাকে আমাদের সমাধান করতে হবে। আমি কখনও আত্মসন্তুষ্টির মনোভাব নিয়ে, সেলফ কমপ্লেসান্সীর মনোভাব নিয়ে একথা বলবো না যে আমরা সব কাজ করেছি, অনেক দুর্বলতা আছে, দোষত্রুটি আছে। অনেকে দুর্নীতির কথা বলেন—সমাজের বিভিন্ন স্তরে যদি দুর্নীতি থেকে থাকে তবে তার প্রতিফলন বা প্রতিচ্ছবি সর্বত্র দেখতে পাবেন। অনেক বন্ধু দুর্নীতির কথা বললে আঁতকে উঠেন, তাঁরা কি নিজেদের প্রতিবিম্ব দেখে আঁতকে উঠেন? মানুষ যখন

জলাতঙ্ক রোগগ্রস্ত হয় তখন জল দেখে সে আঁতকে উঠে, নিজের প্রতিবিম্ব দেখে আঁতকে উঠে। আমি আজ তাঁদের সনির্বন্ধভাবে জানাতে চাই যে তাঁরা যে নীতি গ্রহণ করেছেন সেই নীতির মাধ্যমে বাংলাদেশের কল্যাণ হবে না। আমরা চাই নানা অভাবক্লিষ্ট জনসাধারণের মুখে হাসির হিল্লোল ফুটিয়ে দিতে। জনসমর্থন, সকলের অকুণ্ঠ সাহায্য এবং সহযোগিতা ছাড়া কল্যাণরাষ্ট্র প্রতিষ্ঠিত হতে পারে না। কল্যাণরাষ্ট্র প্রতিষ্ঠাকল্পে সকলের সহযোগিতা আমরা কামনা করি। কংগ্রেস ভারতবর্ষের বৃহত্তম রাজনৈতিক প্রতিষ্ঠান, তাদের যে পদ্ধতি, তাদের সমাজতান্ত্রিক ধাঁচের সমাজ গঠনের যে আদর্শ সেই আদর্শকে আমরা রূপ দিতে চাচ্ছি। তার রূপায়ণের পথে বিঘ্ন আছে, কিন্তু এই বিঘ্নসংকুল পথে তাঁরা যদি আরো বিঘ্ন সৃষ্টি করেন তাহলে তাঁরা দেশ এবং জনতার কল্যাণ করবেন না। আমি একথা বলবো বিরোধীদলের বন্ধুরা আজ এখানে উপস্থিত নেই, ধৈর্য ধরে আমাদের কথা শোনবার মত অবসর তাঁদের রইল না তাঁরা যেখানেই থাকুন না কেন, আমি আমার নিবেদন তাঁদের কাছে পৌঁছে দিতে চাই যে আমরা জনসাধারণের অকুণ্ঠ সমর্থন এবং সহযোগিতা চাই। এই কথা বলে আমি এই অনাস্থা প্রস্তাবের বিরোধীতা করছি।

Mr. Chairman: I will now put the motion to vote.

The motion of Sj. Nirmal Chandra Bhattacharyya that this Council expresses its no-confidence in the Council of Ministers was then put and lost.

Mr. Chairman: The House stands adjourned *sine die*.

Adjournment

The Council was accordingly adjourned *sine die* at 5-6 p.m.

Members absent.

Bandopadhyay, Sj. Upendra,
Basu, Sj. Bijay Bihary,
Choudhuri, Sj. Annada Prosad,
Musharruf Hossain, Janab,
Nausher Ali, Janab Syed,
Saraogi, Sj. Pannalal, and
Sarkar, Sj. Pranabeswar.

Note.—The Council was subsequently prorogued on the 1st April, 1958, at the conclusion of the sitting on that date under notification No. 1004A.R., dated the 2nd April, 1958, published in an extraordinary issue of the "Calcutta Gazette" of even date.

Index to the West Bengal Legislative Council Debates

(Official Report)

Vol. XIV—Fourteenth Session (February-April), 1958

(The 17th, 18th, 19th, 20th, 21st, 24th, 26th February and 3rd, 11th, 19th, 25th, March, and 1st April, 1958)

[(Q.) Stands for question.]

Abdul Halim, Janab

Debate on the motion of address in reply to Governor's speech pp. 68-70.
Discussion on supplementary estimate. pp. 252-53
No-confidence motion: pp. 323-25.
Scheme for removing water-scarcity in Birbhum district: (Q.) p. 55.
The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 184-85.

Abdus Sattar, The Hon'ble

Closing down of jute mills during 1956-57: (Q.) p. 167.
No-confidence motion: pp. 346-48.
Retrenchment in Manindra Mills, Ltd., Cossimbazar: (Q.) p. 236

Abul Kalam Azad

Obituary reference to the death of—: pp. 123-24.

Adjournment motion: pp. 11-12, 90, 240, 266-67.

Banerjee, Sj. Sachindra Nath

Debate on the motion of address in reply to Governor's speech. pp. 133-34.

Barman, The Hon'ble Syama Prasad

The West Bengal Molasses Control (Amendment) Bill. 1958 pp. 269-70, 271.

Basu, Sj. Bijay Behary

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 132-33.
Discussion on supplementary estimate: pp. 244-45.
The West Bengal Appropriation Bill, 1958: pp. 280-81.

Bhattacharyya, Sj. Nagendra Kumar

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 34-41.
Expiry of supersession of the Nabadwip Municipality: (Q.) p. 263.
Implementation of recommendations made by the Co-operative Central Bank Enquiry Committee: (Q.) p. 234.
No-confidence motion: pp. 303-307.
Point of information: p. 285.
Point of order: p. 333.
Proposal for recruitment of Sub-Magistrates and Sub-Collectors from practising lawyers. (Q.) p. 204.
Reorganisation of co-operative institutions on the recommendation of Rural Credit Survey: (Q.) p. 23.
Report of the Expert Committee to enquire into the causes of floods: (Q.) p. 169.
Separation of the executive from the judiciary: (Q.) p. 26.

Bhattacharyya, Sj. Nagendra Kumar—*concld.*

Upgrading of Nawab Bahadur's Institution in Murshidabad into a Multi-purpose School: (Q.) p. 59.

The West Bengal Appropriation Bill, 1958: pp. 278-79.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 180-84.

Bhattacharyya, Sj. Nirmal Chandra

Adjournment motion: pp. 240, 267.

Closing down of jute mills during 1956-57: (Q.) p. 167.

Co-operative societies of brass and bell-metal industries and muga and tassore weaving in Katwa subdivision: (Q.) p. 21

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 143-47.

Discussion on supplementary estimate: p. 256.

Enquiry about resignation of the Judicial Minister: p. 209.

No-confidence motion: pp. 237, 286-91.

Number of beds allotted to the medical officers in Government hospitals: (Q.) p. 265.

People affected by food scarcity in Katwa subdivision: (Q.) p. 25.

Point of order: p. 334.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 185-86.

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958: pp. 218-20.

Bill(s)

The West Bengal Appropriation—, 1958: pp. 272-83.

The West Bengal Appropriation (Vote on Account)—, 1958: pp. 171-98.

The West Bengal Molasses Control (Amendment)—, 1958: pp. 269-71.

The West Bengal Sales Tax (Amendment)—, 1958: pp. 210-22.

Bose, Sj. Aurobindo

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 99-103.

No-confidence motion: pp. 339-44.

Budget for 1958-59

Statement by the Finance Minister: pp. 15-16.

Budget estimates for the Damodar Valley Corporation for the year 1958-59: p. 210.

Chairman, Mr. (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji)

Information regarding hunger-strike of teachers: p. 16.

Obituary reference to the death of Sj. Dhirendra Nath Chatterjee: p. 125.

Obituary reference to the death of Maulana Abul Kalam Azad: pp. 123-24.

Obituary reference to the death of Shri Santosh Kumar Banerjee: p. 127.

Observations by—on adjournment motion on hunger-strike by the Secondary School Teachers: pp. 11-12, 14.

Observations by—on debate on the motion of address in reply to Governor's speech: pp. 29, 65, 128-29, 131.

Observations by—on the discussion on supplementary estimate: pp. 246, 247.

Observations by—on the no-confidence motion: pp. 237, 238, 291, 300, 323, 325, 332, 333, 335.

Observations by—on point of order raised by Sj. Tripurari Chakravarti: p. 49.

Observations by—on the West Bengal Appropriation Bill, 1958: p. 279.

Observations by—on the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 172, 198.

Observations by—on the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958: pp. 211, 218.

Panel of Presiding Officers: p. 11.

Refusal of consent by—on adjournment motions: p. 266.

Refusal of consent by—on an adjournment motion tabled by Sj. Nirmal Chandra Bhattacharyya: p. 240.

Ruling on no-confidence motion: pp. 267-69.

Chakrabarty, Dr. Monindra Mohan

Adjournment motion: p. 267.

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 41-46.

Discussion on supplementary estimate: pp. 249-52.

No-confidence motion: pp. 307-10.

The West Bengal Sales Tax (Amendment) Bill. 1958: pp. 215-16.

Chakravarti, Sj. Tripurari

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 95-99.

Discussion on supplementary estimate: pp. 245-46.

No-confidence motion: pp. 329-31.

Point of order: p. 49.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 172-74.

Chatterjee, Sj. Krishna Kumar

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 46-50.

No-confidence motion: pp. 332-33, 335-36.

Chattopadhyay, Sj. K. P.

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 65-68.

Discussion on supplementary estimate: p. 249.

No-confidence motion: pp. 313-15.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 186-88.

Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 147-53.

No-confidence motion. pp. 319-22.

Number of applications for admission to the Government Training Colleges: (Q.) p. 60.

Recognition of junior high schools for girls: (Q.) p. 199.

Upgrading of Nawab Bahadur's Institution in Murshidabad into a Multi-purpose School: (Q.) p. 60.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 191-93.

Chinakuri Colliery Incident: pp. 89-90.

Choudhuri, Sj. Annada Prosad

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 103-109.

Quantity of bone-meal distributed to the agriculturists: (Q.) p. 62.

Closing down of jute mills during 1956-57: (Q.) p. 167.

Closing of Sammilani Medical College, Bankura: (Q.) p. 225.

Committee of Privileges: p. 269.

Co-operative societies of brass and bell-metal industries and muga and tussore weaving in Katwa subdivision: (Q.) p. 21.

Das, Sj. Naren

Closing of Sammilani Medical College, Bankura: (Q.) p. 225.

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 84-86.

Discussion on supplementary estimate: pp. 253-56.

Distribution of land among landless peasants: (Q.) p. 263.

No-confidence motion: pp. 296-300.

Point of information: p. 127.

Starvation deaths in Purulia district: (Q.) p. 205.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 179-80.

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958: pp. 216-17.

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 29-54, 65-88, 95-121, 128-66.

Debi, Sjkta. Anila
Debate on the motion of address in reply to Governor's speech: pp. 137-40.
No-confidence motion: pp. 310-13.

Dhirendra Nath Chatterjee
Obituary reference to the death of—: p. 125.

Discussion on supplementary estimate for 1957-58: pp. 241-61.

Distribution of land among landless peasants: (Q.) p. 263.

Enquiry about resignation of the Judicial Minister: p. 209.

Expiry of supersession of the Nabadwip Municipality: (Q.) p. 263.

Extension of licence to the Berhampore Electric Supply Co., Ltd.: (Q.) p. 233.

Food situation: pp. 238-40.

General election of the Jiagunge-Azimgunge Municipality: (Q.) p. 231.

Ghose, Sj. Bibhuti Bhusan
Adjournment motion: p. 206.
Debate on the motion of address in reply to Governor's speech: pp. 79-81.
No-confidence motion: pp. 325-29.
Point of order: p. 333.
The West Bengal Appropriation Bill, 1958: pp. 275-77.

Ghose, Sj. Kali Charan
Debate on the motion of address in reply to Governor's speech: pp. 119-21.
The West Bengal Appropriation Bill, 1958: pp. 279-80.

Ghosh, Sj. Kamini Kumar
Debate on the motion of address in reply to Governor's speech: pp. 141-43.

Governor's speech: pp. 1-8.

Halder, Sj. Gopal
Debate on the motion of address in reply to Governor's speech: pp. 70-75.
Discussion on supplementary estimate: pp. 257-58.
No-confidence motion: pp. 300-303.
The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 174-77.

Implementation of recommendations made by the Co-operative Central Bank Enquiry Committee: (Q.) p. 234.

Information regarding hunger-strike of teachers: p. 16.

Jalan, The Hon'ble Iswar Das
Expiry of supersession of the Nabadwip Municipality: (Q.) p. 263.
General election of the Jiagunge-Azimgunge Municipality: (Q.) p. 231.
Laying of the West Bengal Panchayat Rules, 1958: p. 241.

Joint sitting of the West Bengal Legislative Council and West Bengal Legislative Assembly: p. 1.

Laying of amendments to the Bengal Motor Vehicles Rules, 1940: p. 29.

Laying of amendments to the West Bengal Prevention of Food Adulteration Rules, 1956: p. 29.

Laying of Appropriation and Finance Accounts for 1953-54 and 1954-55 and Audit Reports thereon: pp, 240-41.

Laying of papers relating to the West Bengal Financial Corporation: p. 171

Laying of Ordinance: p. 29.

Laying of Rules: p. 29.

INDEX

Laying of the West Bengal Panchayat Rules, 1958: p. 241

Mazumdar, The Hon'ble Bhupati

Extension of licence to the Berhampore Electric Supply Co., Ltd.: (Q.) p. 233
Laying of papers relating to the West Bengal Financial Corporation: p. 171.

Messages—

From West Bengal Legislative Assembly: pp. 171, 208, 236, 267.

Moitra, Sj. Dhirendra Nath

Debate on the motion of address in reply to Governor's speech: p. 136.

Mookerjee, The Hon'ble Kali Pada

No-confidence motion: pp. 354-58.

Motion for an address in reply to Governor's speech: p. 11.

Mozumder, Sj. Harendra Nath

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 86-88.
No-confidence motion pp. 344-46.

Mukharji, The Hon'ble Ajoy Kumar

Budget estimates for the Damodar Valley Corporation for the year 1958-59: p. 210.
Debate on the motion of address in reply to Governor's speech: pp. 155-56.
Report of the Expert Committee to enquire into the causes of floods: (Q.) p. 169.

Nausher Ali, Janab Syed—

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 129-32.

No-confidence motion: pp. 237-38, 286-358.

Number of applications for admission to the Government Training Colleges: (Q.) p. 60.

Number of beds allotted to the medical officers in Government hospitals: (Q.) p. 265.

Obituary reference to the death of

Maulana Abul Kalam Azad: pp. 123-24.
Shri Dhirendra Nath Chatterjee: p. 125.
Shri Santosh Kumar Banerjee: p. 127.

Opening of Blood Bank in the districts of West Bengal: (Q.) p. 229.

Ordinance

The West Bengal Sales Tax (Amendment)—, 1958: p. 29.

Pakrashi, Sj. Satish Chandra

Debate on the motion of adress in reply to Governor's speech: pp. 81-84.
Discussion on supplementary estimate: pp. 247-49.

Panel of Presiding Officers: p. 11.

People affected by food scarcity in Katwa subdivision: (Q.) p. 25.

Point of information: pp. 127, 285.

Point of order: pp. 35, 49, 89, 92, 194-95, 238, 333-34, 335.

Point of personal explanation: pp. 291-92.

Proposal for recruitment of Sub-Magistrates and Sub-Collectors from practising lawyers: (Q.) p. 204.

Quantity of bone-meal distributed to the agriculturists: (Q.) p. 62.

Question(s)

Closing down of jute mills during 1956-57: p. 167.

Question(s)—*concld.*

Closing of Sammilani Medical College, Bankura: p. 225.

Co-operative societies of brass and bell-metal industries and muga and tussore weaving in Katwa subdivision: p. 21.

Distribution of land among landless peasants: p. 263.

Expiry of supersession of the Nabadwip Municipality: p. 263.

Extension of licence to the Berhampore Electric Supply Co., Ltd.: p. 233.

General election of the Jiagunge-Azimgunge Municipality: p. 231.

Implementation of recommendations made by the Co-operative Central Bank Enquiry Committee: p. 234.

Number of applications for admission to the Government Training Colleges: p. 60.

Number of beds allotted to the medical officers in Government hospitals: p. 265.

Opening of Blood Bank in the districts of West Bengal: p. 229.

People affected by food scarcity in Katwa subdivision: p. 25.

Proposal for recruitment of Sub-Magistrates and Sub-Collectors from practising lawyers: p. 204.

Quantity of bone-meal distributed to the agriculturists: p. 62.

Realisation of Government dues by certificate procedure in flood-affected and distressed areas: p. 235.

Recognition of junior high schools for girls: p. 199.

Reorganisation of co-operative institutions on the recommendation of Rural Credit Survey: p. 23.

Report on the Expert Committee to enquire into the causes of floods: p. 169.

Retrenchment in Manindra Mills, Ltd., Cossimbazar: p. 236.

Scheme for removing water scarcity in Birbhum district: p. 55.

Separation of the Executive from the Judiciary: p. 26.

Starvation deaths in Purulia district: p. 205.

Upgrading of Nawab Bahadur's Institution in Murshidabad into a Multi-purpose School: p. 59.

Rafiuddin Ahmed, The Hon'ble Dr.

Quantity of bone-meal distributed to the agriculturists: (Q.) p. 62.

Rai Choudhuri, Sj. Mohitosh

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 109-13.

Raid by armed Pakistani people: p. 64.

Realisation of Government dues by certificate procedure in flood-affected and distressed areas: (Q.) p. 235.

Recognition of Junior High Schools for Girls: (Q.) p. 199.

Reorganisation of co-operative institutions on the recommendation of Rural Credit Survey: (Q.) p. 23.

Reply by the Governor of West Bengal to the address presented to her by the Council: p. 207.

Report of the Expert Committee to enquire into the causes of floods: (Q.) p. 169.

Report of the Joint Committee on the Calcutta Slum Clearance Bill, 1957: p. 128.

Retrenchment in Manindra Mills, Ltd., Cossimbazar: (Q.) p. 236.

Roy, The Hon'ble Dr. Anath Bandhu

Closing of Sammilani Medical College, Bankura: (Q.) p. 225.

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 153-55.

Laying of amendments to the West Bengal Prevention of Food Adulteration Rules 1956: p. 29.

Number of beds allotted to the medical officers in Government hospitals: (Q.) p. 265.

Opening of Blood Bank in the districts of West Bengal: (Q.) p. 230.

Scheme for removing water scarcity in Birbhum district: (Q.) p. 55.

Roy, The Hon'ble Dr. Bidhan Chandra

Budget estimate for 1958-59: pp. 15-16.

Chinakuri Colliery incident: pp. 89-90.

Discussion on supplementary estimate: pp. 259-61.

Implementation of recommendations made by the Co-operative Central Bank Enquiry Committee: (Q.) p. 234.

Laying of amendments to the Bengal Motor Vehicles Rules, 1940: p. 29.

Laying of Appropriation and Finance Accounts for 1953-54 and 1954-55 and Audit Reports, thereon: p. 240.

Point of order: p. 194.

Presentation of report of the Joint Committee on the Calcutta Slum Clearance Bill, 1957: p. 128.

Presentation of the supplementary estimate for 1957-58: pp. 209-10.

Proposal for recruitment of Sub-Magistrates and Sub-Collectors from practising lawyers: (Q.) p. 204.

Statement regarding the service conditions of the Secondary School Teachers: pp. 16-19.

The West Bengal Appropriation Bill, 1958: pp. 272, 277, 281-83.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 171-72, 195-98.

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958: pp. 210-11, 220-22.

The West Bengal Sales Tax (Amendment) Ordinance, 1958: p. 29.

Roy, Sj. Chittaranjan

Co-operative societies of brass and bell-metal industries and muga and tussore weaving in Katwa subdivision: (Q.) p. 21.

No-confidence motion: pp. 348-49.

Reorganisation of co-operative institutions on the recommendation of Rural Credit Survey: (Q.) p. 23.

Roy, Sj. Satya Priya

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 134-36.

Discussion on supplementary estimate: pp. 258-59.

No-confidence motion: pp. 315-18.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 188-90.

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958: pp. 217-18.

Roy, The Hon'ble Siddhartha Sankar

Separation of the Executive from Judiciary: (Q.) p. 26.

Ruling on no-confidence motion: pp. 267-69.

Santosh Kumar Banerjee

Obituary reference to the death of—: p. 127.

Sanyal, Dr. Charu Chandra

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 50-53.

Discussion on supplementary estimate: pp. 242-44.

Sanyal, Sj. Sasanka Sekhar

Adjournment motion: p. 90.

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 30-34.

Extension of licence to the Berhampore Electric Supply Co., Ltd.: (Q.) p. 233.

Food situation: pp. 238-39.

General election of the Jiagunge-Azimgunge Municipality: (Q.) p. 231.

No-confidence motion: pp. 292-96.

Opening of Blood Bank in the districts of West Bengal: (Q.) p. 229.

Point of order: pp. 35, 89, 92.

Raid by armed Pakistani people: p 64.

Sanyal, Sj. Sasanka Sekhar—concld.

Realisation of Government dues by certificate procedure in flood-affected and distressed areas: (Q.) p. 235.

Retrenchment in Manindra Mills, Ltd., Cossimbazar: (Q.) p. 236.

The West Bengal Appropriation Bill, 1958: pp. 272-75, 279.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 177-79.

The West Bengal Molasses Control (Amendment) Bill, 1958: pp. 270, 271.

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958: pp. 211-15.

Scheme for removing water scarcity in Birbhum district: (Q.) p. 55.

Sen, Sj. Jimut Bahan—

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 140-41.

Sen, The Hon'ble Prafulla Chandra

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 156-61.

Food situation: p. 239.

No-confidence motion: pp. 351-54.

People affected by food scarcity in Katwa subdivision: (Q.) p. 25.

Starvation deaths in Purulia district: (Q.) p. 206.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 193-95.

Sen Gupta, Sj. Monoranjan

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 113-19.

Discussion on supplementary estimate: p. 257.

Number of applications for admission to the Government Training Colleges: (Q.) p. 60.

Recognition of junior high schools for girls: (Q.) p. 199.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 190-91.

Separation of the Executive from the Judiciary: (Q.) p. 26.

Sinha, The Hon'ble Bimal Chandra

Distribution of land among landless peasants: (Q.) p. 264.

No-confidence motion: pp. 350-51.

Point of personal explanation: pp. 291-92.

Realisation of Government dues by certificate procedure in flood-affected and distressed areas: (Q.) p. 235.

Sinha, Sj. Rabindra Lal

Debate on the motion of address in reply to Governor's speech: pp. 75-79.

No-confidence motion: pp. 336-39.

Starvation deaths in Purulia district: (Q.) p. 205.

Statement by the Hon'ble Chief Minister regarding the service conditions of the Secondary School Teachers: pp. 16-19.

Supplementary estimates for 1957-58: pp. 209-10.

Upgrading of Nawab Bahadur's Institution in Murshidabad into a Multi-purpose School: (Q.) p. 59.

Walk out: p. 335.

The West Bengal Appropriation Bill, 1958: pp. 272-83.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1958: pp. 171-98.

The West Bengal Molasses Control (Amendment) Bill, 1958: pp. 269-71.

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958: pp. 210-22.

The West Bengal Sales Tax (Amendment) Ordinance, 1958: p. 29.

WBGP-60/1-888A-700